কম্পাউণ্ডার সহচর

বা

ভৈষজ্যকল্পতরুর প্রথমাংশ।

ব্রীটীস ফার্মাকোপিয়ার অন্তর্গত যাবতীয় ঔষধের প্রস্তুত প্রণালী

এবং

সংক্ষিপ্ত আময়িক প্রয়োগ।

শ্রীপুলিনচন্দ্র সান্ন্যাল, এম, বি,

প্রণীত।

THE COMPOUNDER'S VADE-MECUM.

BY

PULIN CHANDRA SANNYAL, M. B.

Calcutta:

PUBLISHED BY GURUDASS CHATTERJEE,
201, CORNWALLIS STREET.

PRINTED BY T. C. ASH, AT THE VICTORIA PRESS,
2, GOABAGAN STREET.

1896.

[মূল্য ২।০ টাকা।]

বিজ্ঞাপন।

চিকিৎসা কল্পতরু।

অতি সরল ভাষায় সুবিস্তৃত প্রাক্‌টীস্ অব মেডিছিন বা চিকিৎসা গ্রন্থ। এই গ্রন্থে বড় বড় ডাক্তারদিগের প্রয়োজনীয় জাবতীয় বিষয় খুব সরল করিয়া বুঝাইয়া দেওয়া গিয়াছে। সুবিখ্যাত চিকিৎসা বিষয়ক পত্রিকা ভিষক দর্পণ বলেন, "গ্রন্থের ভাষা এত সরল হইয়াছে যে, একটু সামান্য লেখা পড়া জানে সেই গ্রন্থ বুঝিতে পারিবে, তাহাতে কোন সন্দেহ নাই। ইহা বাঙ্গলা ভাষায় এক খানি বিশেষ মূল্যবান গ্রন্থরূপে পরিগণিত হইবে"। হিতবাদী বলেন "তাঁহার প্রণীত এই চিকিৎসা কল্পতরু যে কেহ পাঠ করিবেন, তিনিই বুঝিতে পারিবেন, দুরূহ চিকিৎসা বিজ্ঞান সাধারণকে সরল করিয়া বুঝাইয়া দিতে গ্রন্থকারের কেমন আশ্চর্য্য ক্ষমতা আছে। সাধারণের বুঝিবার উপ-যোগী এরূপ উৎকৃষ্ট ধরণের চিকিৎসা গ্রন্থ অতি বিরল।

কাশিমবাজারের শ্রীশ্রীমতি মহারাণী স্বর্ণময়ী মহোদয়ার সুযোগ্য ম্যানেজার রায় শ্রীনাথ পাল বাহাদুর লিখিয়াছেন :—

"আপনার উপহার পুস্তকের স্থানে স্থানে পড়িয়াছি এবং তাহাতে রোগাদির নিদান সম্বন্ধে বিশদ ব্যাখ্যা ও চিকিৎসা প্রকরণ যেভাবে সন্নিবিষ্ট হইয়াছে তাহা আপনার চিকিৎসা শাস্ত্রে ব্যুৎপত্তি ও বহুদর্শিতার যথেষ্ট পরিচায়ক। শ্রীযুক্তা মহারাণী মহোদয়াও পুস্তকের কোন কোন অংশ দেখিয়া ইহা দ্বারা সাধারণের বিশেষ উপকার হইবে এই অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন। অতএব ইহার বহুল প্রচার একান্ত বাঞ্ছনীয়।"

চিকিৎসা-কল্পতরু চারি খণ্ডে সহস্রাধিক পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য প্রতি খণ্ড ১৷০, ডাক মাশুল ⁄০।

কলিকাতা ২০১ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট শ্রীযুক্তবাবু গুরুদাস চট্টোপাধ্যায়ের নিকট পাওয়া যায়।

শ্রীপুলিনচন্দ্র সান্ন্যাল।

ভূমিকা।

আমার চিকিৎসা কল্পতরুর অনুকরণে এক খানা ভৈষজ্য শাস্ত্র সম্বন্ধীয় পুস্তক লিখিব বলিয়া পাঠকগণকে আশা দিয়াছিলাম। ভৈষজ্য শাস্ত্রের দুইটী বিভাগ আছে। এক ভাগের নাম মেটিরিয়া মেডিকা বা ঔষধের উপকরণ ভাগ। এই ভাগে কেবল কি কি দ্রব্যে ঔষধ প্রস্তুত হয়, তাহাই বর্ণিত থাকে। আর এক ভাগের নাম থেরাপিউটিক বা ভৈষজ্য ব্যবহার। ইহাতে ঔষধের ক্রিয়া ও ব্যবহার বর্ণিত থাকে। সমগ্র গ্রন্থের নাম ভৈষজ্য কল্পতরু রাখিয়া তাহার প্রথম অংশ কম্পাউণ্ডার সহচর নামে প্রকাশ করিলাম। ইহাতে কম্পাউণ্ডারী শিক্ষার যাবতীয় প্রয়োজনীয় বিষয় এবং সমগ্র মেটিরিয়া মেডিকা লিখিত হইল। ব্রিটিস ফার্মাকোপিয়ায় যত ঔষধ আছে, তাহাদের নাম, উৎপত্তি মাত্রা এবং প্রস্তুত প্রণালী লিখিত হইল। ঐ সকল ঔষধের ক্রিয়া এবং ব্যবহারও অতি সংক্ষেপে লিখিত হইল। এই গ্রন্থ পাঠে পাঠকগণ ঔষধের নাম ও প্রস্তুত প্রণালী শিক্ষা করিবেন। গ্রন্থের দ্বিতীয় অংশ ভৈষজ্য ব্যবহার নামে প্রকাশিত হইবে। তাহাতে ঔষধের ক্রিয়া ও ব্যবহার প্রণালী অতি সরল ভাষায় কিছু বিস্তৃত রূপে লিখিব এরূপ সঙ্কল্প থাকিল।

এই গ্রন্থ খানি যাহাতে কম্পাউণ্ডারী শিক্ষার্থীদিগের এবং মেডিকেল স্কুলের ছাত্রদিগেরও ব্যবহারে আইসে সেইরূপ চেষ্টা করিয়াছি। কম্পাউণ্ডারী শিক্ষা নামে যে সকল পুস্তক বর্ত্তমানে প্রচলিত আছে, সেগুলি সংক্ষিপ্ত মেটি-রিয়া মেডিকা ভিন্ন আর কিছুই নহে। আমি সেই অভাব দূর করিবার জন্য ইহাতে কম্পাউণ্ডারদিগের প্রয়োজনীয় অনেক বিষয় সন্নিবিষ্ট করিয়াছি; এবং যাহাতে গ্রন্থের নাম সার্থক হয়, বিধিমত সেইরূপ চেষ্টা পাইয়াছি। তবে কতদূর কৃতকার্য্য হইয়াছি, সে বিচারের ভার পাঠকবর্গের উপর রহিল।

ভৈষজ্য শাস্ত্রের যে অংশে ঔষধের নাম ও প্রস্তুত প্রণালী থাকে, সে অংশ বড়ই কর্কশ ও রসশূন্য। এই নীরস অংশ বেস সুখপাঠ্য করিয়া বর্ণনা করিবার উপায় নাই। এই গ্রন্থে পাঠকগণ নীরস বিষয়েই শিক্ষা করিবেন। যখন ইহার দ্বিতীয় অংশ অর্থাৎ ঔষধের ব্যবহার প্রণালী শিক্ষা করিবেন, তখন অনেকটা সন্তোষ লাভ করিতে পারিবেন। ইক্ষুদণ্ড নিষ্পেষণ না করিলে রস পাওয়া যায় না। পাঠকগণ এই খণ্ডে ভৈষজ্য শাস্ত্রের ইক্ষুদণ্ড মাত্র নিষ্পেষণ করিবেন। পরে রস পান করিয়া আনন্দলাভ করিতে পারিবেন।

গ্রন্থখানি প্রস্তুত করিতে বিস্তর পরিশ্রম করিয়াছি। এক্ষণে, ভৈষজ্য শাস্ত্রাধ্যায়ীদিগের উপকারে আসিলেই, শ্রম সফল বোধ করিব।

এই গ্রন্থে ইংরেজী অক্ষর S স্থানে "স" এবং c স্থানে "ছ" বা "চ" উচ্চারণ করা গেল। যথা, Sumbul স্থানে "সম্বল" এবং Acid স্থানে "এছিড' করা গেল। প্রচলিত গ্রন্থ সমূহে ইংরেজী c স্থানে "সি" বলিয়া উচ্চারিত আছে। ধরিতে গেলে cএর উচ্চারণ "সি" না হইয়া "ছি" হওয়াই উচিত। যে সকল স্থানে cএর উচ্চারণ "সি" হয় সে সকল স্থান c স্থানে "সি" করা গিয়াছে। যথা, Viuum Gallicicকে ভাইনম গ্যালিসাই বলা গিয়াছে।

যাবতীয় ইউরোপীয় ঔষধেয় নাম লাটিন ও ইংরেজী ভাষায় প্রচলিত। ঐ সকল ঔষধের অন্য কোন সুখপাঠ্য নাম আবিষ্কার করা বিড়ম্বনা মাত্র, তাহাতে বিষম অসুবিধা। সমস্ত বিলাতী ঔষধের শিশির গায়ে ঔষধের লাটিন নাম ইংরেজী অক্ষরে লিখিত থাকে। কম্পাউণ্ডারদিগকে সেই নাম পাঠ করিয়া ঔষধ বাছিয়া লইতে হয়। এরূপ ক্ষেত্রে, যাঁহারা কম্পাউণ্ডারী কার্য্যে পারদর্শীতা লাভ করিতে ইচ্ছা করেন, তাঁহাদিগের ইংরেজীতে কিঞ্চিৎ দখল থাকা আবশ্যক। সকলের অসুবিধা দূর করিবার জন্য আমি প্রত্যেক ঔষধ ও তাহার প্রয়োগরূপ সকলের নাম লিখিবার সময় প্রথমে বাঙ্গলা অক্ষরে ঔষধের লাটিন ও ইংরেজী নাম, পরে ইংরেজী অক্ষরে লাটিন ও ইংরেজী নাম দিয়াছি। সংক্ষেপে লিখিবার জন্য বারে বারে লাটিন নাম, ইংরেজী নাম ইত্যাদি না লিখিয়া মাঝে একটা— ড্যাস দিয়া লিখিয়াছি। যথা,—ক্যাষ্টর অইল ঔষধের বর্ণনা কালে এইরূপ লিখিয়াছি :—রিছিনি ওলিয়ম—ক্যাষ্টর অইল্ (Ricini Oleum—Castor oil)। রিছিনি ওলিয়ম হইল ক্যাষ্টর্ অইলের লাটিন নাম। ক্যাষ্টর্ অইল্ উহার ইংরেজী নাম। তার পর দুইটি বন্ধনীর মধ্যে ইংরেজী অক্ষরে উহার লাটিন ও ইংরেজী নাম।

লেখা আছে অমুক ঔষধির মাত্রা ১ ড্রাম্—১ আং। ইহার অর্থ :১ ড্রাম্ হইতে ১ আউন্স।

লেখা আছে অমুক ঔষধের পরিমাণ শতকরা ১ অংশ ইত্যাদি। ইহার অর্থ ১০০ ভাগে ১ ভাগ বুঝিতে হইবে। ১০০ গ্রেণ পরিমাণ ঔষধে যদি ৯৯ গ্রেণ ইপিকাক এবং ১ গ্রেণ ওপিয়ম থাকে, তবে বলিব এই ঔষধে শতকরা ১ গ্রেণ ওপিয়ম এবং ৯৯ গ্রেণ ইপিকাক আছে। যদি কোন মিশ্রিত ঔষধ জল ও অন্য কোন শক্ত জিনিষ মিশ্রিত করিয়া তৈয়ার করা হয়, তবে শতকরা কত অংশ জল ও কত অংশ ঔষধ থাকিবে সেটা ঠিক করা একটু কঠিন।

কারণ জলের ওজন হয় মিনিম্ ও আউন্স্ গ্লাসে; এবং শক্ত জিনিষের ওজন হয় গ্রেণ, ড্রাম্ প্রভৃতিতে। কিন্তু আমাদের জানা আছে, ১ মিনিম্ জল প্রায় ১ গ্রেণ জলের সমান। ১ আউন্স্ জলের ওজন ৪৩৭ $\frac{১}{২}$ গ্রেণ। এই সন্ধানটী জানিলে আব কোন গোলযোগ থাকিবে না। যদি বলি কোকেইন হাইড্রোক্লোরেট্ ঔষধের শতকরা ৪ অংশ দ্রব বা লোসন। ইহাতে এই বুঝাইবে যে, ৯৬ আউন্স্ জলে ৪ আউন্স্ কোকেইন, অথবা ৯৬ মিনিম্ জলে ৪ গ্রেণ কোকেইন্ মিশ্রিত আছে।

$\frac{১}{২}$এর অর্থ ২ ভাগের ১ ভাগ অর্থাৎ অর্দ্ধ; $\frac{১}{৪}$এর অর্থ ৪ ভাগের ১ ভাগ $\frac{১}{২৫}$এর অর্থ ২৫ ভাগের ১ ভাগ; $\frac{১}{৩০}$গ্রেণের অর্থ ১ গ্রেণকে ৩০ ভাগ করিয়া তাহার ১ ভাগ লইতে হইবে।

১০১° এর অর্থ ১০১ ডিগ্রি। থার্মোমিটারের তাপাংশের নাম ডিগ্রি। ১০১° উত্তপ্ত জল অর্থাৎ ১০১ ডিগ্রি পরিমাণ উত্তপ্ত জল। ঐ জলের উত্তাপ থার্মোমিটার দ্বারা মাপিলে ১০১ ডিগ্রি হয়। সেন্টিগ্রেড থার্মোমিটারের ১০০ ডিগ্রি উত্তপ্ত হইলে জল ফুটিতে আরম্ভ করে। ইন্‌ফিউজম্ চিরেতা তৈয়ার করিতে ১২০ ডিগ্রি উত্তপ্ত জলের ব্যবহার হয়। জলের উত্তাপ মাপা থার্মোমিটার সকলের কাছে থাকে না। ১২০ ডিগ্রি উত্তপ্ত জল বলিতে আমরা ফুটন্ত জলই ব্যবহার করিয়া থাকি।

লেখা আছে অমুক ঔষধের আপেক্ষিক গুরুত্ব ১.২০ ইত্যাদি। কোন জিনিষের আপেক্ষিক গুরুত্ব বলিতে সেই পরিমাণ জলের অপেক্ষা সেই জিনিষ কত ভারি তাহাই বুঝায়। প্রস্রাবের আপেক্ষিক গুরুত্ব ১.০২০। এখানে বুঝিতে হইবে ১ আউন্স্ প্রস্রাব ১ আউন্স্ জল অপেক্ষা ১.০২০ গুণ ভারি।

কোন কোন স্থানে দেখিবে এইরূপ লেখা আছে:—গ্লিছেরিণ (ওজনে) ১ আং। ইহার অর্থ এই যে, গ্লিছেরিণ গ্লাসে না মাপিয়া বাটখারায় মাপা হইবে। তরল জিনিষ বাটখারায় ওজন করিতে হইবে।

যে সকল ঔষধের প্রস্তুত প্রণালী অত্যন্ত জটিল, এই গ্রন্থে তাহাদের প্রস্তুত প্রণালী অতি সংক্ষেপে লিখিত হইয়াছে। যেমন কুইনাইনের প্রস্তুত প্রণালী। যাঁহাদের জন্য এই বই লেখা তাঁহাদিগকে কখনও ঐ সকল দ্রব্য ঘরে প্রস্তুত করিয়া লইতে হইবে না।

শ্রীপুলিনচন্দ্র সান্ন্যাল।

ভ্রম সংশোধন।

পুস্তক পাঠ করিবার পূর্ব্বেই নিম্নলিখিত ভ্রমগুলি সংশোধন করিয়া লইবেন।

সল্‌ফার, রেক্‌টীফায়েড্ স্পীরিট, প্রূফ স্পীরিট, ভাইনাম্ জেরিকম্, ভাইনম গ্যালিসাই, রেজিন্ এই ঔষধগুলি পুস্তকের শেষে সন্নিবিষ্ট হইয়াছে। ইহাদের মধ্যে সল্‌ফার অধাতব ঔষধ শ্রেণীভুক্ত, রেজিন উদ্ভিদ জাতীয় এবং অপর কয়টী মদ্য জাতীয়।

১২	পৃষ্ঠা	২৪	লাইনে	Quotitis	স্থানে	Quotits	হইবে।
১৩	ঐ	১১	ঐ	Thlce	,,	Thrice	,,
৪১	ঐ	৪	ঐ	অধাতু বা উপধাতু		ধাতু	,,

৪১ পৃষ্ঠার ৩১ লাইনের শেষে "(৩৫) এম্‌প্লাস্‌ট্রম" এই কয়টী কথা বসিবে। এই এম্‌প্লাস্‌ট্রম্‌এর কলম পুস্তকের ২৯২ পৃষ্ঠায় দেখিয়া লইবে।

১২৫ পৃষ্ঠায় ১২ লাইনে "ডেলা ডেলা" স্থানে তেলা তেলা হইবে।

১৫৫ পৃষ্ঠা ২৭ লাইনের শেষে "লৌহতার ½ আং, টীং কার্ডামম কো ৩ আং, টীং অরেঞ্জপিল ½ আং" এইগুলি যোগ করিয়া লইবে।

১৬৪ পৃষ্ঠা ২৯ লাইনে Lithiria স্থানে Lithia হইবে।

১৬৫ পৃষ্ঠা ৩০ লাইনে Pulvis Seda Tartaret স্থানে Pulvis Soda Tartaret Effervescens হইবে।

১৬৮ পৃষ্ঠার ১৬ লাইনে Conmon Salt স্থানে Common Salt হইবে।

১৭৫ পৃষ্ঠা ৪ লাইনে মাত্রা ১/২০—৮ গ্রেণ স্থানে ১/২০—১/৮ গ্রেণ হইবে।

১৯০ পৃষ্ঠা ২০ লাইনের শেষে এই কয় পংক্তি বসিবে :—

(৫) একুয়া ক্লোরোফর্‌মাই (Aqua chloroformi) (ক্লোরফরম ১ ড্রাম্, জল ২৫ আং) মাত্রা ½—২ আং।

১৯২ পৃষ্ঠা ১২ লাইনে Sirupus স্থানে Syrupus হইবে।

২০৪ পৃষ্ঠা ২০ লাইনের শেষে "মাত্রা ১০—২০ মিনিম্" যোগ হইবে।

ঐ পৃষ্ঠা ৩১ লাইনের শেষে "মাত্রা" ২—১০ গ্রেণ যোগ হইবে।

২০৭ পৃষ্ঠা ৮ লাইনে প্রসবনার্থ স্থানে প্রসারণার্থ পাঠ করিবে।

২০৮ পৃষ্ঠা ৫ লাইনে মাত্রা "১/৪৮—১/৪০ গ্রেণ" স্থানে "মাত্রা ১/৪০—১/১৬ গ্রেণ" হইবে।

২১৪ পৃষ্ঠা ১৭ লাইনের শেষে "মাত্রা ১—২ আং" বসিবে।

২১৫ পৃষ্ঠা ৯ লাইনের শেষে "মাত্রা ½—১ ড্রাম্" বসিবে।

২২৩ পৃষ্ঠা ৮ লাইনে "বমনকারক" স্থানে "বলকারক" হইবে।

২২৮ পৃষ্ঠা ১১ লাইনের পরে এই পংক্তি বসিবে :—

(১) লিনিমেণ্টম ক্রোটনিস্ (Linimentum Crotonis) (ক্রোটন অইল ১ আং, ক্যাজুপট অইল, রেক্টীফায়েড স্পীরিট প্রত্যেক ৩½ আং।)

২৩৭ পৃষ্ঠা ৩ লাইনে "মাত্রা "৫—৬০" স্থানে "৫—৬০" গ্রেণ হইবে।

ঐ পৃষ্ঠা ৮ লাইনের শেষে মাত্রা "১—২" আং বসিবে।

ঐ পৃষ্ঠার ৪ লাইনে এক্সট্রাক্ট্ জ্যাবরাণ্ডি এই কথার পর এই গুলি যোগ হইবে :—

"মাত্রা ২—১০ গ্রেণ। (২) টীংচার জ্যাবরাণ্ডি।"

২৬১ পৃষ্ঠা ১৭ লাইনে "তুত বৃক্ষের ফল" স্থানে "তুত বৃক্ষের ফলের রস" হইবে।

২৪৯ পৃষ্ঠা ৭ লাইনে "মাত্রা ১০—৩০ গ্রেণ" যোগ হইবে।

নির্ঘণ্ট।

কম্পাউণ্ডার সহচর।

সাধারণ উপদেশ।

ঔষধ দ্রব্য সকল পরস্পর মিশ্রিত করিয়া প্রস্তুত করাকে কম্পাউণ্ডিং (Compounding) বলে। যিনি কম্পাউণ্ডিং কার্য্যে পারদর্শী তাঁহার নাম কম্পাউণ্ডার। ডিস্‌পেন্‌সিং (Dispensing) এবং কম্পাউণ্ডিং এই দুই কার্য্যের ইতরবিশেষ এই যে, কম্পাউণ্ডিং বলিলে ঔষধ দ্রব্য সকলকে মিশ্রিত করিয়া তৈয়ার করা বুঝায়। আর কোন ঔষধ দ্রব্য কেবল মাত্র শিশিতে পুরিয়া বা কাগজ মুড়িয়া লেবেল আঁটিয়া দেওয়াকে ডিস্‌পেন্‌সিং বলে। যিনি ঔষধ ডিস্‌পেন্‌স করেন, তাঁহার নাম ডিস্‌পেন্‌সার (Dispenser)। মোটা-মুটি জানিয়া রাখ ঔষধ কম্পাউণ্ড করা (মিশ্রিত করা) এবং ডিস্‌পেন্‌স করা (শিশিতে বা পাত্রে করিয়া দেওয়া, লেবেল আটা প্রভৃতি) এই দুই কার্য্যই কম্পাউণ্ডারের কার্য্যের অন্তর্গত, এবং একই ব্যক্তিকেই করিতে হয়।

ক্ষিপ্রহস্ততা, একাগ্রচিত্ততা, পরিষ্কার পরিচ্ছন্নতা, নির্ভুলরূপে ঔষধ প্রস্তুত করা; এবং বিরক্তির অভাব এই কয়টি হচ্ছে ভাল কম্পাউণ্ডারের গুণ।

কম্পাউণ্ডারের কার্য্য ঔষধ তৈয়ার করিয়া দেওয়া। রোগী দেখিয়া ঔষধ ব্যবস্থা করা কম্পাউণ্ডারের কার্য্য নহে; ডাক্তার প্রেস্‌ক্রুপসন্ করিয়া যে যে ঔষধ প্রস্তুত করিয়া দিতে বলিবেন, কম্পাউণ্ডার তাহাই দিবেন। তদতিরিক্ত দিবেন না। প্রেস্‌ক্রুপ্‌সনের কোন অংশ বদল করা কম্পাউণ্ডারের পক্ষে আইন বিরুদ্ধ। অতএব যেমন যেমন প্রেস্‌ক্রুপসন্ থাকিবে, ঠিক সেই-রকম ঔষধ দিবেন। যদি এমন ঘটে যে, কোন প্রেস্‌ক্রুপস্‌নে কোন ঔষধ বিষাক্ত মাত্রায় দেওয়া আছে, তবে যাঁহার প্রেসক্রুপস্‌ন সেই ডাক্তারকে জিজ্ঞাসা না করিয়া কদাচ সে ঔষধ প্রস্তুত করা উচিত নয়। ডাক্তারকে যদি সেই সময় জিজ্ঞাসা করার সুবিধা না হয়, তবে প্রেস্‌ক্রুপসন ফেরত দেওয়াই

কর্ত্তব্য। তবে যদি এমন কোন চিহ্ন দ্বারা জানিতে পারা যায়, যে ডাক্তার জ্ঞানকৃত উক্ত মাত্রা দিয়াছেন, তবে তাহা দিতে কম্পাউণ্ডারের দোষ নাই। প্রায় ডাক্তারই ফাব্‌মাকোপীয়ার অনুমোদিত মাত্রাপেক্ষা অধিকতর মাত্রায় কোন ঔষধ দিলে তাহার নীচে একটা লাইন টানিয়া দিয়া থাকেন অথবা কথা দ্বারা স্পষ্ট করিয়া লিখিয়া দিয়া থাকেন। ব্রিটিশ্ ফার্‌মাকোপিয়া বলিয়া একখান বই আছে, সেই খানিতে আইন অনুমোদিত ঔষধ সকলের যথাযোগ্য মাত্রা লেখা আছে। ঔষধ বিষাক্ত হউক, চাই না হউক, উক্ত ফার্‌মাকোপিয়ার অনুমোদিত মাত্রাপেক্ষা অধিকতর মাত্রা দেখিলেই ব্যবস্থাকারী ডাক্তারকে জিজ্ঞাসা না করিয়া সে ঔষধ ডিস্‌পেন্‌স করা উচিত নহে।

একটী ঔষধ না থাকিলে তাহার স্থানে অন্য ঔষধ দিয়া প্রেস্‌ক্রুপ্‌সন্ পূরণ করা কর্ত্তব্য নহে।

যদি প্রেস্‌ক্রুপ্‌সন লিখিত ঔষধ দ্রব্য সকল এরূপ ভাবে লেখা থাকে যে, সেই সকল ঔষধ পরস্পর মিশ্রিত করিলে তাহারা পরস্পর অসম্মিলিত হয়, অথবা তাহারা মিশ্রিত হইয়া বিষাক্ত পদার্থ উৎপন্ন করে, তবে তাহা ব্যবস্থাকারীকে জিজ্ঞাসা না করিয়া কম্পাউণ্ড করা উচিত নহে। যথা, কুইনাইন মিক্‌শ্চারের সঙ্গে স্যালিসিলেট্ অব্ সোডিয়ম্ মিশ্রিত করিলে জমিয়া যায় এবং ঢালিলে শিশি হইতে পড়ে না। সুতরাং সে ঔষধ অব্যবহার্য্য। পক্ষান্তরে, সল্‌ফিউ-রিক এছিড্ এবং লাইকর এমনিয়া একত্র মিশাইয়া দিলে সল্‌ফেট্ অব্ এম-নিয়া প্রস্তুত হয়। সে ঔষধ সেবনে এমনিয়ার কোন উপকার হয় না। নাই-ট্রিক এছিড্ এবং আইয়োডাইড্ অব্ পোটাসিয়ম্ একত্র কম্পাউণ্ড করিলে আইয়োডাইন্ বিযুক্ত হইয়া নীচে পড়ে। সুতরাং সে ঔষধ ব্যবহারে রোগীর অনিষ্ট হইতে পারে।

প্রেস্‌ক্রুপ্‌সনের কোন রকম পরিবর্ত্তন করা উচিত নয়। তবে স্থান বিশেষ দু একটি সামান্য সামান্য পরিবর্ত্তন করিতে সময় সময় কম্পাউণ্ডারকে বাধ্য হইতে হয়। তবে সে পরিবর্ত্তনগুলি প্রেস্‌ক্রুপসন্ লিখিত মূল ঔষধ নহে। যথা, যদি ডাক্তার আদেশ করেন যে, ১০ গ্রেণ কুইনাইনে দুইটি পিল করিয়া দেও, তাহা হইলে কম্পাউণ্ডার আপন বিবেচনা মত যে কোন দ্রব্য মিশ্রিত করিয়া ঐ কুইনাইনকে বড়ী বাঁধিবার উপযুক্ত করিতে পারেন। গম্ একেশিয়া, সাইট্রিক এছিড্ যাহা ইচ্ছা উপযুক্ত পরিমাণে মিশ্রিত করিতে পারেন। তদ্ভিন্ন, পিলগুলিকে শক্ত করিবার জন্য ষ্টার্চ বা ম্যাগ্‌নেসিয়ার গুঁড়া

প্রভৃতি মাখান অথবা পিলগুলিকে রূপার পাতদিয়া মোড়া কম্পাউণ্ডারের হাতের কাজ।

ডিস্‌পেন্‌সারি।

ফার্‌মাকোপিয়ায় লিখিত ঔষধের যাবতীয় প্রয়োগরূপ (টিংচার, এক্‌ষ্ট্রাক্ট্‌ প্রভৃতি) তৈয়ারি অবস্থাতেই ক্রয় করিতে পাওয়া যায়। সুতরাং নূতন গাছ গাছড়া হইতে ঐ সকল প্রয়োগরূপ সচরাচর তৈয়ার করিয়া লইবার আবশ্যক হয় না। উহারা বড় বড় কারখানায় বড় বড় কলে সর্ব্বদা প্রচুর পরিমাণে প্রস্তুত হইতেছে। ইংরেজি ঔষধের কম্পাউণ্ডারকে কেবল ঐ সকল প্রস্তুতিকৃত দ্রব্য সকলকে মিশ্রিত করিয়া দিতে হয় মাত্র।

এই সকল নানাবিধ ঔষধ এবং তাহাদের প্রয়োগরূপ রোগীকে দেওয়ার জন্য যে স্থানে রাখা হয় তাহার নাম ডিস্‌পেন্‌সারি। কেবল মাত্র ঔষধ বিক্রয়ের দোকান ও ডিস্‌পেন্‌সারিতে তফাৎ এই যে, ঔষধ বিক্রয়ের দোকানে কেবলমাত্র ঔষধ দ্রব্য সকল এবং তাহাদিগকে ওজন করিয়া দিবার নিক্তি বা বাটখারা রাখিলেই হইল। আর ডিস্‌পেন্‌সারিতে ঔষধ দ্রব্য ছাড়া ঔষধ মিশ্রিত করিবার সরঞ্জামাদি রাখিবার প্রয়োজন হয়। যে দোকানে আদত ঔষধ ও ডিস্‌পেন্‌সারি করার সরঞ্জামাদি বিক্রয় হয়, তাহার নাম হচ্ছে ড্রগিষ্ট সপ্‌ (Druggist shop)। মোদ্দা, বড় বড় ড্রগিষ্ট সপ্‌ বা ঔষধালয়ে সচরাচর আদত ঔষধ বেচিবার এবং ঔষধ ডিস্‌পেন্‌স করিবার স্বতন্ত্র স্বতন্ত্র বিভাগ থাকে। সুতরাং ড্রগিষ্ট সপ্‌ বা ডিস্‌পেন্‌সারি বলিতে প্রায় এক রকম দোকানই বুঝায়। ড্রগিষ্ট (Druggist) মানে ঔষধওয়ালা। আর ডিস্পেন্সার মানে যিনি ঔষধ ডিস্পেন্স্‌ করেন কি শিশিতে করিয়া বা পুরিয়া বাঁধিয়া রোগীকে দেন।

ডিস্পেন্সারি বলিতে মোটামুটী ঔষধালয় বুঝায়। ঔষধালয়ে পাইকেরী ও খুচরা দুই রকমেই ঔষধ বিক্রয় হয়, তা ছাড়া রোগীদিগকে ঔষধ তৈয়ার করিয়া দেওয়া হয় অর্থাৎ ডাক্তারের প্রেস্‌ক্রিপ্‌সন্‌ মাফিক ঔষধ মিশ্রিত করিয়া তৈয়ার করিয়াও দেওয়া হয়। এই সকল ভিন্ন ভিন্ন কার্য্যনির্ব্বাহ জন্য ভিন্ন ভিন্ন স্থানে ঔষধ দ্রব্য সকল সাজাইয়া রাখা প্রয়োজন হয়। বড় বড় ডিস্পেন্সারিতে ঘরের এক ভাগে বড় বড় শিশিতে পোরা ঔষধ সকল বহুসংখ্যক আলমারিতে সাজান থাকে। আর

এক ভাগে ঔষধ কম্পাউণ্ড করার জন্য একটা গোপনীয় স্থান থাকে ঐ স্থানের নাম কম্পাউণ্ডিং রুম। ছোট বড় সকল ডিস্পেন্সারিতেই কম্পাউণ্ডিং রুম বা কম্পাউণ্ড করার যায়গা একটু আলাদা স্থানে থাকাই উচিত। নিরিবিলি নির্জ্জন স্থান না হইলে ভাল কম্পাউণ্ডারি করা যায় না। লোকের সঙ্গে কথা কহিতে কহিতে ঔষধ প্রস্তুত করিতে গেলে বা অন্যমনস্ক হইলে পদে পদে ভ্রম ও সর্ব্বনাশ ঘটিবার সম্ভাবনা। এজন্য, একটা আলাদা কুঠারিতে কম্পাউণ্ডিং ঘর করাই সর্ব্বতোভাবে কর্ত্তব্য। ডিস্পেন্সারির ঘর একটি মাত্র হইলে এক ধারে একটা পরদা টাঙ্গাইয়া স্বতন্ত্র স্থান করিয়া লওয়া উচিত। কম্পাউণ্ডিং রুমে বড় বড় আদত ঔষধের শিশি না রাখিয়া ছোট ছোট শিশিতে অল্প অল্প পরিমাণে ঔষধ ঢালিয়া ঐ সকল শিশি সাজাইয়া রাখিতে হইবে। কম্পাউণ্ডিং রুমের দুয়ারে "প্রবেশ নিষেধ" বলিয়া একটা সাইনবোর্ড টাঙ্গাইয়া দেওয়া উচিত। কারণ লোকে সর্ব্বদা যাতায়াত করিলে অন্য মনস্ক হইতে হয় এবং তাহাতে কম্পাউণ্ড করিতে ভুল হয়। কম্পাউণ্ড ঘরের একধারের একটা ছোট আলমারিতেই হউক বা টেবেলের উপরই হউক ঔষধের ছোট ছোট শিশিগুলি যথাস্থানে সাজাইয়া রাখিবে। সম্মুখে একটা টেবেল পাতা থাকিবে, ঐ টেবেলের উপর কম্পাউণ্ড করিতে হইবে। যে টেবেলের উপর কম্পাউণ্ড করা যায়, তাহাব নাম কম্পাউণ্ডিং টেবেল। টেবেল খানি বেস একটু লম্বা ও বড় হওয়া আবশ্যক। ঐ টেবেলের একধারে ঔষধ গুলি সাজান থাকিবে। অথবা টেবেলে না ধরিলে টেবেলের সম্মুখে ময়রাদের দোকানে সাজাবার ন্যায় থাককাটা থাককাটা তক্তার উপর ঔষধগুলি সাজান থাকিবে। টিংচারের যায়গায় টিংচার, এক্‌ষ্ট্রাক্টের যায়গায় এক্‌ষ্ট্রাক্ট, এছিডের যায়গায় এছিড্ ইত্যাদি। তাহা হইলে শীঘ্র শীঘ্র শিশি খুঁজিয়া বাহির করিতে পারা যায়। সমস্ত বিষাক্ত ঔষধগুলি একটু স্বতন্ত্র স্থানে আলাদা রাখিয়া দিবে। এবং সেই স্থানে "বিষাক্ত ঔষধের স্থান" বলিয়া একটা লেবেল আটিয়া রাখিবে। তারপর তোমার সম্মুখে নিক্তিটী খাড়া থাকিবে ডান দিকে মেজার গ্লাস প্রভৃতি থাকিবে। একধারে স্প্যাচুলা, পিল টাইল, মরটার প্রভৃতি সরঞ্জাম থাকিবে। বাঁ দিকে ব্লটীং কাগজ, দোয়াত কলম, আঠা, কাঁচি, লেবেল কাগজ প্রভৃতি থাকিবে।

সচরাচর ব্যবহার জন্য ডিস্পেন্সারির সরঞ্জাম গুলি এই :—(১) স্প্যাচুলা বা হাতা। এই গুলি লৌহ নির্ম্মিত। দেখিতে কাগজ কাটা আইভরি হেণ্ডেলের

মত। ইহাতে শিশি হইতে ঔষধ তোলা, ঔষধ মিশান, মলম তৈয়ার করা, পিল তৈয়ার করা প্রভৃতি সমস্ত কার্য্যই হইয়া থাকে। (২) স্ল্যাব বা টাইল। এই টাইলের উপর ফেলিয়া ঔষধ মিশাইতে হয়। (৩) পিস্‌টন এবং মরটার অর্থাৎ ঘোটনা এবং বাটী। ইহাতে ঔষধ গুঁড়া করা এবং মিশান চলে। তদ্ভিন্ন, ফনেল, ফিল্টারের কাগজ, গ্ল্যাসরড (কাচ নির্ম্মিত কাঠি), ডিককশন্ পট, ইন্‌ফিউজন্ পট (ঔষধ ভিজান বাটী) ইত্যাদি হরেক রকম জিনিসের দরকার।

ডাক্তারি ওজন।

ডাক্তারি ঔষধ ওজনের নিক্তি খুব সূক্ষ্ম হওয়া আবশ্যক। নিক্তি দুই রকমের আছে। হ্যাণ্ড স্কেল এবং ষ্ট্যাণ্ডিং স্কেল। প্রথমটি ছোট আকারের এবং হাতে ধরিয়া ওজন করিতে হয়; আর দ্বিতীয়টি বড় আকারের টেবেলের উপর দাঁড় করান থাকে। বেশী ওজন করিতে হইলে ষ্ট্যাণ্ডিং স্কেলই সুবিধা-জনক। পিতলের নিক্তি অপেক্ষা, কাচ নির্ম্মিত নিক্তি ভাল। কাচ নির্ম্মিত নিক্তির নাম গ্ল্যাসস্কেল। উহা সহজে ময়লা হয় না এবং সহজেই পরিষ্কার করা যায়। পিতলের নিক্তি ময়লা হইলে তেঁতুল বা লেবুর রস দিয়া পরিষ্কার করিলে শীঘ্র পরিষ্কার হয়।

তরল জিনিষ ওজন করিবার জন্য মেজার গ্ল্যাস অর্থাৎ মাপের গ্ল্যাসের দরকার। মাপের গ্ল্যাস দুই প্রকারের আছে। ছোট ও বড়। ছোট গ্ল্যাসের নাম মিনিম গ্ল্যাস। ইহাতে ফোঁটা মাপা যায়। ইহাতে ১ ড্রাম্ অর্থাৎ অনুমান ৬০ ফোঁটা পর্য্যন্ত ধরে। গায়ে বরাবর দাগ কাটা আছে। আর বড় গ্ল্যাসে আউন্স ওজন করা যায়। ১ আউন্স, ২ আউন্স্ ইত্যাদি দাগ কাটা আছে। মাপের গ্ল্যাস ছোট বড় নানা রকমের আছে। অর্থাৎ ১ আং গ্ল্যাস, ২ আং গ্ল্যাস, ৪ আং গ্ল্যাস ইত্যাদি। ঔষধ ওজন করিতে করিতে মাপের গ্ল্যাসগুলি অপরিষ্কার হইলে একটু স্পীরিট দিয়া ধৌত করিলেই উহারা পরিষ্কার হইয়া যায়।

অতি অল্প মাত্রায় ঔষধ ওজন করিবার জন্য একটা স্বতন্ত্র নিক্তি রাখা আবশ্যক। ½ গ্রেণ, ১ গ্রেণ, ২ গ্রেণ ইত্যাদি অল্প মাত্রা। যে নিক্তিতে বেশী বেশী অর্থাৎ ১ ড্রাম্, ২ ড্রাম্ ইত্যাদি ওজন করা যায়, সে নিক্তি বেশী ভারে অল্প দিন মধ্যেই একটু খারাপ হইয়া যায় এবং কাটিতে থাকে।

ঔষধ ওজন করিবার সময় বিশেষ সাবধান হওয়া আবশ্যক। কারণ ভ্রম হইলে ভয়ানক বিপদ ঘটিবার সম্ভাবনা। কম্পাউণ্ডারের ভুলে প্রাণ পর্য্যন্ত বিনষ্ট হয়। বিষাক্ত দ্রব্য অল্প মাত্রায় ওজন করিবার পূর্ব্বে নিক্তি কাটে কি না তাহা দেখা কর্ত্তব্য। তারপর বাটখারা বা ওজন ঠিক দেওয়া হইল কি একটার বদলে আর একটা দেওয়া হইল তাহা লক্ষ্য করা আবশ্যক। নিক্তির সূতা বা তার পরস্পর জড়াজড়ি বাধিয়া গেলে নিক্তি কাটিতে থাকে। তা ছাড়া সময় সময় ঐ সূতা বা তার নিক্তির দাণ্ডায় বাধিয়া যায়, তাহাতে নিক্তি এত বেশী কাটে যে, তাহা সংশোধন না করিলে বিষম বিপদের কথা। টেবেলের উপর জল পড়িয়া থাকিলে এবং ঐ জলের উপর নিক্তির ডালা ঠেকিয়া থাকিলে নিক্তি কাটিতে থাকে, তাহাতে অল্প ওজনে বেশী ওজন বোধ হয়। কম্পাউণ্ডিং রুমে বাতাস বহিলে নিক্তি কাটে তাহা জানা উচিত।

ঔষধ ওজন করিবার সময় নিক্তির ডালার একদিকে বাটখারা চাপাইয়া অপর দিকে ক্রমে ক্রমে ঔষধ ঢালিয়া দিবে। একটা স্প্যাচুলা সাহায্যে শিশির ভিতর হইতে ঔষধ তুলিয়া তুলিয়া দিবে। সিকি গ্রেণ কি আধ গ্রেণ ওজন করিতে হইলে খুবই ভাল নিক্তির দরকার। সাধারণ নিক্তিতে এইরূপ অল্পমাত্রা ওজন করিতে হইলে একবারে ১ গ্রেণ ওজন করিয়া ঐ ঔষধ পরে সমান দুই ভাগ করিয়া লইবে। তাহা হইলেই প্রতি ভাগ $\frac{১}{২}$ গ্রেণ্ ওজন হইবে। যতবার ঔষধ ওজন করিবে তত বার নিক্তি বেস করিয়া ন্যাকড়া বা কাগজ দিয়া মুছিয়া পরিষ্কার করিয়া লইবে। ১ গ্রেণের ৮ ভাগের ১ ভাগ অথবা $\frac{১}{৮}$ গ্রেণ্; এক গ্রেণের ১৬ ভাগের ১ ভাগ অথবা $\frac{১}{১৬}$ গ্রেণ্ প্রভৃতি সূক্ষ্ম ওজন করিতে হইলে ১ গ্রেণ্ ওজন করিয়া সেই ১ গ্রেণ ঔষধকে ৮ বা ১৬ ভাগে বিভাগ করিয়া লইবে।

তরল দ্রব্য ওজন করিতে হইলে মেজার গ্ল্যাসে ওজন করিবে। ১ ড্রাম্ বা তাহার কম মিনিম্ গ্ল্যাসে মাপিবে। আর $\frac{১}{২}$ আং, ১ আং প্রভৃতি আউন্স গ্ল্যাসে ওজন করিবে। অল্প ঔষধ মাপিতে হইলে আগে খানিকটা ঔষধ ১টা ছোট শিশিতে ঢালিয়া লইবে, তারপর ঐ ছোট শিশি হইতে ক্রমে ক্রমে অল্প অল্প করিয়া মিনিম্ গ্ল্যাসে ঢালিয়া দিবে। বড় বোতলের ঔষধ ঢালিতে গেলে একবারে অনেক খানি পড়িয়া যায়। আবার খুব সাবধানে আস্তে আস্তে ঢালিতে গেলেও ফোট ফোট হইয়া না পড়িয়া শিশির গা বহিয়া পড়ে। ঈথর্ টর্পেণ্টাইন্, এরমেটিক স্পারিট্ অব্ এমনিয়া প্রভৃতি বায়ী ঔষধ (অর্থাৎ যে

সকল ঔষধ উড়িয়া যায়) বড় শিশি হইতে আস্তে আস্তে ঢালিতে গেলে ফোটা হইয়া না পড়িয়া প্রায়ই শিশির গা বহিয়া পড়ে। হাইড্রোসিয়্যানিক এসিড্ ডিল্ ২।৪ ফোঁটা ঢালিতে গেলে প্রায়ই বেশী পড়িয়া যায়। এই সকল স্থানে বিশেষ সাবধান হওয়া উচিত।

ক্যাষ্টর অয়েল, বাল্‌সাম, কোপেবা প্রভৃতি চট্‌চটে ঔষধ মেজার গ্ল্যাসে ওজন না করিয়া স্বতন্ত্র পাত্রে ওজন করা উচিত। যে হেতু এই গুলিতে ওজন করিবার গ্ল্যাস খুব অপরিষ্কার হয় এবং ন্যাক্‌ড়া দিয়া মুছিয়া না ফেলিলে আর সে গ্ল্যাসে অন্য ঔষধ ওজন করা যায় না। তদ্ভিন্ন, এই সকল ঔষধের আর একটি দোষ এই যে, ইহাদিগকে মিনিম্ বা আউন্স্ গ্ল্যাসে মাপিয়া অন্য পাত্রে ঢালিবার সময় সবটা ঝাড়িয়া পড়ে না, অনেকটা গ্ল্যাসের গায়ে লাগিয়া থাকে, এজন্য মাপ-করা কাচের বাটীতে বা পোর্সেনেল বাটীতে এই সকল ঔষধ মাপিয়া দেওয়াই স্থবিধা। কাচের বাটীতে করিয়া ওজন করিয়া ঢালিয়া দেওয়ার সময় বেশ করিয়া আঙ্গুল দিয়া সমস্তটা পরিষ্কার করিবা ঢালিয়া দেওয়া যাইতে পারে।

যতবার ঔষধ মাপিবে ততবার গ্ল্যাসগুলি জল দিয়া ধুইয়া ফেলিবে।

ডাক্তারি ঔষধ ওজন করিবার জন্য নিম্নলিখিত ওজনগুলি ব্যবহৃত হয়।

১ গ্রেণ্ (Grain)

১ স্ক্রুপল (Scruple) = ২০ গ্রেণ্

১ ড্রাম্ (Drachm) = ৬০ গ্রেণ্

১ আউন্স্ (Ounce) = ৪৩৭·৫ গ্রেণ্

১ পাউণ্ড্ (Pound) = ১৬ আউন্স = ৭০০০ গ্রেণ্

তরল দ্রব্য ওজন।

১ মিনিম্—*

১ ফ্লুইড ড্রাম্ = ৬০ মিনিম্

১ ফ্লুইড আউন্স্ (Fluid Ounce) = ৮ ফ্লুইড ড্রাম্

১ পাইণ্ট (Pint) = ২০ ফ্লুইড আউন্স্

১ গ্যালন (Gallon) = ৮ পাইণ্ট্

---

* ১ মিনিম্‌কে অনেকে ১ ফোটার সহিত সমান বলিয়া মনে করেন। বস্তুত তাহা ঠিক নহে। পাত্রের মুখের আয়তনানুসারে ফোটা বড় বা ছোট হইতে পারে। কিন্তু মিনিমের মাত্রা নির্দ্দিষ্ট আছে।

দ্রব্যের দৈর্ঘ্য বিস্তার মাপ।

১ ইঞ্চ্ (Inch)

১ ফুট (Foot) = ১২ ইঞ্চ্

১ ইয়ার্ড বা গজ (Yard) = ৩ ফুট = ৩৬ ইঞ্চ্

১ মিনিম্ = ০·৯১১৪ গ্রেণ জলের পরিমাণ

১ ফ্লুইড ড্রাম্ = ৫৪·৬৮৭৫ গ্রেণ্ জলের „

১ ফ্লুইড আউন্স্ = ৪৩৭·৫ গ্রেণ্ „ „

এতদ্ভিন্ন নিম্নলিখিত ওজনও কখন কখন ব্যবহৃত হয় :—

১ গ্রাম (Gramme) = ১৫·৪৩২ গ্রেণ

১ ডেসিগ্রাম (Decigramme) = $\frac{১}{১০}$ গ্রাম

১ সেন্‌টিগ্রাম (Centigramme) = $\frac{১}{১০০}$ গ্রাম

১ মিলিগ্রাম (Milligramme) = $\frac{১}{১০০০}$ গ্রাম

১ কিলোগ্রাম (Kilogramme) = ১০০০ গ্রাম

১ হেক্‌টোগ্রাম (Hectogramme) = ১০০ গ্রাম

১ ডেকাগ্রাম (Decagramme) = ১০ গ্রাম

তরল দ্রব্যে :—

১ মিলিলিটার (Millilitre) = ১ গ্রাম ওজনের জল

১ সেণ্টিলিটার (Centilitre) = ১০ গ্রাম জল

১ ডেসিলিটার (Decilitre) = ১০০ গ্রাম জল

১ লিটার (Litre) = ১০০০ গ্রাম = ১ কিলোগ্রাম জল

দৈর্ঘ্য ও বিস্তারে :—

১ মিলিমিটার (Millimetre) = $\frac{১}{১০০০}$ মিটার

১ সেণ্টিমিটার (Centimetre) = $\frac{১}{১০০}$ মিটার

১ মিটার = ১ গজ ৩·৭ ইঞ্চ্

১ গ্রাম = সেণ্টিগ্রেড্ থার্‌মোমিটারের ৪ ডিগ্রি উত্তপ্ত কিউবিক সেণ্টি-মিটার পরিমাণ জলের ওজন। কিউবিক সেণ্টিমিটার অর্থে ঘন সেণ্টিমিটার।

১ গ্রামের ওজন = ১৫·৪৩২ গ্রেণ

১ ডেসিগ্রামের ওজন = ১·৫৪৩২ গ্রেণ

১ সেণ্টিগ্রামের ওজন = ০·১৫৪৩২ গ্রেণ

১ মিলিগ্রামের ওজন = ০·০১৫৪৩২ গ্রেণ

১ কিলোগ্রাম = ২ পাউণ্ড ৩ আউন্স, ১১৯·৮ গ্রেণ

১ কিউবিক সেণ্টিমিটার = ১৫·৪৩২ গ্রেণ

১ লিটার = ১ পাইণ্ট ১৫ আউন্স ১ ড্রাম্ ৪৩ মিনিম।

নিম্নলিখিত ঘরাও ওজনগুলি ব্যবহৃত হয়।

১ টি স্পুন ফুল (Tea spoonful) = বা ১ চা চামচ = ১ ফ্লুইড্ ড্রাম্

১ ডেসার্ট স্পুন ফুল (Dessert spoonful) = ২ ফ্লুইড ড্রাম্

১ টেবল স্পুন ফুল (Table spoonful) = ৪ ফ্লুইড্ ড্রাম্

১ ওয়াইন্ গ্লাসফুল (Wine glassful) = ২½ ফ্লুইড আউন্স

শক্ত ঔষধ দ্রব্য ওজন করিবার জন্য গ্রেণ, ড্রাম্, স্ক্রুপল পরিমাণ বাটখারা কিনিতে পাওয়া যায়। গ্রেণেব বাটখারা সচরাচর ½ গ্রেণ্ হইতে ৬ গ্রেণ্ পরিমাণ থাকে। কোন কোন গ্রেণের বাটখারার উপর যত গ্রেণ ওজন ততটা দাগ দেওয়া থাকে। কখন কখন সংক্ষেপে ওজন লিখিত থাকে।

এই সকল ডাক্তারি ওজনেব সাঙ্কেতিক চিহ্ন নিম্নে লিখিত হইল। প্রেস্ক্রপ্সনে সর্ব্বদা এই সকল চিহ্ন ব্যবহৃত হইয়া থাকে।

গ্রেণের	চিহ্ন	gr.
ড্রাম্	”	ʒ অথবা dr.
স্ক্রুপল (২০ গ্রেণ)	”	℈
আউন্স্	”	oz অথবা ℥
পাউণ্ড্	”	℔
মিনিম্	”	min অথবা ♏
ফ্লুইড্ ড্রাম্	”	fl dr. অথবা ʒ
ফ্লুইড্ আউন্স্	”	fl ℥ অথবা ℥
পাইণ্ট্	”	o
গ্যালন্	”	c
ফোটা বা বিন্দু (Drop)		gtt
ইঞ্চ্	”	in
ফুট	”	ft

প্রেস্‌কৃপ্‌সনে ১, ২, ৩ প্রভৃতি অঙ্কের পরিবর্ত্তে রোমান অক্ষর ব্যবহৃত হয়। সে গুলি এই ;—

১ = I	১২ = XII
২ = II	১৫ = XV
৩ = III	২০ = XX
৪ = IV	৩০ = XXX
৫ = V	৪০ = XL
৬ = VI	৫০ = L
৭ = VII	১০০ = C
৮ = VIII	৫০০ = D
৯ = IX	১০০০ = M
১০ = X	½ = Ss অথবা ss
১১ = XI	MDCCCLXXIV = 1874 = ১৮৭৪

তদ্ভিন্ন নিম্নলিখিত সাঙ্কেতিক কথাগুলি ব্যবহৃত হয়।

$\bar{A}$ $\bar{A}$ অথবা $\bar{a}$ $\bar{a}$ = প্রত্যেক (each)

Ad lib (ad libitum) = ইচ্ছামত (at pleasure)

Alb = Album = white = শাদা।

Ad or ad = পর্য্যন্ত (to)

A. H = every other hour

Aq = Aqua = জল (water)

Aq. Bull = (Aqua Bulliens) = ফুটন্ত জল (boiling water)

Aq. Pur (Aqua Pura) = পরিষ্কার জল (Pure water)

Aq, Dest (Aqua Distillata) = পরিস্রুত জল (distilled water)

Aq. Com (Aqua Communis) = সাধারণ জল (Common water)

Ant = অথবা (or)

Alt = Alternis = Every other day

Bis Ind = দিন দুইবার (twice a day)

B. P. or Ph B = ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া (British Pharmacopœa)

C = Cum = সহিত (with)

Cata plasma=পুল্‌টিশ্ (Poultice)

Cortex = Bark = ছাল।

Charta = কাগজ (Paper)

Co = Compositus = কম্পাউণ্ড (Compound)

Confectio = খণ্ড (confection) কন্‌ফেক্‌শন্

D = (dosis) = মাত্রা (dose)

Decoction = ডিককৃশন (decoction)

Dil = Diluted

Div = divide = ভাগ কর (divide)

Div. in P. Acq = divide into Partis aequalis = divide into equal parts = সমান পরিমাণ ভাগ কর।

Dos = dosis = মাত্রা (dose)

Elect = electuarium = electuary

Emplastrum = plaster

Enema = গুহ্যদ্বারে পিচ্‌কারী দেওয়ার ঔষধ

Et = এবং (And)

Extractum = Extract = সার

Ft = fiat = let it be made (তৈয়ার কর)

Fiat mist = make mixture

Fructus = Fruit = ফল

Flava = Yellow = হরিদ্রাবর্ণ

Flores = Flower = ফুল

Folia = পত্র

Fort = Fortiores = Strong

Garg = Gargaris ma = Gargle (কুলি করার ঔষধ)

Gr = Granum = Grain (গ্রেণ)

Gtt = (Guttata) = drop (ফোটা)

H = (Hora) = hour

Haust = (Haustus) = draught

H. S. S. = To be taken at bed time

Idem = the same

In = Into

Injectio = An injection (পিচ্‌কারী করার ঔষধ)

Infusum = An Infusion

Levis = light (পাতলা)

Liquor = তরল জিনিষ (liquid)

Lignum = Wood = কাষ্ঠ

Lin— = Liniment (মালিসের ঔষধ)

Lotio = Lotion = ধৌত

M = misce = mix = মিশ্রিত কর

Mist = Mistura = a mixture = মিশ্র

Mitte = Send = পাঠাও

M. P = Pil mass

M. D. U. = To be used as directed.

Nigra = Black = কাল

Oleum = Oil = তৈল

P. R. N. = Occasionally

Pil = Pill = বটিকা

Pulv = Pulveris = Powder = গুঁড়া

Q. Q. = each or every

Q. S. = (quantum sufficiant) = in sufficient quantity = যথা-প্রয়োজন।

Qoutitis = daily

R = (recipe) = take = লও

Rad = Radix = Root = মূল

Rept = Repeat = সেই জিনিষ পুনর্ব্বার দেও

Rubrum = Red = লালবর্ণ

Sem = Semen = Seed = বীজ

Sig = Signa = mark thou (চিহ্ন কর)

Sing = of each (প্রত্যেক)

Si op sit = If necessary (যদি দরকার হয়)

Sit = let it be = হউক

Sine = without

Somnus = Sleep = নিদ্রা

Spt = spiritus = Spirit

S. S = half (অর্দ্ধ)

Stat = Immediately (তৎক্ষণাৎ)

St = let him take = সেবন করুক

Suc = Succus = Juice = রস

Sum = take (লও)

Ter = Thrice

Terdie = thrice a day.

Tertius = third (তৃতীয়)

Tr-or Tinct = Tinctura = Tincture = অরিষ্ট.

Trit = Triturate = grind = গুঁড়া কর

Tussis = Cough = কাশি

Mistura Tussis = cough mixture

Ungt = Unguentum = Ointment = মলম

Vel = or = অথবা

Vinum = wine = আসব

প্রেস্‌কৃপ্‌সনের দৃষ্টান্ত।

১।

Kishnanagore.
July 20, 1893.

For Ram Lall Ghosh.

℞.

Quininæ sulphatis	gr xxx
Acid sulphuric dil	ʒi

Ferri sulphatis	gr vi
Aqua	ad ℥vi

Misce.—Divide into 6 marks. One mark for a dose. To be taken three times a day.

কৃষ্ণনগর। K. P. Mukerjee.

২০শে জুলাই, ১৮৯৩।

শ্রীরামলাল ঘোষের জন্য—

লও

সাল্‌ফেট্ অব্ কুইনাইন্	...	৩০ গ্রেণ্
এসিড্ সাল্‌ফিউরিক ডিল্	...	১ ড্রাম্
ফেরি সাল্‌ফেট্	...	৬ গ্রেণ্
জল	...	সমষ্টিতে ৬ আউন্স্

মিশ্রিত কর। ৬ দাগ কাট ১ দাগ ১ মাত্রা দিন ৩ বার করিয়া সেবন করিবে।

কে. পি. মুখার্জি।

এই প্রেসক্রপ্‌সন্ কম্পাউণ্ড্ করিবার সময় সর্ব্ব প্রথমে কুইনাইন্‌টুকু ওজন করিয়া বড় মেজার গ্লাস ফেলিবে। পরে ৩০ কি ৪০ ফোঁটা আন্দাজ জল দিয়া কুইনাইন্ টুকু ভিজাইয়া লইবে। তার পর সাল্‌ফিউরিক্ এসিড্ মিনিম্ গ্লাসে মাপিয়া ঐ কুইনাইনের উপর ফোঁটা ফোঁটা করিয়া ঢালিয়া দিবে এবং গ্লাসটীও সঙ্গে সঙ্গে নাড়িবে অথবা একটা কাঁচের কাঠি দিয়া নাড়িয়া দিবে তাহা হইলেই কুইনাইন্ বেস হইয়া গলিয়া যাইবে। তার পর ৬ গ্রেণ্ ফেরি সাল্‌ফেট্ ওজন করিয়া একটা পাত্রে রাখিয়া তাহাতে একটু জল দিয়া ঘুটিবে তাহা হইলেই ফেরি সাল্‌ফেট্ গলিয়া যাইবে। তখন ঐ ফেরি সাল্‌ফেট্ দ্রব কুইনাইনের সঙ্গে মিলাইবে। তার পর একটা ৬ আং মাপের শিশিতে ঢালিয়া জল দিয়া শিশি পূরণ করিবে। পরে ৬টী কাগজের দাগ কাটিয়া শিশির গায়ে লাগাইয়া দিবে। শিশির অপর দিকে লেবেল আঁটিয়া দিবে। লেবেলে যাহার জন্য ঔষধ তাহার নাম এবং খাইবার নিয়ম লিখিয়া দিয়া কর্ক আটিয়া শিশিটী বেস করিয়া কাগজে মুড়াইয়া প্রেরণ করিবে। কাগজে মুড়িয়া গালা দিয়া আটিয়া দেওয়াই নিয়ম।

২। Hira Lall Saha.

℞.

Tinct Digitalis	... ...	℥i

Tinct Ferri Perchloride	...		ʒii
Acid Phosphoric dil	...		ʒi
Glycerini	...	...	℥ss
Aqua	...	... ad	℥vi

M. Fiat mistura. Put six marks. Sig. One mark a dose. To be taken twice a day morning and evening.

March 30th, 1892. A. L. B.

হিরালাল সাহা।

লও

টীং ডিজিটেলিস্	...	...	১ ড্রাম্
টীং ফেরি পার্‌ক্লোরাইড্	...	...	২ ড্রাম্
এসিড্ ফস্ফরিক্ ডিল্	...	..	১ ড্রাম্
গ্লাইসেরিন্	...	...	½ আউন্স্
জল	...	... ...	সমষ্টিতে ৬ আং

মিক্‌শ্চার্ তৈয়ার করিয়া ৬টী দাগ কাটিয়া দেও। ১ দাগ ১ মাত্রা দিন দুইবার সেবন প্রাতে এবং সন্ধ্যায়।

মার্চ্চ ৩০, ১৮৯২। (স্বাক্ষর) এ. এল. বি।

For Kashi Nath Mullick.

℞.

Pulv Ipecac	..	...	gr i
Bismuthi subnit	...	...	gr x
Sodæ Bicarb	...	...	gr x
Ol Menthi Pip	...	...	♏ i

Misce. Fiat Pulv I

Mitte. 12 such. One to be taken 4 times a day every 3 hours.

3rd October, 1872. KALLY CHURAN LAHIRI.

কাশীনাথ মল্লিকের জন্য—

ইপিকাকুয়ানা পাউডার	...	...	১ গ্রেণ
বিস্‌মথ সব্‌নাইট্রেট	...	...	১০ গ্রেণ

সোডা বাইকার্ব্ব ... ... ১০ গ্রেণ

পিপারমেণ্ট অয়েল ... ... ১ মিনিম

মিশ্রিত করিয়া ১টী পুরিয়া তৈয়ার কর এবং ১২টী এইরূপ গুঁড়া ঔষধের পুরিয়া পাঠাও। প্রতিদিন ৪ চারি বার ৩ ঘণ্টা অন্তর খাইবে।

৩রা অক্টোবর, ১৮৭২। কালীচরণ লাহিড়ী।

এই প্রেস্‌ক্রপ্‌সনে একটি মাত্র পুরিয়া তৈয়ার করার পরিমাণ ঔষধ দেওয়া আছে এবং ১২টী পুরিয়া পাঠাইবার কথা আছে। এখানে একবারে ১২ গ্রেণ ইপিকাক, ১০×১২=১২০ গ্রেণ=২ ড্রাম্ বিস্‌মথ সব্‌নাইট্রেট্‌, এবং ঐ পরিমাণ সোডা বাইকার্ব্ব্ এবং পিপারমেণ্ট অয়েল ১২ মিনিম্ ওজন করিয়া লইবে। তার পর উহাদিগকে প্লেটে ফেলিয়া স্প্যাটুলা সাহায্যে বেস করিয়া মিশ্রিত করিয়া ১২ ভাগ করিয়া ১২টী পুরিয়া বাঁধিয়া দিবে। যদি আন্দাজে ঠিক না পাও তবে ঐ গুঁড়া ঔষধ ২১ গ্রেণ পরিমাণে ওজন করিয়া লইয়া এক একটী পুরিয়া তৈয়ার করিবে।

৪। ℞

Spt amon arom } Spt œther sulph }	...	ā ā ♏xv
Pot Iodide ...	...	gr v
Tinct Balladonnæ	...	♏xx
Aqua Camphoræ	...	℥i

M, One dose Stat

এরমেটিক স্পিরিট অব্ এমনিয়া—

সল্‌ফিউরিক ঈথর	প্রত্যেক	১৫ মিনিম
পটাসিয়ম আইওডাইড	,,	৫ গ্রেণ
টিংচার বেলেডোনা	,,	২০ মিনিম
কর্পূরের জল (ক্যাম্ফার ওয়াটার)		১ আং

একত্র মিশ্রিত করিয়া ১ মাত্রা। এখনই সমস্তটা খাইবে।

℞

Tinct opii ...	...	♏xx
,, Kino ...	...	ʒi
Mistura cretæ	...	ad ℥iv

Fiat mistura Signa "Diarrhœa mixture" Dose ℥i Post singulas dejectiones liquidas.

টীংচার ওপিয়ম্	...	...	২০ মিনিম
টীংচার কাইনো	...	...	১ ড্রাম
চকমিকশ্চার	...	...	সমষ্টিতে ৪ আং

মিশ্রিত কর। "ডায়ারিয়া মিক্শ্চার" বলিয়া লেবেলে লিখ, মাত্রা ১ আং, প্রতি পাতলা দাস্তের পর। এখানে সমষ্টিতে ৪ আং বলিতে ঔষধ ও জল একত্রে ৪ আং হইবে বুঝিবে।

৫। ℞

Hydrarg Iodidum Rubrum	...	gr i
Potasii Iodidi	...	gr XL
Liquoris Arsenicalis ...	...	♏XL
Tinctura Lavandulæ co	...	ʒii
Aqua	...	ad viii

Misce. Direct $\frac{1}{12}$ part to be taken thrice daily after meals.

এই প্রেস্কৃপ্শন্ কম্পাউণ্ড করার সময় প্রথমে বিন্ আইওডাইড্ অব্ মার্কুরি ১ গ্রেণ ওজন করিয়া গ্লাসে রাখিবে। পরে পটাসিয়ম্ আইওডাইড্ ওজন করিয়া তাহার উপর দিবে। পরে একটু জল দিয়া নাড়িলেই দুই ঔষধ মিশাইয়া যাইবে। পরে অন্যান্য ঔষধ দিয়া জল দিয়া শিশি পূরণ করিবে। আইওডাইড্ অব্ পটাস ভিন্ন বিন্ আইওডাইড্ অব্ মার্কুরি গলে না।

Pulv Ipecacuanhæ	gr i
Acid Arsenios	gr $\frac{1}{20}$
Pil alœs et myrrhœ	gr iiss
Pulv Pi P nig	gr ii

Fiat. Pil i Misce

ইপিকাকুয়ানা পাউডার (পল্ভ ইপিকাক্)	১ গ্রেণ
আর্সিনিয়স্ এসিড্	$\frac{১}{২০}$ গ্রেণ
পিল এলোজ এট্ মার্	২½ গ্রেণ
ব্ল্যাক পিপার পাউডার	২ গ্রেণ

একত্র মিশ্রিত করিয়া একটি বটী কর।

Ferri Reducti gr c

Mannæ q. s.

Ut Fiat Pill xx St i ter indie Post cibas

রিডিউস্‌ড আয়রন্ ১০০ গ্রেণ

ম্যানি = (পিল করিতে যতটুকু লাগে)

মিশ্রিত করিয়া ২০টি বটী তৈয়ার কর। দিন তিন বার আহারের পর ১টী করিয়া বড়ী সেবন করিবেন।

℞

Pulv Mustard Durham ℥i

Aqua q. s.

Fiat. Emplastum i 4 in × 4 in

১ আং মষ্টার্ড দিয়া ৪ ইঞ্চ প্রস্থ এবং ৪ ইঞ্চ দীর্ঘ প্ল্যাষ্টার তৈয়ার কর!

℞

Potassii Bromide gr xx

Syrupus Lemonis ʒ i

Aqua ʒ iv

Misce. Make a draught. To be taken at bed time.

℞

পটাস্ ব্রোমাইড্ ২০ গ্রেণ

সিরপ লেমন ১ ড্রাম্

জল ৪ ড্রাম্

মিশ্রিত করিয়া এক মাত্রা সেবনের ঔষধ কর। রাত্রে শয়নকালে সেবন করিবে।

℞

Potassii Bromide gr x

Tinct opii ♏x

Aqua ad ℥ i

M. Fiat Haust. H. S. S.

পটাস ব্রোমাইড ১০ গ্রেণ

টিংচার ওপিয়ম্ ১০ মিনিম্

জল ১ আং

মিশ্রিত করিয়া ১টী draught তৈয়ার কর। রাত্রে শয়নকালে সেবন করিবে।

℞

Ammon Carb gr xxx

Vin Ipecac ♏ xxx

Tinct Senegae ʒii

Aqua Camphoræ ad ℥vi

M. Div into 6 partes aequalis. Signa "Mistura Tussis."

St. Ter in die

℞

এমনিয়া কার্ব্বনেট ৩০ গ্রেণ

ভাইনাম্ ইপিকাক ৩০ মিনিম্

টীংচার সেনেগা ২ ড্রাম্

ক্যাম্ফর ওয়াটার সমষ্টিতে ৬ আং মিশ্রিত কর। সমান ৬ ভাগে ভাগ কর, "কফ মিক্শ্চার" বলিয়া চিহ্নিত কর, দিন ৩ বার করিয়া সেবন করিবে।

℞

Spt Amon Aromat vel Spt Œther Sulph ʒi

Aqua ad ℥vi

Div in doses vi

℞

এরমেটিক স্পীরিট অব্ এমনিয়া অথবা স্পীরিট ঈথর সল্‌ফিউরিক ১ ড্রাম্, জল—সমষ্টিতে ৬ আং। ৬ ডোজে ভাগ কর।

প্রেস্‌ক্রপ্‌শন্ লিখিবার সময় ঔষধের নামগুলি স্পষ্ট করিয়া লেখা উচিত। নচেৎ বিলক্ষণ গোলযোগ ঘটে। অনেকে Extract Belladonnæ লিখিতে Extract Bella মাত্র লেখেন, তাহাতে এক্‌ষ্ট্রাক্ট বেলেডোনা কি এক্‌ষ্ট্রাক্ট বেল তাহা বুঝা যায় না। এইরূপ পড়িবার ভুলে এক্‌ষ্ট্রাক্ট বেলেডোনা খাইয়া একটি রোগী মারা গিয়াছিল। কেহ কেহ Hydras Chloras (Chloral

Hydrate) লিখিতে Hyd Chlor মাত্র লিখেন। কেহ কেহ কতকগুলি সংক্ষিপ্ত কথা ব্যবহার করিয়া থাকেন। সেগুলিতে তত দোষ হয় না; যথা—Tincture স্থলে Tinct, Liquor স্থলে Liq, Aqua স্থলে Aq, Extractum স্থলে Ext, Spirit স্থলে Spt, Dilute স্থলে Dil, Nux Vomica স্থলে Nux Vom Compositus বা Compound স্থলে কো, (যেমন Tincture Cinchona Compound স্থলে Tinct Cinchonæ Co), Oleum স্থলে Ol, Confection স্থলে Conf, Ammonia স্থলে Amon, Aromatic স্থলে Arom, (যেমন Spiritus Ammoniæ Aromaticus স্থলে Spt Amon Arom), Ammonia carbonate স্থলে Amon carb, Ferri sulphas স্থলে Ferri sulph, Cum স্থলে C, (যেমন Hydrargyrum cum creta স্থলে Hydrarg C. cret), Pill স্থলে Pil, Unguentum স্থলে Ung, Hydrargyrum স্থলে Hydrarg, Iodi স্থলে Iod, Rubrum স্থলে Rub, (যেমন Hydrargyrum Iodidum Rubrum স্থলে Hydrarg Iod Rub) ইত্যাদি।

সতর্কতা।

প্রেস্‌ক্রপ্‌শন্ কম্পাউণ্ড করার সময় কতকগুলি বিষয়ে বিশেষরূপে সতর্ক হইবে।

(১) প্রেস্‌ক্রপ্‌শন্‌টী অগ্রে বেশ করিয়া পড়িয়া লইবে। সমস্ত ঔষধ ওজন করিয়া ৬ বা ৮ মাত্রা প্রভৃতি করিতে হইবে কিম্বা একবারকার খাইবার ঔষধ ৬ গুণ বা ৮ গুণ করিয়া পরে ভাগ করিয়া দিতে হইবে, তাহা দেখিয়া লইবে। অনেক ডাক্তারে এক মাত্রা ঔষধ লিখিয়া লিখেন Send 6 such, কেহবা সমস্ত ঔষধ লিখিয়া লিখেন Divide into 6 doses.

(২) কোন বিষাক্ত ঔষধ থাকিলে বিশেষ সাবধান হইয়া ঔষধ দিবে।

(৩) ঔষধ দিবার সময় উত্তমরূপে এবং প্রত্যেক বারেই শিশির লেবেল পড়িয়া লইবে। জানা শিশি বলিয়া লেবেল পড়িতে অবহেলা করিবে না।

(৪) নিক্তি কাটার দিকে লক্ষ্য রাখিবে।

(৫) অনেকগুলি ঔষধ প্রায় এক নামের আছে, কেবল একটু একটু তফাৎ

আছে, সে গুলি খুব ভাল করিয়া বাছিয়া লইবে। Pulv creta Aromatic এবং Pulv cretæ Aromatic Co ; Pulv Ipecac এবং Pulv Ipecac Co ; Pulv Kino এবং Pulv Kino Co ; Acid Sulphuric এবং Acid Sulphuric Aromatic ; Spirit Aether এবং Spirit Aether nitric ইত্যাদি প্রায় এক নামের ঔষধ অথচ পরস্পরে তফাৎ বিস্তর। এক জন কম্পাউণ্ডার একটি বালককে Pulv Ipecac স্থলে Pulv Ipecac Co দিয়াছিল। এই Pulv Ipecac Coতে অহিফেন আছে। সুতরাং বালকটি অহিফেন খাইয়া মরণাপন্ন হইয়াছিল।

(৬) লেবেলটি লিখিয়া পুনর্ব্বার পড়িয়া দিবে। শিশির গায়ে দাগ কাটা হইল কি না তাহা দেখিয়া দিবে।

(৭) বিনা লেবেলে কোন ঔষধ দিবে না।

(৮) ডাক্তারের অনুমতি ব্যতীত বিষাক্ত মাত্রায় কোন ঔষধ বিক্রয় করিবে না।

(৯) বিষাক্ত ঔষধগুলি একধারে সাজাইয়া রাখিবে।

(১০) ওজন না করিয়া কোন ঔষধ আন্দাজি দিবে না।

(১১) বিষাক্ত ঔষধের উপর "Poison (বিষ)" বলিয়া লেবেলে লিখিয়া দিবে।

বিষাক্ত ঔষধের লিষ্ট।

Acid Sulphuric strong (এছিড্ সাল্ফিউরিক্ ষ্ট্রং)।
" Nitric strong (এছিড্ নাইট্রিক্ ষ্ট্রং)।
" Hydrochloric strong (এছিড্ হাইড্রোক্লোরিক্ ষ্ট্রং)।
" Carbolic (কার্ব্বলিক এছিড্)।
" Acetic strong (এসেটিক্ এছিড্ ষ্ট্রং)।
" Acetic glaciale (গ্লেসিয়েল এছেটিক্ এছিড্ সেঁকো)।
" Hpdrocyanic (এছিড্ হাইড্রোসিয়ানিক্)।
" Phosphoric (এছিড্ ফস্ফরিক্)।

Acid Chromic (ক্রোমিক এছিড্)।

" Arseniosum (আর্সেনিক্ এছিড্, সেঁকো)।

Arsenic (আর্সেনিক, সেঁকো ধাতু)।

Arseniatis (সমস্ত আর্সেনিক্ ঘটিত ঔষধ)।

Aconite (একোনাইট)।

Amyl Nitris (এমিল নাইট্রিস্)।

Ammonia (এমনিয়া)।

Antimony Tart (এণ্টিমনি টার্টারেটম্)।

Apomorphine (এপমর্ফাইন্)।

Argenti Nitras (আর্জ্জেণ্টি নাইট্রাস্, নাইট্রেট্ অব্ সিল্ভার)।

Argenti Potasii Nitras (আর্জেণ্টি পটাসি নাইট্রাস্)।

Atropine (এট্রপাইন্)।

Antifebrin (এণ্টিফেব্রিণ)।

Antipyrin (এণ্টিপাইরিণ)।

Belladonna (বেলেডোনা)।

Caffein (কেফিন)।

Cannabis Indica (ক্যানাবিষ ইণ্ডিকা,—গাঁজা)।

Calabar Bean (ক্যালাবার বিন্)।

Cantharidis (ক্যান্থারাইডিস্)।

Chloroform (ক্লোরফরম্)।

Chloral Hydras (ক্লোরাল্ হাইড্রেট্)।

Croton Chloral Hydrate (ক্রোটন ক্লোরাল হাইড্রেট্)।

Cocainæ Hydrochloras (হাইড্রোক্লোরেট্ অব্ কোকেন্)।

Cocain (কোকেন)।

Codiena (কোডিন)।

Conii or Hemlock (কোনিয়াই হেম্লক)।

Creasote (ক্রিয়াজোট)।

Crotonis Oleum or Croton oil (ক্রোটেন অয়েল অথবা জয়পালের তৈল)।

Digitalis (ডিজিট্যালিস্)।

Elatereum (ইলেটিরিয়ম্)।

Hyosciamine (হাইওসিয়ামাইন)।

Hydrarg Perchloride (পার্‌ক্লোরাইড্‌ অব্‌ মার্কুর্যরি)।

Hydrarg Iodidum Rubrum (বিন্‌ আইওডাইড অব মার্কুর্যরি)।

Iodine (আইওডাইন)।

Jaborandi (জ্যাবরাণ্ডি)।

Liquor Amon Fort (লাইকর্‌ এমন ফোর্ট)।

Morphine (মর্ফিয়া)।

Nitroglycerine (নাইট্রোগ্লাইসেরিণ)।

Nux Vomica (নক্সভমিকা—কুঁচিলা)।

Pilocarpine (পাইলকার্পাইন্‌)।

Opium (ওপিয়ম্‌—অহিফেন)।

Potassa Caustica (কষ্টিক পটাস্‌)।

Phosphoras (ফস্ফরাস্‌)।

Soda Caustica (কষ্টিক্‌ সোডা)।

Strammonii (ষ্ট্র্যামনিয়াই)।

Strophanthus (ষ্ট্রোফ্যান্‌থস্‌)।

Strycnina (ষ্ট্রীক্‌নিয়া)।

Veratria (ভেরাট্রিয়া)।

Zinc Chloride (জিঙ্ক ক্লোরাইড)।

এট্রপিয়া, ষ্ট্রীক্‌নিয়া, আর্সেনিক, ফস্‌ফরাস্‌, হাইড্রোসিয়ানিক এসিড্‌, ওপিয়ম্‌, মর্‌ফিয়া এইগুলি ভয়ানক বিষাক্ত ঔষধ। নির্জ্জল ধাতব অম্ল (Mineral acid) অত্যন্ত বিষাক্ত।

উপরোক্ত লিষ্ট ছাড়া অনেক ঔষধ অত্যন্ত অধিক মাত্রায় বিষক্রিয়া করে। যথা, কর্পূর। দাস্তকারক বা বিরেচক ঔষধগুলি বেশী মাত্রায় বিষক্রিয়া করে। সল্‌ফেট্‌ অব্‌ কপার, সল্‌ফেট্‌ অব্‌ জিঙ্ক্‌ প্রভৃতি বমনকারক ঔষধ অধিক মাত্রায় বিষক্রিয়া করে। অধিক মাত্রায় পারা সেবনে ভয়ানক মুখ আইসে। করোসিভ্‌ সব্‌লিমেট (পার্‌ক্লোরাইড্‌ অব্‌ মার্কুর্যরি) এবং বিন্‌ আইও-ডাইড্‌ অব্‌ মার্কুর্যরি খুব বিষাক্ত জিনিষ।

ঔষধের নামান্তর।

ঔষধের নামান্তর।	প্রকৃত নাম।
Aether Chlor বা *Chlorio Æther*	*Spirit Chloroform*
Acid Nitromuriatic dil	Dilute Nitro-hydrochloric acid
Acid Muriatic	Acid Hydrochloric
Bismuth বা Bismuth alb	Subnitrate of Bismuth
Basilicon Ointment	Unguentum Resinæ
Blue pill	Pil Hydrarg
Blaud's pill	Pilula Ferri
Black wash	Lotio Hydrargyra Nigra
Black draught	Mistura Sennæ Co
Blistering paper	Emplastrum Cantharidis
Burnett's fluid	Liquor Zinci Chloridi
Chalybeate Plaster	Emplastrum Ferri
Citrin Ointment	Unguentum Hydrarg
Chloric Æther	Spt Œtheris nitratis
Confectio Aromatic	Pulv Creta Aromatic
Condy's Fluid	Liq. Potassii Permanganatis
Corrosive sublimate	Hydrarg Perchloride
Calomel	Hydrag Subhloride
Carron oil	Linimentum Calcis
Dover's powder or Pulv Doveris	Pulv Ipecacanuhæ co
Donovan s solution	Liq. Arseniciet Hydrargyri Iodidi
Elixir of Vitriol	Aromatic sulphuric acid
Emplastrum Robran's	Emplastrum Ferri
Epsom Salt	Sulphate of Magnesia
Essence of ginger	Tinct Zingib Fort
Friar's Balsam	Tinct Benzoin Co
Fluid Magnesia	Liq. Magnesia Carbonatis
Fowler's Solution	Liquor Arsenicalis
Goa Powder	Chrysarobin
Griffith's Mixture	Misturæ Ferri Co
Grey Powder	Hydrarg Cum Creta
Greygorie's Powder	Pulv Rhei Co

Green Vitriol	Sulphate of Copper
Goullard's lotion or Goullard's water	Liq. Plumbi Sub-acetatis dil
Goullard's Extract	Liq. Plumbi Subacetatis
Glanber's Salt	Sodii sulphas
Heberdin's Ink	Mistura Ferri Aromatica
Hoffman's Anodyne	Spt Œther Co
Jame's Powder	Pulv Antimony
Liq. Morphiæ Hydrochlorate	Liq. Morphiæ
Liquor Sarsæ	Extractum Sarsœ
Liquor Trinitrini	Liq. nitro glycerini
Linimentum Cantharidis	Liquor Epispasticus
Lunar Caustic	Argenti Nitras
Laudanum	Tinct Opii
Magnesia Ponderosa	Magnesia Calc
Mistura Camphoræ	Acqua Camphor
Mitigated caustic	Argenti et Potassi Nitras
Mindererus Spirit	Liq. Amon Acetatis
Pilula calomelanos Composita	Pilula Hydrargyri Subchloride Co
Pilula Galbani Co	Pil Assafœtidœ Co
Paregoric Elixir	Tinct Camphor Co
Pearson's solution	Liq. Sodii Arsenitis
Plumer's Pill	Pil Hydrarg subchloride Co
Pilula Opii	Pil saponis Co
Pulvis Aromaticus	Pulv Cinnamon Co
Rufus Pill	Pil Alœs et Myrrh
Salvolatile	Aromatic spirit of ammonia
Sal Ammoniac	Amon Chloride
Spirit Lavandulæ Co	Tinct Lavandulae Co
Sweet spirit of nitre	Nitric æther
Seidlitz powder	Pulv sodæ Tart
Tartar Emetic	Antimonium Tartaratum
Tincture Steel	Tinct Ferri Perchloride
Turner's cerate	Unguentum Calaminæ

Vaseline	Soft Paraffin
Warm Plaster	Emplastrum Califaciens
Ward's Paste	Confectio Peperis
White Precipitate	Hydrarg Ammoniatum
White vitriol	Sulphate of zinc
Yellow Wash	Lotio Hydrarg Flava

অসম্মিলন।

কতকগুলি ঔষধ পরস্পর মিশ্রিত করিলে হয় তাহারা ভাল মেশে না, আর না হয় তাহাদের গুণের ব্যত্যয় হয়। ইহাকেই অসম্মিলন বলে। যেমন অক্সাইড্ অব্ সিল্ভার এবং ক্রিয়াজোট্ একত্র পিল করিতে গেলে জ্বলিয়া উঠে। এজন্য এই দুই ঔষধ একত্রে ব্যবস্থা করিবে না। সেইরূপ আইওডাইড্ অব্ পটাসিয়ম এবং নাইট্রিক এছিড্ একত্রে মিশ্রিত করিলে আইওডাইন পৃথক হইয়া তলে পড়ে। সেই আইওডাইন্ সেবনে বিষক্রিয়া করিতে পারে। এরমেটিক্ স্পীরিট্ অব্ এমনিয়া এবং এছিড্ একত্রে মিশাইলে এমনিয়ার গুণ নষ্ট হয়। সাল-ফিউরিক এছিড্ এবং এমনিয়া মিশ্রিত হইলে উহাতে যে সল্ফেট্ অব্ এমনিয়া হয়, তাহাতে কোন কাজই হয় না। ঐ রূপ কার্ব্বনেট্ অব্ এমনিয়ার সঙ্গে নাইট্রিক্ এছিড্ মিলাইলে নাইট্রেট্ অব্ এমনিয়া হয়। তাহাতে কার্ব্বনেট্ অব্ এমনিয়ার গুণ থাকে না। ট্যানিক্ এছিড্ এবং সমস্ত ট্যানিক্ এছিড্ যুক্ত ঔষধের সঙ্গে লৌহঘটিত ঔষধ মিলাইলে উহা দেখিতে কালির ন্যায় হয়। কিন্তু, উহাতে ঔষধের গুণ নষ্ট হয় না। স্যালিসিলেট্ অব্ সোডা এবং কুইনাইনে ভাল মিক্শ্চার হয় না। কষ্টিক সোডা, কষ্টিক পটাস, লাইকর্ পটাস্ এবং বেলে-ডোনা একত্রে ব্যবস্থা করিলে বেলেডোনার গুণ নষ্ট হয়। ষ্ট্রামোনিয়ম এবং হাইওসিয়ামাস সঙ্গেও কষ্টিক্ পটাস্ এবং সোডা মিলাইবে না। অম্ল ও ক্ষার একত্রে মিসাইলে উহারা পরস্পরের গুণ নষ্ট করে। তবে যে লোকে সোডা এছিড্ মিশাইয়া সেবন করে এবং চিকিৎসকগণ ক্ষার ও অম্ল মিশাইয়া "এফার-ভেসিং ড্রাট্" তৈয়ার করেন তাহার কারণ এই যে ঐরূপে কার্ব্বনিক এছিড্ গ্যাস উৎপন্ন হয়। ঐ কার্ব্বনিক্ এছিড্ গ্যাস সেবন করিলে পাকস্থলী শীতল হয়।

সল্ফার (গন্ধক) এবং ক্লোরেট অব্ পটাস্ একত্রে মিলাইবে না

তৈলময় দ্রব্য এবং বাল্‌সাম কোপেবা, টীং বেন্‌জয়েন কম্পাউণ্ড্‌ প্রভৃতি জলের সঙ্গে মিলে না।

টার্পেণ্টাইন্‌, বাল্‌সাম কোপেবা, সুগার (চিনি) সহিত ষ্ট্রং সল্‌ফিউরিক এছিড্‌ মিশাইবে না। চূণের জল, সোডা, পটাস্‌, ম্যাগ্নেশিয়া প্রভৃতির সহিত এছিড্‌ দিবে না।

নাইট্রেট্‌ অব্‌ সিল্‌ভার, আইওডাইড্‌ অব্‌ পটাসিয়ম, গ্যালিক এছিড্‌, টিংচার্‌ আইওডাইন্‌, সিরপ ফেরি আইওডাইড্‌ এই ঔষধগুলির সঙ্গে অন্য ঔষধ না মিশাইলেই ভাল হয়। তবে আইওডাইড্‌ অব্‌ পটাসের সঙ্গে অনেকে পারা-ঘটিত ঔষধ (যেমন বিন্‌ আইওডাইড্‌ অব্‌ মার্কুরি) মিশাইয়া দিতে দোষ বিবেচনা করেন না।

অনেকে কফ মিক্‌শ্চারের (কফ নিঃসারক ঔষধ) সঙ্গে সঙ্কোচক ঔষধ (Astringent) মিশাইয়া দেন, তাহাতে দোষ হয়। কারণ, যেমন কফ-মিক্‌শ্চার শ্লেষ্মা তরল করে, তেমনি সঙ্কোচক ঔষধ ঐ তরল হওয়া নিবারণ করে। তবে কফ মিক্‌শ্চারের সঙ্গে অল্প মাত্রায়, ওপিয়ম্‌ বা বেলেডোনা মিশাইয়া দিতে দোষ নাই, উহারা আক্ষেপ নিবারক হইয়া উপকার করে।

এরমেটিক স্পীরিট্‌ অব্‌ এমনিয়া এবং গ্যালিক এছিড্‌ বা আর্‌গট একত্রে দিলে এমনিয়ার কফনিঃসারক গুণ নষ্ট হইবার সম্ভাবনা।

সেইরূপ মূত্রকারক ও সঙ্কোচক ঔষধ একত্রে দিলে মূত্রকারক ঔষধের গুণ নষ্ট হইতে পাবে।

গুঁড়া ঔষধ এবং টীংচার প্রভৃতি একত্রে দিতে হইলে উহার সঙ্গে মিউ-সিলেজ একেশিয়া দেওয়া উচিত। নচেৎ গুঁড়া ঔষধ তলে পড়িয়া থাকিবে।

আইওডাইড্‌ অব্‌ পটাসের সঙ্গে টীং ফেরি মিশাইলে আইওডাইন্‌ পৃথক্‌ হইয়া পড়ে।

যত সল্‌ফেট্‌ ঔষধ আছে, (যেমন সল্‌ফেট্‌ অব্‌ ম্যাগ্নেশিয়া, সল্‌ফেট্‌ অব্‌ জিঙ্ক, সল্‌ফেট্‌ অব্‌ আয়রণ) তাহাদের সহিত এছিড্‌ মিশাইতে হইলে সল্‌ফিউরিক এছিড্‌ দিবে।

যত নাইট্রেট্‌ ঔষধ আছে, যেমন নাইট্রেট্‌ অব্‌ পটাস্‌ তাহাদের সহিত নাই-ট্রিক্‌ এছিড্‌ মিশাইবে।

সেইরূপ হাইড্রোক্লোরেট্‌ ঔষধ (যেমন হাইড্রোক্লোরেট অব্‌ কুইনাইন) সঙ্গে হাইড্রোক্লোরিক এছিড্‌ দিবে।

সেইরূপ টার্‌ট্রেটের সঙ্গে টার্‌টারিক্ এছিড্, সাইট্রেটের সঙ্গে সাইট্রিক্ এছিড্ দিবে। ফস্‌ফেটের সঙ্গে ফস্ফরিক এছিড্ দিবে।

খারাপ প্রেস্‌ক্রুপ্‌সন্।

কতকগুলি অন্যায় প্রেস্ক্রুপশনের দৃষ্টান্ত দিতেছি।

কুইনাইনি সল্ফ	৫ গ্রেণ্
এছিড্ সল্‌ফিউরিক ডিল	১০ মিনিম্
এমনিয়া কার্ব্বনেট্	৫ গ্রেণ্
একোয়া	জল ১ আং

এখানে এমনিয়া কার্ব্বনেট্ দেওয়া অন্যায়। এমনিয়া কার্ব্বনেট্ দেওয়া দরকার হইলে আলাহিদা দিতে পার।

এমনিয়া কার্ব্বনেট্	২০ গ্রেণ্
কুইনাইন্	২০ গ্রেণ্

৪টি পুরিয়া তৈয়ার কর।

এখানে এমনিয়া কার্ব্বনেট্ এবং কুইনাইন্ দিয়া পুরিয়া বাঁধিয়া দিলে কিয়ৎকাল পরে এমনিয়ার ঝাঁজ উড়িয়া যাইবে এবং এমনিয়ার উপকার হইবে না।

কুইনাইন্	২০ গ্রেণ্
এছিড্ সল্‌ফিউরিক ডিল্	৩০ মিনিম্
পটাস্ ক্লোরাস	৩০ গ্রেণ্
ফেরি সল্‌ফেট্	৬ গ্রেণ্
একোয়া	৬ আং

এই মিক্শ্চার ভাল মিশ্রিত হইবে না। তলে ছাক্‌ড়া পড়িবে। ক্লোরেট্ অব্ পটাস্ দেওয়া উচিত নয়।

বিন্ আইওডাড্ অব্ মার্ক্যুরি

একোয়া—

এই ঔষধ মিশ্রিত হইবে না। উহার সঙ্গে একটু আইওডাইড্ অব্ পটাস দেওয়া উচিত ছিল।

কুইনাইন্	৫ গ্রেণ্
টীং ফেরি	৫ মিনিম

পটাস্ আইওডাইড্	৫ গ্রেণ্
জল	১ আং।

এখানে পটাস্ আইওডাইড্ দেওয়া অন্যায়।

লাইকর্ বিস্মথ এট্ এমন ছাইট্রাস্	½ ড্রাম
এছিড্ নাইট্রিক্ ডিল্	১০ মিনিম
জল	১ আং

লাইকর বিস্মথের সঙ্গে এছিড্ দেওয়া অন্যায়।

লাইকর পটাসি	২০ মিনিম
টীং বেলেডোনা	১০ মিনিম

এখানে বেলেডোনার গুণ নষ্ট হইবে।

স্যাণ্ডাল উড অয়েল	১০ মিনিম
জল	১ আং

এখানে একটু মিউসিলেজ দেওয়া উচিত। নচেৎ তৈল ও জল মিশিবে না।

টীং ক্যানাবিস্ ইণ্ডিকা	১০ মিনিম
জল	১ আং

এখানে একটু এরমেটিক স্পীরিট অব্ এমনিয়া অথবা মিউসিলেজ যোগ করিয়া দিবে। নচেৎ ভাল মিশিবে না।

ছাইট্রিক এছিড্	৫ গ্রেণ্
কুইনাইন্	৫ গ্রেণ্
ম্যাগ্নেশিয়া	৫ গ্রেণ্

এখানে ম্যাগ্নেসিয়া দেওয়া অন্যায়।

নাইট্রিক ঈথর	১৫ মিনিম
পটাস্ ব্রোমাইড্	২০ গ্রেণ্
জল	১ আং

এখানে একটু বাইকার্ব্বনেট্ অব্ পটাস্ বা সোডা দেওয়া উচিত। নচেৎ ব্রোমাইড্ অব্ পটাসিয়ম হইতে ব্রোমাইন্ পৃথক হইয়া পড়িবে।

টর্পেণ্টাইন্	১০ মিনিম
জল	১ আং

এখানে একটু মিউসিলেজ একেসিয়া দেওয়া উচিত ছিল। নচেৎ টার্পিন জলে মিশ্রিত হইবে না।

মিক্‌শ্চার (Mixture)।

মিক্‌শ্চার অর্থে দুই বা ততোধিক তরল দ্রব্য মিশ্রিত করিয়া সেবন করিবার ঔষধ বুঝায়, যেমন ফিবার মিক্‌শ্চার। মিক্‌শ্চার সর্ব্বদাই জন্য শিশিতে দিতে হয়। যে শিশিতে ঔষধ দিতে হয় তাহার নাম Dispensing Phial. বাজারে ১, ২, ৩, ৪, ৬, ৮, ১২ আউন্স মাপের শিশি পাওয়া যায়। তদতিরিক্ত দিতে হইলে বোতলে করিয়া দিতে হয়।

মিক্‌শ্চার করিবার সময় সর্ব্বপ্রথমে গোটা ঔষধগুলি জল দিয়া গলাইয়া লইবে, পরে তাহার উপর টিংচার প্রভৃতি দিবে, তার পর তৈলময় দ্রব্য প্রভৃতি থাকিলে তাহা দিবে এবং ঐ মিশ্রিত ঔষধ শিশিতে ঢালিয়া জল দিয়া পূরণ করিয়া দিবে। যে সকল দ্রব্য উড়িয়া যায় (যেমন স্পীরিট ক্লোরফরম্) তাহা সর্ব্বশেষে যোগ করিবে।

মিক্‌শ্চার করিতে ডিষ্টিল্ড ওয়াটার অথবা ফিল্‌টারের জল ব্যবহার করাই উচিত।

মিক্‌শ্চার তৈয়ার করিয়া যদি দেখ তাহাতে অন্য কোন জিনিস ভাসিতেছে, তবে উহা ছাঁকার দরকার। ছাঁকিতে হইলে শিশিতে ঔষধ ঢালিবার পূর্ব্বে শিশির মুখে ফনেল দিবে। ঐ ফনেলের উপর খানিকটা তুলা বা পাতলা ন্যাকড়া দিবে এবং তাহার উপর ঔষধ ঢালিয়া দিলেই সমস্তটা ছাঁকা হইয়া যাইবে। কিন্তু, এইরূপ অন্য কোন পদার্থ মিশ্রিত না থাকিলে এইরূপে ঔষধ ছাঁকা কর্ত্তব্য নহে। অনেক ঔষধ না গলিয়া শিশির তলায় পড়ে বা ভাল হইয়া মিশ্রিত হয় না ও জলে গলে না ; এমতাবস্থায় ঔষধ ছাঁকিতে গেলে সমস্ত ঔষধ ন্যাকড়ার উপরই থাকিয়া যায়। শিশিতে কেবল জলটুকু পড়ে। তবে যে সকল ঔষধ খুব গলিয়া মিশ্রিত হইয়া জলের সঙ্গে এক হইয়া যায়, সেগুলি অপরিষ্কার হইলে ছাঁকিলে দোষ হয় না। কিন্তু, ব্লটীং পেপার প্রভৃতি দ্বারা খুব করিয়া ছাঁকা কোন ক্রমেই যুক্তিযুক্ত নহে।

যে সকল ঔষধ বাহিরে থাকিলে উড়িয়া যায়, যেমন এরমেটিক স্পীরিট অব্ এমনিয়া প্রভৃতি, সেগুলি সর্ব্বশেষে যোগ করা উচিত এবং যোগ করিয়াই ভাল করিয়া কাক আঁটিয়া দেওয়া উচিত।

এরমেটিক স্পীরিট অব্ এমনিয়া, লাইকর্ এমনিয়া, সল্‌ফিউরিক ঈথর, ক্লোরফরম, হাইড্রোসিয়ানিক এসিড, এইগুলি কাক খোলা থাকিলে শীঘ্রই উড়িয়া যায়।

কোন গুঁড়া ঔষধ জল দিয়া মিশাইতে হইলে অগ্রে অল্প জল দিয়া বেস করিয়া গুলিয়া লইবে, পরে অধিক জল দিবে। নচেৎ ঔষধ ডেলা বাঁধিয়া যাইবে, না হয় উপরে ভাসিবে।

সব্‌নাইট্রেট্ অব্ বিস্‌মথ্ প্রভৃতি ভারি ঔষধ জলে গলে না, শিশির নীচে পড়িয়া থাকে, এজন্য ঐ ঔষধ ব্যবস্থা করিতে হইলে উহার সঙ্গে গম একেশিয়া মিশাইয়া দেওয়া হইয়া থাকে। গম একেশিয়া জলে গুলিলে বেস আঠা হয়। ঐ আঠার সঙ্গে নাইট্রেট্ অব্ বিস্‌মথ মিশাইয়া দিলে আর বিস্‌মথ তলে পড়ে না। গম একেশিয়া প্রভৃতি জলে গুলিতে হইলে প্রথমে অল্প জল দিয়া ঘুটিবে, পরে বেস হইয়া মিশিয়া গেলে বেশী জল দিবে। নচেৎ চাপ চাপ হইয়া জলে ভাসিতে থাকিবে।

শিশির ভিতর ঔষধের ফেণা উঠিলে দুই চার ফোটা স্পীরিট্ দিলেই ফেণা অদৃশ্য হয়। যদি ঔষধ ভাল না মিশে এবং তলে পড়িয়া থাকে, তবে "সেবন কালিন শিশি নাড়িয়া লইবে" "Shake the bottle" বলিয়া লেবেল আঁটিয়া দিবে।

Oil তৈলময় দ্রব্য এবং Resin রেজিন প্রভৃতি জলে গলে না, সুতরাং ইহা-দিগকে মিশাইতে হইলে ইহাদের "ইমল্‌সন্" তৈয়ার করিতে হয়।

গঁদ, ক্ষার দ্রব্য, সাবান প্রভৃতির সহিত তৈলময় দ্রব্য মিশাইয়া ঘুটিলে সাদা দুধের ন্যায় মিশ্র তৈয়ার হয়। এই মিশ্রকে "ইমল্‌শন্" (Emulsion) বলে।

এসাফিটিডা, মার্ (Myrrh) প্রভৃতি জল দিয়া খুব করিয়া ঘুঁটিলে জলে মিশ্রিত হইয়া যায় এবং ইমল্‌শন হয়।

বাল্‌সাম কোপেবা, এবং তৈল সকল অগ্রে ক্ষার দ্রব্য যেমন সোডা অথবা গঁদ দ্বারা মর্দ্দন করিয়া লইতে হয়। Oleum Caryoph (লবঙ্গের তৈল), প্রভৃতির সহিত একটু রেক্‌টিফায়েড্ স্পীরিট্ মিশাইলেই উহারা বেস মিশ্রিত হয়। আর জলে ভাসিয়া থাকে না। টর্পেণ্টাইন্ (টার্পিন) জলে মিশাইতে হইলে মিউসিলেজ্ একেশিয়া অথবা ডিম্বের ঘেলু বেস উপযোগী।

ক্যানাবিস্ ইণ্ডিকা, গোয়েকম প্রভৃতির সহিত মিউসিলেজ গম একেশিয়া মিশান দরকার, নচেৎ ভাল মিক্‌শ্চার তৈয়ার হয় না। টিংচার ক্যানাবিস্ ইণ্ডিকার সহিত একটু এরমেটিক্ স্পীরিট অব্ এমনিয়া বা লাইকর পটাস দিলে মিলিয়া যায়। এইরূপ টিংচার মার্, টিংচার টলু, টীং বেন্‌জোয়েন কো প্রভৃতির সহিত গম একেশিয়া মিশ্রিত জল (মিউসিলেজ গম একেশিয়া) না মিশাইলে

উহারা জলে মেশে না। মোদ্দা কথা, যত আঠাবৎ চট্‌চটে জিনিষ আছে সমস্তের সঙ্গে মিউসিলেজ গম একেশিয়া মিশাইলেই বেস গলিয়া যায়। ক্যাষ্টর অয়েল সঙ্গে একটু লাইকর পটাস যোগ করিলে উহা গলিয়া যায়।

যদি প্রেস্‌ক্রুপ্‌সনে এই সকল তৈলগলান জিনিষ না থাকে তবে কম্পাউণ্ডার নিজে হইতে কোন জিনিষ যোগ করিয়া উহা মিশাইতে যাইবেন না। তা ঔষধ ভালই হউক, চাই মন্দই হউক। তবে একটু গঁদ বা ২।৪ ফোটা স্পীরিট ইত্যাদি বিশেষ বিবেচনা পূর্ব্বক মিশাইলে বিশেষ হানি নাই।

তবে ইহাও বলি যে, প্রেস্‌ক্রুপ্‌সন্‌কর্ত্তার কোন্ জিনিষ কি প্রকারে ভাল মিশ্রিত হয়, তাহা বিশেষরূপে জানা কর্ত্তব্য এবং প্রেস্‌ক্রুপ্‌সনে সেই সকল দ্রব্য লিখিয়া দেওয়া কর্ত্তব্য।

℞

Quininæ sulphatis	gr xx
Acid sulphuric dil	♏ xxx
Aqua	ad℥ iv
কুইনাইন	২০ গ্রেণ
ডাইল্যুট সল্‌ফিউরিক এছিড্	৩০ মিনিম
জল	সমষ্টিতে ৪ আং

অর্থাৎ জল ও ঔষধ মিশ্রিত করিয়া ৪ আং হইবে।

এই মিক্‌শ্চার কম্পাউণ্ড করিবার সময় অগ্রে কুইনাইনটুকু ওজন করিয়া বড় মেজার গ্লাসে ঢালিবে পরে উহার উপর ৩০ বা ৪০ ফোটা জল ঢালিয়া কুই-নাইনটুকু ভিজাইয়া লইবে এবং তাহার উপর ফোটা ফোটা করিয়া এছিড্ ঢালিয়া দিবে। নচেৎ শুধু কুইনাইনের উপর এছিড্ ঢালিয়া দিলে উহা জমাট বাঁধিয়া যাইবে।

পাউডার তৈয়ারী।

পাউডার অর্থে গুঁড়া ঔষধ। কাগজে পূরিয়া বাঁধিয়া দিতে হয়। কখনও বা শিখিতে পূরিয়াও দেওয়া যায়। প্রায় সমস্ত গুঁড়া ঔষধ ডিস্পেন্সেরিতে সর্ব্বদা মজুত থাকে। দুই একটা নূতন গুঁড়া করিয়া লইতে হয়। গুঁড়া করিতে হইলে বেস করিয়া গুঁড়া করিবে এবং দরকার হইলে কাপড়ে চালিয়া লইবে। শিকড়, ছাল প্রভৃতি গুঁড়া করিতে হইলে কাপড়ে চালিয়া লওয়া আবশ্যক।

কর্পূর গুঁড়া করিতে হইলে উহার সহিত ফোটা কতক স্পীরিট বা ব্রাণ্ডি মিশাইয়া গুঁড়া করিতে হয়, নচেৎ গুঁড়া করা যায় না।

অহিফেন গুঁড়া করিতে হইলে উহাকে অগ্নিতাপে শুষ্ক করিয়া লইতে হয়। আঠা চট্‌চটে জিনিস মাত্রকেই শুষ্ক করিয়া গুঁড়া করিতে হয়।

পুরিয়া বাঁধিতে হইলে যতটা পুরিয়া হইবে তত ভাগ করিয়া আলাদা আলাদা কাগজে মুড়িতে হয়। কাগজে পরিষ্কাররূপে মুড়িতে হইলে সমান চৌকা কয়েক টুক্‌রা কাগজ পাতিয়া তাহার উপর ঔষধ ঢালিয়া প্রথমে সমান দুই ভাঁজ মুড়িবে, তারপর লম্বালম্বি উহার ধারটা দুইবার মুড়িবে, পরে দুই পার্শ্ব মুড়িবে। তারপর সব পুরিয়া কয়টি আর একটা কাগজে মুড়িয়া সুতা দিয়া বাঁধিয়া উপরে লেবেল আঁটিয়া দিবে।

Pulv Ipecac Co	...	...	gr. v
Pulv Ipecac	...	...	gr. ½

Misce. Fiat Pulv I mitte 12 such.

এই প্রেস্‌ক্রপস্‌নে ১ মাত্রা পাউডার লেখা আছে কিন্তু ১২টি পাঠাইবার কথা। এখানে ৬০ গ্রেণ্‌ Pulv Ipecac Co, ৬ গ্রেণ্‌ পাল্‌ভ্‌ ইপিকাক এক-বারে ওজন করিয়া মিশাইয়া লইবে। তারপর সমান বার অংশে বিভাগ করিবে। ক্রমে ক্রমে অভ্যাস করিলে প্রায়ই পুনর্ব্বার ওজন না করিয়াও সমান অংশে বিভাগ করা যাইতে পারে। যদি ইহাতে সুবিধা বোধ না কর তবে প্রত্যেক পুরিয়া আলাদা আলাদা ওজন করিয়া পুরিয়া বাঁধিবে, কিন্তু তাহাতে বিস্তর সময় নষ্ট হয়।

লোসন, লিনিমেণ্ট্‌ প্রভৃতি।

লিনিমেণ্ট অর্থে মালিসের ঔষধ। লোসন অর্থে স্থানীয় প্রয়োগার্থ মিক্‌-শ্চার ঔষধ। এ গুলি সমস্তই মিক্‌শ্চারের মত তৈয়ার করিতে হইবে। কষ্টিক লোসন তৈয়ার করিতে হইলে পরিস্রুত জল ব্যবহার করিবে, নচেৎ সাধারণ জলে নাইট্রেট্‌ অব্‌ সিলভার্‌ (কষ্টিক্‌ সিল্‌ভার্‌) দ্রব হয় না।

পিল তৈয়ারি।

পিল অর্থে বটিকা ঔষধ। বটিকা তৈয়ার করিতে হইলে ঔষধ ও পিল তৈয়ারের উপযুক্ত জিনিষ মিশাইয়া কাদা বা লেইয়ের ন্যায় করিবে। পরে

পিলটাইলের উপর ফেলিয়া উহাকে বেস করিয়া লম্বা করিয়া লইবে। তারপর সমান অংশে বিভাগ করিয়া খণ্ড খণ্ড করিয়া কাটিবে। পরে আঙ্গুল দিয়া বেস করিয়া গোলাকার করিবে। তারপর সোনা বা রূপার পাত মুড়িয়া দিবে। খুব পরিষ্কার দেখাইবার জন্য সোণা বা রূপার পাত মোড়া দরকার। নচেৎ দরকার হয় না। পিল কাঁচা থাকিলে কৌটার মধ্যে ম্যাগ্নেসিয়া, ষ্টার্চ অথবা জিঞ্জারের গুঁড়া দিয়া তাহার মধ্যে পিলগুলি ফেলিয়া দিবে। তাহা হইলে উহারা আর পরস্পর গায়ে গায়ে লাগিয়া যাইবে না।

Quiniæ sulphatis ... .. gr. xxx
Ext Gentianæ . ... q.s.

M Ft pil 6.

এখানে কুইনাইন এবং যতটুকু আন্দাজ এক্‌ষ্ট্রাক্ট্‌ জেন্সেন্‌ দরকার ততটুকু লইয়া পিলটাইলে ফেলিবে এবং স্প্যাটুলা সাহায্যে বেস করিয়া মাড়িয়া দলা বাধিবে। পরে ঐ দলা আঙ্গুল দিয়া গোলাকার বাতির আকার করিবে যেন বরাবর সমান মোটা হয়। আঙ্গুল অপেক্ষা স্প্যাটুলা দিয়া সম্মুখ ও পশ্চাৎ ঘুবাইলে বেস সমান হয়। তারপর ঐ বাতির দুই মুড়ো স্প্যাটুলা দিয়া বাড়ি দিয়া সমান করিয়া লইবে। তারপর মাঝামাঝি কাটিয়া প্রথমে সমান দুই ভাগ করিবে তারপর আবার প্রত্যেক অংশকে সমান ৩ ভাগে ভাগ করিবে। তাহা হইলেই ৬ ভাগ হইবে। তারপর আঙ্গুল দিয়া বড়ী বাঁধিবে। বড়ী বাঁধিবার সময় বা বাতি বাঁধিবার সময় যদি পিলটাইলে লাগিয়া যায় বা আঙ্গুলে লাগিয়া যায় তবে একটু ম্যাগ্নেসিয়া পিলটাইলের উপর ছড়াইয়া দিয়া তাহার উপর বাতি গড়াইবে এবং আঙ্গুলেও একটু ম্যাগ্নেসিয়া মাখাইয়া লইবে। পরে বড়ীগুলি যে কাগজের বাক্সে পুরিয়া দিবে সেই বাক্সের ভিতর একটু ষ্টার্চ বা ম্যাগ্নেসিয়া দিয়া তাহার উপর বড়ীগুলি দিয়া বেস করিয়া নাড়িয়া ঢাক্‌নি আঁটিয়া দিবে। এইরূপে নাড়িলে উহারা বেস গোলাকার হইবে এবং উহাদের গায়ে ষ্টার্চ লাগিয়া যাইবে, তাহা হইলে আর উহারা পরস্পর যুড়িয়া যাইবে না।

পিলে রূপার পাত মুড়িতে হইলে পিলের উপরকার গুঁড়াগাঁড়া সব ঝাড়িয়া ফেলিবে। যদি পিলের গা ভিজে না থাকে তবে আঙ্গুলে করিয়া একটু গঁদের আঠা লইয়া পিলগুলিতে মাখাইবে। তারপর রূপার পাতের উপর ফেলিয়া উহাদিগকে কৌটার ভিতর পুরিয়া খানিকক্ষণ নাড়া দিবে তাহা হইলেই চারি-দিকে রূপার দাগ লাগিয়া যাইবে।

সমান করিয়া পিল ভাগ করিবার জন্য এক রকম দাগ দেওয়া টাইল বা প্লেট্ আছে। কিন্তু হস্ত শিক্ষিত হইলে আর ঐরূপ টাইলের দরকার হয় না।

ছাইট্রিক এছিড্ ও কুইনাইন একত্র মিশাইয়া পিল করিতে হইলে অগ্রে ছাইট্রিক এছিডের দানা গুঁড়া করিয়া তাহাতে দুই এক ফোটা জল দিয়া গুলিয়া লইবে, পরে তাহার সহিত কুইনাইন মিশাইবে। যদি খুব তরল হয়, তবে কিয়ৎকাল রাখিয়া দিলেই জমিয়া শক্ত হইবে। কিন্তু স্মরণ রাখা উচিত ইহার সহিত ম্যাগ্নেসিয়ার গুঁড়া মিশ খায় না। ষ্টার্চ অথবা একটু শুঁটের গুঁড়া দেওয়া উচিত। যে কোন এছিড্ মিশ্রিত পিলের সহিত ম্যাগ্নেসিয়া দিলে উহা শক্ত ও মড়কা হইয়া যায়।

ডাইলুট নাইট্রোমিউরিয়াটিক এছিড্ দ্বারাও কুইনাইনের বড়ী বাঁধা যায়। ২ গ্রেণ্ কুইনাইনে ১ মিনিম এছিডের দরকার হয়।

পিল ঔষধ প্রেস্‌ক্রপ্‌সন্ করিবার সময় যে ঔষধের পিল করিতে হইবে সে ঔষধ এবং তা ছাড়া যদ্দ্বারা পিল বাঁধিতে হইবে তাহাও লিখিয়া দেওয়া কর্ত্তব্য সুতরাং পিলের দুইটি অংশ আছে। একটি আসল ঔষধ এবং একটি বড়ী বাঁধিবার উপযুক্ত জিনিস।

যে কোন ঔদ্ভিজ্জ গুঁড়া ঔষধ পিল বাঁধা মিউসিলেজ একেশিয়া (গঁদের আঠা) দ্বারা হইতে পারে।

ট্রাগাকান্থা মন্দ নহে। ট্রাগাকান্থার সহিত জল মিশাইলে ইহা দ্বারা যে কোন গুঁড়া ঔষধ বড়ী বাঁধা যায়।

মধু, গুড় এবং ময়দা মন্দ নয়।

বাল্‌সাম কোপেবা এবং অন্যান্য রেজিনের সঙ্গে দু এক ফোঁটা স্পীরিট্ মিশাইলে উহারা পিল বাঁধিবার উপযুক্ত হয়।

এলোজ এবং গ্যাম্‌বোজের সহিত দুই চার ফোঁটা ডিকৃকশন এলোজ মিশাইলে উহারা বেস বড়ী বাঁধিবার উপযুক্ত হয়। এক্‌ষ্ট্রাক্ট্ জেন্‌সেন্ দ্বারাও হইতে পারে।

চর্ব্বিবৎ দ্রব্যের সঙ্গে খুব অল্প মাত্রায় ক্যাল্‌ছিয়াম ফস্ফেট্ যোগ করিলে পিল বাঁধার উপযুক্ত হইতে পারে।

কন্‌ফেক্‌শন অব্ রোজ সহযোগে ঔদ্ভিজ্জ গুঁড়া ঔষধের পিল হয়।

ফস্ফরাসের পিল বাঁধিতে হইলে উহা জলের মধ্যে নাড়াচাড়া করিবে, নচেৎ জ্বলিয়া উঠিবে।

ষ্ট্রীকনিয়া, মরফিয়া প্রভৃতি যদি খুব অল্পমাত্রায় দেওয়া থাকে, যেমন ৩২ গ্রেণ্ ষ্ট্রীকনিয়াতে একটি পিল, তাহা হইলে অর্দ্ধ গ্রেণ্ ষ্ট্রীকনিয়া ওজন করিয়া উহার সহিত কিছু এক্‌ষ্ট্রাক্ট্‌ জেন্‌সেন্ বা লিক্‌রাইচ্ পাউডার মিশাইয়া পিল করিবার উপযুক্ত করিবে এবং সমান ১৬ অংশে বিভাগ করিবে।

গ্যালিক এছিড্ পিল করিতে হইলে উহার সহিত গ্লাইসেরিন মিশাইবে। ৪ গ্রেণ্ গ্যালিক এছিড্ এবং গ্লিসেরিন ১ মিনিম।

আইওডাইড্ অব্ পটাসিয়ম বা ব্রোমাইড্ অব্ পটাসিয়াম পিল করিতে হইলে উহাতে অল্প জল মিশাইয়া গুলিবে, পরে গঁদ বা লিক্‌রাইচ্ পাউডার মিলাইয়া বড়ী বাঁধিবে।

কার্ব্বলিক এছিড পিল করিতে হইলে উহাতে একটু ময়দা মিশাইলেই হইবে। ২ গ্রেণ্ এছিডে ২ গ্রেণ্ আন্দাজ ময়দা মিশাইবে।

ক্রিয়াজোটের পিল করিতে হইলে উহার সহিত লিকরাইচের গুঁড়া মিশাইবে বা ময়দা মিশাইবে।

রুবার্ব্বের পিল করিতে হইলে উহার সহিত একটু গ্লাইসেরিন মিশাইবে, অথবা এক্‌ষ্ট্রাক্ট জেন্‌সেন্ মিশাইবে। গঁদ মিশাইলেও চলিবে।

পারম্যাংগ্যানেট্ অব্ পটাসের পিল করিতে হইলে একটু রেজিন্ অয়েণ্ট-মেণ্ট মিশাইবে, গঁদ দ্বারাও বড়ী বাঁধা যায়।

কোপেবার পিল করিতে কার্ব্বনেট্ অব্ সোডা বা কার্ব্বোনেট্ অব্ ম্যাগ্-নেশিয়া মিশাইবে।

কর্পূরের পিল্ করিতে হইলে অগ্রে স্পীরিট্ দিয়া কর্পূর গুঁড়া করিয়া লইবে। পরে গম একেশিয়া যোগ করিয়া পিল করিবে।

পিল সুদৃশ্য করিবার জন্য রূপালি দিয়া মোড়া যায় তাহা পূর্ব্বে বলিয়াছি, তা ছাড়া আরও নানা রকমে পিল সুদৃশ্য করিতে পারা যায়।

চিনি মাখাইলে বেস সুদৃশ্য হয়। পিলে চিনি মাখাইতে হইলে অগ্রে পিলগুলিতে একটু গঁদের আঠা মাখাইয়া লইবে, পরে কৌটাতে সমান পরি-মাণ পরিষ্কার চিনি এবং ষ্টার্চ রাখিয়া তাহার মধ্যে পিলগুলি ফেলিয়া কৌটা বন্ধ করিয়া নাড়িবে। তাহা হইলে পিলের চারি দিকে চিনি ও ষ্টার্চ (শ্বেতসার) লাগিয়া বেস সুদৃশ্য হইবে।

পিলের গায়ে জিলাটিন মাখাইলে বেস সুদৃশ্য হয়।

পিলের গায়ে ডিম্বের শ্বেতবর্ণ ঘেলু মাথাইলে বেস চক্‌ চক্‌ করে। ইহার নাম পার্লকোটিং (Pearlcoating)। ডিম্বের অণ্ডলাল একটু আঙ্গুলে মাথাইয়া পিলটি আঙ্গুলে ধরিয়া নাড়িবে, তাহা হইলে উহার চারিদিকে ডিম্বের ঘেলু মাথান হইবে। তার পর একটা পাত্রের উপর কিছু চিনি দিয়া ঐ চিনির উপর ঘেলু মাথান পিলগুলি ফেলিয়া নাড়িয়া লইবে। তার পর পিলগুলি তুলিয়া আর একটা কৌটায় ফেলিয়া বেস করিয়া চতুর্দ্দিকে ঘুরাইবে। তাহা হইলে উহাদের গায়ের আল্‌গা চিনিগুলি পড়িয়া যাইবে এবং পিলগুলি বেস চাকচিক্যশালী হইবে।

বড় বড় পিলের নাম বোলস (Bolus)।

সপোজিটরি।

সপোজিটরি তৈয়ার করিবার জন্য ছাঁচ আছে। ঔষধ দ্রব্য পিল করিবার মত নরম করিয়া সেই ছাঁচে ঢালিয়া তদাকৃতি করিয়া লইতে হয়। সপোজিটরি গুলি দেখিতে বড় বড় লম্বাকৃতি গুলির ন্যায়। মাথাটা একটু ছুঁচল। ইহা গুহ্যদ্বারে দেওয়ার ঔষধ। মর্ফিয়া, বেলেডোনা প্রভৃতি ঔষধের সপোজিটরি দেওয়া হইয়া থাকে।

ছাঁচ না থাকিলে আঙ্গুল দিয়াই গড়াইবে।

প্ল্যাষ্টার তৈয়ারি।

প্ল্যাষ্টার অর্থে পটি বুঝায়, যেমন মষ্টার্ড প্ল্যাষ্টার। প্রায় সর্ব্ব প্রকার প্ল্যাষ্টার ঔষধ ডিস্পেন্সারিতে পূর্ব্ব হইতেই মজুত থাকে। কম্পাউণ্ডারকে কেবল কাগজ বা কাপড়ে মাথাইয়া তৈয়ার করিয়া দিতে হয়।

প্ল্যাষ্টার তৈয়ারির একটি দৃষ্টান্ত দিতেছি।

Pulv Mustard Durham ... ... gr. q.s.

M. Fiat Emplastrum I 6×4

ডর্হাম মষ্টার্ড যথাপ্রয়োজন লইয়া ৬ ইঞ্চ লম্বা এবং ৪ ইঞ্চ চওড়া একখান প্ল্যাষ্টার তৈয়ার কর।

একখান মোটা কাগজ ৬ × ৪ পরিমাণ লইয়া একখান বড় টাইলের উপর স্থাপন কর, তার পর খানিকটা মষ্টার্ড গুঁড়া লইয়া উহাতে জল মিশাইয়া

লেইয়ের মত কর। পরে স্প্যাটুলা দিয়া ঐ কাগজের এক পৃষ্ঠায় বেস করিয়া লেপ দেও। তার পর প্লাষ্টারখানি কাগজের বাক্সে স্থাপন করিয়া পাঠাইয়া দেও। গায়ে লাগাইবার পূর্ব্বে উহার উপর জল দিয়া ভিজাইয়া লাগাইবে।

ব্লিষ্টার তৈয়ার করিতে হইলে এম্‌প্ল্যাষ্ট্রম ক্যান্থারাইডিস দ্বারা করিতে হয়। সচরাচর কাগজের উপর প্লাষ্টার মাখাইয়া তৈয়ার করা হইয়া থাকে। কাগজখানি কাটিয়া টেবেলের উপর পাত। তার পর খানিকটা ক্যান্থারাইডিস্ প্লাষ্টার দুই আঙ্গুলে করিয়া লইয়া উহাতে ঠাসিয়া নরম করিয়া অঙ্গুলি সাহায্যে ঐ কাগজের এক পৃষ্ঠায় মাখাইয়া দিবে। তার পর একখান লোহার স্প্যাটুলা অল্প গরম করিয়া ঐ স্প্যাটুলা দ্বারা প্লাষ্টারের লেপটি বেস সমান করিয়া দিবে। এই হইলেই বেলেস্তারা তৈয়ার হইল। এই বেলেস্তারা শরীরের যে কোন স্থানে স্থাপন করিলেই বেলেস্তারা দেওয়া বলে। সৌখীন গোছের ব্লিষ্টার তৈয়ার করিতে হইলে ঐরূপ প্রস্তুত করা প্লাষ্টারের উপরিভাগে একখান খুব পাতলা কাগজ দিয়া ঢাকিয়া দিবে। ঐ কাগজখানি অলিভ অয়েলে সিক্ত করিয়া লইবে। তার পর ঐরূপ পাতলা কাগজে আবৃত করিয়া কাগজের বাক্সে পুরিয়া পাঠাইয়া দিবে। উপরে ডাইরেক্‌সেন লেখা থাকিবে যে ব্লিষ্টার প্রয়োগের সময় যেন পাতলা কাগজের আবরণখানি তুলিয়া ফেলা হয়। নচেৎ কাগজশুদ্ধ লাগাইলে ব্লিষ্টার উঠিবে না ইহা নিশ্চয়।

ভাল গোছের বেলেস্তারা তৈয়ার করিতে হইলে ষ্টীকিং প্ল্যাষ্টারের উপর পাতলা ক্যালিকো বিছাইয়া তাহার উপর ক্যান্থারাইডিস্ প্লাষ্টার লাগাইয়া দিবে।

ষ্টীকিং প্ল্যাষ্টারের অপর নাম এডিসিভ্ প্ল্যাষ্টার। ইহা তৈয়ার করিতে হইলে রেজিন প্ল্যাষ্টার (Emplastrum Resin) নামক প্লাষ্টার ঔষধ লইয়া অগ্নিতে তাতাইয়া নরম করিয়া মোটা কাপড়ের এক পিঠে লেপ দিবে এই প্ল্যাষ্টার আঠা আঠা থাকে, এজন্য ইহার নাম ষ্টীকিং প্লাষ্টার। ইহা গাত্রে লাগাইয়া দিলে আঠার ন্যায় গায়ে লাগিয়া যায়।

এম্‌প্ল্যাষ্ট্রাম্ বেলেডোনা তৈয়ার করিতে হইলে এম্‌প্ল্যাষ্ট্রাম্ বেলেডোনা ঔষধ লইয়া কাগজের এক পিঠে বা মোটা কাপড়ের এক পৃষ্ঠায় মাখাইয়া দিবে। পাতলা লেদারের উপর মাখাইয়া দিলে সৌখিন গোছের হয়।

মলম।

মলম তৈয়ারি অতিসহজ। প্রায় সমস্ত মলম তৈয়ার থাকে। নূতন মলম তৈয়ার করিতে হইলে মলম এবং অন্যান্য ঔষধ একখান প্লেটের উপর রাখিয়া স্প্যাটুলা দিয়া বেস করিয়া মর্দ্দন করিবে, পরে মলমের কৌটায় করিয়া তাহার উপর রূপলির পাত দ্বারা আবৃত করিয়া পরে কাগজ দিয়া ঢাকিয়া সুতা দিয়া বাঁধিয়া দিবে তার পর কৌটার উপর লেবেল আঁটিয়া দিবে।

কার্য্যের সুবিধা।

কার্য্যের সুবিধার জন্য কতকগুলি মিক্শ্চার এবং ঔষধ সর্ব্বদার জন্য প্রস্তুত করিয়া রাখা ভাল, কারণ সেগুলি সর্ব্বদাই প্রয়োজন হয়।

একোয়া ক্যাম্ফর।—একটা বড় বোতলে জল পূর্ণ করিয়া একখান ন্যাকড়ায় এক গোটা কর্পূর বাঁধিয়া বোতলের মধ্যে ফেলিয়া দিবে এবং বোতল কাক্ বন্ধ করিয়া রাখিবে। অন্ততঃ এক দিন পরে জল ব্যবহার করিবে। এই হইল একোয়া ক্যাম্ফর।

টিংচার আইওডাইন—টিংচার আইওডাইন এবং লিনিমেণ্ট আইওডাইন যদিও ক্রয় করিতে পাওয়া যায়, তথাচ উহা তৈয়ারি না কিনিয়া প্রস্তুত করিয়া রাখাই সুবিধা।

ডাইলুট এছিড্—ষ্ট্রং সলফিউরিক্ এছিড্, ষ্ট্রং নাইট্রিক এছিড্, ষ্ট্রং হাইড্রো-ক্লোরিক্ এছিড্ প্রভৃতি সর্ব্বদা ব্যবহার জন্য ডাইলুট করিয়া রাখিয়া দিবে।

সাল্ফিউরিক এছিড্ ডাইলুট করিতে হইলে ১ আং এছিডে ১১ আউন্স জল মিশাইয়া রাখিয়া দিবে। যে দিন ডাইলুট করিবে, তার পর দিন ব্যবহার করিবে।

ডাইলুট নাইট্রোমিউরিয়াটিক এছিড্ করিতে হইলে ১½ আং নাইট্রিক এছিড্, ২ আং হাইড্রোক্লোরিক এছিড্ এবং জল ১২½ আং একত্র মিশাইবে।

ডাইলুট নাইট্রিক এছিড্ তৈয়ার করিতে হইলে ১ আং নাইট্রিক এছিড্ ৪ আং জল মিলাইবে।

ডাইলুট হাইড্রোক্লোরিক এছিড্ তৈয়ার করিতে হইলে ১ আং এছিড্ ২ আং জল মিশাইবে।

এই সকল এছিড্ তৈয়ার করিতে হইলে ডিষ্টিল্ড্ ওয়াটার ব্যবহার করিবে।

ক্লোরেট অব্ পটাস মিক্শ্চার সর্ব্বদা ফিবার মিক্শ্চারে দরকার হয়; এ জন্য তৈয়ার করিয়া রাখা ভাল। ½ আং জলে ৫ গ্রেণ এই অনুপাতে ১ বোতল ক্লোরেট অব পটাস মিক্শ্চার করিয়া রাখিতে পারে।

এলুম লোসন—½ আং জলে ৫ গ্রেণ্ এই অনুপাতে ১ শিশি তৈয়ার করিয়া রাখিতে পার।

এট্রপিন লোসন—২ ড্রাম জলে ১ গ্রেণ্ সল্‌ফেট অব্ এট্রপিয়া এই অনুপাতে থানিকটা তৈয়ার করিয়া রাখিতে পার।

ক্লোরাল হাইড্রেট্—½ আং সিরপে ১০ গ্রেণ এই অনুপাতে ২।৪ আং তৈয়ার করিয়া রাখিতে পার।

Aqua Menthi Piperatæ অথবা পিপারমেণ্ট ওয়াটার সর্ব্বদা ব্যবহৃত হয়। এই ঔষধ উত্তমরূপে তৈয়ার করিতে হইলে জল ও পিপার্‌মেণ্ট অয়েল একত্র করিয়া চোঁয়াইয়া লইতে হয়। ঐ চোয়ান জল কিনিতে পাওয়া যায়। মোটামুটি পিপারমেণ্ট ওয়াটার তৈয়ার করিয়া লইতে হইলে ১ আং জলে ১½ মিনিম আন্দাজ পিপারমেণ্ট অয়েল এই অনুপাতে পেপারমেণ্ট ওয়াটার তৈয়ার করিয়া লইতে পারা যায়। তেবে প্রথমতঃ একটু স্পীরিট মিশাইয়া গলাইয়া লইয়া জলের সঙ্গে মিশান যাইতে পারে। অপার্য্যমাণে এইরূপে পেপারমেণ্ট জল তৈয়ার করিয়া লইবে, কিন্তু ইহাতে তৈল ভাল মিশে না।

সেইরূপ একোয়া এনিথাই, একোয়া এনাইচ প্রভৃতি সহজে তৈয়ার করিতে হইলে ১ আং এনিথাই অথবা এনাইস্ ফলে ১০ আং গরম জল দিয়া জুড়াইয়া জল ছাঁকিয়া লইবে।

খুব কাজের ভিড় হইলে এক একটি পিলে ২½ গ্রেণ্ কুইনাইন থাকে এই অনুপাতে কতকগুলি পিল করিয়া রাখিবে।

৭ আং গম্ একেসিয়া এবং ৬ আং জল এই পরিমাণে থানিক মিউসিলেজ একেশিয়া তৈয়ার করিয়া রাখা ভাল।

ডাক্তারি ঔষধ সকল নানা জাতীয় আছে।

(১) ধাতুঘটিত ঔষধ—যেমন রৌপ্য, লৌহ, তামা প্রভৃতি।

(২) অধাতুঘটিত—যেমন আইওডাইন্, ব্রোমাইন্ ইত্যাদি।

(৩) ঔদ্ভিজ্জ অম্ল—যেমন টার্টারিক এছিড্ (তেঁতুলের অম্ল)।

(৪) ধাতব অম্ল—যেমন নাইট্রিক এছিড্ (যবক্ষার দ্রাবক)।

(৫) ক্ষার লবণ—যেমন সোডা, পটাস ইত্যাদি। সোডা ও পটাস শোডিয়াম ও পটাসিয়ম নামক অধাতু বা উপধাতু হইতে প্রস্তুত।

(৬) সুরা জাতীয় ঔষধ—যেমন মদ্য, ঈথর, ক্লোরফরম প্রভৃতি।

(৭) উদ্ভিদ জাতীয় ঔষধ—যেমন কুইনাইন, সিঙ্কোনা, ক্যালম্বা, বেলাডোনা, চিরতা প্রভৃতি।

(৮) জান্তব ঔষধ—যেমন পেপ্সিন, কড্লিবর অয়েল।

(৯) নানাবিধ যৌগিক ঔষধ—যেমন এণ্টিফেব্রিন্।

এই সকল ঔষধের আবার নানা রকম তৈয়ারি জিনিষ থাকে। এই সকল তৈয়ারি জিনিসের নাম প্রয়োগরূপ।

ব্রিটিশ ফার্মাকোপিয়া বলিয়া যে ঔষধ তৈয়ারির প্রধান পুস্তক আছে, যাহার মতে সমস্ত ডাক্তারি ঔষধ তৈয়ারি হয়, সেই ব্রিটিশ ফার্মাকোপিয়ায় নিম্নলিখিত প্রয়োগরূপ সকল অনুমোদিত হইয়াছে এবং এই প্রয়োগরূপের প্রায় সমস্ত ঔষধ সর্ব্বদা তৈয়ারি কিনিতে পাওয়া যায়। এই সকল দ্রব্য সর্ব্বদা বড় বড় কারখানায় প্রস্তুত হইতেছে। ইন্ফিউশন্ প্রভৃতি কতকগুলি টাট্কা তৈয়ার করিয়া লইতে হয়।

(১) আঙ্গুয়েণ্টাম্ বা অয়েণ্টমেণ্ট্ (মলম)। (২) ইন্ফিউসম্ বা ইন্ফিউশন্। (৩) এক্‌ষ্ট্রাক্টম্ বা এক্‌ষ্ট্রাক্ট (সার)। (৪) ইন্জেক্শিও হাইপডার্ম্মিকা (অধঃত্বাচ প্রয়োগ)। (৫) এসিটম বা ভিনিগার। (৬) একুয়া বা জল। (৭) এনিমা। (৮) এসেন্সিয়া বা এসেন্স। (৯) ওলিয়ম্ বা অয়েল (তৈল)। (১০) ওলিএটম। (১১) কলোডিয়ম্। (১২) কন্ফেক্‌শন্। (১৩) ক্যাটাপ্লাস্‌মা বা পুল্‌টিস্। (১৪) গ্লাইসেরিন্। (১৫) চার্টা বা পেপার (কাগজ)। (১৬) ট্যাব্লেট্। (১৭) টিংচুরা বা টিংচার। (১৮) ট্রচিসাই বা লোজেঞ্জ। (১৯) ডিকক্টম্ বা ডিকক্‌শন। (২০) পল্‌ভিস্ বা পাউডার্। (২১) পাইলিউলা বা পিল। (২২) মিউসিলেগো বা মিউসিলেজ। (২৩) মেল বা মধু। (২৪) মিশ্চুরা বা মিকশ্চার। (২৫) লাইকর। (২৬) লোসিও বা লোসন। (২৭) ল্যামেলি বা ডিস্ক। (২৮) লিনিমেণ্ট বা মালিস। (২৯) সপোজিটোরিয়া। (৩০) সক্কস বা জুস (রস)। (৩১) সিরুপস্ বা সিরপ। (৩২) স্পীরিট। (৩৩) ভেপর। (৩৪) ভাইনম।

এই সকল প্রস্তুতীকৃত ঔষধের মধ্যে ইন্‌ফিউশন্ এবং কতকগুলি ডিকৃক-শন্ টাট্‌কা টাট্‌কা তৈয়ার করিয়া লইতে হয়। পুলটীসও তৈয়ার করিয়া লইতে হয়।

এক্‌ষ্ট্রাক্ট্‌গুলি সমস্তই উদ্ভিদ ঔষধের সার।

দুই একটি টিংচার ব্যতীত প্রায় টিংচারই উদ্ভিদ হইতে গৃহীত। টীং ফেরি পার্‌ক্লোরাইড্ লৌহ ধাতু হইতে তৈয়ারি এবং টীংচার আইওডাইন আইওডাইন নামক উপধাতু হইতে গৃহীত।

---

(১) আঙ্গুয়েণ্টম্ বা অয়েণ্টমেণ্ট (Unguentum or Ointment)—মলম ৪৫ রকমের আছে। চর্ব্বি, তৈল, মম প্রভৃতির সহিত ঔষধ দ্রব্য মিশাইয়া মলম তৈয়ার হয়। ইহারা বাহ্যিক প্রয়োগ জন্য ব্যবহৃত হয়।

আঙ্গুয়েণ্টম্	Unguentum	যে যে দ্রব্যে প্রস্তুত হয়।
আইওডাই	Iodi	আইওডাইন এবং পটাস্ আইওডাইড প্রত্যেক ১৬ গ্রেণ, গ্লাইসেরিণ ½ ড্রাম, লার্ড ১ আং।
আইডোফরমাই	Iodoformi	আইওডোফরম্ ১ আং, বেন্‌জোয়েটেড্ লার্ড ৯ আং।
ইউক্যালিপ্টাই	Eucalypti	সফ্‌ট প্যারাফিন এবং হার্ড প্যারাফিন প্রত্যেক ২ আং, ইউক্যালিপ্‌টস্ অয়েল ১ আং (ওজন)।
এছিডাই কার্ব্বলিছাই	Acidi Carbolici	কার্ব্বলিক এছিড ১ অংশ, সফ্‌ট প্যারাফিন ১২ অংশ এবং হার্ড প্যারাফিন ৬ অংশ।
এছিডাই বোরিছাই	„ Borici	বোরিক এছিড ১ অংশ, হার্ড প্যারাফিন ২ অংশ এবং সফ্‌ট্ প্যারাফিন ৪ অংশ।
„ স্যালিসিলাইসাই	„ Salicylici	স্যালিসিলিক এছিড ১ ভাগ, হার্ড প্যারাফিন ৯ ভাগ, সফ্‌ট প্যারাফিন ১৮ ভাগ।

একনি টাইনি	Aconitinae	একনিটাইন ৮ গ্রেণ, রেকটিফায়েড্ স্পীরিট $\frac{1}{2}$ ড্রাম, বেঞ্জোয়েটেড্ লার্ড ১ আং।
এলিমাই	Elemi	এলিমাই $\frac{1}{8}$ আং, সিম্পেল্ অয়েণ্টমেণ্ট ১ আং।
এণ্টিমনাই টার্টারেটাই	Antimonii Tartarati	টার্টার এমেটিক $\frac{1}{8}$ আং, সিম্প্‌ল্ অয়েণ্টমেণ্ট ১ আং।
এট্রপাইনি	Atropinæ	এট্রপাইন ৮ গ্রেণ, স্পীরিট $\frac{1}{2}$ ড্রাম, বেঞ্জোয়েটেড্ লার্ড ১ আং।
ক্যালামাইনি	Calaminæ	ক্যালামাইন ১ আং, বেঞ্জোয়েটেড্ লার্ড ৫ আং।
ক্যান্থারাইডিস্	Cantharidis	ক্যান্থারাইডিস্ ১ আং, অলিভ অয়েল ৬ আং, ইওলো ওয়াক্স্ (পীত-মোম) ১ আং।
কোনাই	Conii	কোনিয়ম জুস্ ২ আং লইয়া ১৪০° ডিগ্রীর নিম্ন উত্তাপে তপ্ত করিয়া ২ ড্রাম করিবে। পরে উহাতে ১০ গ্রেণ বোরিক এছিড্ এবং ৬ ড্রাম ল্যানলাইন যোগ করিবে।
ক্রিয়াজোটি	Creasoti	ক্রিয়াজোট ১ ড্রাম, সিম্পেল্ অয়েণ্টমেণ্ট ১ আং।
ক্রাইসাইরোবাইনি	Chrysarobini	ক্রাইসারোবিন ২০ গ্রেণ, বেঞ্জোয়েটেড্ লার্ড ৪৮০ গ্রেণ।
গ্যালি	Gallae	গলনট পাউডার ৮০ গ্রেণ, বেঞ্জোয়েটেড্ লার্ড ১ আং।
গ্যালি কম্ ওপিও	Gallae cum opio	অঙ্গুএণ্টম্ গ্যালি ১ আং, ওপিয়ম্ ৩২ গ্রেণ।
গ্লাইসেরিনাই প্লম্বাই সব্এসিটেটিস্	Glycerini Plumbi subacetatis	গ্লাইসেরিনাই প্লম্বাই সব্ এসিটেটিস্ $4\frac{1}{2}$ আং, সফ্ট প্যারাফিন ১৮ আং, হার্ড প্যারাফিন ৬ আং।

টেরিবিস্থিনি	Terebenthinae	অয়েল অব্ টর্পেণ্টাইন ১ আং, রেজিন ৫৪ গ্রেণ, ইয়োলো ওয়াক্স্ এবং লার্ড প্রত্যেক ১/২ আং।
ছিটাছিয়াই	Cetacei	স্পারমেছেটি ৫ আং, হোয়াইট্ ওয়াক্স্ ২ আং, আমণ্ড অয়েল ১ পাইণ্ট, বেন্জয়েন ১/২ আং।
জিন্ছাই	Zinci	অক্সাইড্ অব্ জিঙ্ক্ ৮০ গ্রেণ, বেন্জোয়েটেড্ লার্ড ১ আং।
জিন্ছাই ওলিয়েটাই	Zinci Oleati	ওলিয়েট্ অব্ জিঙ্ক ১ আং, সফ্ট প্যারাফিন ১ আং।
পটাসি আইওডাইডাই	Potassii Iodidi	আইওডাইড্ অব্ পটাসিয়ম ৬৪ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম ৪ গ্রেণ, ডিষ্টিল্ড্ ওয়াটার ১ ড্রাম, বেন্জোয়েটেড্ লার্ড্ ১ আং।
পটাসি সল্ফরেটি	Potassæ Sulphuratæ	সল্ফরেটেড্ পটাস ৩০ গ্রেণ, হার্ড. প্যারাফিন ১/৪ আং, সফ্ট্ প্যারাফিন ৩/৪ আং।
পাইছিস্ লিকুইডি	Picis Liquidae	পিক্স্ লিকুইডা (টার) ৫ আং, ইওলো ওয়াক্স্ ২ আং।
প্লম্বাই আইওডাইডাই	Plumbi Iodidi	প্লম্বাই আইওডাইড্ ৬২ গ্রেণ, সিম্পেল অয়েণ্টমেণ্ট ১ আং।
প্লম্বাই এসিটেটিস্	Plumbi Acetatis	এসিটেট অব্ লেড ১২ গ্রেণ, বেন্জোয়েটেড্ লার্ড ১ আং।
প্লম্বাই কার্বনেটিস্	Plumbi Carbonatis	কার্ব্বনেট্ অব্ লেড্ ৬২ গ্রেণ, সিম্পেল অয়েণ্টমেণ্ট ১ আং।
বেলাডোনি	Belladonnae	এল্কোহলিক এক্ষ্ট্রাক্ট্ অব্ বেলেডোনা ৫০ গ্রেণ, বেন্জোয়েটেড্ লার্ড ১ আং।

ভেরাট্রাইনি	Veratrinae	ভেরাট্রাইন ১৮ গ্রেণ, অলিভ অয়েল ১ ড্রাম, হার্ড প্যারাফিন ১/৪ আং, সফ্‌ট প্যারাফিন ৩/৪ আং।
রেজিনি	Resinae	রেজিন ৮ আং, ইওলো ওয়াক্‌স্ ৪ আং, সিম্‌পল্ অয়েণ্টমেণ্ট ১৬ আং, আমণ্ড অয়েল ২ আং।
সল্‌ফিউরিস্	Sulphuris	সুব্লাইম্‌ড্ সলফার ১ আং, বেন্‌জোয়েটেড্ লার্ড ৪ আং।
সল্‌ফিউরিস্ আইওডাইডাই	Sulphuris Iodidi	আইওডাইড্ অব্ সাল্‌ফার ৩০ গ্রেণ, হার্ড প্যারাফিন ১/৪ আং, সফ্‌ট প্যারাফিন্ ৩/৪ আং।
সিম্‌প্লেক্‌স্	Simplex	হোয়াইট্ ওয়াক্‌স্ ২ আং, বেন্‌জোয়েটেড্ লার্ড, এবং আমণ্ড অয়েল প্রত্যেক ৩ আং।
সেবাইনি	Sabinæ	সেভিনটপ ৮ আং, ইওলো ওয়াক্‌স্ ৩ আং, বেন্‌জোয়েটেড্ লার্ড ১৬ আং।
ষ্ট্যাফিসেগ্রিয়াই	Staphisagriæ	ষ্টেভ্‌সেকার বীজ ৮ আং, বেন্‌জোয়েটেড্ লার্ড ৮ আং।
হাইড্রার্জ্জিরাই	Hydrargyri	মার্কুরি ১ পাউণ্ড, লার্ড ১ পাউণ্ড, সুএট ১ আং।
হাইড্রার্জ্জ এমনিয়েটাই	Hydrarg Ammoniati	এমনিয়েটেড্ মার্কুরি ৫০ গ্রেণ, সিম্‌পেল্ অয়েণ্টমেণ্ট ৪৫০ গ্রেণ।
হাইড্রার্জ্জ কম্পাউণ্ড	Hydrarg Compound	অয়েণ্টমেণ্ট অব্ মার্কুরি ৬ আং, অলিভ্ অয়েল ৩ আং, ইওলো ওয়াক্‌স ৩ আং, ক্যাম্ফর ১১/২ আং।

হাইড্রার্জ আইওডাইডাই রুব্রাই	Hydrarg Iodidi Rubri	রেড্ আইওডাইড্ অব্ মার্কুরি ১৬ গ্রেণ, সিম্পল অয়েণ্টমেণ্ট ১৬ গ্রেণ।
হাইড্রার্জ নাইট্রেটিস্	Hydrag Nitratis	মার্কুরি ৪ আং, নাইট্রিক এসিড ১২ আং, লার্ড ১৫ আং, অলিভ অয়েল ৩২ আং।
হাইড্রার্জ নাইট্রেটিস্ ডিল্	Hydrarg Nitratis dil	অয়েণ্টমেণ্ট অব্ নাইট্রেট্ অব্ মার্কুরি ১ আং, সফ্ট প্যারাফিন ২ আং।
„ অক্সাইডাই রুব্রাই	„ Oxidi Rubri	রেড্ অক্সাইড্ অব্ মার্কুরি ৬২ গ্রেণ, হার্ড প্যারাফিন ½ আং, সফ্ট প্যারাফিন ½ আং।
„ সব্ ক্লোরিডাই	„ Sub Chloridi	ক্যালামল ৮০ গ্রেণ, বেঞ্জোয়েটেড্ লার্ড ১ আং।
হ্যামামেলাইডিস্	Hamamelidis	লিকুইড্ একষ্ট্রাক্ট্ অব্ হ্যামামেলিস্ ৫ মিনিম, সিম্পল্ অয়েণ্টমেণ্ট ৪১০ গ্রেণ।

(২) ইন্‌ফিউজম বা ইন্‌ফিউসন (Infusum or Infuson) ২৮ রকমের আছে।

ঔদ্ভিজ্জ ঔষধ দ্রব্যকে জলসিক্ত করিয়া ইন্‌ফিউসন তৈয়ার হয়। এতন্মধ্যে ২৪ প্রকারের ইন্‌ফিউসন্ ডিষ্টিল্ড করা ফুটন্ত গরম জলে ভিজাইয়া তৈয়ার হয়। ঔষধ দ্রব্যে ফুটন্ত জল ঢালিয়া দিয়া পাত্রের মুখ বন্ধ করিয়া রাখিয়া দিতে হয়। চিরেতা এবং ক্রস্ পেরিয়ার ইন্‌ফিউসন্ তৈয়ার করিতে ১২০° উত্তপ্ত জল ব্যবহৃত হয়। কুয়াসিয়া এবং ক্যালম্বার ইন্‌ফিউসন্ তৈয়ার করিতে শীতল জল ব্যবহৃত হয়। কুসো ব্যতীত আর সকল ইন্‌ফিউসন ছাঁকিয়া চিপিয়া লইতে হয়। কুসো ব্যতীত সমস্ত ইন্‌ফিউসনে ১০ আং জল আছে। কুসোতে ৮ আং জল দিতে হয়। সমস্ত ইন্‌ফিজসন টাট্‌কা তৈয়ার করিয়া লইতে হয়। প্রায় সমস্ত ইন্‌ফিউ-

সনের মাত্রা ১—২ আং। ইন্‌ফিউসন ডিজিট্যালিসের মাত্রা ১—২ ড্রাম। ক্যারিওফাইল, এন্থেমেডিস্ এবং বুকুব মাত্রা ১—৪ আং, কুসো ৪—৮ আং, লিনি ২—৬ আং।

ইন্‌ফিউসম্	Infusum	দ্রব্য		ভিজাইবার সময়	মাত্রা
অরান্‌টাই	Aurantii	তিক্ত কমলালেবুর ত্বক ১/২ আং (বিটার অরেঞ্জ পিল) ফুটন্ত গরম জল ১০ আং।		১/৪ ঘণ্টা	১—২ আং
অরান্‌টাই কো	Aurantii Co	বিটাব অরেঞ্জ পিল (তিক্ত কমলা লেবুর ত্বক) ১/৪ আং লেমন পিল ৫৬ গ্রেণ, ফুটন্ত জল ১০ আং		১/৪ „	১—২ আং
আর্‌গটি	Ergotae	আবাটি ১/৪ আং, ফুটন্ত জল ১০ আং	…	১/২ „	১—২ আং
ইউভি উরসাই	Uvae Ursi	ইউভি উরসাই ফোলিয়া ১/২ আং, ফুটন্ত জল ১০ আং।	…	১ „	১—২ আং
এন্‌থেমেডিস্	Anthemidis	এন্‌থেমিডিস্ ফুল ১/২ আং, ফুটন্ত জল ১০ আং	…	১/২ „	১—২ আং
কস্‌পেরাই	Cusperiae	কস্‌পেরিয়া বার্ক ১/২ ১২০° উত্তপ্ত জল ১০ আং।	…	১ „	১—২ আং
কুয়াসাই	Quassiae	কুয়াসিয়া উড ৫৫ গ্রেণ, শীতল জল ১০ আং।	…	১/২ „	১—২ আং

		দ্রব্য	ভিজাইবার সময়	মাত্রা
কুশো	Cusso	কুশো $\frac{1}{2}$ আং, ফুটন্ত জল ৮ আং ...	$\frac{1}{4}$ ঘণ্টা	৪—৮ আং
ক্যাটিকু	Catechu	পেল্ ক্যাটিচু ১৬০ গ্রেণ, ফুটন্ত জল ১০ আং ...	$\frac{1}{2}$ „	১—২ আং
ক্যাস্ক্যারিলি	Cascarillæ	ক্যাস্ক্যারিলা বার্ক ১ আং, ফুটন্ত জল ১০ আং ...	$\frac{1}{2}$ „	১—২ আং
ক্যালম্বি	Calumbæ	ক্যালম্বা রুট $\frac{1}{2}$ আং, শীতল জল ১০ আং	$\frac{1}{2}$ „	১—২ আং
ক্যারিওফাইলি	Caryophylli	ক্লোভ (লবঙ্গ) $\frac{1}{2}$ আং, ফুটন্ত জল ১০ আং ...	$\frac{1}{2}$ „	১—৪ আং
ক্র্যামেরাই	Krameriæ	ক্র্যামেবাই রুট $\frac{1}{2}$ আং, ফুটন্ত জল ১০ আং ...	$\frac{1}{2}$ „	১—২ আং
চিরেটি	Chiratæ	চিবেতা $\frac{1}{4}$ আং, ১২০° উত্তপ্ত জল ১০ আং ...	$\frac{1}{2}$ „	১—২ আং
ছিঙ্কোনি এছিড্	Chinchonæ Acid	রেড সিঙ্কোনা বার্ক $\frac{1}{2}$ আং, এবমেটিক্ সল্ফিউরিক এছিড $\frac{1}{2}$ ড্রাম, ফুটন্ত জল ১০ আং ...	১ „	১—২ আং
জ্যাবরাণ্ডি	Jaborandi	শুষ্ক জ্যাববাণ্ডি পত্র $\frac{1}{2}$ আং, ফুটন্ত জল ১০ আং	$\frac{1}{2}$ „	১—২ আং
জেন্সিয়ানিকো	Gentianæ Co	জেন্সেন্ রুট ৫৫ গ্রেণ, লেমন পিল $\frac{1}{4}$ আং, বিটার অরেঞ্জ পিল ৫৫ গ্রেণ, ফুটন্ত জল ১০ আং ...	$\frac{1}{2}$ „	১—২ আং
ডিজিট্যালিস্	Digitalis	ডিজিট্যালিস্ ফোলিয়া ২৮ গ্রেণ, ফুটন্ত জল ১০ আং	$\frac{1}{4}$ „	২—৪ ড্রাম

		দ্রব্য	ভিজাইবার সময়	মাত্রা
বুকু	Buchu	বুকু ফোলিয়া ½ আং, ফুটন্ত জল ১০ আং ...	½ ঘণ্টা	১—৪ আং
ভ্যালিরিয়ানি	Valerianæ	ভ্যালিরিয়ান রাইজোম ⅛ আং, ফুটন্ত জল ১০ আং	১ "	১—২ আং
ম্যাটিছি	Maticæ	ম্যাটিকো পত্র ½ আং, ফুটন্ত জল ১০ আং ...	½ "	১—৪ আং
রিয়াই	Rhei	রুবার্ব্ব রুট ⅛ আং, ফুটন্ত জল ১০ আং ...	½ "	১—২ আং
রোজি এছাইডম্	Rosæ Acidum	রোজপেটাল (গোলাপ পাঁপ্‌ড়ি) ⅛ আং, সল্‌ফিউরিক এছিড্ ডিল্ ১ ড্রাম, ফুটন্ত জল ১০ আং	½ "	১—২ আং
লিনি	Leni	লিনি বীজ ১৫০ গ্রেণ, লিকরাইচ্ ৫০ গ্রেণ ফুটন্ত জল ১০ আং	২ "	২—৬ আং
লুপুলাই	Lupuli	লুপুলাই ½ আং, ফুটন্ত জল ১০ আং ...	১ "	১—২ আং
সেনেগি	Senegæ	সেনেগা রুট ½ আং, ফুটন্ত জল ১০ আং ...	½ "	১—২ আং
সেনি	Sennæ	সেনা ১ আং এবং জিঞ্জার ২৮ গ্রেণ, ফুটন্ত জল ১০ আং	½ "	১—২ আং
সার্পেণ্টারাই	Serpentariæ	সার্পেণ্টারি রাইজোম ⅛ আং, ফুটন্ত জল ১০ আং	½ "	১—২ আং

(৩) এক্‌ষ্ট্রাক্টম্‌ বা এক্‌ষ্ট্রাক্ট্‌ (Extractum or Extracts) ৫০টী আছে। উদ্ভিদের পত্রাদির সার নিষ্কাসিত করিয়া ঐ সারকে ঘন করিলে এক্‌ষ্ট্রাক্ট্‌ প্রস্তুত হয়। এক্‌ষ্ট্রাক্ট্‌ ৫ শ্রেণীর আছে।

(১) ফ্রেস অথবা গ্রীণ এক্‌ষ্ট্রাক্ট (টাট্‌কা বা সবুজ সার) (Fresh or green Extract)।

(২) জলীয় এক্‌ষ্ট্রাক্ট্‌ (Watery Extract)।

(৩) এল্‌কোহলিক এক্‌ষ্ট্রাক্ট বা সুরাবাসিত সার (Alcoholic Extract)।

(৪) ইথিরিয়াল এক্‌ষ্ট্রাক্ট্‌ (Etherial Extract)।

(৫) লিকুইড্‌ এক্‌ষ্ট্রাক্ট্‌ বা তরল সার (Liquid Extract)।

ফ্রেস বা গ্রীণ এক্‌ষ্ট্রাক্ট অথবা সবুজ সার (Green Extract) প্রস্তুত করিতে হইলে টাট্‌কা পত্র হইতে রস গ্রহণ করিতে হয়। ঐ রসকে ১৩০ ডিক্রি পর্য্যন্ত উত্তপ্ত করিয়া উহার সবুজ বর্ণক পদার্থ ছাঁকিয়া পৃথক করিয়া রাখিবে। অবশিষ্ট জলীয় ভাগ ২০০ ডিগ্রী পর্য্যন্ত উত্তপ্ত করিয়া উহার এল্‌বিউমেন (আণ্ডলালিক পদার্থ) ছাঁকিয়া ফেলিবে। পরে জলস্বেদন যন্ত্রে উত্তপ্ত করিয়া উহাকে গাঢ় করিয়া লইবে। চিনির পাকের ন্যায় গাঢ় হইলে উহার সহিত পূর্ব্বোক্ত সবুজ বর্ণক পদার্থ যোগ করিবে, পরে ১২০° ডিগ্রি পর্য্যন্ত উত্তাপে উহাকে ঘন করিয়া লইবে। সেই সময় ক্রমাগত নাড়িতে থাকিবে।

গ্রীন এক্‌ষ্ট্রাক্ট্‌ ৮ প্রকারের আছে; যথা,—একনাইট, বেলেডোনা, হেমলক, হাইওসিয়ামাস্‌, কল্‌সিকম্‌, কল্‌ছিকম্‌ এসেটিক্‌, লেটুস, ড্যান্‌ডিলিয়ন।

জলীয় সার বা ওয়াটারি এক্‌ষ্ট্রাক্ট্‌ (Watery Extract) প্রস্তুত করিতে হইলে বনজ দ্রব্যকে উত্তপ্ত বা শীতল পরিস্রুত জলে ভিজাইয়া উহার কাথ বাহির করিয়া ঐ কাথকে সিদ্ধ করিয়া লইতে হইবে। এলোজ বার্‌বাডেন্‌সিস্‌, এলোজ সকোট্রিনা,

জেন্সেন্, লগউড এবং পেরেরা গরম ফুটন্ত জল দ্বারা প্রস্তত হয়। পপি এক্ষ্ট্রাক্ট্ প্রস্তত করিতেও ফুটন্ত জল লাগে, তবে ইহাতে কিঞ্চিৎ স্পীরিট যোগ করিতে হয়। ক্যামমাইল এক্ষ্ট্রাক্ট্ও গরম জল দ্বারা প্রস্তত হয়। লিকরাইচ, ক্র্যামেরা, ওপিয়ম্ এবং কুয়াশিয়ার সার প্রস্তত করিতে হইলে প্রথমে শীতল জলে ঐ সকল দ্রব্য ভিজাইয়া রাখিতে হয়। পরে ঐ জল জ্বাল দিয়া গাঢ় করিয়া লইতে হয়।

জলীয় সার ১১ প্রকারের আছে; যথা,—এলোজ বারবাডেন্সিস্, এলোজ সকোট্রিনা, জেন্সেন্, লগউড, প্যারেরা, পপি, ক্যামমাইল্, লিকরাইচ, ক্র্যামিরিয়া, ওপিয়ম্, কুয়াশিয়া।

এলকোহলিক এক্ষ্ট্রাক্ট্ বা সুরাবাসিত সার প্রস্তত কবিতে হইলে প্রথমে উদ্ভিদ দ্রব্যকে প্রুফ বা রেক্টিফায়েড স্পীরিটে ভিজাইয়া টিংচার তৈয়ার করিয়া পরিশেষে ঐ টিংচারকে উত্তপ্ত কবিরা গাঢ় করিয়া লইতে হয়।

এল্কোহলিক এক্ষ্ট্রাক্ট্ সর্ব্বশুদ্ধ ১৪টী আছে।

বেলেডোনা, ইণ্ডিয়ান হেম্প, জেল্সিয়ম্, জ্যালাপ, নক্সভমিকা, ক্যালাবাববিন এবং হপ রেক্টিফায়েড স্পীরিট দ্বারা তৈয়ার হয়।

কুবার্ব্ব, র‍্যাম্নস, ফ্রাংগুলা, জ্যাবরাণ্ডি, কলেসিন্থ কম্পাউণ্ড, কাস্কেরা এবং ক্যালম্বা প্রুফ স্পীরিট দ্বারা প্রস্তত হয়।

ইথিরিয়াল এক্‌ট্রাক্ট একটী মাত্র আছে; যথা,—ইথিরিয়াল এক্‌ট্রাক্ট অব্ মেজিরিয়ন। তা ছাড়া ষ্ট্র্যামনিয়ম্ এবং মেলফারন-এর এক্‌ট্রাক্ট তৈয়ার করিতে ঈথর্ ব্যবহৃত হয়।

লিকুইড এক্‌ট্রাক্ট বা তরল সার দুই রকমে তৈয়ার করিতে পারা যায়। এল্কোহলিক এক্‌ট্রাক্টকে স্পীরিট এবং জল দিয়া তরল করিয়া, দ্বিতীয়ত গাছড়া ঔষধের ইন্‌কিউশন তৈয়ার করিয়া ঐ ইন্‌ফিউশনকে উত্তাপ দ্বারা গাঢ় করিয়া লইতে হয়। তৎপরে পচন নিবারণ জন্ম একটু স্পীরিট যোগ করিয়া দিতে হয়।

লিকুইড এক্ষ্ট্রাক্ট্ ১৫টী আছে।

লিকুইড এক্‌ষ্ট্রাক্ট্।

এক্‌ষ্ট্রাক্টম্		Extractum		মাত্রা
আরগটি	লিকুইড্	Ergotæ	Liquid	১০—৩০ মিনিম
ওপিয়াই	,,	Opii	,,	১০—৪০ মিনিম
কাস্কেরা সাগ্রেডা	,,	Cascara Sagrada	,,	½—২ ড্রাম
কোকি	,,	Cocæ	,,	½—২ ড্রাম
গ্লাইসিরহাইজি	,,	Glycyrrhizæ	,,	১ ড্রাম
ছিমিছিফিউগি	,,	Cimicifugæ	,,	৩—৩০ মিনিম
ছিঙ্কোনি	,,	Cinchonæ	,,	৫—১০ মিনিম
ট্যারাক্সেসাই	,,	Taraxaci	,,	½—২ ড্রাম
প্যারিয়াইরি	,,	Pareiræ	,,	½—২ ড্রাম
ফিলিসিস	,,	Filicis	,,	১৫—৩০ মিনিম
বেলি	,,	Belæ	,,	১—২ ড্রাম
র‍্যাম্‌নাই ফ্রাঙ্গিউলি		Rhamni Frangulæ		১—৪ ড্রাম
সার্‌সি	,,	Sarsæ	,,	২—৪ ড্রাম
হাইড্রাস্‌টিস্	,,	Hydrastis	,,	৫—৩০ মিনিম
হ্যামামেলাইডিস্	,,	Hamamelidis	,,	২—৫ মিনিম

অন্যান্য এক্‌ষ্ট্রাক্টম্।

এক্‌ষ্ট্রাক্টম্	Extractum	মাত্রা
ইওনিমাই সিকম্	Euonymi Siccum	১—৪ গ্রেণ্
একনিটাই	Aconiti	¼—১ ,,
এলোজ বার্ব	Aloes Barb	২—৬ ,,
এলোজ সকোট	Aloes Socot	২—৬ ,,
এন্থেমেডিস্	Anthemedis	২—১০ ,,
ক্যালম্বি	Calumbæ	২—১০ ,,
ক্যানাবিস্ ইণ্ডিসি	Cannabis Indicæ	¼—১ গ্রেণ্
কাস্‌কেরি সাগ্রেডি	Cascaræ Sagradæ	২—৮

একষ্ট্রাক্টম্	Extractum	মাত্রা
কল্‌চিসাই	Colchici	১/২—২ গ্রেণ্
কল্‌চিসাই এছেটিক	Colchici Acetic	ঐ
কলেসিন্থ কো	Colocynth Co	৩—১০ ,,
কোনাই	Conii	২—৬ ,,
কুয়াসিয়াই	Quassiæ	৩—৫ ,,
ক্র্যামেরাই	Krameriæ	৫—২০ ,,
গ্লাইছিরহাইজি	Glycyrrhizæ	৫ গ্রেণ ১—ড্রাম
জ্যাবরাণ্ডি	Jaborandi	২—১০ গ্রেণ্
জ্যালাপি	Jalapæ	১—১৫ ,,
জেনিসিয়ানি	Gentianæ	২—১০ ,,
জেল্‌সিমাই এল্‌কোহল	Gelsemii Alcohol	১/২—১ ,,
ট্যারাক্‌সেকাই	Taraxaci	৫—৩০ ,,
নিউসিস্ ভমিসি	Nucis Vomicæ	১/৪—১ ,,
প্যাপাভেরিস	Papaveris	২—৫ ,,
প্যারিয়াইরি	Pareiræ	১০—৩০ ,,
ফাইজস্‌টিগ্‌মেটীস্	Physostigmatis	১/১৬—১/৪ ,,
বেলাডোনি	Belladonnæ	১/৪—১ ,,
বেলাডোনি এল্‌কোহল	Belladonnæ Alcohol	১/১৬—১/৪ ,,
মেজিরিয়াই ঈথার	Mezerei Æther	বাহ্য প্রয়োগজন্য
র‍্যামনাই ফ্র্যাঙ্গিউলি	Rhamni Frangulæ	৫—৬০ গ্রেণ
রিয়াই	Rhei	১—১৫ ,,
ল্যাক্‌টিউছি	Lactucæ	৫—১৫ ,,
লুপুলাই	Lupuli	৫—১৫ ,,
ষ্ট্র্যামনিয়াই	Stramonii	১/৪—১/২ ,,
হাইওসাইমাই	Hyoscyami	৫—১০ ,,
হিমাটক্‌সাইলাই	Hæmatoxyli	১০—৩০ ,,

(৪) ইন্‌জেক্‌শিও হাইপডার্ম্মিকা (Injectio Hypodermica) অধঃত্বাচ প্রয়োগের ঔষধ ব্রিটিশ ফার্মাকোপিয়ায় ৩টী মাত্র আছে।

ইন্‌জেক্‌শিও হাইপডার্ম্মিকা	Injectio Hypodermica	যে যে দ্রব্যে প্রস্তুত।	প্রধান দ্রব্যের পরিমাণ।	মাত্রা মিনিম।
আরগোটিনি	Ergotini	আরগোটিন ১০০ গ্রেণ, ক্যাম্ফর ওয়াটার ২০০ গ্রেণ	২ এ ১	৩—১০
এপমর্ফাইনি	Apomorphinæ	হাইড্রোক্লোরেট অব্ এপমর্ফাইন ২০ গ্রেণ, ক্যাম্ফর্ ওয়াটার ১০০ মিনিম	৫০ এ ১	২—৮
মর্‌ফাইনি	Morphinæ	হাইড্রোক্লোরেট্ অব্ মর্‌ফাইন ৯২ গ্রেণ, লাইকর এমনিয়া, এসেটিক এসিড এবং জল সমষ্টিতে ২ আং	১০ মিনিম ১ গ্রেণ এসিটেট্ অব্ মর্‌ফাইন	২—৫

(৫) এসিটম্ বা ভিনিগার (Acetum or Vinegar)—ভিনিগার বা সির্কা দ্বারা প্রস্তুত ঔষধের নাম এসিটম্ বা ভিনিগার। ভিনিগার ৪০টী আছে।

এসিটম্ (Acetum)—সির্কা। ইহাতে শতকরা ৫·৪১ আন্দত এসেটিক এছিড আছে।

এসিটম্ ক্যান্থারাইডিস্ (Acetum Cantharidis)—এসেটিক এছিড ১৮ আং, ২ আং গ্ল্যাসিয়াল এসেটিক এছিড, ২ আং ক্যান্থারাইডিস্।

এসিটম্ ইপিকাকুয়ানহি (Acetum Ipecacunhæ)—ইপিকাক ১ আং, এসেটিক এছিড ডিল ১ পাইণ্ট।

এসিটম্ সিলি (Acetum Scillæ)—স্কুইল বা সিলি ২½ আং, এসেটিক এছিড্ ডিল ১ পাইণ্ট।

(৬) একুয়া (Aqua)—বা জল ১৬ রকম আছে।

একুয়া (Aqua)—সাধারণ পরিষ্কার জল।

একোয়া এনিথাই (Aqua Anithi)—প্রতিসংজ্ঞা ডিল ওয়াটার (dill water)। ডিল ফল ১ পাং, জল ২ গ্যালন চোয়াইয়া লও। মাত্রা ½ হইতে ১ বা ২ আং

একোয়া এনিসাই (Aqua Anisi)—মৌরির জল। ১ পাউণ্ড এনিসাই বীজ, ২ গ্যালন জল, ১ গ্যালন চোয়াইয়া লও। মাত্রা ½ হইতে ২ আং।

একোয়া অর‍্যান্সাই ফ্লোরিস (Aqua Aurantii Floris)—কমলা নেবুর জল। তিত এবং মিষ্ট কমলা নেবুর ফুল হইতে জল চোয়াইয়া লও। মাত্রা ½ আং—২ আং।

একোয়া ক্যাম্ফরি (Aqua Camphoræ)—কর্পূরের জল। ক্যাম্ফর ওয়াটার (Camphor water)। কর্পূর জলে ফেলিয়া রাখিলে তৈয়ার হয়। ১ আং জলে ½ গ্রেণ কর্পূর থাকে। মাত্রা ½ হইতে ২ আং।

একোয়া কেরুই (Aqua Carui)—১ পাউণ্ড কেরুই বীজ, জল ২ গ্যালন, ১ গ্যালন চোয়াইয়া লও। মাত্রা ½ হইতে ২ আং।

একোয়া ক্লোরফর্মাই (Aqua Chloroformi)—ক্লোরফরম

ওয়াটার (Cloroform water) জল ২৫ আং, ক্লোরফরম ১ ড্রাম একত্রে মিশাও। মাত্রা ½ আং—২ আং।

একোয়া ছিনামনি—ছিনামন ওয়াটার (Aqua Cinamoni—Cinamun water) দারচিনির জল—১½ পাউণ্ড্ দারুচিনি, জল ২ গ্যালন্। ১ গ্যালন্ চোয়াইয়া লও। মাত্রা ½ হইতে ১ আং।

একোয়া ডিস্‌টিলেটা (Aqua Distillata),—ডিস্‌টিল্‌ড ওয়াটার (Distilled water)—চোয়ান জল—পরিস্রুত জল।

একোয়া ফিনিকিউলি (Aqua Fæniculi) ফিনিকিউলি বীজ ১ পাং, জল ২ গ্যালন, ১ গ্যালন চোয়াইয়া লও। মাত্রা ½ আং—২ আং।

একোয়া লরোছিরেসাই (Aqua Lourocerasi) লরোছিরেসি ১ পাং, জল ২½ পাইণ্ট্, ১ পাইণ্ট্ চোয়াইয়া লও। এই জলে শতকরা ১ অংশ হাইড্রোছিয়ানিক এছিড্ আছে। মাত্রা ½ ড্রাম্—২ ড্রাম্।

একোয়া মেন্থি পিপারেটা—পেপারমেণ্ট্ ওয়াটার (Aqua menthi Peperata—Peperment water)। পেপারমেণ্ট্ তৈল ১½ ড্রাম্, ১½ গ্যালন জল। ১ গ্যালন্ চোয়াইয়া লও। মাত্রা ½ আং—২ আউন্স্।

একোয়া মেন্থি ভিরিডিস্ (Aqua menthi vridis) ঐরূপ। মাত্রা ½ আং—২ আং।

একোয়া পিমেন্‌টি (Aqua Pimentæ)—১৪ আং পিমেণ্টা, জল ২ গ্যালন, ১ গ্যালন্ চোয়াইয়া লও। মাত্রা ½—২ আং।

একোয়া রোজি-গোলাপ জল (Aqua Rosæ-Rose water)—গোলাপ ফুলের পাপড়ি ১০ পাউণ্ড্, জল ৫ গ্যালন্, ১ গ্যালন্ চোয়াইয়া লও। মাত্রা ½—২ আং।

একোয়া স্যাম্‌বুসি (Aqua Sambuci flores)। গোলাপ-জলের ন্যায়। মাত্রা ½—২ আং।

একোয়া ক্যাম্ফর্ বা কর্পূর জল এবং একোয়া ক্লোরফর্‌মাই ভিন্ন সমস্ত একোয়া চোয়াইয়া লইতে হয়। একোয়া লরোছিরেসি ব্যতীত আর সকলের মাত্রা ½ আং—২ আং। একোয়া লরোছিরেসাই তে হাইড্রোছায়ানিক এছিড্ আছে, এজন্ত উহার মাত্রা ½ ড্রাম্ হইতে ২ ড্রাম্।

(৭) এনিমা (Enema or Clyster or Injection) ৫টী আছে। ইহারা পিচকারী দেওয়ার ঔষধ। গুহ্যদ্বারে পিচকারী দিতে হয়।

এনিমা	Enema	যে যে দ্রব্যে তৈয়ার হয়।
ওপিয়াই	Opii	টিংচার ওপিয়ম্ ½ ড্রাম, মিউছিলেজ ষ্টার্চ ২ আং।
এলোজ	Aloes	এলোজ ৪০ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ পটাস ১৫ গ্রেণ, মিউছিলেজ ষ্টার্চ ১০ আং।
এসাফিটিডি	Assafætidæ	এসাফিটিডা ৩০ গ্রেণ, ডিষ্টিল্ড ওয়াটার ৪ আং।
টেরিবিন্থিনি	Terebinthinæ	অয়েল অব্ টর্পেণ্টাইন্ ১ আং, মিউছিলেজ ষ্টার্চ ১৫ আং।
ম্যাগ্নেসাই সল্ফেটিস্	Magnessii Sulphatis	সল্ফেট্ অব্ ম্যাগ্নেসিয়ম্ ১ আং, অলিভ অয়েল ১ আং, মিউছিলেজ ষ্টার্চ ১৫ আং।

(৮) এসেন্সিয়া বা এসেন্স (Essentia or Essence) ২টী মাত্র আছে। উদ্ভিদের বায়ী তৈলে ৪ গুণ রেক্টিফায়েড স্পীরিট যোগ করিয়া প্রস্তুত হয়।

(১) এসেন্সিয়া এনিসাই (Essentia Anisi) পরিমাণ ৫ এ ১

(২) এসেন্সিয়া মেন্থিপিপ্ (Essentia Menthipip) পরিমাণ ৫ এ ১।

(৯) **ওলিয়ম্ বা অয়েল (Oleum or Oil)** অর্থাৎ তৈল। ব্রিটিস্ ফার্মাকোপিয়ায় ৩৪ রকমের আছে। ইহারা দুই শ্রেণীতে বিভক্ত। স্থায়ী বা ফিক্সেড্ (fixed) অয়েল এবং বায়ী বা ভোলাটাইল (volatile) অয়েল। যে সকল তৈল উড়িয়া যায় তাহারা বায়ী, আর যাহারা উড়িয়া যায় না তাহারা স্থায়ী। সমুদয় স্থায়ী তৈল বৃক্ষের বীজ প্রভৃতি পিষিয়া বাহির করা যায়। আর বায়ী তৈল গুলি গুলি বীজ পত্র প্রভৃতি চোয়াইয়া বাহির করা হয়। লিমন্ অয়েল বায়ী তৈল হইলেও ইহাকে পিষিয়া বাহির করা হয়। নেবুর ত্বক্ পিষিয়া লেমন্ অয়েল পাওয়া যায়। এতদ্ব্যতীত আর কতকগুলি দ্রব্য আছে, তাহারা তৈল নামে অভিহিত না হইলেও বাস্তবিক তৈল। যথা—কর্পূর, বসা, মম, সুএট, এবং স্পারমেসেটি। এর মধ্যে ক্যাম্ফর্ বা কর্পূর বায়ী তৈল। আর সকলগুলি স্থায়ী। কডলিবর অয়েল জান্তব তৈল। ইহা কড্ মৎস্যের যকৃত হইতে উত্তাপ দ্বারা গৃহীত হয়।

প্রায় সমুদয় বায়ী তৈলের মাত্রা ১ হইতে ৪ মিনিম্। ওলিয়ম্ সাইনপিস্ বাহ্যিক প্রয়োগের জন্য ব্যবহৃত হয়। ওলিয়ম্ সাইনাপিস্ হচ্ছে মষ্টার্ড অয়েল। মষ্টার্ড্ বা রাই সরিষা। মষ্টার্ড্ হইতে স্থায়ী তৈল বাহির করিয়া ফেলিয়া পরে চোয়াইয়া যে তৈল পাওয়া যায়, তাহাই হচ্ছে মষ্টার্ডের বায়ী তৈল। এই বায়ী তৈল ভয়ানক বিষাক্ত জিনিষ। এজন্য আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

ওলিয়ম	Oleum	কেমন করিয়া পাওয়া যায়।	মাত্রা।
ইউক্যালিপ্টাই	Eucalypti	ইউ ক্যালিপ্টস্ পত্র হইতে চোয়াইয়া লওয়া হয়।	১—৪ মিনিম
এমিগডেলি (বাদাম তৈল)	Amygdalæ	আমণ্ড বা বাদাম ফল হইতে চোয়াইয়া।	২—৪ ড্রাম
এনিথাই	Anethi	ডিল ফল হইতে চোয়াইয়া	১—৪ মিনিম
এনিসাই	Anisi	এনাইস ফল হইতে চোয়াইয়া	১—৪ মিনিম
এন্থেমিডিস্	Anthemidis	এন্থেমিডিস্ ফল হইতে চোয়াইয়া	১—৪ মিনিম

		কেমন করিয়া পাওয়া যায়।	মাত্রা।
ওলিভি	Olivæ	অলিভ ফল পিসিয়া	½—১ আং
ক্যাজুপুটি	Cajuputi	ক্যাজুপুট পত্র হইতে চোয়াইয়া	১—৪ মিনিম
ক্যারুই	Carui	ক্যারুই ফল হইতে চোয়াইয়া	১—৪ মিনিম
ক্যারিওফাইলি (লবঙ্গের তৈল)	Caryophylli	লবঙ্গ হইতে চোয়াইয়া	১—৪ মিনিম
কিউবেবি (কাবাবচিনির তৈল)	Cubebæ	কাবাবচিনি হইতে চোয়াইয়া	৫—২০ মিনিম
কোরিয়াণ্ড্রাই	Coriandri	কেরিয়াণ্ডার ফল হইতে চোয়াইয়া	১—৪ মিনিম
ক্রোটনিস্ (জয়পাল তৈল)	Crotonis	ক্রোটন ফল (জয়পাল) হইতে পিষিয়া	½—১ মিনিম
কোপেইবি	Copaibæ	বালসাম কোপেয়া হইতে	৫—২০ মিনিম
ছিনামোমাই (দারুচিনির তৈল)	Cinnamomi	ছিনামন বা দারুচিনি হইতে চোয়াইয়া	১—৪ মিনিম
জুনিপেরি	Juniperi	জুনিপার ফল হইতে চোয়াইয়া	১—৪ মিনিম
টেরিবিন্থিনি	Terebinthinæ	টার্পিন্ হইতে চোয়াইয়া পাওয়া যায়	১০ মিনিম—৪ ড্রাম
থিওব্রোমেটিস্	Theobromatis	থিওব্রোমা ফল হইতে উত্তাপ দ্বারা	ঠিক নাই।
পাইমেণ্টি	Pimentæ	পাইমেণ্টো ফল হইতে চোয়াইয়া	১—৪ মিনিম
পাইনি সিলভেস্ট্রিস্	Pinisylvestris	উক্ত নামধেয় বৃক্ষের পত্র হইতে	ঠিক নাই।
ফস্ফরেটম্	Phosphoratum	ফস্ফরস এবং অয়েল অব্ আমণ্ড একত্র গরম করিয়া	৫—১০ মিনিম্

		কেমন করিয়া পাওয়া যায়।	মাত্রা।
মেন্থিপাইপেরিটী	Menthipiperitæ	উক্ত নামধেয় গুল্মের পত্র ও পুষ্প হইতে	১—৪ মিনিম
মেন্থিভিরিডিস্	Menthiviridis	উক্ত নামধেয় গুল্মের পত্র ও পুষ্প হইতে	ঐ
মর্হুই (কড্লিবর অয়েল)	Morhuæ (Codliver oil)	কড মৎস্যের যকৃত হইতে উত্তাপ দ্বারা	১—৮ ড্রাম
মাইরিস্টেসি	Myristacæ	মাইরিস্টেসি ফল হইতে চোয়াইয়া	১—৪ মিনিম
মাইরিস্টেছি এক্সপ্রেসম্	Myristacæ Expressum	ঐ ফল পিষিয়া	ঠিক নাই
রিছিনি (ক্যাষ্টর অয়েল)	Ricini	রেড়ির বীজ পিষিয়া (উত্তাপ দ্বারা)	১—৮ ড্রাম
রুটি	Rutæ	রুটা পত্র হইতে	১—৪ মিনিম
রোজমেরাইনি	Rosmarini	রোজমেরি পুষ্প হইতে	১—৪ মিনিম
ল্যাভাণ্ডুলি	Lavandulæ	ল্যাভেণ্ডার ফুল হইতে	১—৪ মিনিম
লিমনিস	Limonis	লেবুর ত্বক হইতে	১—৪ মিনিম
লিনি (মসিনার তৈল)	Lini	লিন্সিড্ বা মসিনা হইতে	বাহ্যিক প্রয়োগ জন্য।
সেবাইনি	Sabinæ	সেবাইন টপ হইতে	১—৪ মিনিম
স্যাণ্ট্যালি (চন্দন তৈল)	Santali	চন্দন কাষ্ঠ হইতে	১০—১০ মিনিম
সাইন্যাপিস্	Sinapis	সাইনাপিস্ বীজ হইতে (বায়ী তৈল)	বাহ্যিক প্রয়োগ জন্য।

(১০) ওলিয়েটম্ (Oleatum) ২টী মাত্র আছে। ওলিক এসিড দ্বারা প্রস্তুত ঔষধ।

বাঙ্গালা নাম।	ইংরেজি নাম।	যে যে দ্রব্যে প্রস্তুত হয়।	পরিমাণ।
ওলিয়েটম্ হাইড্রার্জিরাই	(Oleatum Hydrargyri)	ইওলো অক্সাইড্ অব্ মার্কারি ১ আং ওলিক এছিড্ ৯ আং।	১০এ১
ওলিয়েটম্ জিন্ছাই	(Oleatum Zinci)	অক্সাইড্ অব্ জিঙ্ক ১ আং, ওলিক এছিড্ ৯ আং।	১০এ১

(১১) কলোডিয়ম্ (Collodium) ৩টী মাত্র আছে। কলোডিয়ন দ্বারা প্রস্তুত হয়।

কলোডিয়ম্	Collodium	পাইরোকসাইলিন ১ অংশ, ঈথর ৩৬ অংশ স্পীরিট ১২ অংশ।
কলোডিয়ম্ ফ্লেক্সাইল	Collodium Flexile	কলোডিয়ন ১৮, ক্যানেডা বালসাম ২, ক্যাষ্টর অয়েল ১।
কলোডিয়ম্ ভেসিকান্স্	Colldium Vesicans	ব্লিষ্টারিং লিকুইড্ ২০, পাইরোক্ সাইলিন্ ১।

(১২) কন্‌ফেক্‌শন্ (Confection)—৮টী আছে। ঔষধ দ্রব্যকে চিনি মিশ্রিত করিয়া কন্‌ফেকশন্ প্রস্তুত হয়। ইহারা কবিরাজী মোদকের ন্যায় নরম দ্রব্য। সেবন করিবার ঔষধ।

বাঙ্গালা নাম।	ইংরেজি নাম।	যে যে দ্রব্যে প্রস্তুত হয়।	মূল দ্রব্যের পরিমাণ।	মাত্রা।
কন্‌ফেক্‌শিও ওপিয়াই	Confectio Opii	কম্পাউণ্ড পাউডার অব্ ওপিয়ম ১ অংশ, সিরাপ ৩ অংশ।	৪০ ভাগে ১ ভাগ অহিফেন।	৫—২০ গ্রেণ

বাঙ্গালা নাম।	ইংরেজি নাম।	যে যে দ্রব্যে প্রস্তুত হয়।	মূল দ্রব্যের পরিমাণ।	মাত্রা।
কন্‌ফেকশিও পাইপেরিস	Comfectio Piperis	গুঁড়া ব্লাকপেপার (গোলমরীচ) ২, ক্যারাওয়ে ফলের গুড়া ৩, মধু ১৫।	১০ শে ১	৬০—১২০ গ্রেণ
কন্‌ফেক্‌শিও রোজিকে-নাইনি (হিপ কন্‌ফেকশন্)	Confectio Rosæ Caninæ (confection of Hips)	বিচি গুলি ফেলিয়া দিয়া হিপ ১ ভাগ চিনি ২।	১০ ভাগ ১ ভাগ	১—৪ড্রাম
কন্‌ফেক্ষশিও রোজি-গ্যালিসাই (কন্‌ফেক্‌শন অব্ রোজ)	Confectio Rosæ (Gallici, Confection of Roses)	লাল গোলাপ ফুলেব পাঁপ্‌ড়ি ১ ভাগ চিনি ৩ ভাগ একত্র মর্দ্দন করিবে।	৪ ভাগ ১ ভাগ	২—৪ ড্রাম
কন্‌ফেক্‌শিও স্ক্যামনিয়াই	Confectio Scammonii	স্ক্যামনি বেজিন ৪৮, জিঞ্জার ২৪, অয়েল্ অব্ ক্যারাওয়ে ২, অযেল্ অব্ ক্লোভ্‌স্ ১, সিরাপ ৪৮, মধু ২৪ মিশ্রিত কব, অয়েল্ গুলি সর্ব্ব-শেষে যোগ করিতে হইবে।	৩ ভাগে ১ ভাগ	১০—৩০ গ্রেণ
কন্‌ফেক্‌শিও সেনি	Confectio Sennæ	গুঁড়া সেনা ৭ আং, করিয়াণ্ডার গুঁড়া ৩ আং, ফিগ ১২ আং, তেঁতুল (ট্যামা-রিণ্ড) ৯ আং, ক্যাসিয়ার সাঁস ৯ আং,		

		প্রুণ, ৬ আং, এক্‌ষ্ট্রাক্ট্‌ লিক্‌রাইচ ১ আং, চিনি ৩০ আং, জল যথা-প্রয়োজন। প্রথমে ফিগ ও প্রুণগুলি লইয়া ২৪ আং জলে সিদ্ধ কর। তার পর ক্যাসিয়ার শাঁস এবং তেঁতুল দিয়া ২ ঘণ্টা সিদ্ধ কর। ছাঁক। পরে চিনি এবং লিকরাইচ যোগ কর। গলাও। পরে সিনা এবং কোরিয়াণ্ডার যোগ কর। সর্ব্ব সাকল্যে ৭৫ আং।	

(১৩) ক্যাটাপ্ল্যাস্‌মা বা পুল্‌টিস (Cataplasma—Poultice) সর্ব্ব সাকল্যে ৬টী আছে। বাহ্যিক প্রয়োগ জন্য।

বাঙ্গালা নাম।	ইংরেজি নাম।	যে যে দ্রব্যে প্রস্তুত হয়।	মূল দ্রব্যের পরিমাণ।
ক্যাটাপ্ল্যাস্‌মা কার্ব্বনিস্ (চারকোল পুলটীস্, কয়লার পুলটীস্)	Cataplasma Carbonis- Charcoal poultice	কাঠের কলা ½ আং, পাউ-রুটী ২ আং, মসিনার খৈল ১½ আং, স্ফুটিত জল ১০ আং।	২৮ ভাগে ১ অংশ কয়লা

বাঙ্গালা নাম।	ইংরেজি নাম।	যে যে দ্রব্যে প্রস্তুত হয়।	মূল দ্রব্যের পরিমাণ।
ক্যাটাপ্ল্যাস্‌মা কোনাই (হেমলক্ পুল্‌টীস্)	Cataplasma Connii (Hemlock Poultice)	হেমলক বা কনায়ম রস ১ আং, মসিনার খৈল ৪ আং, স্ফুটিত জল ১০ আং	৩ ভাগে ১ ভাগ হেমলক
ক্যাটাপ্লাস্‌মা লিনি (মসিনার পুল্‌টীস্)	Cataplasma Lini (Linseed Poultice)	মসিনার খৈল ৪ আং, স্ফুটিত জল ১০ আং	৩½ ভাগে ১ ভাগ
ক্যাটাপ্লাস্‌মা সাইনাপিস্ (মষ্টার্ড্ পুল্‌টীস)	Cataplasma Sinapis (Mustard Poultice)	মষ্টার্ড্ ২½ আং, মসিনার খৈল ২½ আং, স্ফুটিত গরম জল ১ আং।	৬ ভাগে ১ ভাগ
ক্যাটাপ্লাস্‌মা সোডি ক্লোরিনেটি	Cataplasma Sodii Chlorinatæ	ক্লোরিনেটেড্ সোডা সলুসন ২ আং, মসিনার খৈল ৪ আং, স্ফুটিত গরম জল ৮ আং	৭ ভাগে ১ ভাগ
ক্যাটাপ্লাস্‌মা ফারমেণ্টি (ইয়েষ্ট্ পুলটীস)	Cataplasma Farmenti (Yeast Poultice)	বিয়ার ইয়েষ্ট ৬ আং, গমের ময়দা ১৪ আং, ১০০° ডিগ্রি উত্তপ্ত জল ৬ আং	৪½ ভাগে ১ ভাগ

(১৪) গ্লাইছেরিনম (Glycerinum) ৮টি আছে। গ্লাইছেবিন্ মিশ্রিত ঔষধের নাম গ্লাইছেরিনম্ বা গ্লাইসেরিন্।

গ্লাইছেরিনম্	Glycerinum	উপাদান	পরিমাণ	মাত্রা
এমাইলাই	Amyli	ষ্টার্চ্ ১ আং, গ্লাইছেরিন্ ৫ আং ডিষ্টিল্ড ওবাটার ৩ আং। উত্তপ্ত কর।	৮ এ ১	বাহ্যপ্রয়োগ
এছিডাই কার্ব্বলিছাই	Acidi carbolici	কার্ব্বলিক্ এছিড্ ১ আং, গ্লাইছেরিন্ ৪ আং	৪ এ ১	৫—১৫ মিনিম্
এছিডাই গ্যালিসাই	Acedi Gallici	গ্যালিক্ এছিড্ ১ আং, গ্লাইছেরিন্ ৪ আং	৪ এ ১	২০—৬০ মিনিম্
এছিডাই ট্যানিছাই	Acedi Tannici	ট্যানিক্ এছিড্ ১ আং, গ্লাই-ছেরিন্ ৪ আং। উত্তপ্ত কর।	৪ এ ১	বাহ্যপ্রয়োগ
গ্লাইসেরিনম্ এলুমিনিস্	Glycerinum Aluminis	এলম্ ১ আং, গ্লাইছেরিন্ ৪ আং উত্তপ্ত কর এবং থিতাইলে ঢালিয়া লও।	৪ এ ১	বাহ্যপ্রয়োগ
ট্র্যাগাকান্থি	Tragacanthæ	ট্র্যাগাকান্থা ১১০ গ্রেণ, গ্লাই-সেরিন্ ১ আং, জল ৭৪ গ্রেণ	৫½ এ ১	পিল তৈয়ার জন্য ব্যবহৃত হয়।

প্লম্বাই সাব্এছিটেটিস্	Plumbi subacetatis	এসিটেট্ অব্ লেড্ ৫ আং, অক্সাইড্ অব্ লেড্ ৩½ আং, গ্লাইছেরিন্ ১ পাইন্ট্, জল ১২ আং। সিদ্ধ কর এবং ছাঁকিয়া লও।		বাহ্যপ্রয়োগ
বোরাছিস্	Boracis	বোবাক্স্ ১ আং, গ্লাইছেবিন্ ৪ আং, ডিষ্টিল্ড ওয়াটার ২ আং	৬ এ ১	বাহ্যপ্রয়োগ

(১৫) চার্টা বা পেপার (কাগজ) (Charta or Paper) দুইটী আছে। বাহ্য প্রয়োগ হয়।

(১) চার্টা এপিস্ প্যাস্টিকা (Charta Epispastica)—হোযাইট্ ওযাক্স্ (সাদা মোম) ৪ আং, স্পার্মেছেটি ১½ আং, অলিভ অয়েল ২ আং, রেজিন্ ¾ আং, ক্যান্থাবাইডিস্ ১ আং, জল ৬ আং। জলস্বেদন যন্ত্রে ২ ঘণ্টা ভাপাইবে। পরে জল ছাঁকিয়া ফেলিযা ¼ আং ক্যানাডা বাল্সাম যোগ করিয়া কাগজের উপর বিছাইবে।

(২) চার্টা সাইন্যাপ্সিস্ (Charta Sinapsis)—মষ্টার্ড্ পাউডার ১ আং, লাইকর গটাপাব্চা ২ আং। মিশ্রিত করিযা কাগজে মাথাও। ব্যবহাবের পূর্ব্বে উষ্ণ জলসিক্ত করিয়া লও।

(১৬) ট্যাব্লেট্ (Tablet) একটীমাত্র আছে। ট্যাব্লেট্ অর্থে চাক্তি।

ট্যাবেলি নাইট্রোগ্লিছেরিনাই (Tabellæ Nitroglycereni)—প্রত্যেক ট্যাব্লেট্ ওজনে ২½ গ্রেণ এবং প্রত্যেকটীতে ১/১০০ গ্রেণ নাইট্রোগ্লিছেরিন্ আছে। চকোলেট এবং নাইট্রোগ্লিছেরিন্ দ্বারা প্রস্তুত।

টীংচ্যুরা বা টা[illegible]র (Tinctura or Tincture) ৭৫টী আছে। ইহাদিগকে বাঙ্গ[illegible] [illegible]লে। ইহাদের [illegible]শই গাছড়া ঔষধ হইতে প্রস্তুত হয়। টীং কে চিনেল এবং টীংচাব্ [illegible] [illegible]ডন্ এই দুইটি জান্তব [illegible]র্থ। টীং আইওডাইন্, টীং ক্লোরফরম, টীং ফেরি পার্‌ক্লোরাইড্, টীং ফেরি এ্যাছেটেটস্ এই কয়টী ধাতু এবং উপধাতু হইতে প্রস্তুত। সমস্ত টীংচার এলকোহল (স্পীরিট্) দ্বারা প্রস্তুত হয়। কতকগুলি প্রুফ স্পীরিট এবং কতকগুলি রেক্‌টীফায়েড স্পীরিট্ দ্বারা প্রস্তুত হয়। কতকগুলি কেবল মেচিরেশন (Maceration) দ্বারা অর্থাৎ ঔষধদ্রব্যকে স্পীরিটে ভিজাইয়া তৈয়ার করিতে হয়। কতকগুলি ম্যাচিরেশন্ এবং পার্‌কোলেশন্ দ্বারা প্রস্তুত হয়। ম্যাচিরেশন্ দ্বারা প্রস্তুত করিতে হইলে ঔষধ দ্রব্যকে সপ্তাহ পর্য্যন্ত সুরাতে ভিজাইয়া রাখিতে হয় এবং পরে ছাঁকিয়া লইতে হয়। ম্যাচিরেশন্ এবং পার্‌কোলেশন্ দ্বারা তৈয়ার করিতে হইলে এইরূপে তৈয়ার করিতে হয়। প্রথমে দ্রব্যগুলি গুঁড়া করিয়া ২॥০ আউন্স্ পরিমাণ লইয়া ১৫ আউন্স্ সুরাতে ৪৮ ঘণ্টা পর্য্যন্ত ভিজাইয়া রাখিবে। পরে সমুদয় দ্রব্যকে পার্‌কোলেশন্ যন্ত্রে স্থাপন করিয়া আর ৫ আং সুরা ঢালিয়া দিবে। তার পর পার্‌কোলেশন্ যন্ত্রের নিম্নে একটা পাত্র পাতিবে। ঐ পাত্রে ক্রমশঃ সমুদয় অরিষ্ট চোয়াইয়া পড়িবে। তার পর অবশিষ্ট যাহা থাকে, তাহাও চিপিয়া লইবে। পরে আরও সুরা যোগ করিয়া ১ পাইণ্ট্ পূর্ণ করিবে।

পার্‌কোলেশন যন্ত্র প্রস্তুত করিতে হইলে একটী দুই মুখ খোলা দীর্ঘ কাচের চোঙ্গ লইয়া তাহার এক মুখ শোষক কাগজ এবং বস্ত্র দ্বারা বদ্ধ করিবে। তার পর ঐ চোঙ্গের ভিতর ঔষধ দ্রব্যের চূর্ণ রাখিয়া তাহার উপর স্পীরিট ঢালিয়া দিবে। ঐ স্পীরিট ঔষধ দ্রব্যের সারভাগ গ্রহণ করিয়া শোষক কাগজের ভিতর দিয়া ক্রমশঃ চোয়াইয়া নীচে পড়িবে, নীচে অবশ্য একটা পাত্র পাতা থাকিবে।

টীংচার্ জিঞ্জার ষ্ট্রং কেবল পাব্‌কোলেশন দ্বারা প্রস্তুত হয়। ১০টী টীংচার কেবল স্পীরিটে মিশাইয়া দিলেই তৈয়ার হয়। সে কয়টী এই ঃ—টীং আইওডাইন, টীং ক্যানাবিস, টীংচার ক্লোরফরম, টীং কোয়াইনি টীং কোয়াইনি এমনিয়েটা, টীং টলুটেনা, টীং ফেরি পাব্‌ক্লোরাইড্, টীং ফেরি এছিটেটিস্, টীং ক্লোরফরম্ এট্ মর্‌ফাইনি, এবং টীং ক্যাম্ফরি কো।

টীংচার লোবিলিয়া ঈথিরিয়া স্পীরিট এবং ঈথর দ্বারা প্রস্তুত হয়। টীংচার কুইনাইন টীংচার অরেঞ্জ পিল দ্বারা প্রস্তুত হয়।

যে সকল ঔষধে অধিক পরিমাণে ধুনা ও বায়ী তৈল আছে, তাহাদের টীংচার প্রস্তুত করিতে রেক্‌টি-ফায়েড্ স্পীরিট্ ব্যবহার করিবে।

এসাফিটিডা, ক্যালম্বা, একনাইট, ক্যাস্‌কেরিলা, ক্যাটেকিউ, কোক্কাই, কোনায়াম, কিউবেবি, ক্র্যামে-রাই, গ্যালি, চিরেতা, ছিনামম, ডিজিট্যালিস্, জেল্‌সিমিয়ম্, জ্যালাপ, ছিমিছিফিউগি, বুকু, ভ্যালিরিয়ান, ভ্যালিরিয়ান এমন, মাব, জিন্‌জিবেলিস্, লাবিসিস্, কল্‌ছিকম্, লিমনিস্, লোবিলিয়াই, লোবিলিয়া ঈথি-রিয়া, লুপুলাই, সেবাইনি, সেনেগা, টলু, সিলি, সারপেণ্টারি, সম্বল, সেনা, হাইওসায়েমস্, ষ্ট্র্যাম-নিয়ম এই ৩৬টী টীংচার তৈয়ার করিতে ২½ আং দ্রব্য লইতে হয়। ইহাদের মূল দ্রব্যের পরিমাণ ৮ ভাগে ১ ভাগ।

সাধারণ টীংচার।

টীংচুরা	Tinctura	১ পাইন্ট প্রস্তত করিতে জিনিষের পরিমাণ	মূল দ্রব্যের পরিমাণ	মাত্রা
আরান্সাই (অরেঞ্জ পিল)	Aurantii (Orange Peel)	২ আং অরেঞ্জ পিল, প্রুফ স্পীরিট্ ১ পাইন্ট্	১০ ভাগে ১ ভাগ অরেঞ্জ পিল	১—২ ড্রাম
অরান্সাইরেক্ট্	Aurantii Rect	অরেঞ্জ পিল ৬ আং রেক্টিফায়েড স্পীরিট ১ পাইন্ট্	৩½ এ ১ ভাগ	১—২ ড্রাম
আর্নিছি (আর্নিকা)	Arnicæ (Arnica)	আর্নিকা মূল চূর্ণ ১ আং রেক্টিফায়েড স্পীরিট ১ পাইন্ট	২০ এ ১	
আইওডাই	Iodi	আইওডাইন এবং পটাস আইওডাইড প্রত্যেক ½ আং, রেক্টিফায়েড স্পীরিট্ ১ পাইন্ট্	৪০ ভাগে ১ ভাগ আইওডাইন্ এবং ১ ভাগ পটাস্ আই-ওডাইড্	৫—২০ মিনিম

আর্‌গটি	Ergotæ	আর্‌গট ৫ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট	৪ এ ১	৫—৩০ মিনিম
একনিটি	Aconiti	একনাইট মূল ২½ আং	৮ এ ১	৫—১৫ মিনিম
(একনাইট)	(Aconite)	রেক্‌টীফায়েড স্পীরিট ১ পাইন্ট		
এসাফিটিডি	Assafætidæ	এসাফিটিডা (হিঙ্গ) ২½ আং	৮ এ ১	½—১ ড্রাম
এলোজ	Aloes	সকোট্রিন এলোজ ½ আং, এক্‌ষ্ট্রাক্ট লিকরাইচ্‌ ১½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট্‌	৪০ এ ১ ভাগ এলোজ	১—২ ড্রাম
ওপিয়াই	Opii	অহিফেন ১½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট্‌	১৫½ মিনিমে ১ গ্রেণ অহিফেন	৫—৪০ মিনিম
ওপিয়াই এমনিয়েটা	Opii Ammoniata	ওপিয়ম ১০০ গ্রেণ, স্যাফ্রণ ১৮০ গ্রেণ, বেন্‌জইক এছিড ১৮০ গ্রেণ, অইল অব্‌ এনাচ্‌ ১ ড্রাম, লাইকর এমন ফোর্ট ৪ আং, রেক্‌টীফায়েড স্পীরিট ১ পাইন্ট্‌	৯৬ মিনিমে ১ গ্রেণ ওপিয়ম	½—১ ড্রাম

ক্যালম্বি	Calumbæ	ক্যালম্বা মূল চূর্ণ ২½ আং, প্রুফ স্পীরিট্ ১ পাইণ্ট্	৮ এ ১	½—১ ড্রাম্
ক্যানাবিস্ ইণ্ডিছি	Canabis Endicæ	এক্‌ষ্ট্রাক্ট্ ক্যানাবিস্ ইণ্ডিকা ½ আং, প্রুফ স্পীরিট্ ১ পাইণ্ট	২০ মিনিমে ১ গ্রেণ ক্যানাবিস্ এক্‌ষ্ট্রাক্ট্	৫—২০ মিনিম্
ক্যান্থারাইডিস্	Cantharidis	ক্যান্থারাইডিস্ চূর্ণ ১/৪ আং, প্রুফ স্পীরিট্ ১ পাইণ্ট্	৮০ তে ১ ভাগ	৫—২০ মিনিম
ক্যাপ্সিসাই (ক্যাপ্সিকম্)	Capsici (Capsicum)	ক্যাপ্সিকম্ ১/৮ আং রেক্‌টিফায়েড্ স্পীরিট ১ পাইণ্ট	৮০ তে ১	১০—২০ মিনিম্
ক্যাস্‌ক্যারিলি	Cascarillæ	ক্যাস্‌ক্যারিলা বার্ক্ ২½ আং, প্রুফ স্পীরিট্ ১ পাইণ্ট্	৮ এ ১	½—২ ড্রাম্
ক্যাটেকিউ	Catechew	ক্যাটেকিউ ২½ আং, ছিনামন ১ আং. প্রুফ স্পীরিট্ ১ পাইণ্ট্	৮ এ ১	½—১ ড্রাম্
কাইনো	Kino	কাইনো ২ আং, গ্লাইছেরিন্ ৩ আং, জল ৫ আং, রেক্‌টি-ফায়েড্ স্পীরিট্ ১ আং	১০ এ ১	½—২ ড্রাম্

কল্চিছাই সেমিনি	Colchisi Seminæ	কল্ছিকম্ বীজ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট্	৮ এ ১	১০—৩০ মিনিম্
কিউবেবি	Cubebæ	কিউবেব (কাবাবচিনি) ২½ আং, রেক্টিফায়েড্ স্পীরিট্ ১ পাইন্ট্	৮ এ ১	½—২ ড্রাম্
কুইনাইনি	Quininæ	হাইড্রোক্লোরেট্ অব্ কুই-নাইন্ ১৬০ গ্রেণ, টীং অরেঞ্জ্ পিল ১ পাইন্ট্	৬০ মিনিমে ১ গ্রেণ	½—২ ড্রাম্
কুইনাইনি এমোনিয়েটা	Quininæ Ammon	কুইনাইনি সল্ফাস ১৬০ গ্রেণ, লাইকর এমনিয়া ২½ আং, প্রুফ স্পীরিট্ ১ পাইন্ট্	১ ড্রামে ১ গ্রেণ কুইনাইন্	½—২ ড্রাম্
কুয়াশাই	Quassiæ	কুবাশিয়া ¾ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট্	২৭ এ ১	½—২ ড্রাম্
কোনাই	Conii	কোনায়ম ফল চূর্ণ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট্	৮ এ ১	২০—৬০ মিনিম্

ক্লোরফর্ম্ এট্ মর্ফাইনি	Chloroform et morphinæ	ক্লোরফর্ম্ ১ আং, ঈথর্ ২ ড্রাম্, স্পীরিট্ ১ আং, হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ ৮ গ্রেণ, হাইড্রোছিয়ানিক্ এছিড্ ৪ মিনিম্, অয়েল্ অব্ পিপার্মেণ্ট্ ১ আং, লিকুইড্ এক্ষ্ট্রাক্ট্ অব্ লিকরাইচ ১ আং, ট্রিয়াকেল এবং সিরপ ৮ আউন্স্ পূর্ণ করিতে যত লাগে	১০ মিনিমে $\frac{1}{48}$ গ্রেণ মর্ফিয়া হাইড্রোক্লোরেট্	৫—১০ মিনিম্
ক্র্যামেরাই	Krameriæ	ক্র্যামেরা মূল চূর্ণ ২$\frac{1}{2}$ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট্	৮ এ ১	$\frac{1}{2}$—২ ড্রাম
ক্রোকাই	Croci	ক্রোকাই ১ আং, প্রুফ স্পীরিট্ ১ পাইণ্ট্	২০ এ ১	$\frac{1}{4}$—১ ড্রাম্

কোক্কাই	Cocci	কোচিনেল ২½ আং, প্রুফ স্পীরিট্ ১ পাইন্ট্	৮ এ ১	১—২ ড্রাম্
গ্যালি	Gallæ	২½ মাজুফল, প্রুফ স্পীরিট	৮ এ ১	½—২ ড্রাম্
গুয়াসাই এমনিয়েটা	Guaiaci Am	গুয়াকম্ বেজিন্ ৪ আং, স্পীরিট্ এমন্ এরমেটিক্ ১ পাইন্ট্	৫ এ ১	½—১ ড্রাম্
চিরেটি (টীংচার্ চিরেতা)	Chiratae	২½ আং চিরতা, প্রুফ স্পীরিট ১ পাইন্ট্	৮ এ ১	½—২ ড্রাম্
ছিংকোনি	Cinchonae	রেড্ সিঙ্কোনা বার্ক ৪ আং, প্রুফ স্পীরিট্ ১ পাইন্ট	৫ এ ১	½—২ ড্রাম্
ছিমিছিফিউগি	Cimicifugæ	ছিমিছিফিউগা ২½ আং, প্রুফ স্পীরিট্ ১ পাইন্ট্		
ছিনামমাই (টীং ছিনামন)	Cinnamomi	২½ আং বার্ক অব্ সিনামম্ (দারুচিনি), রেক্টিফায়েড্ স্পীরিট্	৮ এ ১	½—২ ড্রাম্
জেল্সেমাই	Gelsemii	জেল্সিমিয়ম্ মূল ২½ আং, প্রুফ স্পীরিট	৮ এ ১	৫—২০ মিনিম

জ্যাবরাণ্ডি	Jaborandi	জ্যাবরাণ্ডি পত্র ৫ আং, প্রুফ স্পীরিট	৪ এ ১	$\frac{1}{2}$—১ ড্রাম
জ্যালাপি	Jalapæ	২$\frac{1}{2}$ আং মূল, প্রুফ স্পীরিট	৮ এ ১	$\frac{1}{2}$—২ ড্রাম
জিঞ্জিবেরিস্	Zingiberis	২$\frac{1}{2}$ আং জিঞ্জার, রেক্টিফায়েড স্পীরিট	৮ এ ১	$\frac{1}{8}$—১ ড্রাম
জিঞ্জিবেরিস্ ফোর্ট	Zingiberis Fort	১০ আং জিঞ্জার, রেক্টিফায়েড স্পীরিট	২ এ ১	৫—২০ মিনিম
টলুটানা	Tolutanæ	টলু ২$\frac{1}{2}$ আং, রেক্টীফায়েড্ স্পীরিট ১ পাইণ্ট	৮ এ ১	২০—৪০ মিনিম
ডিজিট্যালিস্	Digitalis	২$\frac{1}{2}$ আং ডিজিট্যালিস্ পত্র, প্রুফ স্পীরিট	৮ এ ১	১০—৩০ মিনিম
নক্সভমিসি	Nux Vomicæ	১৩৩ গ্রেণ এক্‌ষ্ট্রাক্ট নক্সভমিকা, ৪ আং জল, রেক্টিফায়েড্ স্পীরিট ১৬ আং	৪৮০ তে ১	১০—২০ মিনিম
পডোফাইলাই	Podophylli	পডোফাইলিন রেজিন ১৬০ গ্রেণ, রেক্টিফায়েড্ স্পীরিট	৬০ এ ১	$\frac{1}{8}$—১ ড্রাম
পাইরেথ্রাই	Pyrethri	পাইরেথ্রাই মূল ৪ আং, রেক্টিফায়েড্ স্পীরিট	৫ এ ১	খাইবার নহে।
ফেরি পার্‌ক্লোরাইড	Ferri Perchloride	লাইকর ফেরি পার্‌ক্লোরাইড্ ষ্ট্রং ৫ আং, ১০ আং জল এবং রেক্টিফায়েড্ স্পীরিট ৫ আং	৪ এ ১	১০—৩০ মিনিম

ফেরি এছেট	Ferri Acetatis	লাইকর ফেরি এছেট ফোর্ট ৫ আং, এছেটিক এছিড ১ আং, স্পীরিট রেক্টিফায়েড্ ৫ আং, পরিস্রুত জল ৯ আং	৪ এ ১	৫—৩০ মিনিম
বেলাডোনি	Belladonnæ	১ আং বেলেডোনা পত্র, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট	২০ তে ১	৫—২০ মিনিম
বুকু	Buchu	২½ বুকু পত্র, প্রুফ স্পীরিট	৮ এ ১	১—২ ড্রাম
ভ্যালিরিয়ানি	Valerianæ	২½ আং ভ্যালিরিয়ান মূল, প্রুফ স্পীরিট	৮ এ ১	½—১ ড্রাম
ভ্যালিরিয়ান এমন	Valerian Amon	২½ আং ভ্যালিরিয়ান মূল, স্যালভোলাটাইল	৮ এ ১	½—১ ড্রাম
ভেরাট্রাই	Veratri-vir	৪ আং ভেরাট্রম মূল, রেক্টিফায়েড্ স্পীরিট	৫ এ ১	৫—২০ মিনিম
মার	Myrrhæ	২½ আং মার, রেক্টিফায়েড স্পীরিট	৮ এ ১	½—১ ড্রাম
রিয়াই	Rhei	রুবার্ব্ব মূল ২ আং, কোরিয়াণ্ডার কার্ডমম এবং স্যাফ্রণ প্রত্যেক ½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট	১০ এ ১	১—৮ ড্রাম
লারিছিস্	Laricis	২½ আং লার্চবার্ক, রেক্টিফায়েড স্পীরিট	৮ এ ১	২০—৩০ মিনিম
লিমনিস্	Limonis	২½ আং লেবুর ত্বক, প্রুফ স্পীরিট	৮ এ ১	½—২ ড্রাম
লোবেলাই	Lobeliæ	২½ আং লোবেলাই, প্রুফ স্পীরিট	৮ এ ১	১০—৩০ মিনিম

লোবেলাই ইথিরাই	Lobeliæ Æth	২½ আং লোবেলাই, স্পীরিট অব্ ঈথর ১ পাইণ্ট	৮ এ ১	১০—৩০ মিনিম
লুপুলাই	Lupuli	২½ আং লুপুলাই, প্রুফ স্পীরিট	৮ এ ১	½—২ ড্রাম
সেনি	Sennæ	সেনা পত্র ২½ আং, রেইজিন ২ আং, ক্যারাওয়ে ½ আং, কোরিয়াণ্ডার ½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট	৮ এ ১	১—৪ ড্রাম
সেবাইনি	Sabinæ	২½ আং সেভাইন টপ, প্রুফ স্পীরিট	৮ এ ১	½—১ ড্রাম
সিলি	Scillæ	২½ আং সিলি, প্রুফ স্পীরিট	৮ এ ১	১০—৩০ মিনিম
সিনেগি	Senegæ	২½ আং সেনেগা মূল, প্রুফ স্পীরিট	৮ এ ১	½—২ ড্রাম
সার্পেণ্টারি	Serpentariæ	২½ আং সার্পেণ্টারি মূল, প্রুফ স্পীবিট	৮ এ ১	½—২ ড্রাম
সম্বল	Sumbul	২½ আং সম্বল মূল ও প্রুফ স্পীরিট	৮ এ ১	১০—৩০ মিনিম
ষ্ট্র্যামনাই	Stramonii	ষ্ট্র্যামনাই বীজ ২½ আং, প্রুফ স্পীরিট	৮ এ ১	১০—৩০ মিনিম
ষ্ট্রোফ্যান্থাই	Strophanthi	১আং ষ্ট্রোফ্যান্থস্ বীজ, রেক্টিফায়েড স্পীরিট	২০ এ ১	২—১০ মিনিম
হ্যামামেলিডিস্	Hamamelidis	২ আং হ্যামামেলিস্ বার্ক, প্রুফ স্পীরিট	১০ এ ১	৫—৬০ মিনিম
হাইড্রাস্টিস্	Hydrastis	২ আং হাইড্রাস্টিস্ মূল, প্রুফ স্পীরিট	১০ এ ১	½—১ ড্রাম
হাইওসায়ামাই	Hyosciami	২½ আং হাইওসায়মস্ পত্র, প্রুফ স্পীরিট	৮ এ ১	½—১ ড্রাম

কম্পাউণ্ড টিংচার।

টীংচার	Tinct	১ পাইণ্ট প্রস্তুত করিতে দ্রব্যের পরিমাণ।	মূল দ্রব্যের পরিমাণ।	মাত্রা।
ক্যাম্ফোরি কো	Camphoræ co	অহিফেন ৪০ গ্রেণ, বেঞ্জয়িক এসিড্ ৩০ গ্রেণ, কর্পূর ½ ড্রাম, অয়েল অব্ এনাইস্ ½ ড্রাম, প্রুফ স্পীরিট	২৪০ ভাগে ১ ভাগ আফিং আছে, ৩২০ ভাগে ১ ভাগ কর্পূর	¼—১ ড্রাম
কার্ডামোমাই কো	Cardamomi co	কার্ডামম ½ আং, ক্যারাওয়ে ২ আং, রেইজিন ½ আং, সিনামন ৫৫ গ্রেণ, কোচিনেল, প্রুফ স্পীরিট	৮০ তে ১	½—২ ড্রাম
ক্লোরফরমাই কো	Clorhoformi co	ক্লোরফরম্ ২ আং, টীং কার্ডামম কো ১০ আং, রেক্টিফায়েড স্পীরিট	১০ এ ১	২০—৬০ মিনিম
ছিঙ্কোনি কো	Chinchonæ co	লোহিত সিঙ্কোনা বার্ক ২ আং, অরেঞ্জ পিল ½ আং, সার্পেণ্টারি ½ আং, স্যাফ্রেণ ২৮ গ্রেণ, কোচিনেল, প্রুফ স্পীরিট	১০ এ ১	½—২ ড্রাম

জেন্সিয়ানি কো	Gentianæ co	জেন্সেন মূল ১½ আং, অরেঞ্জ পিল ⅛ আং, কার্ডমম ⅛ আং, প্রুফ স্পীরিট	১৩⅓ এ ১	½—২ ড্রাম
বেঞ্জইনি কো	Benzoini co	বেঞ্জয়েন ২ আং, ১½ আং ষ্টৌরাক্স, টলু ½ আং, সকোট্রিন এলোজ ১৬০ গ্রেণ, রেক্‌টিফায়েড্ স্পীরিট	১০ এ ১	½—১ ড্রাম
ল্যাভাণ্ডুলি কো	Lavandulæ co	অয়েল অব্ লেভেণ্ডার ৪৫ মিনিম, অয়েল অব্ রোজমেরি ৫ মিনিম, ছিনামন এবং নটমেগ প্রত্যেক ৭৫ গ্রেণ, রক্ত-চন্দন কাষ্ঠ ১৫০ গ্রেণ, রেক্‌টিফায়েড্ স্পীরিট	......	½—২ ড্রাম

ট্রচিছাই বা লোজেঞ্জ (Trochisci or Lozenge) ১৩টী আছে। ইহারা এক রকম চূড়ার ন্যায় আকার বিশিষ্ট বটিকা ঔষধ। ঔষধ দ্রব্যকে চিনি এবং গঁদ মিশ্রিত করিয়া প্রস্তত করা হয় সবনাইট্রেট্ অব্ বিস্‌মথ্ লোজেঞ্জ ভিন্ন আর সকল লোজেঞ্জের ওজন প্রায় ১৫ গ্রেণ। ঔষধ দ্রব্য, চিনি এবং গঁদ চূর্ণ একত্রে মিশ্রিত করিয়া জল দিয়া ময়দা মাখিবার ন্যায় মাথ এবং বিভক্ত কর। মৃদু সন্তাপে শুষ্ক কর, ইহারা সেবন করিবার ঔষধ।

ট্রচিছাই	Trochisci	৭২০টা প্রস্তত করিতে যত দ্রব্য লাগে।	প্রতি লোজেঞ্জে যত পরিমাণ দ্রব্য থাকে।	মাত্রা।
ইপিক্যাকুয়ানি	Ipecacuanhæ	ইপিকাক চূর্ণ ১৮০ গ্রেণ, চিনি ২৫ আং,	¼ গ্রেণ ইপিকাক	১—৩ টা

		গঁদ চূর্ণ ১ আং, মিউসিলেজ একেশিয়া ২ আং, জল যথাপ্রয়োজন।		
এছিডাই বেন্‌জয়িছাই	Acidi Benzoici	বেন্‌জয়িক এছিড, চিনি, গম একেশিয়া, মিউসিলেজ অব্ গম একেশিয়া, ডিষ্টিল্ড ওয়াটার।	½ গ্রেণ	১—৫টা
এছিডাই ট্যানিছাই	Acidi Tannici	ট্যানিক এছিড ৩৬০ গ্রেণ, টীং টলু ½ আং, চিনি ২৫ আং, গঁদ ১ আং, মিউসি-লেজ অব্ গম একেশিয়া ২ আং, ডিষ্টিল্ড ওয়াটার ১ আং।	½ গ্রেণ	১—৬টা
ওপিয়াই	Opii	এক্‌ষ্ট্রাক্ট্‌ ওপিয়াই ৭২ গ্রেণ, টীং টলু ½ আং, চিনি ১৬ আং, এক্‌ষ্ট্রাক্ট্‌ লিকরাইচ ৬ আং, গম একেশিয়া ২ আং, স্ফুটিত ডিষ্টিল্ড ওয়াটার ৬ আং।	$\frac{১}{১০}$ গ্রেণ	১—৪টা
ক্যাটেকিউ	Catechu	খদির চূর্ণ ৭২০ গ্রেণ, চিনি ২৫ আং, গম একেশিয়া ১ আং, মিউসিলেজ একেশিয়া ২ আং, ডিষ্টিল্ড ওয়াটার যথাপ্রয়োজন।	১ গ্রেণ	১—৫টা

পটাসি ক্লোরেটিস	Potassii chloratis	ক্লোবেট অব পটাস ৩৬০০ গ্রেণ, চিনি ২৫ আং, গম একেশিয়া ১ অং, মিউসিলেজ একেশিয়া যথাপ্রয়োজন।	৫ গ্রেণ	১—৬টা
ফেরি রিডক্টাই	Ferri Redacti	লৌহ চুর্ণ ৭২০ গ্রেণ, চিনি ২৫ আং, গম একেশিয়া ১ আং, মিউসিলেজ গম একেশিয়া ২ আং, ডিষ্টিল্ড ওযাটাব যথাপ্রযোজন।	১ গ্রেণ লৌহ	১—৫টা
বিসমুথাই	Bismuthi	হোযাইট বিসমাথ ১৪৪০ গ্রেণ, কার্ব্বনেট অব্ ম্যাগ্নেশিযা ৪ আং, প্রেসিপিটে-টেড্ কার্ব্বনেট অব্ লাইম ৬ আং, চিনি ২৯ আং, গম একেশিযা ১ আং, মিউশিলেজ একেশিযা ২ আং, গোলাব জল যথাপ্রয়োজন।	২ গ্রেণ	১—৬টা
মর্ফাইনি	Morphinæ	হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন ২০ গ্রেণ, টীং টলু ½ আং, চিনি ২৪ আং, গম একেশিয়া ১ আং, মিউসিলেজ যথা-প্রয়োজন, ডিষ্টিল্ড ওয়াটার ½ আং।	$\frac{1}{36}$ গ্রেণ মর্ফিয়া	১—৬টা

মর্‌ফাইনি এট ইপিকাক	Morphinæ Et Ipecac	উপরোক্ত দ্রব্যাদিতে ৬০ গ্রেণ পল্‌ভ্‌ ইপিকাক যোগ কর।	মর্‌ফিয়া $\frac{১}{৩৬}$ গ্রেণ ইপিকাক $\frac{১}{১২}$ গ্রেণ	১—৬টা
স্যাণ্টনিনাই	Santonini	স্যাণ্টনিন, চিনি, গম, মিউসিলেজ্‌, ডিষ্টিল্ড ওয়াটার।	১ গ্রেণ	২—৪টা
সোডিয়াই বাইকার্ব্ব	Sodii Bicarb	বাইকার্ব্বনেট অব্‌ সোডা, চিনি, গম, মিউসিলেজ অব্‌ গম, ডিষ্টিল্ড ওয়াটার।	৫ গ্রেণ	১—৬টা
সালফিউরিস্‌	Sulphuris	প্রেছিপিটেটেড্‌ সাল্‌ফার, ক্রিম অব্‌ টার্টার্‌, চিনি, গম, মিউসিলেজ অব্‌ গম, টীং অরেঞ্জ।	৫ গ্রেণ	১—৬টা

ডিককটম বা ডিককৃশন (Decoctum or Decoction) ১৩ রকমের আছে। গাছড়া ঔষধ জলে সিদ্ধ করিয়া ডিককৃশন তৈয়ার হয়। ডিককটম্‌ গ্রাণাটি ব্যতীত আর সকলগুলি প্রস্তুত করিবার সময় পাত্রের মুখ আবৃত করিবে। ডিষ্টিল্‌ড ওয়াটার বা পরিস্রুত জল ব্যবহার করিবে। সিদ্ধ হইলে ছাঁকিয়া লইবে।

ডিককটম	Decoctum	উপাদান।	প্রধান দ্রব্যের পরিমাণ।	মাত্রা।
এলোজ্‌ কো	Aloes Co	এক্‌ষ্ট্রাক্ট্‌ সকোট্রিন্‌ এলেজ্‌ $\frac{১}{২}$ আং, মার, স্যাফ্রণ এবং কার্ব্বনেট অব্‌ পটাসিয়ম	১ আউন্সে ৪৩ গ্রেণ	$\frac{১}{২}$—২ আং

		প্রত্যেক ½ আং, এক্‌ষ্ট্রাক্ট্‌ লিকরাইচ্‌ ২ আং, কম্পাউণ্ড টীংচার্‌ অব্‌ কার্ডমম ১৫ আং, জল যথাপ্রয়োজন। (সমষ্টিতে ৫০ আং হইবে)। স্যাফ্রণ এবং টীং কার্ডমম ব্যতীত আর সমস্ত দ্রব্য ১ পাইণ্ট জলে ৫ মিনিট কাল সিদ্ধ কর। পরে স্যাফ্রণ যোগ কর, শীতল হইলে টীং কার্ডমম যোগ কর। ২ ঘণ্টা পরে ছাঁক। পরে জল দিয়া মোট ৫০ আং করিয়া লও।		
কুয়ারকশ	Quercus	ওকবার্ক (ওকের ছাল) ১½ আং, ১ পাইণ্ট জলে ১০ মিনিট সিদ্ধ কর, ১ পাইণ্ট্‌ থাকিবে।		বাহ্যপ্রয়োগ।
গ্রাণাটি রাডিছিস্‌	Granati Radicis	পোমগ্র্যানেট রুটবার্ক (পোমগ্রানেট্‌ মূলের ছাল) ২ আং লইয়া ৪০ আউন্স্‌ জলে সিদ্ধ করিয়া ১ পাইণ্ট থাকিতে নামাও।	১ পাইণ্টে ২ আং	২—৪ আং।

ছিট্রারাই	Cetrariæ	আইস্ল্যাণ্ডমস্ ১ আং, জল ১ পাইন্ট ১০ মিনিট সিদ্ধ কর, ছাঁকিয়া লও এবং জল দিয়া এক পাইন্ট পূর্ণ কর।	১ পাইন্টে ১ আং	১—৪ আং
ছিংকোনি	Cinchonæ	লাল সিংকোনা বার্ক ১¼ আং, ১ পাইন্ট জলে ১০ মিনিট সিদ্ধ কর, শীতল হইলে ছাঁক এবং জল দিয়া ১ পাইন্ট পূর্ণ কর।		১—২ আং
ট্যারাক্সেছাই	Taraxaci	ট্যারাক্সেকম্ রুট ১ আং, ১ পাইন্ট জলে ১০ মিনিট সিদ্ধ কর।	১ পাইন্টে ১ আং	২—৪ আং
প্যাপাভেরিস্	Papaveris	পোস্ত ঢেঁড়ি ২ আং, ১¼ পাইন্ট জলে ১০ মিনিট সিদ্ধ করিয়া ১ পাইন্ট পূর্ণ কর।	১ পাইন্টে ১ আং	বাহ্যপ্রয়োগ
প্যারাইরি	Pareiræ	প্যারিরা রুট ১¼ আং, ১ পাইন্ট জলে ১০ মিনিট সিদ্ধ কর।	১ পাইন্টে ¼ আং	১—২ আং
সার্সি	Sarsæ	সার্সা পেরিলা ১½ আং ১½ পাইন্ট ফুটন্ত জলে ১ ঘণ্টা ভিজাইয়া রাখ। পরে	১ পাইন্ট ২½ আং	২—১০ আং

		১০ মিনিট কাল সিদ্ধ কর। ১ পাইন্ট থাকিবে।		
সার্‌সিকো	Sarsæ co	সারসা প্যারিলা ২½ আং, স্যাসাফ্রাস্, গোয়েকম এবং লিকরাইচ্ মূল প্রত্যেক ½ আং, মেজিরেয়ন বার্ক ½ আং, ফুটন্ত জল ১½ পাইন্ট, ১ ঘণ্টা ভিজাও, পরে ১০ মিনিট সিদ্ধ কর, ১ পাইন্ট থাকিবে।	১ পাইন্ট ২½ আং	২—১০ আং
হিমটক্‌সাই	Hæmotoxyii	হিমটক্‌সাইলম্ (লগউড) কুট্টিত ১ আং, ছিনামন (দারুচিনি) ২৫ গ্রেণ, ১ পাইন্ট জলে ১০ মিনিট সিদ্ধ কর। পরে ছাঁকিয়া শীতল হইলে জল দিয়া ১ পাঃ পূর্ণ কর।	১ পাইন্ট ১ আং	১—২ আং
হোরডিয়াই	Hordii	বার্লি ২ আং ১½ পাইন্ট জলে ২০ মিনিট সিদ্ধ কর এবং ছাঁকিয়া লও।	১ পাইন্ট ২ আং	১—৪ আং
স্কোপারাই	Scoparii	শুষ্ক ব্রুসটপ ১ আং, ১ পাইন্ট জলে ১০ মিনিট সিদ্ধ কর।	১ পাইন্ট ১ আং	২—৪ আং

পল্‌ভিস্ বা পাউডার (Pulvis or Powder) ১৬ রকমের আছে। ইহারা গুড়া ঔষধ।

পল্‌ভিস্	Pulvis	যে যে দ্রব্য আছে।	মূল দ্রব্যের পরিমাণ।	মাত্রা।
এমিগ্‌ডেলি কো	Amygdalæ co	মিষ্ট বাদাম ৮ আং, চিনি ৪ আং, গম একেশিয়া ১ আং।	১৩ তে ৮	১০—৬০ গ্রেণ
এণ্টিমোনিয়ালিস্	Antimonialis	অক্সাইড্ অব্ এণ্টিমনি ১ আং, ক্যাল্‌সিয়ম্ ফস্‌ফেট্ ২ আং।	৩ এ ১	৩—৫ গ্রেণ
ইলেটিরিনাই কো	Elatereni co	ইলেটিরিন্ ৫ গ্রেণ, সুগার অব্ মিল্ক (দুগ্ধ শর্করা) ১৯৫ গ্রেণ।	৪০ এ ১	½—৫ গ্রেণ
ইপিক্যাকুয়ানহি কো	Ipecacuanhæ co	ওপিয়ম্ ½ আং, ইপিকাকুয়ানহা ½ আং, সল্‌ফেট্ অব্ পোটাসিয়ম্ ৪ আং।	ইপিকাক ১০এ১ ওপিয়ম ১০এ১	৫—১৫ গ্রেণ
ওপিয়াই কো	Opii co	ওপিয়ম্ ১½ আং, ব্লাক্‌পিপার (গোলমরিচ) ২ আং, জিঞ্জার ৫ আং, ক্যারাওয়ে ৬ আং, ট্র্যাগাকান্থা ½ আং।	১০ এ ১	২—৫ গ্রেণ
কাইনো কো	Kino co	কাইনো ৩¾ আং, ওপিয়ম্ ¼ আং, ছিনামন ১ আউন্স।	ওপিয়ম্ ২০ এ ১	৫—২০ গ্রেণ

ক্যাটেকিউ কো	Catechu co	ক্যাটাকিউ ৪ আং, কাইনো এবং র্যাটানি প্রত্যেক ২ আং, ছিনামন এবং নটমেগ প্রত্যেক ১ আং।	২½ তে ১	২০—৪০ গ্রেণ
ক্রিটি এরমেটিকস্	Cretæ Aromaticus	ছিনামন (দারুচিনি) ৪ আং, নটমেগ (জায়ফল) ৩ আং, স্যাফ্রণ (জাফ্রান) ৩ আং, ক্লোভ (লবঙ্গ) ১½ আং, কার্ডমম (ছোট এলাচ) ১ আং, সুগার (চিনি) ২৫ আং, চক (চাখড়ি) ১১ আং।	৪½ এ ১ ভাগ চক্	১০—৬০ গ্রেণ
ক্রিটি এরম্যাট্কম্ ওপিও	Cretæ Aromatc. Opio	পল্ভ ক্রিটি এরম্যাট ৯¾ আং, ওপিয়ম্ (অহিফেন) ¼ আং।	৪০ এ ১ অহিফেন	১০—৪০ গ্রেণ
গ্লাইসিরহিজি কো	Glycyrrhizæ co	ছেনা এবং লিকরাইচ্ প্রত্যেক ২ আং, ফেনেল এবং সল্ফার (গন্ধক) ১ আং, সুগার (চিনি) ৬ আং।	৬ এ ১	৩০—৬০ গ্রেণ
ছিনামোমাই কো	Cinnamomi co	ছিনামন (দারুচিনি), কার্ডমম্ (এলাচ), এবং জিঞ্জার (শুঁট) প্রত্যেক ১ আং।	৩ এ ১	৩—১০ গ্রেণ
জ্যালাপি কো	Jalapæ co	জ্যালাপ্ ৫ আং, ক্রিম্ অব্ টার্টার ৯ আং, জিঞ্জার ১ আং।	৩ এ ১	২০—৬০ গ্রেণ

ট্র্যাগাকান্থি কো	Tragacanthæ co	ট্র্যাগাকান্থা, গম একোশিয়া, ষ্টার্চ প্রত্যেক ১ আং, স্থগার (চিনি) ৩ আং।	৬ এ ১	২০—৬০ গ্রেণ
রিয়াই কো	Rhei co	রুবার্ব্ব ২ আং, ম্যাগ্নেসিয়া লেভিস্ ৬ আং, জিঞ্জার ১ আং।	৪½ এ ১	২০—৬০ গ্রেণ
স্ক্যামনিয়াই কো	Scamonii co	স্ক্যামনি রেজিন ৪ আং, জ্যালাপ ৩ আং, জিঞ্জার ১ আং।	২ এ ১	১০—২০ গ্রেণ
সোডি টার্ট এফার্ভেস্	Sodæ Tart Efferves	টার্টারেট্ অব্ সোডা ১২০ গ্রেণ, বাই কার্ব্বনেট্ অব্ সোডা ৪০ গ্রেণ, টার্টারিক এসিড্ ৩৮ গ্রেণ।	১২০, ৪০ এবং ৩৮	১৯৮ গ্রেণ

পাইলিউলা বা পিল (Pilula or Pil) ২২ রকম আছে। ইহাদিগকে বটিকা বলে।

পাইলিউলা	Pilula	যে যে দ্রব্যে তৈয়ার হয়।	প্রধান দ্রব্যের পরিমাণ।	মাত্রা।
ইপিক্যাকুয়ানহি কম্ সিলি	Ipecacuanhæ cum Scillæ	পল্ভ ইপিকাক কো ৩ আং, স্কুইল এবং এমনায়েকম প্রত্যেক ১ আং, গুড় (ট্রিয়াকেল) যথাপ্রয়োজন।	৭ ভাগ ডোভার্স্ পাউডার এবং সিলা ১	৫—১০ গ্রেণ

এলোজ্ বারবেডেন্সিস্	Aloes Barbadensis	বারবেডোজ এলোজ ২ আং, হার্ড সোপ ১ আং, অয়েল অব্ ক্যারাওয়ে ১ ড্রাম্, কন্‌ফেশন্ অব্ রোজ্ ১ আং।		৫—১০ গ্রেণ
এলোজ্ সকোট্রিনি	Aloes Socotrinæ	সকোট্রিন্ এলোজ্, এসাফিটিডা, হার্ড সোপ, কন্‌ফেকশন্ অব্ রোজ প্রত্যেক ১ আং।		ঐ
এলোজ্ এট ফেরি	Aloes et Ferri	সল্‌ফেট্ অব্ আয়রন্ ১½ আং, বারবেডোজ এলোজ ২ আং, কম্পাউণ্ড্ পাউডার অব্ সিনামম্ ৩ আং, কন্‌ফেক্‌শন্ অব্ রোজ ৪ আং।		ঐ
এলোজ এট মার	Aloes et myrrhæ	সকোট্রিন্ এলোজ ২ আং, মার ১ আং, স্যাফ্রন্ ½ আং, ট্রিয়াকেল ১ আং, গ্লিসরিন্ যথাপ্রয়োজন।	৩ এ ১ এলোজ	ঐ
এলোজ এট্ এসাফিটিডি	Aloes et Assafœtidæ	সকোট্রিন্ এলোজ্, এসাফিটিডা, হার্ড সোপ, কন্‌ফেক্‌শন্ অব্ রোজ প্রত্যেক ১ আং।	৪ ভাগ এলোজ ১, এসাফিটিডা ১	ঐ

এছাফিটিডি কো	Assafœtidæ co	এছাফিটিডা, গ্যাল্‌বেন্নুম্, মার প্রত্যেক ২ আং, ট্রিয়াকেল ১ আং।	৩½ এ ১	৫—১০ গ্রেণ
কলোসিন্থ্ কো	Colocynth co	কলোসিন্থ্ ১ আং, বার্‌বেডোজ এলোজ ২ আং, স্ক্যামনি রেজিন্ ২ আং, সল্‌ফেট্ অব্ পটাসিয়ম্ ¼ আং, অয়েল অব্ ক্লোভস্ ২ ড্রাম্, ডিষ্টিল্‌ড্ ওয়াটার যথাপ্রয়োজন।	৬ ভাগে কলো-সিন্থ্ ১, এলোজ ২, স্ক্যামনি ২	ঐ
কলোসিন্থ্ এট্ হাইওসায়ামাই	Colocynth et Hyosciami	এক্‌ষ্ট্রাক্ট্ অব্ হেন্‌বেন ১ আং, কলোসিন্থ্ পিল ২ আং।	৩ ভাগে ২ ভাগ পিল কলো-সিন্থ্ কো।	ঐ
কোনাই কো	Conii co	এক্‌ষ্ট্রাক্টম্ কোনাই ২½ আং, ইপিকাকু-য়ানহা ½ আং, ট্রিয়াকেল যথা-প্রয়োজন।	৩ অংশে কোনাই ২½, ইপিকাক্ ২	ঐ
ক্যাম্বোজাই কো	Cambogiæ co	গ্যাম্বোজ, বারবেডোজ এলোজ, পল্‌ভসিনা-মম কো প্রত্যেক ১ আং, হাড সোপ ২ আং, সিরপ যথাপ্রয়োজন।	৬ এ ১	ঐ

প্লম্বাই কম্ ওপিও	Plumbi c Opio	এসিটেট্ অব্ লেড্ ৩৬ গ্রেণ, ওপিয়ম ৬ গ্রেণ, কন্‌ফেক্‌শন রোজ ৬ গ্রেণ।	৮ এ ১ ওপিয়ম, এসিটেট্ অব্ লেড্ ৬	৩—৫ গ্রেণ
ফস্‌ফোরি	Phosphori	ফস্‌ফরম্ ৩ গ্রেণ, বালসাম টলু ১২০ গ্রেণ, ইওলো ওয়াক্স্ (পীত মোম) ৫৭ গ্রেণ।	১৮২ তে ২	২—৪ গ্রেণ
ফেরি	Ferri	সল্‌ফেট্ অব্ আয়রন্ ৬০ গ্রেণ, স্নুগার ১২ গ্রেণ, ট্রাগাকান্থা ৪ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ পটাস্ ৩৬ গ্রেণ, গ্লিসেরিন্ ২½ মিনিম্, জল যথাপ্রয়োজন।	৫ এ ১	৫—২০ গ্রেণ
ফেরি আইওডিডাই	Ferri Iodidi	আয়রন্ উয়ার (লৌহতার) ৪০ গ্রেণ, আইওডাইন্ ৮০ গ্রেণ, ডিষ্টিল্‌ড্ ওয়াটার ৫০ মিনিম্, স্নুগার ৭০ গ্রেণ, লিকরাইচ ১৪০ গ্রেণ।	৩½ এ ১	৫—১০ গ্রেণ
ফেরি কার্ব্ব্	Ferri carb	স্যাকারেটেড্ কার্ব্বনেট্ অব্ আয়রন্ ১ আং, কন্‌ফেক্‌শন অব্ রোজ ½ আং।	১½ তে ১	৫—১০ গ্রেণ

রিয়াই কো	Rhei co	রুবার্ব্ব্ ৩ আং, সকোট্রিন্ এলোজ্ ২¼ আং, মার ½ আং, হার্ড সোপ ১½ আং, অয়েল অব্ পিপারমেণ্ট্ ১½ ড্রাম্, গ্লাইসেরিন্ ১ আং, ট্রিয়াকেল ৩ আং।	৪॥০ এ রুবার্ব্ব ১ এলোজ ¼	৫—১০ গ্রেণ
সিলি কো	Scillæ co	স্কুইল ১¼ আং, জিঞ্জার, এমনায়েকম্, হার্ড সোপ প্রত্যেক ১ আং, ট্রিয়াকেল ২ আং।	৫ এ ১	৫—১০ গ্রেণ
স্যাপনিস্ কো	Saponis co	ওপিয়ম্ ½ আং, হার্ড সোপ ২ আং, গ্লাই-সেরিন্ যথাপ্রয়োজন।	২½ তে ১ ওপিয়ম্	৩—৫ গ্রেণ
স্ক্যামনি কো	Scamonii co	স্ক্যামনি রেজিন্ এবং জ্যালাপ প্রত্যেকে ১ আং, কর্ড সোপ ১ আং, টীং জিঞ্জার ষ্ট্রং ১ আং, রেক্টিফায়েড স্পীরিট ২ আং।	৬ এ ১	৫—১৫ গ্রেণ
হাইড্রার্জিরাই	Hydrargyri	মার্কুরি (পারা) ২ আং, কন্‌ফেক্‌শন বোজ ৩ আং, লিকরাইচ পাউডার ১ আং।	৩ এ ১	৩—৮ গ্রেণ
হাইড্রার্জ্ সব্ ক্লোরাইড্ কো	Hydrarg sub Chloridi co	ক্যালমেল ১ আং, সল্‌ফারটেড্ এণ্টিমনি ২ আং, গোয়েকম্ রেজিন্ ২ আং, ক্যাষ্টর্ অয়েল ১ আং।	৫ এ ১	৫—১০ গ্রেণ

মিশ্চ্যুরি বা মিক্শ্চার্ (Misturæ or Mixture) ১১ টা আছে। ইহারা সেবনীয়।

মিশ্চ্যুরা।	Mistura	উপাদান।	প্রতি আউন্সে যে পরিমাণ মূল দ্রব্য আছে।	মাত্রা।
এমনায়াসাই	Ammoniaci	এমনায়েকম্ ¼ আং ৮ আং জলে মর্দ্দন করিয়া ছাঁক।	১৩½ গ্রেণ	½—১ আং
এমিগ্ডেলি	Amygdalæ	পল্ভ এমিগ্ডেলি কো ২ আং, জল ১৬ আং, মিশাইয়া ছাঁক।	৫৪ গ্রেণ	১—২ আং
ওলিয়াই রিসিনি	Olei Ricini	ক্যাষ্টার অয়েল ৬ ড্রাম, অয়েল অব্ লিমন ১০ মিনিম, অয়েল অব্ ক্লোভ ২ মিনিম, সিরাপ ১½ ড্রাম, লাইকর পটাস্ ১ ড্রাম, একোয়া অরান্সাই ফ্লোরেস্ ২ আং।	৩ ড্রাম	½—২ আং
ক্রিয়াজোটি	Creasoti	ক্রিয়াজোট এবং গ্লাসিয়াল এছেটিক এছিড্ প্রত্যেক ১৫ মিনিম, সিরপ ১ আউন্স, স্পীরিট অব্ জুনিপার ½ ড্রাম, জল ১৫ আং।	১ মিনিম	১—২ আং

ক্রিটি	Cretæ	প্রিপেয়ার্ড চক্ ১/৪ আং, গম একেশিয়া ১/৪ আং, সিরাপ ১/২ আং, সিনামন ওয়াটার ৭১/২ আং।	১৩১/২ গ্রেণ	১—২ আং
গুয়াইয়াসাই	Guaiaci	গোয়েকম্ ১/২ আং, চিনি ১/২ আং, গম একেশিয়া ১/৪ আং, একোয়া ছিনামোমাই ১ পাইণ্ট।	১১ গ্রেণ	১/২—২ আং
ফেরি এরমেটিকা	Ferri Aromatica	লোহিত সিঙ্কোনা বার্ক ১ আং, ক্যালাম্বা মূল ১/২ আং, লবঙ্গ ১/৪ আং, ১/২ আং লৌহতার, টীংচার কার্ডমম কো ৩ আং, টীং অরেঞ্জ পিল ১/২ আং, একোয়া মেন্থিপিপারেটা সমষ্টিতে ১৬ আং।	২১/২ গ্রেণ লৌহ	১—২ আং
ফেরি কম্প	Ferri Comp	ফেরি সল্ফাস্ ২৫ গ্রেণ, পটাস কার্ব্ব ৩০ গ্রেণ, মার ৬০ গ্রেণ, চিনি ৬০ গ্রেণ, স্পীরিট অব্ নটমেগ ৪ ড্রাম, রোজ ওয়াটার ৯১/২ আং।	২১/২ গ্রেণ লৌহ	১—২ আং
সেনি কো	Sennæ co	সল্ফেট্ অব্ ম্যাগ্নেসিয়া ৪ আং, লিকুইড্ একষ্ট্রাক্ট অব্ লিকরাইচ্, টীং সেনা	১ ড্রাম টীং সেনা	১—১১/২ আং

		২½ আং, টীং কাডমম কো ১½ আং, ইন্‌ফিউসেন সেনা ১৫ আং।		
স্ক্যামনি	Scammonii	স্ক্যামনি ৬ গ্রেণ, দুগ্ধ ২ আং।	৩ গ্রেণ	½—২ আং
স্পীরিটস্ ভাইনাই গ্যালিসাই	Spiritus Vini Gallici	ভাইনম গ্যালিসাই ৪ আং, ডিম্বের হরিদ্রাবর্ণ ঘেলু ২টা, চিনি ½ আং, ছিনামন ওয়াটার ৪ আং।	৩ ড্রাম	১—২ আং

মিউছিলেগো বা মিউছিলেজ (Mucilago or Mucilage) ৩টী মাত্র আছে।

(১) মিউছিলেগো একেশাই	(Mucilago Acaciæ)	গম একেশিয়া ৪ আং, ডিষ্টিল্ড ওয়াটার ৬ আং মিশ্রিত কর।
(২) মিউছিলেগো এমাইলি	(Mucilago Amyli)	ষ্টার্চ ১২০ গ্রেণ, ১০ আং পরিস্রুত জলে (ডিষ্টিল্ড ওয়াটার) সিদ্ধ কর।
(৩) মিউছিলেগো ট্রাগাকান্থি	(Mucilago Tragacanthæ)	গম ট্রাগাকান্থা ৬০ গ্রেণ, রেক্টিফায়েড্ স্পীরিট ২ ড্রামে মিশ্রিত করিয়া ১০ আং ডিষ্টিল্ড ওয়াটার মিশাও।

ইহাদিগের মাত্রা যথা—রুচি। (Ad Libitum)।

মেল (Mel) ৫টী আছে। মধু দ্বারা প্রস্তুত ঔষধ। বাঙ্গালা নাম মধু।

(১)	মেল	(Mel)	মধু
(২)	মেল ডেপুরেটম্	(Mel Depuratum)	মধু জ্বাল দিয়া ছাঁকিয়া লইতে হয়।
(৩)	মেল বোরাছিস্	(Mel Boracis)	বোরাক্স ৬০ গ্রেণ, মধু ৪৮০ গ্রেণ, গ্লিছেরিন্ ৬০ গ্রেণ।
(৪)	অক্সিমেল	(Oxymel)	মধু ৪০ গ্রেণ, এছেটিক এছিড্ ৫ আং, ডিষ্টিল্ড ওয়াটার ৫ আং।
(৫)	অক্সিমেল সিলি	(Oxymel Scillæ)	মধু ২ পাউণ্ড, এছিটম্ সিলি ১ পাইণ্ট।

লাইকর (Liquor or Solution) ৫১টী আছে। অধিকাংশ লাইকব অধাতব পদার্থ এবং ঔদ্ভিজ্জ পদার্থ ও ডিষ্টিল্ড ওয়াটার (পরিক্রুত জল) দ্বারা প্রস্তুত। লাইকর এপিস্ প্যাষ্টিকস্ জান্তব পদার্থ। ইহা এছেটিক ঈথর দ্বারা প্রস্তুত। লাইকর এণ্টিমনি ক্লোরাইড্ হাইড্রোক্লোরিক এছিড দ্বারা প্রস্তুত। লাইকর এট্রপিয়া ক্যাম্ফব ওয়াটার দ্বারা, লাইকর গটাপার্চ্চা ক্লোরফরম্ দ্বারা, লাইকর সোডিয়ম এথিলেট এবং লাইকব নাইট্রোগ্লাইছেরিন এল্‌কোহল দ্বারা প্রস্তুত।

লাইকর্	Liquor	যে যে দ্রব্যে প্রস্তুত।	মূল দ্রব্যের পরিমাণ।	মাত্রা।
আইওডাই	Iodi	আইওডাইন ২২ গ্রেণ, পটাস আইওডাইড ৩৩ গ্রেণ, পরিস্রুত জল সমষ্টিতে ১ আং।	১ আউন্সে ২২ গ্রেণ আইওডাইন্।	বাহ্যিক প্রয়োগ।

আর্সেনিকেলিস্	Arsenicalis	আর্সিনিয়স্ এছিড্ ৮৭ গ্রেণ, কার্ব্বনেট অব্ পটাসিয়ম ৮৭ গ্রেণ, টীং ল্যাভেণ্ডার কো ৫ ড্রাম, পরিস্রুত জল সমষ্টিতে ১ পাইণ্ট।	১০০ ভাগে ১ ভাগ	২—৮ মিনিম।
আর্সেনিসাই হাইড্রোক্লোরিকস	Arsenici Hydrochloricus	আর্সিনিয়স এছিড ৮৭ গ্রেণ, হাইড্রোক্লোরিক এছিড ২ ড্রাম, ডিষ্টিল্ড ওয়াটার ১ পাইণ্ট।	১০০ তে ১	২—৮ মিনিম।
আর্সেনিসাই এট হাইড্রারজ আইওডাইডাই	Arsenici et Hydrarg Iodidi	আর্সেনিযাই আইওডাইড্ ৪৫ গ্রেণ, বিন আইওডাইডাইড অব্ মার্কুরি ৪৫ গ্রেণ, পরিস্রুত জল ১০ আং।	১০০ তে ১ ভাগ আইওডাইড অব্ আর্সেনিয়ম	১০—৩০ মিনিম।
এট্রপাইনি সল্‌ফেটিস্	Atropinæ Sulphatis	সল্‌ফেট অব্ এট্রপাইন ৯ গ্রেণ, ক্যাম্ফর ওয়াটার ১৬½ ড্রাম।	১০০ তে ১	১—৪ মিনিম।
এছিডাই ক্রোমিছাই	Acidi Chromici	ক্রোমিক এছিড ১ আং, ডিষ্টিল্ড ওয়াটার ৩ আং।	১০০ তে ২৫	বাহ্যিক প্রয়োগ।
এমনাই	Ammoniæ	লাইকর এমন ফোর্ট ১ পাইণ্ট, পরিস্রুত জল ২ পাইণ্ট।	৩ ভাগে ১	৫—১৫ মিনিম।

এমনাই ফর্টিয়র	Ammoniæ Fortior	ক্লোরাইড অব্ এমনিয়ম, স্লেক্‌ড্ লাইম এবং জল একত্রে চোয়াইয়া।	শতকরা ৩২·৫ ভাল আদত এমনিয়া আছে	বাহ্যিক প্রয়োগ।
এমনিয়াই এছিটেটিস্ ফোর্ট	Ammonii Acetatis Fortior	কার্ব্বনেট অব্ এমনিয়া ১৫½ আং, এছেটিক এছিড্ ৫০ আং, পরিস্রুত জল সমষ্টিতে ৬০আং।	শতকরা ৩০	২৫—৭৫ মিনিম।
এমনিয়াই এছিটেটিস্	Ammonii Acetatis	লাইকর এমনিয়াই এছিটেটিস ফোর্ট ১ আং, পরিস্রুত জল ৪ আং।	৫ এ ১	২—৬ ড্রাম।
এমনিয়াই ছাইট্রেটিস্ ফোর্ট	Ammonii Citratis Fort	লাইকর এমন ফোর্ট ১১ আং, ছাইট্রিক্ এছিড্ ১২ আং, পরিস্রুত জল সমষ্টিতে ১ পাইণ্ট্।	শতকরা ৬৮	½—১½ ড্রাম
এমনিয়াই ছাইটেটিস্	Ammonii Citratis	লাইকর এমন ছাইট্রেট্ ফোর্ট ১ আং, পরিস্রুত জল ৪ আং।	৫ এ ১	২— ড্রাম।
এপিস্ প্যাস্টিকস্	Epispasticus	ক্যান্থারাইডিস ৫ আং, এছেটিক্ ঈথর ১ পাইণ্ট। পার্‌কোলেশন দ্বারা।	৪ এ ১	বাহ্যিক প্রয়োগ।

এণ্টিমোনাই ক্লোরিডাই	Antimonii chloridi	হাইড্রোক্লোরিক্ এছিডে এণ্টিমনি দ্রব করিয়া।	শতকরা ৩৬	বাহ্যিক প্রয়োগ
কোকেইনি হাইড্রোক্লো-রেটিস্	Cocainæ Hydrochloratis	হাইড্রোক্লোরেট্ অব্ কোকেন ৩৩ গ্রেণ, স্যালিসিলিক্ এছিড্ ½ গ্রেণ, ফুটন্ত পরিস্রুত জল ৬ ড্রাম্।	১০ এ ১	২—১০ মিনিম
ক্যাল্‌ছিয়াই ক্লোরিডাই	Calcii chloridi	ক্লোরাইড্ অব্ ক্যাল্‌ছিয়ম্ ৮৮ গ্রেণ, পরিস্রুত জল ১ আং।	১ ড্রামে ১১ গ্রেণ	১৫—৫০ মিনিম্
ক্যাল্‌ছিস্	Calcis	স্লেক্‌ড লাইম ২ আং, জল ১ গ্যালন ভিজাইয়া জল ছাঁকিয়া লও।	১ আউন্সে ½ গ্রেণ	১—৪ আং
ক্যাল্‌ছিস্ ক্লোরিনেটি	Calcis chlorinatæ	ক্লোরিনেটেড্ লাইম ১ পাউণ্ড্, জল ১ গ্যালন।		১০—৩০ মিনিম্
ক্যাল্‌ছিস্ স্যাকারেটম্	Calcis Saccaratus	স্লেক্‌ড্ লাইম ১ আং, চিনি ২ আং, জল ১ পাইণ্ট্।	১ আউন্সে ৭ গ্রেণ	¼—১ ড্রাম
ক্লোরাই	Chlori	ক্লোরাইন গ্যাস এবং জল।		১০—২০ মিনিম
গটাপার্চা	Guttapercha	গটাপার্চা ১ আং, ক্লোরোফরম্ ৮ আং, কার্ব্বনেট্ অব্ লেড্ ১ আং।	৮ এ ১	বাহ্যিক প্রয়োগ

জিন্‌ছাই ক্লোরিডাই	Zinci chloridi	জিঙ্ক এবং হাইড্রোক্লোরিক এছিড।	১ ড্রামে ৪৬ গ্রেণ	বাহ্যিক প্রয়োগ
ট্রাইনাইট্রাইনি	Trinitrinæ	নাইট্রোগ্লাইছেরিন্ ১ ভাগ, রেক্‌টিফায়েড্ স্পীরিট্ ৯৯ ভাগ।	১০০ তে ১	½—২ মিনিম
পটাসি	Potassæ	কার্ব্বনেট্ অব্ পোটাসিয়ম্ ১ পাউণ্ড্, স্লেক্‌ড লাইম ১২ আং, পরিস্রুত জল ১ গ্যালন্।	১ আউন্সে ২৭ গ্রেণ কষ্টিক্ পটাস	¼—১ ড্রাম
পটাসি এফারভেসেণ্ট্	Potassæ Efferves	বাইকার্ব্বনেট্ অব্ পটাস ৩০ গ্রেণ, জল ১ পাইণ্ট্, কার্ব্বনিক্ এছিড্ গ্যাস যথা-প্রয়েজন।	১ পাইণ্টে ৩০ গ্রেণ	৫—১০ আং
পটাসি পারম্যাংগ্যানেটিস্	Potassæ parmanganatis	পারম্যাংগ্যানেট্ অব্ পটাসিয়ম ৮৮ গ্রেণ, পবিস্রুত জল ২০ আং।	১৬০ তে ১	২—৪ ড্রাম
প্লম্বাই সব এছিটেটিস্	Plumbi sub Acetatis	এছিটেট্ অব্ লেড্ ৫ আং, অক্সাইড্ অব্ লেড্ ৩½ আং, পরিস্রুত জল ১ পাইণ্ট, সিদ্ধ কর।	শতকরা ২৪ অংশ সব এছিটেট্ অব লেড্	বাহ্যিক প্রয়োগ

প্লম্বাই সব এছিটেটিস্ ডাইলুটস্	Plumbi sub Acetetis Dilutus	সব এছিটেট্ অব্ লেড্ ২ ড্রাম, রেক্টিফায়েড্ স্পীরিট্ ২ ড্রাম, জল ১৯½ আং।	১ পাইণ্টে ২ ড্রাম্	বাহ্যিকপ্রয়োগ
ফেরি এছিটেটিস্	Ferri Acetatis	ফেরি এছেট ফোর্ট ৫ আং, পরিস্রুত জল সমষ্টিতে ২০ আং।	৪ এ ১	৫—১০ মিনিম
ফেরি এছিটেটিস্ ফর্টিয়র্	Ferri Acetatis Fortior	ফেরিক্ হাইড্রেট, গ্ল্যাসিয়েল এছেটিক্ এছিড্ এবং জল।	শতকরা ৪০	১—৮ মিনিম্
ফেরি ডায়ালিছেট	Ferri Dialysatus	... ...	শতকরা ৫ অংশ	১০—৩০ মিনিম
ফেরি পার্ক্লোরিডাই	Ferri Perchloridi	লাইকর ফেরি পার্ক্লোরিডাই ফোর্ট ৫ আং, পরিস্রুত জল ১০ আং।	৪ এ ১	১০—৩০ মিনিম্
ফেরি পার্ক্লোরিডাই ফর্টিয়র্	Ferri Perchloridi Fortior	নাইট্রিক্ এছিড্, হাইড্রোক্লোরিক্ এছিড্, লৌহতার এবং জল।	১০ ভাগে ২ আং	বাহ্যিক প্রয়োগ
ফেরি পার্নাইট্রেটিস্	Ferri Pernitratis	লৌহতার ১ আং, নাইট্রিক্ এছিড্ ৪½ আং, পরিস্রুত জল ২৫¼ আং।	৩০ সে ১	১০—৪০ মিনিম্

ফেরি পার্সলফেটিস্	Ferri Persulphatis	সল্ফেট্ অব্ আয়রন, সল্ফিউরিক এছিড্, নাইট্রিক্ এছিড্ পরি-স্রুত জল।		বাহ্যিকপ্রয়োগ
বিস্মুথাই এট্ এমন ছাইট্রেটিস্	Bismuthi et Amon Citratis	ছাইট্রেট অব্ বিস্মথ ৮০০ গ্রেণ, লাইকর এমনিয়া যথা-প্রয়োজন, পরিস্রুত জল সমষ্টিতে ২০ আং।	১ ড্রামে ৩ গ্রেণ	$\frac{1}{2}$—১ ড্রাম
মর্ফাইনি বাইমিক-নেটিস্	Morphinæ Bimeco-natis	মরফাইন, মিকনিক এছিড স্পীরিট এবং জল।	১০০ তে ১$\frac{1}{8}$ অংশ	৫—৪০ মিনিম
মর্ফাইনি হাইড্রো-ক্লোরেটিস্	Morphinæ Hydro-chloratis	হাইড্রোক্লোরেট অব্ মর্ফাইন ৯ গ্রেণ, পরিস্রুত জল ১২ ড্রাম, রেক্টিফায়েড স্পীরিট ৪ ড্রাম।	১০০ তে ১	১০—৬০ মিনিম
মর্ফাইনি এছিটেটিস্	Morphinæ Acetatis	এছিটেট্ অব্ মর্ফাইন্ ৯ গ্রেণ, পরিস্রুত জল ১২ ড্রাম, কেক্টিফায়েড স্পীরিট ৪ ড্রাম, ডাইলুট এছেটিক্ এছিড ১৮ মিনিম।	ঐ	ঐ

মর্‌ফাইনি সল্‌ফেটিস্	Morphinæ Sulphatis	সল্‌ফেট্ অব্ মর্‌ফাইন ৩৫ গ্রেণ, পরিস্রুত জল ৮ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ২ আং।	১০০ তে ১	১০—৬০ মিনিম
ম্যাগ্‌নেসাই কার্ব্বনেটিস্	Magnisii Carbonatis	সল্‌ফেট্ অব্ ম্যাগ্‌নেসিয়া, কার্ব্বনেট্ অব্ সোডা, জল, কার্ব্বনিক এছিড্ গ্যাস।	১ আউন্স ১০ গ্রেণ	১—২ আং
ম্যাগ্‌নেসাই ছাইট্রেটিস্	Magnisii Citratis	ছাইট্রিক এছিড ২০০ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ ম্যাগ্‌নেসিয়া ১০০ গ্রেণ, লেমন সিরাপ ½ আং, বাই কার্ব্বনেট্ অব্ পটাস্ ৪০ গ্রেণ, জল সমষ্টিতে ১০আং।	১ আউন্সে ১৬ গ্রেণ	৫—১০ আং
লিথাই এফারভেস্	Lithiæ Efferves	কার্ব্বনেট্ অব্ লিথিয়া ১০ গ্রেণ, জল ১ পাইণ্ট, কার্ব্বনিক এছিড গ্যাস।	১ পাইণ্ট ১০ গ্রেণ	৫—১০ আং
সোডি	Sodæ	... ...	১ আউন্সে অনুমান ১৮½ গ্রেণ	২০ মিনিম
সোডি ক্লোরিনেটি	Sodæ Chlorinatæ	কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্, ক্লোরিনেটেড লাইম এবং জল।	শতকরা ২½ অংশ ক্লোরিন আছে	১০—২০ মিনিম

সোডি এফারভেস্	Sodæ Efferves	বাই কার্ব্বনেট্ অব্ সোডিয়ম্ ৩০ গ্রেণ, জল ১ পাইন্ট, কার্ব্বনিক এছিড গ্যাস যথা-প্রয়োজন।	১ পাইন্ট ৩০ গ্রেণ	৫—১০ আং
সোডি আর্সিনায়েটিস্	Sodæ Arseniatis	আর্সিনিয়েট অব্ সোডিয়ম ৪½ গ্রেণ, পরিস্রুত জল ১ আং।	১ আউন্সে ৪½ গ্রেণ	৫—১০ মিনিম
সোডি এথিলেটিস্	Sodæ Ethylatis	সোডিয়ম্ ধাতু ২২ গ্রেণ, এব্‌সোলিউট এল্‌কোহল ১ আং।	শতকরা ১৯ অংশ	বাহ্যপ্রয়োগ
ষ্ট্রিক্‌নাইনি হাইড্রো-ক্লোরেটিস্	Strycninæ Hydro-Chloratis	ষ্ট্রিক্‌নাইন ৯ গ্রেণ, হাইড্রোক্লোরিক এছিড ৪০ মিনিম, রেক্‌টিফায়েড্ স্পীরিট ¼ আং, পরিস্রুত জল ১½ আং।	১০০ তে ১	১—১০ মিনিম
হাইড্রারজিরাই পার্‌ক্লোরিডাই	Hydrarg Perchloridi	পার্‌ক্লোরোইড্ অব্ মার্কুরি ১০ গ্রেণ্, এমন্ ক্লোরাইড্ ১০ গ্রেণ, ডিষ্টিল্ড ওয়াটার ১ পাইন্ট।	১ আউন্সে ½ গ্রেণ	½—২ ড্রাম্
হাইড্রার্‌জ্ নাইট্রেটিস্ এছিড্‌স্	Hydrarg Nitratis Acidus	মার্কুরি ৪ আং, নাইট্রিক্ এছিড্ ৫ আং, পরিস্রুত জল ১½ আং।	শতকরা ৪৮	বাহ্যপ্রয়োগ।

ল্যামিলি (Lamellæ or disc)—চাক্তি। ৩টী আছে।

(১) ল্যামিলি এট্রপাইনি (Lamellæ Atropinæ) প্রত্যেকে $\frac{১}{৫০০০}$ গ্রেণ সল্‌ফেট্ অব্ এট্রপিয়া আছে এবং প্রত্যেকের ওজন $\frac{১}{৬০}$ গ্রেণ। গ্লিসেরিন এবং জিলাটিন দ্বারা প্রস্তত।

(২) ল্যামিলি কোকেইনি (Lamellæ Cocainæ —প্রত্যেকটীর ওজন ১/৫০ গ্রেণ এবং প্রত্যেকটিতে ১/২০০ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ কোকেন আছে, গ্লিসেরিন্ এবং জিলাটিন দ্বার প্রস্তুত।

(৩) ল্যামিলি ফাইজস্টিগ্মাইনি (Lamellæ Physostigminæ)—প্রত্যেকটিতে ১/১০০০ গ্রেণ ফাইজস্টিগ্মাইন্ আছে এবং প্রত্যেকটির ওজন ১/৫০ গ্রেণ। জিলাটিন এবং গ্লিসেরিন দ্বারা প্রস্তুত।

লিনিমেণ্ট (Liniment) বা মালিস করার ঔষধ ১৬ রকমের আছে।

ইহারা বাহ্য প্রয়োগের নিমিত্ত।

লিনিমেণ্টম	Linimentum	যে যে দ্রব্যে প্রস্তুত হয়।	প্রধান দ্রব্যের পরিমাণ।
আইওডাই	Iodi	আইওডাইন ১½ আং, আইওডাইড্ অব্ পটাসিয়ম্ ½ আং, গ্লাইসেরিন ½ আং, রেক্টিফায়েড স্পীরিট ১০ আং।	৯ ভাগে ১ ভাগ
একনিটাই	Aconiti	একনাইট মূল ২০ আং, ক্যাম্ফর ১ আং, রেক্টিফায়েড স্পীরিট ৩০ আং।	১½ ভাগে ১ ভাগ
এমনাই	Ammoniæ	লাইকর এমনিয়া ১ আং, অলিভ অয়েল ৩ আং।	৪ ভাগে ১ ভাগ
ওপিয়াই	Opii	টীংচার ওপিয়ম ২ আং, লিনিমেণ্টম স্থাপনিস ১ আং।	২ ভাগে ১ ভাগ
ক্যাল্ছিস্	Calcis	একোয়া ক্যাল্সিস্ ২ আং, অলিভ অয়েল ২ আং একত্র মিশ্রিত কর।	২ ভাগে ১ ভাগ

ক্যাম্ফোরি	Camphoræ	ক্যাম্ফর ১ আং, অলিভ অয়েল ৪ আং।	৫ ভাগে ১ ভাগ
ক্যাম্ফোরি কো	Camphoræ co	ক্যাম্ফর ২½ আং, অয়েল অব্ লেভেণ্ডার ১ ড্রাম, লাইকর এমন ফোর্ট ৫ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ১৫ আং।	৯ ভাগে ১ ভাগ
ক্রোটনিস	Crotonis	ক্রোটন অয়েল ১ আং, ক্যাজুপট অয়েল এবং রেক্‌টিফায়েড স্পীরিট প্রত্যেক ৩½ আং।	৮ ভাগে ১ ভাগ
ক্লোরফরম	Chloroform	ক্লোরোফরম ২ আং, ক্যাম্ফর লিনিমেণ্ট ২ আং।	২ ভাগে ১ ভাগ
টেরিবিন্থিনি	Terebinthinæ	সফ্‌ট সোপ ২ আং, ক্যাম্ফর ১ আং, অয়েল অব্ টরপেণ্টাইন ১৮ আং, জল ২ আং।	৫ ভাগে ৪ ভাগ
টেরিবিন্থিনি এসেট	Terebinthinæ Acet	অয়েল অব্ টর্‌পেণ্টাইন ৪ আং, গ্ল্যাসিয়াল এছেটিক এছিড ১ আং, ক্যাম্ফর লিনিমেণ্ট ৪ আং।	৯ ভাগে ৪ ভাগ
পটাসি আইওডাইডাই কম স্যাপনি	Potassii Iodidi Cum Sapone	কর্ড সোপ ২ আং, আইয়োডাইড অব্ পোটাসিয়ম্ ১½ আং, গ্লাইসেরিন ১ আং, অয়েল অব্ লিমন ১ ড্রাম, ডিষ্টিল্ড ওয়াটার ১০ আং।	১ আউন্স ৫৪½ গ্রেণ পটাস আইওডাইড।

বেলেডোনি	Belladonnæ	বেলাডোনা রুট ২০ আং, ক্যাম্ফর ১ আং, রেক্টিফায়েড স্পীরিট ৪ আং।	১½ এ ১
স্যাপনিস্	Saponis	হার্ড সোপ ২ আং, ক্যাম্ফর ১ আং, অয়েল অব্ রোজমেরি ২ ড্রাম, ডিষ্টিল্ড ওয়াটার ৪ আং, রেক্টিফায়েড স্পিরিট ১৬ আং।	১২ ভাগে ১ ভাগ সোপ
সাইন্যাপিস্ কো	Sinapis co	অয়েল অব্ মষ্টার্ড ১ ড্রাম, ইথিরিয়াল এক্ষ্ট্রাক্ট অব্ মেজিরিয়ন ৪০ গ্রেণ, ক্যাম্ফর ১২০ গ্রেণ, ক্যাষ্টার অয়েল ৫ ড্রাম, রেক্টিফায়েড স্পীরিট ৪ আং।	৪০ ভাগে ভাগ
হাইড্রার্জিরাই	Hydrargyri	অয়েণ্টমেণ্ট অব্ মার্কুরি, লাইকর এমনিয়া লিনিমেণ্ট অব্ ক্যাম্ফর প্রত্যেক ১ আং। একত্র মর্দ্দন কর।	

লোসন (Lotion) বা ধৌতের ঔষধ। ২টী মাত্র আছে। বাহ্যিক প্রয়োগে ব্যবহার হয়।

লোসন	Lotion	দ্রব্য।
লোসিও হাইড্রোরজিরাই ফ্লেভা	Lotio Hydraagyri Flava	**হাইড্রার্জপার্ক্লোরাইড ১৮ গ্রেণ, চুণের জল ১০আং।**

লোসিও হাইড্রার্জিরাই নাইগ্রা	Lotio Hydrargyri Nigra	হাইড্রার্জ সব্‌ক্লোরাইড্ ৩০ গ্রেণ, চূণের জল ১০ আং।	

সপোজিটোরিয়া (Suppositoria) মোচাগ্রের ন্যায় গঠনবিশিষ্ট ঔষধের বটিকা। ৯টী আছে। গুহ্যদ্বারে প্রয়োগ জন্য ব্যবহৃত হয়। প্রত্যেকটির ওজন অনুমান ১৫ গ্রেণ। গ্লাইসেরিন সাপোজিটরি ১২০ গ্রেণ পর্য্যন্ত ভারি।

সাপোজিটোরিয়া	Suppositoria	যে যে দ্রব্যে প্রস্তুত হয়।	ঔষধের পরিমাণ প্রত্যেকটিতে
আইওডোফর্মাই	Iodoformi	আইওডোফর্ম এবং অয়েল অব্ থিওব্রোমা	২ গ্রেণ
এছিডাই কার্ব্বলিছাই কম স্যাপোন	Acidi Carbolici Cum Sapone	কার্ব্বলিক এছিড্, কর্ডসোপ, গ্লাইসেরিন অব্ ষ্টার্চ।	১ গ্রেণ
এছিডাই ট্যানিছাই	Acidi Tannici	ট্যানিক এছিড্, অয়েল অব্ থিওব্রোমা।	৩ গ্রেণ
এছিডাই ট্যানিছাই কম স্যাপোন	Acidi Tannici Cum Sapone	ট্যানিক এছিড্, গ্লাইসেরিন অব্ ষ্টার্চ, কর্ড-সোপ, ষ্টার্চ।	৩ গ্রেণ
গ্লাইছেরিনাই	Glycerini	জিলাটিন, গ্লাইছেবিন, জল।	শতকরা ৭০ ভাগ
প্লম্বাই কো	Plumbi Co	এছিটেট্ অব্ লেড্, ওপিয়ম, অয়েল অব্ থিওব্রোমা।	অহিফেন ১ গ্রেণ, এসিটেট্ অব্ লেড ৩ গ্রেণ।

মর্‌ফাইনি	Morphinæ	হাইড্রোক্লোরেট অব্‌ মর্‌ফাইন, অয়েল অব্‌ থিওব্রোমা।	½ গ্রেণ
মর্‌ফাইনি কম সেপোন	Morphinæ Cum Sapone	হাইড্রোক্লোরেট্‌ অব মর্‌ফাইন্‌, কর্ড-সোপ, গ্লাইছেরিন অব ষ্টার্চ, ষ্টার্চ।	½ গ্রেণ
হাইড্রারজিরাই	Hydrargeri	অয়েন্টমেন্ট্‌ অব্‌ মার্কুরি, অয়েল অব্‌ থিওব্রোমা।	৫ গ্রেণ

সক্কস বা জুস (Succus or Juice) ৭টী আছে। সক্কস মোরাই এবং সক্কস লিমনিস ব্যতীত আর সকলগুলি সক্কস বৃক্ষের পত্র ও ছোট ছোট শাখা হইতে রস লইয়া রেক্‌টিফায়েড স্পীরিট সংযুক্ত করিতে হয়। ১ ভাগ রসে ৩ ভাগ রেক্‌টিফায়েড স্পীরিট মিশাইতে হয়। সক্কস মোরাই মলবেরি ফলের রস এবং সক্কস লিমনিস লিমন বা নেবুর রস।

সক্কস	Succus	যাহা হইতে প্রস্তুত হয়।	মাত্রা।
কোনাই	Connii	কোনিয়ম পত্র ও ক্ষুদ্র শাখার রস	½—১ ড্রাম
ট্যারাক্‌সেসাই	Taraxaci	ট্যারাক্‌সেকম মূল হইতে	১—২ ড্রাম
বেলাডোনি	Belladonnæ	বেলাডোনি পত্র হইতে	৪—১৫ মিনিম
মোরাই	Mori	মলবেরি ফলের রস	
লিমনিস্‌	Limonis	নেবুর রস।	

স্কোপারাই	Scoparii	স্কোপরাই টপ হইতে		১—২ ড্রাম
হাইওসায়ামাই	Hyosciami	হায়সিয়মস পত্র ও প্রশাখা হইতে		½—১ ড্রাম

সিরুপস্ বা সিরাপ (Syrupus or Syrup) ১৮ রকমের আছে। ইহারা শর্করা দ্বারা প্রস্তুত হয়।

সিরুপস্	Syrupus	উপাদান।	ঔষধ দ্রব্যের পরিমাণ।	মাত্রা।
অরানশিয়াই	Aurantii	টীং অরান্শিয়াই ১ আং, সিম্পল সিরাপ ৭ আং।	৮ এ ১	১ ড্রাম
অরানশিয়াই ফ্লোরিস্	Aurantii Floris	একোয়া অরানশাই ফ্লোরিস্ ৮ আং, শর্করা ৩ পাউণ্ড, ডিষ্টিল্ড ওয়াটার ১৬ আং।	৬¾ এ ১	
ক্লোরাল্	Chloral	ক্লোরাল্ হাইড্রেট্ ৮০ গ্রেণ, জল ২½ ড্রাম, সিম্পল সিরপ ১ আং।	১ ড্রামে ১০ গ্রেণ	½—২ ড্রাম
জিঞ্জিবেরিস্	Zingiberis	টিং জিঞ্জার ষ্ট্রং ড্রাম, সিরপ ২০ আং।	২৬ এ ১	১ ড্রাম
টোলুটেনস্	Tolutanus	১¼ আং বালসাম্ টলু লইয়া ১ পাইণ্ট ডিষ্টিল্ড ওয়াটারে সিদ্ধ করিয়া ছাঁকিবে, পরে তাহাতে ২ পাউণ্ড শর্করা যোগ করিবে।	২০ এ ১	১ ড্রাম
প্যাপাভেরিস্	Papaveris	পপি হেড্ (পোস্ত ঢেঁড়ি) রেক্টিফায়েড স্পীরিট শর্করা এবং জল।		১ ড্রাম

ফেরি আইওডাইডাই	Ferri Iodidi	লৌহতার, আইওডিন, শর্করা এবং জল।	১ ড্রামে ৪.৩ গ্রেণ	½—১ ড্রাম
ফেরিফস্‌প্‌	Ferri Phosph	ফস্ফেট অব্ আয়রন, ফস্ফরিক এছিড, শর্করা এবং জল।	১ ড্রামে ১ গ্রেণ	১ ড্রাম
ফেরি সব্‌ক্লোর	Ferri Subchlor	লৌহতার, ছাইট্রিক্ এছিড, হাইড্রোক্লোরিক এছিড, জল, সিম্পল সিরপ।	৩০ এ ১	½—১ ড্রাম
মোরি	Mori	মল্‌বেরি জুস ১ পাইণ্ট, শর্করা ২¼ পাউণ্ড স্পীরিট ২½ আং।	২ এ ১	১ ড্রাম
রিয়াই	Rhei	রুবার্ব্ব রুট ২ আং, কোরিয়াণ্ডর ফল ২ আং, ডিষ্টিল্ড ওয়াটার ২৪ আং, রেক্‌টিফায়েড্ স্পীরিট ৮ আং, শর্করা ২৪ আং।	১৫ তে ১	১—৪ ড্রাম
রিয়াডস্	Rheados	রেড পপি ফুলের পাপড়ি, শর্করা, জল এবং রেক্‌টিফায়েড স্পীরিট।	৩½ এ ১	১ ড্রাম
রোজি গ্যালাইসি	Rosæ Gallicæ	লোহিত গোলাপ ফুলের পাঁপড়ি, জল এবং শর্করা।	১৭ তে ১	১ ড্রাম

লিমনিস	Limonis	টাটকা লিমন পিল (নেবুর ত্বক) ২ আং, ১ পাইণ্ট নেবুর রসে সিদ্ধ করিয়া ২$\frac{১}{৪}$ পাউণ্ড শর্করা যোগ কর।	২ এ ১ ভাগ লেবুর রস	১ ড্রাম
সিলি	Scillæ	এসিটম্ সিলি ১ পাইণ্ট, শর্করা ২$\frac{১}{২}$ পাউণ্ড	১৭ তে ১অংশ স্কুইল।	$\frac{১}{২}$—১ ড্রাম
সেনি	Sennæ	... ...	২ এ ১	১—৪ ড্রাম
সিরুপস্	Syrupus	শর্করা ৫ পাউণ্ড, জল ২$\frac{১}{২}$ পাউণ্ড।	...	...
হেমিডেসমাই	Hemidesmi	হেমিডেস্‌মস্ রুট ৪ আং, শর্করা ২৮ আং, ফুটন্ত জল ১ পাইণ্ট।	৮ এ ১	১ ড্রাম

স্পিরিটস্ বা স্পিরিট (Spiritus or spirit) ১৮ রকমের আছে। স্পীরিট দ্বারা প্রস্তুত ঔষধ।

স্পিরিটস্	Spiritus	উপাদান	পরিমাণ	মাত্রা।
আর্‌মোরেছাই কম্পজিটস্	Armoraciæ Compositus	হর্স র‍্যাডিস্ রুট ২০ আং, বিটার অরেঞ্জ পিল ২০ আং, নটমেগ ১ আং, প্রুফ স্পীরিট ১ গ্যালন, জল ৩ পাইণ্ট, ১ গ্যালন চোয়াইয়া লইবে।	৮ এ ১	১—২ ড্রাম
ইথারিস	Ætheris	ঈথর ১০ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ২ আং।	৩ এ ১	৩০—৯০ মিনিম

ঈথারিস্ কম্পজিটস্	Ætheris Compositus	অয়েল অব্ ওয়াইন ৩ ড্রাম, ঈথর ৮ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ১৬ আং।		½—২ ড্রাম (জল মিশ্রিত করিয়া)
ঈথারিস্ নাইট্রোসি	Ætheris nitrosi	... ...	...	½—২ ড্রাম
এমনাই এরম্যাট্	Ammoniæ Aromat	কার্ব্বনেট অব্ এমনিয়া, লাইকর এমন ফোর্ট, অয়েল অব্ নটমেগ, অয়েল অব্ লিমন, স্পীরিট এবং জল চোয়াইয়া প্রস্তুত হয়।	...	...
এমনাই ফিটিডস্	Ammoniæ Fœtidus	এসাফিটিডা, লাইকর এমন ফোর্ট এবং স্পীরিট চোয়াইয়া লইতে হয়।	১ আউন্স ৩৩ গ্রেণ এসাফিটিডা	½—১ ড্রাম
ক্যাজুপুটি	Cajuputi	অয়েল অব ক্যাজুপট ১ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৪৯ আং। মিশ্রিত কর।	৫০ এ ১	½—১ ড্রাম
ক্যাম্ফোরি	Camphoræ	ক্যাম্ফর ১ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৯ আং। একত্র মিশাও।	১০ এ ১	১০—৩০ মিনিম
ক্লোরফরমাই	Chloroformi	ক্লোরফরম ১ আং, স্পীরিট রেক্‌টিফায়েড ১৯ আং।	২০ তে ১	২০—৬০ মিনিম

ছিনামোমাই	Cinnamomi	অয়েল অব্ ছিনামম ১ আং, রেক্টিফায়েড স্পীরিট ৪৯ আং।	৫০ এ ১	½—১ ড্রাম
জুনিপেরি	Juniperi	অয়েল অব জুনিপার ১ আং, রেক্টিফায়েড। স্পীরিট ৪৯ আং।	৫০ এ ১	½—১ ড্রাম
টেন্যুইয়র	Tenuior	স্পীরিট ৫ পাইণ্ট, জল ৫ পাইণ্ট	...	...
ভাইনি গ্যালিসাই	Vini Gallici	ব্রাণ্ডি সুরা।	...	...
মেন্থি পাইপিরাইটি	Menthæ Piperitæ	অয়েল অব্ পেপাবমেণ্ট ১ আং, রেক্টিফায়েড স্পীরিট ৪৯ আং।	৫০ এ ১	½—১ ড্রাম
মাইরিস্টাইসি	Myristicæ	অয়েল অব্ নটমেগ ১ আং, রেক্টিফায়েড স্পীরিট ৪৯ আং।	৫০ এ ১	½—১ ড্রাম
রেক্টিফিকেটস্	Rectificatus	শতকরা ১৬ অংশ জল মিশ্রিত এলকোহল।		
রোজমেরিনাই	Rosemerini	অয়েল অব বোজমেরি ১ আং, বেক্টিফায়েড	৫০ এ ১	½—১ ড্রাম
ল্যাভাণ্ডুলি	Lavandulæ	অয়েল অব্ লেভেণ্ডাব ১ আং, রেক্টিফায়েড স্পীরিট ৪৯ আং।	৫০ এ ১	½—১ ড্রাম

ভাইনম বা ওয়াইন (Vinum or wine) ১১ রকমের আছে। ইহারা সেরি ওয়াইন অথবা অরেঞ্জ ওয়াইন দ্বারা প্রস্তুত টীংচার মাত্র।

ভাইনম	Vinum	উপাদান	পরিমাণ ১০ বা	মাত্রা।
আরানশাই	Aurantii	বিটার অরেঞ্জ পিল (তিক্ত কোমলা নেবুর ত্বক) দ্বারা প্রস্তুত ওয়াইন বা মদ।	শতকরা ১০ বা ১২ আং সুরা-সার বা এল-কোহল আছে।	$\frac{1}{2}$—২ আং
ইপিকাকুয়ানহি	Ipecacuanhæ	ইপিকাকুয়ানহা ১ আং, এসেটিক এসিড ১ আং, ডিষ্টিল্ড ওয়াটার ১ পাইণ্ট, সেরি ওয়াইন ১ পাইণ্ট। প্রথমে ইপিকাকুয়ানহা এসেটিক এসিডে ভিজাইয়া, ডিষ্টিল্ড ওয়াটার দ্বারা পারকোলেশন করিয়া ঐ ইপিকাকুয়ানহা উত্তাপ দ্বারা শুষ্ক করিয়া সেরি ওয়াইনে ১ সপ্তাহ ভিজাইয়া রাখিবে।		

এণ্টিমোনিএল	Antimoniale	টার্টার এমেটিক ৪০ গ্রেণ, সেরি ওয়াইন ১ পাইণ্ট।	১ আউন্স ২ গ্রেণ	৫—৬০ মিনিম
এলোজ	Aloes	সকোট্রিন এলোজ ১½ আং, কার্ডামম এবং জিঞ্জার প্রত্যেক ৮০ গ্রেণ, সেরি ওয়াইন ২ পাইণ্ট।	১ আউন্সে ১৬½ গ্রেণ	১—২ ড্রাম
ওপিয়াই	Opii	একষ্ট্রাক্ট ওপিয়াম্ ১ আং, ছিনামন (দারু-চিনি) এবং ক্লোভ (লবঙ্গ) প্রত্যেক ৭৫ গ্রেণ, সেরি ওয়াইন ১ পাইণ্ট। ৭ দিন ভিজাইয়া রাখ।	১ আউন্সে ২২ গ্রেণ একষ্ট্রাক্ট ওপিয়ম আছে।	১০—৪০ মিনিম
কলচিছাই	Colchici	কলসিকম কোরম ৪ আং, সেরি ওয়াইন ১ পাইণ্ট।	৫ ভাগে ১ ভাগ	১০—৬০ মিনিম
কুইনাইনি	Quininæ	সলফেট অব্ কুইনাইন ২০ গ্রেণ, ছাইট্রিক এছিড ৩০ গ্রেণ, অরেঞ্জ ওয়াইন ১ পাইণ্ট।	১ আউন্সে ১ গ্রেণ	½—১ আং
জেরিকম	Zericum	সেরি ওয়াইনের নাম।	...	...

ফেরি ছাইট্রেটিস্	Ferri citratis	ফেরি এট এমন ছাইট্রেট ১৬০ গ্রেণ, অরেঞ্জ ওয়াইন ১ পাইণ্ট।	১ আউন্সে ৮ গ্রেণ	১—৪ ড্রাম
ফেরি	Ferri	লৌহতার ১ আং লইয়া ১ পাইণ্ট সেরি ওয়াইনে ১ মাস ভিজাইয়া রাখিবে; মধ্যে মধ্যে নাড়িয়া দিবে।		১—৪ ড্রাম
রিয়াই	Rhei	রুবার্ব্ব রুট্ ১½ আং, ক্যানিলা বার্ক ৬০ গ্রেণ, সেরি ওয়াইন ১ পাইণ্ট; ৭ দিন ভিজাইয়া রাখিবে।		১—২ ড্রাম

ভেপর বা ইন্‌হেলেশন (Vapor or Inhalation) :—শ্বাসপথে ঔষধের বাষ্প গ্রহণ করার ঔষধ ৬ প্রকারের আছে।

ভেপর	vapor	যে যে দ্রব্যে প্রস্তুত হয়।
আইওডাই	Iodi	টীং আইওডাইন এক ড্রাম জলে মিশাইয়া উত্তপ্ত কর এবং বাষ্প আঘ্রাণ কর।
এছিডাই হাইড্রোছিয়ানিছাই	Acidi Hidrocyanici	১০—১৫ মিনিম ডাইলুট হাইড্রোছিয়ানিক এছিড ১ ড্রাম জলে মিসাইয়া বাষ্প গ্রহণ কর।

ওলিয়াই পাইনিসিল্-ভেস্‌ট্রিস্	Olei Pini-Sylvestris	পাইন উড অয়েল ৪০ মিনিম, ম্যাগনেসিয়া কার্ব্বনেট্ লেবিস্ ২০ গ্রেণ, জল সমষ্টিতে ১ আং, ইহার ১ ড্রাম লইয়া ½ পাইণ্ট ফুটন্ত জলে এবং ½ পাইণ্ট শীতল জল এই দুই মিশ্রিত জলে মিশাইয়া দেও এবং আঘ্রাণ কর।
কোনাইনি	Coninæ	কোনায়াম জুস্ ½ আং, লাইকর পটাস্ ১ ড্রাম, জল আং। ইহার ২০ মিনিম লইয়া একখান স্পঞ্জের উপর ঢালিয়া ঐ স্পঞ্জ উপযুক্ত পাত্রে স্থাপন করিবে। যদ্দারা গরম জলের বাষ্প ঐ স্পঞ্জের উপর দিয়া উঠিয়া শ্বাস যাইতে পারে।
ক্লোরাই	Chlori	ক্লোরিনেটেড লাইম ২ আং, শীতল জল যথাপ্রয়োজন মিশ্রিত করিয়া আঘ্রাণ কর।
ক্রিয়াজোটাই	Creasoti	ক্রিয়াজোট ১২ মিনিম, ফুটন্ত জল ৮ আং, মিসাইয়া আঘ্রাণ কর।

ঔষধের অসম্মিলন লিষ্ট।

ঔষধের নাম।	যাহার সহিত অসম্মিলিত হয়।
আইওডাইন	এমনিয়া, ষ্টার্চ, ধাতুঘটিত লবণ (যেমন ফেরিসল্‌ফেট), চর্ব্বি, তৈল, ক্লোরাল, পটাস কার্ব্ব, সোডি কার্ব্ব, গম আরেবিক, ট্রগোকান্থা, এছিড।
আয়রন	ট্যানিক এছিড, ট্যানিক এছিডযুক্ত ঔদ্ভিজ্জ ঔষধ, পটাস কার্ব্ব, সোডা কার্ব্ব।
এছিড আর্সিনিয়স	লাইম ওয়াটার (চূণের জল), অক্সাইড অব আয়রন, ম্যাগ্নেসিয়া।
এছিড (প্রায় সমুদয়)	ক্ষার দ্রব্য, এছিটেট্‌ সকল (যেমন প্লম্বাই এছিটেট্‌), ধাতব ঔষধের অক্সাইড (যেমন অক্সাইড অব্‌ জিঙ্ক)।
এল্‌বিউমেন	এছিড, স্পীরিট, ট্যানিক এছিড, করোসিভ সব্‌লিমেট।
এল্‌ক্যালইডঘটিত লবণ *	ট্যানিক এছিড, পটাস কার্ব্ব, সোডা কার্ব্ব, আইওডাইন, এমনিয়েটেড টীংচার, লিকরাইচ।
এমনিয়ম ব্রোমাইড	ধাতব অম্ল (নাইট্রিক, সল্‌ফিউরিক ইত্যাদি), ক্লোরেট অব্‌ পটাস, নাইট্রেট অব্‌ সিলভার সোডা, পোটাস কার্ব্ব ইত্যাদি কার্ব্বনেট, ক্যালমেল।
করোসিভ সব্‌লিমেট	কার্ব্বনেট (সমস্ত), চূণের জল, পটাস আইওডাইড, ওপিয়ম, ঔদ্ভিজ্জ ঔষধের ইন্‌ফিউসেন, ট্যানিক এছিড।
ক্লোরাল হাইড্রেট	জল, গরম জল, পটাস কার্ব্ব, সোডা কার্ব্ব, কার্ব্বনেট অব্‌ লাইম, এমনিয়াঘটিত লবণ (যেমন এমন ক্লোরাইড) ক্যালমেল।

* উদ্ভিদ হইতে প্রাপ্ত উপক্ষারঘটিত লবণ, যেমন মরফিয়া হাইড্রোক্লোরেট, এট্রপিয়া সল্‌ফেট ইত্যাদি।

ক্লোরেট অব পটাস	ধাতব অম্ল (যেমন সল্‌ফিউরিক এছিড, নাইট্রিক এছিড), গন্ধক, কার্ব্বন, ক্যালমেল, আইওডাইড অব্ আয়রন।
ট্যানিক এছিড	মিউছিলেজ, সমস্ত ধাতব লবণ (যেমন ফেরি সল্‌ফেট, জিঙ্ক সল্‌ফেট), চুণের জল, পটাস কার্ব্ব, সোডা কার্ব্ব, পটাস বাইকার্ব্ব, সোডা বাইকার্ব্ব, কার্ব্বনেট অব লাইম, কার্ব্বনেট অব্ ম্যাগ্নেসিয়া, ডিম্বের অণ্ডলাল।
টার্‌টার এমেটিক	এছিড, ক্যালমেল, সোডা, পটাসঘটিত ঔষধ, ট্যানিক এছিড, রুবার্ব্ব, ছিংকোনা ওপিয়ম, গম একেসিয়া।
ডিজিট্যালিস	ট্যানিক এছিড, এছিটেট অব্ লেড, আইওডাইড অব পটাসিয়াম, সোডা কার্ব্ব, পটাস কার্ব্ব, কার্ব্বনেট অব লাইম, কার্ব্বনেট অব ম্যাগ্নেসিয়া।
মরফাইন	অক্সাইড অব্ আয়রন, লৌহঘটিত লবণ, ম্যাংগানিস, সিলভার।
মস্ক	এছিড, এছিটেট সমুদয়, ট্যানিক এছিড, আর্‌গট, ধাতব লবণ (লৌহ, তামা প্রভৃতির লবণ)।
নাইট্রেট অব সিল্‌ভার	হাইড্রোক্লোরিক এছিড, সল্‌ফিউরিক এছিড, এছেটিক এছিড, টার্‌টারিক এছিড, আইওডাইন, আইওডাইড অব পটাসিয়ম, পটাস কার্ব্ব, সোডা কার্ব্ব, কার্ব্বনেট অব লাইম, কার্ব্বনেট অব ম্যাগ্নেসিয়া, সলফার, সল্‌ফাইড অব্ এণ্টিমনি।
নাইট্রাইট্ অব্ এমিল	সমুদয় টীংচার, পটাস-সোডা-ম্যাগ্নেসিয়া কার্ব্ব, কার্ব্বনেট অব লাইম, ক্যালমেল, লেড সল্ট (যেমন লেড এছিটেট্)।
ষ্ট্রোফ্যান্থস্ (টীংচার)	জল।

দুরুহ শব্দের অর্থ।

আময়িক প্রয়োগ	কোন ঔষধের আময়িক প্রয়োগ বলিতে মোটামুটি সেই ঔষধ কি কি রোগে ও উপসর্গে ব্যবহার হয় তাহা বুঝায়।
অবসাদক	যে সকল ঔষধ শরীরকে স্ফূর্ত্তিবিহীন ও দুর্ব্বল করে—উত্তেজকের বিপরীত।
আভ্যন্তরিক প্রয়োগ	কোন ঔষধের আভ্যন্তরিক প্রয়োগ বলিতে সাধারণতঃ ঔষধ সেবন করা বুঝায়।
উত্তেজক	যে সকল ঔষধ শরীর ও মনকে স্ফূর্ত্তিযুক্ত ও উত্তেজিত করে।
উত্তাপহারক	যে ঔষধ শরীরের উত্তাপ কমায়।
কফনিঃসারক	যে ঔষধ কাশ সরল করে এবং কাশ তোলাইয়া দেয়।
ঘর্ম্মকারক	যে ঔষধ ঘর্ম্ম করায়।
চর্ম্মের প্রদাহকারক (রিউব ফেসিয়েণ্ট)	যে ঔষধ গায়ে লাগাইলে সেই স্থান লাল হয় এবং জ্বালা করে।
টনিক বা বলকারক	যে ঔষধ শরীরের বল বৃদ্ধি করে।
দাহক বা কষ্টিক	যে ঔষধ লাগাইলে সেই স্থান ধ্বংস হয় বা পুড়িয়া যায়।
ধারক	যে ঔষধ কোষ্ঠবদ্ধ করে।
নিদ্রাকারক (হিপ্‌নোটিক)	যাহাতে ঘুম করে।
পরিবর্ত্তক	যে ঔষধ শরীরকে পরিষ্কার বা সংশোধন করে।
পচননিবারক	যে ঔষধ পচিতে দেয় না।
পর্য্যায়নিবারক	যে সকল রোগ পালাক্রমে হয়, যেমন পালাজ্বর প্রভৃতি, সেই সকল রোগ নিবারণ করে।

পরাঙ্গপুষ্ট নাশক	যে সকল জীব পরের শরীরে বাস করে তাহারা পরাঙ্গপুষ্ট, যেমন উকুন। যে ঔষধে ইহারা বিনষ্ট হয়।
প্রত্যুগ্রতাসাধক বা কাউণ্টার ইরিট্যাণ্ট	যে সকল ঔষধ গায়ে লাগাইলে সেই স্থান লাল হয় ও জ্বালা করে বা সেই স্থানে ফোস্কা পড়ে, সেই সকল ঔষধকে প্রত্যুগ্রতাসাধক ঔষধ বলে।
বাহ্যিক প্রয়োগ	ঔষধ বাহিরে দেওয়া, যেমন প্রলেপ প্রভৃতি।
রক্তরোধক	যে ঔষধ সেবনে রক্তস্রাব বন্ধ হয়।
সঙ্কোচক (এষ্ট্রিন্‌জেণ্ট)	যে ঔষধ শরীরকে কষিয়া আনে বা জড়শড় করে; কোঁচকায়।
স্বরূপ	কোন ঔষধের স্বরূপ বলিতে তাহার আকার প্রকার গন্ধাস্বাদ প্রভৃতি গুণ বুঝায়।
ষ্টিপটিপ বা স্থানীয় রক্তরোধক	যে ঔষধ স্থানীয় প্রয়োগ করিলে সেই স্থানের রক্ত পড়া বন্ধ হয়।
স্নায়বীয় বলকারক	যে ঔষধ স্নায়ুর অর্থাৎ নাড়ীর বল বিধান করে।

এছিড্ বা অম্ল ঔষধ।

(Acids.)

[এই অধ্যায়ে যে সকল ঔষধকে ব্রিটিশ ফার্মাকোপিয়ায় এছিড বলে, তৎসমুদয় বর্ণিত হইল। এতন্মধ্যে সল্‌ফিউরিক, নাইট্রিক হাইড্রোক্লোরিক, নাইট্রো-হাইড্রোক্লোরিক, ফস্ফরিক, বোরিক, ক্রমিক হাইড্রোব্রোমিক এবং সল্‌ফিউরাউস এছিড এই গুলিকে ইন্ অর্গ্যানিক এছিড বলে। ইহাদিগকে মিনারাল এছিড বা ধাতব অম্লও বলে। ইহারা ধাতু হইতে প্রস্তুত। ইহাদের মধ্যে বোরিক এছিড এবং হাইড্রোব্রোমিক এছিড সামান্য অম্লগুণবিশিষ্ট এবং এছিড গুণের জন্য ব্যবহার হয় না। আর্সিনিয়স্ এছিড

নামে এছিড হইলেও উহা এছিড নহে। সেঁকো বিষের নাম আর্সিনিয়স্ এছিড। এই জন্য এই অধ্যায়ে পরিত্যক্ত হইল।

এছেটিক, ছাইট্রিক, টার্টারিক, ল্যাকটিক, হাইড্রোছিয়ানিক, কার্ব্বলিক, বেন্‌জইক, গ্যালিক, ট্যানিক, মিকনিক, ওলিক, এবং স্যালিসিলিক এই গুলির নাম অরগ্যানিক এছিড। ইহারা উদ্ভিদ জাত এবং ইহাদের নাম ঔদ্ভিজ্জ অম্ল। ইহাদের মধ্যে প্রথম চারিটিই এছিড। অপর গুলি এছিড বা অম্ল বলিয়া ব্যবহৃত হয় না।]

এছিডম্ এছেটিকম্ বা এছেটিক্ এছিড্ (Acidum Aceticum or Acetic Acid)—এই অম্ল কাষ্ঠ চোয়াইয়া প্রাপ্ত হওয়া যায়। আবদ্ধ লৌহপাত্রে কাষ্ঠ রাখিয়া উত্তপ্ত করিতে হয়। তাহাতে এছেটিক এছিড্ চোয়াইয়া পড়ে। ঐ এছিড্ পরিষ্কার করিয়া লইতে হয়।

স্বরূপ—ইহা বর্ণহীন, তরল উগ্রগন্ধযুক্ত, এবং ইহার স্বাদ অত্যন্ত অম্ল। আপেক্ষিক গুরুত্ব ১·০৪৪।

প্রয়োগরূপ :—

(১) এছিডম্ এছেটিকম্ ডাইলুটম্ বা ডাইলুট এছেটিক এছিড (Acidum Aceticum Dilutum, Dilute Acetic Acid) (এছেটিক এসিড্ ১ পাইণ্ট ডিষ্টিল্ড ওয়াটার ৭ পাইণ্ট)। মাত্রা, ১—২ ড্রাম।

(২) অক্সিমেল (Oxymel)—ক্ল্যারিফাইড্ হনি (মধু) ৪০ আং, এছেটিক এছিড্ ৫ আং, পরিস্রুত জল ৫ আং। মাত্রা, ১—২ ড্রাম।

[এছিটম ক্যান্থারাইডিস্, এছিটম সিলি, এক্‌ষ্ট্রাক্টম কল্‌চিছাই এছেটিকম্, লাইকর মরফাইনি এছেটিকম্‌তে এছেটিক এছিড আছে।]

এছেটিক এছিড্ প্রত্যুগ্রতাসাধক এবং ফোস্কাকারক। জল মিশ্রিত করিয়া সেবনে পিপাসা নিবারক। জল মিশ্রিত করিয়া গাত্রে লেপিলে জ্বরিতাবস্থায় গাত্র শীতল হয়।

এছিডম্ এছেটিকম্ গ্ল্যাসিয়েল—গ্ল্যাসিয়েল এছেটিক এছিড্ (Acidum Aceticum Glaciale, Glacial Acetic Acid)—

এছিটেট্ অব্ সোডা হইতে চোঁয়াইয়া প্রস্তুত হয়। ইহা বর্ণহীন তরল উগ্রগন্ধযুক্ত।

[মিশ্চুরা ক্রিয়াজোটি এবং এছিটম্ ক্যান্থারাইডিস্ প্রস্তুত করিতে ব্যবহার হয়।]

গ্ল্যাসিয়েল এছেটিক এটিড ফোস্কাকারক এবং উগ্র। বেলেস্তারার ন্যায় ব্যবহার হয়। আভ্যন্তরিক প্রয়োগ নাই।

এছিটম্, ভিনিগার (Acitum, Vinegar)—ইহার বাঙ্গালা নাম সির্কা। শস্য হইতে মদ প্রস্তুতের ন্যায় তৈয়ার হয়। বর্ণ কটা, তরল, গন্ধযুক্ত। মাত্রা—১—২ ড্রাম (জল মিশ্রিত করিয়া)।

ক্রিয়া এবং ব্যবহার ডাইলুট এছেটিক এছিডের ন্যায়।

এছিডম আর্সিনিওসম—আর্সিনিক দেখ।

এছিডম বোরিকম-বোরাছিক এছিড (Acidum Boricum—Boracic Acid)—বোরাক্স এবং সল্‌ফিউরিক এছিড যোগে প্রস্তুত হয়। বর্ণহীন পাতলা চক্‌চকে চওড়া দানা। গন্ধহীন, অল্প তিক্ত আস্বাদ, হাত দিয়া নাড়িলে ডেলা ডেলা বোধ হয়। ২৫ ভাগ শীতল এবং ৩ ভাগ ফুটন্ত গরম জলে দ্রব হয়। ৫ ভাগ গ্লাইছেরিনে এবং ১৬ ভাগ স্পীরিটে দ্রব হয়। এল্‌কোহলে গলাইয়া অগ্নি সংযুক্ত করিলে সবুজবর্ণ আলো হয়।

মাত্রা—৫—৩০ গ্রেণ।

ক্রিয়া—পচননিবারক এবং মূত্রকারক।

প্রয়োগরূপ :—

(১) অঙ্গুয়েণ্টম এছিডাই বোরিছাই-বোরাছিক এছিড অয়েণ্টমেণ্ট (Unguentum Acidi Borici)—(বোরিক এছিড ১ ভাগ, হার্ড প্যারাফিন ২ এবং সফট প্যারাফিন ৪ ভাগ। প্যারাফিন উত্তাপে গলাইয়া বোরাছিক এছিড যোগ কর)। পচননিবারক মলম। ক্ষতাদি ড্রেস করিতে ব্যবহার হয়।

এছিডম কার্ব্বলিকম—কার্ব্বলিক এছিড (Acidum Carbolicum or Carblic Acid। নামান্তর ফিনিক এছিড (Phinic Acid), ফিনল (Phenol) ফিনাইল এল্‌কোহল (Phenyl Alcohol)। পাথুরিয়া কয়লার আলকাতরা হইতে চোয়াইয়া তৈয়ার হয়।

স্বরূপ :—

বর্ণহীন দুর্গন্ধ দানা অথবা ঈষৎ লালবর্ণ চাপ চাপ দানা। ঐ দানা সহজে গলিয়া ঈষৎ লালবর্ণ তৈলের ন্যায় হয়। গরম জলে এবং তৈলে দ্রব হয়। মাত্রা—১—৩ গ্রেণ বটিকাকারে। ময়দার সঙ্গে।

ক্রিয়া—পচননিবারক। অধিক মাত্রায় বিষাক্ত। দাহক এবং হৃদয়ের

ক্রিয়া দুর্ব্বলকারক। বাহ্য প্রয়োগে কষ্টিক, দাহক, উগ্র এবং ফোস্কাকারক; চর্ম্মের প্রদাহকারক।

৪০ ভাগ গরম জলে ১ ভাগ কার্ব্বলিক এছিডে কার্ব্বলিক লোসন তৈয়ার হয়। ইহা দ্বারা ক্ষতাদি ধৌত করা যায়। ১০ ভাগ অলিভ অয়েলে এক ভাগ এছিড মিশাইলে কার্ব্বলিক তৈল হয়। উহা দ্বারা ক্ষতাদি ড্রেস করা যায়।

প্রয়োগরূপ :—

(১) এছিডম কার্ব্বলিকম লিকুই ফ্যাক্টম্—লিকুইফায়েড কার্ব্বলিক (Acidum carbbolicum liqui factum)—কার্ব্বলিক এছিড ৯০ ভাগ, জল ১০ ভাগ। মাত্রা, ১—৪ মিনিম (জল মিশাইয়া)

(২) গ্লাইছেরিনাই এছিডাই কার্ব্বলিছাই—গ্লাইসেরিন্ অব্ কার্ব্বলিক এছিড। (কার্ব্বলিক ১ আং, গ্লাইসেরিণ ৪ আং)। মাত্রা, ৫—১৫ মিনিম।

(৩) সপোজিটোরিয়া এছিডাই কার্ব্বলিছাইকম্ সেপোনি। (কার্ব্বলিক এছিড্ ১২ গ্রেণ, কর্ডসোপ ১৮০ গ্রেণ, গ্লাইছেরিণ অব্ ষ্টার্চ ৪০ গ্রেণ মিশ্রিত করিয়া ১২টী সপোজিটোরি তৈয়ার কর।

(৪) অঙ্গুয়েণ্টম্ এছিডাই কার্ব্বলিছাই—কার্ব্বলিক এছিড অয়েণ্টমেণ্ট। (কার্ব্বলিক এছিড্ ১ ভাগ, সফ্ট প্যারফিন ১২ ভাগ হার্ড প্যারফিন ৬ ভাগ।)

পচননিবারক মলম। পচা ঘা আরাম করে।

এছিডম্ বেঞ্জয়িকম্—বেঞ্জয়িক এছিড্ (Benzoic Acid—Acidum Benzoicum)—গম বেঞ্জইন হইতে পাওয়া যায়। সূচ্যাকার দানাযুক্ত অথবা পাতলা শল্কবৎ। বর্ণহীন। জলে অল্প দ্রবণীয়। রেক্টিফায়েড্ স্পীরিটে সহজে দ্রবণীয়, পটাস এবং সোডা সল্যুসনযোগে দ্রব হয়। ২৪৮ ডিগ্রি উত্তাপে দ্রব হয়। অত্যন্ত অধিক উত্তাপে উড়িয়া যায়।

ক্রিয়া—কফনিঃসারক এবং মূত্রকারক।

মাত্রা—১০—১৫ গ্রেণ।

প্রয়োগরূপ :—

(১) ট্রচিছাই এছিডাই বেন্‌জয়িছাই—বেন্‌জয়িক এছিড লোজেনস্। (গম একেশিয়া, চিনি এবং বেন্‌জয়িক এছিড দ্বারা প্রস্তুত। প্রত্যেকটায় ½ গ্রেণ বেন্‌জয়িক এছিড্ থাকে)।

মাত্রা—১—৫টা লোজেন্স।

এছিডস্ ক্রমিকম—ক্রমিক এছিড—(Acidum chromicum or chromic Acid)—বাইক্রমেট অব্ পটাস্ এবং সল্‌ফিউরিক এছিড যোগে প্রস্তুত হয়। সূচ্যাকার দানার ন্যায়। লালবর্ণ। গন্ধহীন। জলে দ্রব হয়। দাহক। বাহ্যপ্রয়োগে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ :—

(১) লাইকর এছিডাই ক্রমিছাই—সল্যুসন্ অব্ ক্রমিক এছিড্ (ক্রমিক এছিড্ ১ আং, ডিষ্টিল্ড ওয়াটার ৩ আং। ৪ ভাগে ১ ভাগ)।

এছিডম্ ছাইট্রিকম্—ছাইট্রিক এছিড (•Acidum citricum—Citric Acid) লেবুর রসে চক এবং সল্‌ফিউরিক এছিড যোগ করিয়া প্রস্তুত হয়।

বড় বড় বর্ণহীন উজ্জ্বল দানাকার। অম্লাস্বাদযুক্ত। জলে দ্রবণীয়। ঈথরে দ্রবণীয় নয়। যত ছাইট্রিক এছিড তাহার ৳ ওজন পরিমাণ শীতল জলে এবং ½ ওজন পরিমাণ গরম জলে গলিয়া যাইতে পারে। ৩৪ গ্রেণ এছিড ১ আং জলে গুলিলে লেবুর রসের সমান হয়। ২০ গ্রেণ ছাইট্রিক এছিড্ এবং ১ আং জলে ৩০ গ্রেণ বাইকার্ব্বনেট্ অব্ পটাস্ দিলে সমক্ষারাম্ল হয় এবং "এফার ভেছিং ড্রাট" তৈয়ার হয়। ২০ গ্রেণে ২৪ গ্রেণ বাইকার্ব্বনেট্ অব্ সোডা মিশ্রিত হয়, এবং ১৭ গ্রেণ কার্ব্বনেট অব এমনিয়া সমক্ষারাম্ল হয় অর্থাৎ অম্ল ও ক্ষার সমান হইয়া যায়।

ব্যবহার—ছাইট্রিক এছিড পিপাসানিবারক।

মাত্রা—১০—৩০ গ্রেণ।

[ভাইনম্ কুইনাইনি, সকস্ লিমনিস, সিরপ লিমনিস, সিরপ্ ফেরি সব্-ক্লোরাইড্ এফার্‌ভেছিং ফস্‌ফেট্ অব্ সোডা, এফার্‌ভেছিং সল্‌ফেট্ অব্ ম্যাগ্নেসিয়া এবং এফারভেছিং সল্‌ফেট্ অব্ সোডাতে ছাইট্রিক এছিড্ আছে।]

এছিডম্ গ্যালিকম—গ্যালিক এছিড (Acidum Gallicum—Gallic Acid)—মাজুফল হইতে পাওয়া যায়। ১ ভাগ মাজুফলে ৪ ভাগ সল্‌ফিউরিক এছিড দিয়া সিদ্ধ করিলে পাওয়া যায়। জান্তব অঙ্গার দ্বারা পরিষ্কার করিয়া লইতে হয়।

স্বরূপ :—সূচ্যাকার দানা, অল্প হরিদ্রাভ শ্বেতবর্ণ, অম্ল এবং কষায় আস্বাদ। ১০০ ভাগ শীতল জলে দ্রবণীয়। রেকটিফায়েড স্পীরিট, ঈথর এবং গরম জলে খুব দ্রবণীয়। ১ আং জলে ৪ গ্রেণ বেস মিশ্রিত হয়।

ক্রিয়া—সঙ্কোচক। রক্তস্রাবে (রক্তকাশ প্রভৃতি) আভ্যন্তরিক প্রয়োগ হয়। মাত্রা, ২—১০ গ্রেণ।

প্রয়োগরূপ :—

(১) গ্লাইছেরিনাই এছিডাই গ্যালিছাই—গ্লাইছেরিণ অব্ গ্যালিক এছিড (গ্লাইছেরিণ ৪ আং, গ্যালিক এছিড ১ আং মিশ্রিত করিয়া গরম জলের ভাপ গলাও)।

মাত্রা—২০—৬০ মিনিম।

এছিডম্ ট্যানিকম্—ট্যানিক এছিড্ (Acidum Tannicum or Tannic Acid)—মাজুফল হইতে পাওয়া যায়। গুঁড়া মাজুফল কয়েক দিন পর্য্যন্ত ভিজে স্যাঁত্সেঁতে যায়গায় রাখিয়া দিবে। তারপরে তাহাতে ঈথর যোগ করিয়া কাদার ন্যায় করিয়া ২৪ ঘণ্টা রাখিয়া দিবে। পরে কাপড় দিয়া টিপিয়া রস বাহির করিবে। ঐ রসকে উত্তপ্ত করিয়া ঘন করিয়া লইবে।

স্বরূপ—হরিদ্রাভ অথবা শাদা চাকচিক্যশালী গুঁড়ার আকার। কষায় এবং অম্লাস্বাদযুক্ত। জল এবং স্পীরিটে দ্রবণীয়। ঈথরে গলে না। পোড়াইলে কিছুই অবশিষ্ট থাকে না।

গুণ—সঙ্কোচক এবং রক্তরোধক। বাহিক প্রয়োগে বেশী ব্যবহার হয়।

মাত্রা—২—১০ গ্রেণ।

অসম্মিলন—লৌহঘটিত ঔষধ, করোসিভ সব্লিমেট, ইত্যাদি।

প্রয়োগরূপ :—

(১) গ্লাইছেরিনাই এছিডাই ট্যানিছাই—গ্লাইছেরিন অব্ ট্যানিক এছিড। (ট্যানিক এছিড ১ আং, গ্লাইছেরিন ৪ আং; মিশ্রিত করিয়া অল্প উত্তাপে গরম করিলে মিলিয়া যাইবে)।

ব্যবহার—কর্ণে পূয হইলে ফোট দেওয়া উপকার।

(২) সপোজিটোরিয়া এছিডাই ট্যানিছাই—ট্যানিক এছিড সপোজিটোরি। (ট্যানিক এছিড ৩ গ্রেণ, অয়েল অব্ থিওব্রোমা—১২ গ্রেণ মিশ্রিত করিয়া ১টী তৈয়ার কর।

(৩) সপোজিটোরিয়া এছিডাই ট্যানিছাই কম্ সেপোনি। (ট্যানিক এছিড ৩ গ্রেণ, গ্লাইছেরিন অব্ ষ্টার্চ, ৮½ গ্রেণ, কর্ড সোপ এবং ষ্টার্চ (শ্বেতসার) যোগে একটি সপোজিটরি)।

(৪) ট্রচিছাই এছিডাই ট্যানিছাই—ট্যানিক এছিড্ লোজেঞ্জ (ট্যানিক এছিড, টিং টলু, চিনি, গম একেশিয়া, মিউছিলেজ অব্ গম্ একেশিয়া এবং পরিস্রুত জল সহযোগে লোজেঞ্জের আকার কর। প্রত্যেকটীতে ½ গ্রেণ ট্যানিক এছিড থাকিবে)।

মাত্রা—১টী—৬টী।

এছিডম্ টার্টারিকম্—টার্টারিক এছিড্ (Acidum Tartaricum —Tartaric Acid)—(এছিড্ টার্ট্রেট্ অব্ পটাস্ বা ক্রিম্ অব্ টার্টার হইতে চক, ক্লোরাইড্ অব্ লাইম্ এবং ডাইলুট্ সল্‌ফিউরিক এছিড্ দ্বারা প্রস্তুত হয়)।

বর্ণহীন উজ্জ্বল দানার আকার। গুঁড়া লবণের ন্যায়। অম্লাস্বাদযুক্ত। জল এবং রেক্‌টিফায়েড্ স্পীরিটে দ্রবণীয়।

ক্রিয়া—ছাইট্রিক এছিডের ন্যায়। পিপাসা-নিবারক।

মাত্রা—১০—৩০ গ্রেণ (জলের সহিত)।

[এফারভেসিং সল্‌ফেট্ অব্ ম্যাগ্নেসিয়া, এফারভেসিং সল্‌ফেট্ অব্ সোডা, এফারভেসিং ফস্ফেট্ অব্ সোডা, এবং পল্‌ভ্ সোডি টার্ট্রেট্ এফারভেস্ এই কয়টীতে টার্টারিক এছিড্ আছে।]

এছিডম্ হাইড্রোক্লোরিকম্—হাইড্রোক্লোরিক এছিড্ (Acidum Hydrochloricum or Hydrochloric Acid)—ইহার নামান্তর মিউরিয়েটিক এছিড্। ইহাকেই ষ্ট্রং হাইড্রোক্লোরিক এছিড্ বা হাইড্রোক্লোরিক এছিড্ ফর্ট (Acid Hydrochlor Fort) বলে। ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ (লবণ) হইতে প্রস্তুত হয়।

বর্ণহীন অথবা অল্প সবুজ তরল দ্রব্য। অতিশয় অম্ল আস্বাদ। শিশি খুলিয়া রাখিলে শ্বেতবর্ণ বাষ্পাকারে উঠে। ঘ্রাণ লইলে শ্বাস বন্ধ হইবার ন্যায় হয়।

প্রয়োগরূপঃ—

(১) এছিডম্ হাইড্রোক্লোরিকম্ ডাইলুটম্—ডাইলুট হাইড্রোক্লোরিক এছিড্ (Acidum Hydrochloricum Dilutum) (হাইড্রোক্লোরিক এছিড্ ৮ আং, পরিস্রুত জল যথা-প্রয়োজন। প্রথমে ১৬ আং জল মিশাও, পরে আরও জল মিশাইয়া সর্ব্ব সাকল্যে ২৬½ আং কর। ১ ভাগ এছিডে ৩.৩ ভাগ জল)।

মাত্রা—১০—৩০ মিনিম (জল মিশ্রিত করিয়া)।

আদত নির্জ্জল হাইড্রোক্লোরিক এছিড সেবনে উগ্র বিষ-ক্রিয়া করে। বাহুপ্রয়োগে দাহক (কষ্টিক)। জল মিশ্রিত এছিড্ বলকারক। ক্ষুধা বৃদ্ধি করে। পিপাসা-নিবারক এবং সঙ্কোচক।

এছিডম্ নাইট্রিকম্—নাইট্রিক এছিড্ (Acidum Nitricum—Nitric Acid) বাঙ্গালা নাম যবক্ষার দ্রাবক। ষ্ট্রং নাইট্রিক এছিড—নাইট্রিক এছিড্ ফোর্ট।

নাইট্রেট্ অব্ পটাস্ (সোরা) এবং গন্ধক দ্রাবক সহকারে প্রস্তুত হয়।

বর্ণহীন জলবৎ তরল। অত্যন্ত অম্লাস্বাদ। শিশি আল্‌গা রাখিলে ধূম উঠে। উত্তাপে উড়িয়া যায়। আপেক্ষিক গুরুত্ব ১·৪২।

প্রয়োগরূপ ঃ—

(১) এছিডম্ নাইট্রিকম্ ডাইলুটম—ডাইলুটেড্ নাইট্রিক এছিড্। (নাইট্রিক এছিড্ ৬ আং, পরিস্রুত জল যথা-প্রয়োজন। প্রথমে ২৪ আং জল মিশাও, পরে আরও জল মিশাইয়া ৩১ আউন্স কর। ৬ আং এছিডে ২৫ আং জল।

মাত্রা—১০—৩০ মিনিম (জল মিশ্রিত করিয়া)।

নির্জ্জল আদত এছিড্ সেবনে বিষ-ক্রিয়া করে। বাহুপ্রয়োগে অত্যন্ত দাহক (কষ্টিক)। ডাইলুটেড্ এছিড্ বলকারক, পিপাসা-নিবারক। যকৃতের উপর ক্রিয়া করে। ক্ষিপ্ত কুক্কুরে দংশন করিলে সেই স্থান নাইট্রিক এছিড্ দ্বারা পোড়াইয়া দেওয়া যায়।

এছিডম্ নাইট্রো-হাইড্রোক্লোরিকম্ ডাইলুটম্—ডাইলুটেড্ নাইট্রো-হাইড্রোক্লোরিক এছিড্ (Acidum Nitro Hydrochloricum Dilutum)—অপর নাম ডাইলুটেড্ নাইট্রোমিউরিয়াটিক এছিড।

[নাইট্রিক এছিড্ ৩ আং, হাইড্রোক্লোরিক এছিড্ ৪ আং, পরিস্রুত জল ২৫ আং।]

মাত্রা—৫—২০ মিনিম (জল মিশ্রিত করিয়া)।

ক্রিয়া—বলকারক, ক্ষুধাকারক। অজীর্ণ রোগে এবং যকৃৎ দোষে ব্যবহার হয়। ডিস্পেপ্সিয়া বা অজীর্ণ রোগে খুব উপকারক।

এছিডম্ ফস্ফরিকম ডাইলুটম্ (Acidum Phosphoricum Di-

lutum)—নাইট্রিক এছিড্ এবং জল সহযোগে ফস্ফরস্ হইতে পাওয়া যায়। বর্ণহীন, তরল, অম্লাস্বাদযুক্ত। আপেক্ষিক গুরুত্ব ১.০৮।

ক্রিয়া—বলকারক, পিপাসা-নিবারক। ডায়েবেটিস্ রোগে উপকারক।

মাত্রা—১০—৩০ মিনিম (জল মিশ্রিত করিয়া)।

এছিডম্ সল্‌ফিউরিকম্ (Acidum Sulphuricum)—ইং সল্‌ফিউরিক এছিড্, সল্‌ফিউরিক এছিড্ ফোর্ট। নামান্তর,—অয়েল অব্ ভিট্রিওল (Oil of Vitriol); গন্ধকদ্রাবক।

গন্ধক হইতে পাওয়া যায়। দেখিতে তৈলের ন্যায়। গন্ধহীন; অত্যন্ত অম্লাস্বাদযুক্ত। আপেক্ষিক গুরুত্ব ১.৮৪৩। জল শোষণ করে। জলে মিশাইলে উত্তপ্ত হয়। চিনি, টার্পিন, পত্রাদি, কাষ্ঠ প্রভৃতিতে দিলে পুড়িয়া যায় এবং কাল হয়।

প্রয়োগরূপ :—

(১) এছিডম্ সল্‌ফিউরিকম্ এরমেটিকম্—এরমেটিক সল্‌ফিউরিক এছিড্ (Acidum sulphuricum Aromaticum)—(সল্‌ফিউরিক্ এছিড্ ৩ আং, রেক্‌টিফায়েড্ স্পীরিট ২ পাইন্ট, ছিনামন (দারুচিনি) গুঁড়া ২ আং, জিঞ্জার (সুট) গুঁড়া ১½ আং। ভিজাইয়া রাখিবে এবং চিপিয়া লইবে)।

মাত্রা—৫—৩০ মিনিম।

(২) এছিডম্ সাল্‌ফিউরিকম্ ডাইলুটম্—ডাইলুট সল্‌ফিউরিক এছিড্।
(সল্‌ফিউরিক এছিড্ ৭ আং, পরিস্রুত জল ৭৭ আং। ১১ গুণ জল)।

মাত্রা—৫—৩০ মিনিম (জল মিশ্রিত করিয়া)।

আদত সল্‌ফিউরিক এছিড্ ভয়ানক বিষ এবং দাহক। জল মিশ্রিত এছিড্ বলকারক, সঙ্কোচক, ধারক, ঘর্ম্ম-নিবারক। কুইনাইন গলাইতে ব্যবহার হয়।

এছিডম্ হাইড্রো-ছিয়ানিকম্ ডাইলুটম্—হাইড্রোছিয়ানিক এছিড্ ডাইলুট্ (Acidum Hydrocyanicum Dilutum)—(আদত হাইড্রোছিয়ানিক এছিড্ (প্রসিক এছিড) জলে মিশ্রিত করিয়া প্রস্তুত হয়।

শতকরা ২ অংশ প্রসিক এসিড্ থাকে। ফেরোছিয়ানাইড্ অব্ পটাসিয়ম এবং সল্‌ফিউরিক এছিড্ যোগে প্রসিক এছিড্ বা আদত হাইড্রোছিয়ানিক এছিড্ প্রস্তুত হয়)।

জলবৎ টল্‌টলে তরল দ্রব্য। বাতাসে উড়িয়া যায়। স্বাদবিহীন। বিশেষ গন্ধযুক্ত। আপেক্ষিক গুরুত্ব ০.৯৯৭।

মাত্রা—২—৮ মিনিম (জল সহযোগে)।

ক্রিয়া—অত্যন্ত বিষাক্ত। আদত এছিড্ দুই চারি ফোটায় প্রাণ নাশ করিতে পারে। শুঁখিলেও প্রাণ নাশ হয়। ডাইলুট এছিড্ বেশী মাত্রায় বিষক্রিয়া করে। ইহা অবসাদক; বমন-নিবারক। বমন, পাকাশয় শূলে খুব উপকারক।

প্রয়োগরূপ :—

ভেপার এছিডাই হাইড্রোছিয়ানিছাই—(ডাইলুট হাইড্রোছিয়ানিক এছিড্ ১০—১৫ মিনিম, শীতল জল ১ ড্রাম মিশ্রিত করিয়া উপযুক্ত পাত্রে স্থাপন পূর্ব্বক শ্বাসপথে গ্রহণ কর)।

ব্যবহার—হাঁপ রোগে এবং কাশ রোগে কাশির উগ্রতা দমন জন্য। ফুস্‌-সের অবসাদক।

[একোয়া লরোছিরেসাই এবং টীং ক্লোরফরম এট্ মরফাইন্ নামক ঔষধে হাইড্রোসিয়ানিক এছিড আছে।]

এছিডম্ ল্যাক্‌টিকম্—ল্যাক্‌টিক এছিড্ (Acidum Lacticum Lactic Acid)—বর্ণহীন তরল দ্রব্য। ল্যাক্‌টিক এছিড জলে দ্রব করিয়া প্রস্তুত। জল শতকরা ২৫ অংশ। ল্যাক্‌টিক এছিড্ চিনি হইতে প্রস্তুত হয়।

ব্যবহার—বাহ্যিক প্রয়োগ। ডিপ্‌থিরিয়া রোগে গলক্ষতের মেম্‌ব্রেণের (মাম্‌ড়িক) উপর লাগাইলে মেম্‌ব্রেণ গলিয়া উঠিয়া যায়।

প্রয়োগরূপ :—

(১) এছিডম্ ল্যাক্‌টিকম্ ডাইলুটম্। (ল্যাক্‌টিক এছিড্ ৩ আং, পরিস্রুত জল সমষ্টিতে ১ পাইন্ট্। ২০ ভাগে ১ ভাগ। বর্ণহীন তরল দ্রব্য।

ক্রিয়া—বলকারক, পিপাসা-নিবারক।

মাত্রা—½—২ ড্রাম্ (জল সংযোগ)।

এছিডম্ মিকনিকম—মিকনিক এছিড (Meeonic Acid)—অহিফেন হইতে পাওয়া যায়। দানার আকারে। "লাইকর মরফাইনি বাইমিকো-নেটিস" নামক ঔষধে মিকনিক এছিড্ আছে।

এছিডম্ স্যালিছাইলিকম্—স্যালিছিলিক এছিড্—(Acidum Salicylicum—Salicylic Acid)—(কার্ব্বলিক এছিড হইতে প্রস্তুত হয়, অথবা উইন্টার গ্রিন্ এবং বার্চ বৃক্ষের তৈল হইতে পাওয়া যায়)।

ক্রিয়া—উত্তাপহারক। একুাট্ রিউম্যাটিজম্ রোগে উপকার করে।

মাত্রা—৫—৩০ গ্রেণ্।

প্রয়োগরূপ :—

অঙ্গুয়েণ্টম্ এছিডাই স্যালিছাই—স্যালিছিলিক এছিড্ অয়েণ্ট্মেণ্ট (মলম)। (স্যালিছিলিক এছিড্ ১ ভাগ. হার্ড প্যারাফিন ৯ ভাগ, সফ্ট প্যারাফিন ১৮ ভাগ। অগ্নিতাপে একত্রে গলাও)।

ক্রিয়া—পচননিবারক মলম। একজিমা রোগে উপকারক। হাত পা ঘামিলে মালিস করিলে উপকার পাওয়া যায়।

এছিডম্ ওলিকম্—ওলিক এছিড্ (Oleic Acid)—(চর্ব্বি এবং তৈল হইতে পাওয়া যায়। গন্ধ ও স্বাদবিহীন তরল দ্রব্য)।

ওলিয়েটম্ ঔষধ প্রস্তুতে লাগে। ("ওলিয়েটম" ৬২ পৃষ্ঠা দেখ)।

এছিডম্ হাইড্রোব্রোমিকম্ ডাইলুটম্—ডাইলুট হাইড্রোব্রোমিক এছিড্ (Acidum Hydro Bromicum Dilutum)—(শতকরা ১০ অংশ আদত হাইড্রোব্রোমিক এছিড্ আছে। হাইড্রোব্রোমিক এছিড্ ব্রোমাইন হইতে পাওয়া যায়)। বর্ণহীন তরল।

ক্রিয়া—নিদ্রাকারক। ব্রোমাইড্ অব্ পটাসিয়ামের ন্যায়।

মাত্রা—১৫—৫০ মিনিম।

এছিডম্ সল্ফিউরোসম্—সল্ফিউরাউস্ এছিড্ (Acidum Sulphurosum—Sulphurous Acid)—(সল্ফিউরাউস্ এছিড্ গ্যাস জলে দ্রব করিয়া প্রস্তুত হয়)। তরল। গন্ধকের ন্যায় তীব্র গন্ধ। পচননিবারক। বাহ্যপ্রয়োগে পাঁচড়া রোগে উপকারী। ইকুন বিনাশ করে।

মাত্রা—½—১ ড্রাম।

ধাতব ঔষধ ।

আর্সেনিক্ (Arsenic)। নামান্তর,—আর্সেনিয়স্ এছিড (Arsenious Acid) হোয়াইট্ আর্সেনিক (White Arsenic)। বাঙ্গালা নাম সেঁকো, সিমুলক্ষার আদত আর্সেনিক ধাতু ঔষধে ব্যবহার হয় না। উহার বর্ণ ইস্পাতের ন্যায়। মড়কা, কঠিন। উত্তাপে উড়িয়া যায় এবং রসুনের ন্যায় গন্ধ বাহির হয়। সিমুলক্ষাব, সেঁকো বা আর্সেনিক এছিড্‌কেই আর্সেনিক বলা যায়। উহা ময়দার ন্যায় সাদা গুঁড়া। আর্সেনিক ধাতু হইতে তৈয়ার হয়।

ক্রিয়া—আর্সিনিয়স্ এছিড ভয়ানক বিষ। বমন ও উদরাময় হয়। উদর জ্বালা করে। ঔষধেব মাত্রায় বলকারক। কুইনাইনের ন্যায় পালাজ্বর নিবারক। পারবর্ত্তক। খোস উঠা চর্ম্ম রোগে যেমন (সোরায়াসিস্) রোগে উপকাবক। বাহ্য প্রয়োগে প্রদাহজনক।

মাত্রা—$\frac{1}{60}$ হইতে $\frac{1}{12}$ গ্রেণ।

প্রয়োগরূপ :—

(১) লাইকর আর্সেনিকেলিস্ (Liquor Arsenicalis)। অপর নাম,—ফাউলারের সল্যুসন (Fowler's Solution), লাইকর পটাসি আর্সিনাইটিস্। (আর্সিনিয়স এছিড ৮৭ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ পটাস ৮৭ গ্রেণ, কম্পাউণ্ড টীংচার ল্যাভেণ্ডার ৫ ড্রাম, পরিস্রুত জল সমষ্টিতে ১ পাইণ্ট। ১০০ ভাগে ১ ভাগ আর্সিনিয়স্ এসিড্)।

মাত্রা—২—৮ মিনিম্ (আহারের পর জলের সহিত)।

শূন্যোদরে আর্সেনিক নিষেধ।

(২) লাইকর আর্সেনিছাই হাইড্রোক্লোরিকস্ (Liquor Arsenici Hydroclorícus)—আর্সিনিয়স্ এছিড্ ৪৭ গ্রেণ, হাইড্রোক্লোরিক এছিড্ ২ ড্রাম, পরিস্রুত জল এক পাইণ্ট)।

মাত্রা—২—৮ মিনিম (জল সংযোগে)।

(৩) আর্সেনিয়াই আইওডাইডম্—আইওডাইড্ অব্ আর্সেনিক Arsenii Iodidum—Iodide of Arsenic। নামান্তর,—(Arsenious Iodide, Iodide of Arsenium) আইওডাইন এবং আর্সেনিক যোগে প্রস্তুত। দানার আকার। সুপক্ক কোমলা নেবুর ন্যায় বর্ণ।

ক্রিয়া—পরিবর্ত্তক।

মাত্রা—১/৩০ গ্রেণ (বটিকাকারে)।

(৪) লাইকর আর্সেনিয়াই এট্ হাইড্রার্জিরাই আওডাইডাই (Liquor Arsenii at Hydrargyri Iodidi)। নামান্তর,—ডোনোভানের সল্যুসন (Donovan's Solution) আইওডাইড্ অব্ আর্সেনিক ৪৫ গ্রেণ, বিন্ আইওডাইড্ অব্ মার্কুরি ৪৫ গ্রেণ, পরিস্রুত জল ১০ আং।

ক্রিয়া—পরিবর্ত্তক। (পুরাতন সিফিলিস্ রোগে খুব উপকারক)।

মাত্রা—১০—৩০ মিনিম্ (জলের সঙ্গে)।

(৫) ফেরি আর্সেনিয়াস্ (Ferri Arsenias)। নামান্তর,—Arseniate of Iron. (সাল্‌ফেট্ অব্ আয়রন, বাইকার্ব্বনেট্ অব্ পটাস্ এবং আর্সিনিয়স এছিড যোগে প্রস্তুত)। সবুজবর্ণ গুঁড়ার ন্যায়। স্বাদবিহীন। জলে দ্রব হয় না। হাইড্রোক্লোরিক এছিডে দ্রব হয়।

ক্রিয়া—বলকারক, রক্ত সংশোধক, পর্য্যায়নিবারক।

মাত্রা—১/১৬—১/২ গ্রেণ (বটিকা)।

(৬) সোডিয়াই আর্সেনিয়াস্ (Sodii Arsenias)। নামান্তর,—Arseniate of Sodium (নাইট্রেট অব্ সোডিয়ম্, আর্সেনিয়স এছিড এবং কার্ব্বনেট অব্ সোডিয়ম গলাইয়া এবং জল মিশাইয়া প্রস্তুত হয়)। বর্ণহীন দানার আকার, জলে দ্রব হয়।

মাত্রা—১/১৬—১/৪ গ্রেণ।

(ক) লাইকর সোডিয়াই আর্সিনায়েটিস্ (Liquor Sodii Arseniatis) (আর্সিনিয়েট অব্ সোডিয়ম ৪.৫ গ্রেণ, পরিস্রুত জল ১ আং)।

মাত্রা—৫—১০ মিনিম (জল সংযোগে)।

আর্জেণ্টম্ পিউরিফিকেটম্ (Argentum Purificatum)। নামান্তর,—Refined silver, বাঙ্গালা পরিস্কৃত রৌপ্য ধাতু।

আদত ধাতু ঔষধে ব্যবহার হয় না।

প্রয়োগরূপ ঃ—

(১) আর্জেণ্টি নাইট্রাস্ (Argenti Nitras)। নামান্তর,—Nitrate of silver, Lunar caustic। বাঙ্গালা চলিত নাম কাষ্টিক।

(নাইট্রিক এছিড্ এবং রৌপ্যপাত সহযোগে প্রস্তুত হয়)। সাদা বাতির আকারে অথবা বর্ণহীন দানার আকার। পরিস্রুত জলে দ্রব হয়।

ক্রিয়া—বাহ্যপ্রয়োগে দাহক। পরিস্রুত জলে মিশাইলে "কষ্টিক লোসন" তৈয়ার হয়। চক্ষু উঠা রোগে ইহার ফোট উপকারী। (১৬ গ্রেণ—পরিস্রুত জল ১ আং)। বালকদিগের পক্ষে (৪—৫ গ্রেণ, পরিস্রুত জল ১ আং)। ক্ষতাদিতে বাহ্যপ্রয়োগ হয়। এরিছিপেলস্ রোগে লোসনের বাহ্যপ্রয়োগ উপকারী (১ ড্রাম—জল ১ আং)। সেবনে বলকারক এবং ধারক। পুরাতন উদরাময় এবং আমাশয় নিবারক। মৃগীরোগে উপকারক। স্নায়ুর বলকারক। পাকাশয় ক্ষতে উপকারক।

মাত্রা—$\frac{1}{8}$—$\frac{1}{2}$ গ্রেণ (ময়দা যোগে বটিকাকারে)

অসম্মিলন :—সমস্ত ধাতব অম্ল, এছেটিক এবং টার্টারিক এছিড, আইওডাইন, আইওডাইড অব্ পোটাসিয়ম, ব্রোমাইড্ অব্ পোটাসিয়ম, কার্ব্বনেট্ অব্ পটাস, কার্ব্বনেট অব্ সোডা, সাল্ফার, সালফাইড অব্ এণ্টিমনি।

(২) আর্জেণ্টি এট্ পটাসি নাইট্রেটিস্ (Argenti et Potassii Nitratis)। নামান্তর,—Mitigated caustic (মিটিগেটেড কষ্টিক)। (নাইট্রেট্ অব্ পটাস্ এবং নাইট্রেট অব্ সিলভার গলাইয়া প্রস্তুত হয়। আর্জেণ্টি নাইট্রাস্ ℥i, পটাসি নাইট্রাস্ ℥ii)।

সাদা বাতির আকার। জলে দ্রবনীয়। বাহ্যপ্রয়োগ। কষ্টিক বা দাহক গুণ বিশিষ্ট।

(৩) আর্জেণ্টি অক্সাইডম্ (Argenti Oxidum)। নামান্তর,—Oxide of silver (অক্সাইড্ অব্ সিলভার)। (নাইট্রেট্ অব্ সিল্ভার দ্রব এবং চুণের জল যোগে প্রস্তুত)। কটাবর্ণ গুঁড়া। বলকারক।

মাত্রা—$\frac{1}{2}$—২ গ্রেণ (বটিকাকারে)।

অসম্মিলন :—ক্রিয়াজোট, ঔদ্ভিজ্জ এক্ষ্ট্রাক্ট, উদ্ভিদ্ হইতে প্রাপ্ত ষ্ট্রীক্নিয়া, মর্ফিয়া ইত্যাদি সার দ্রব্য।

এণ্টিমোনিয়াম (Antimonium)—এণ্টিমনি নামক ধাতু। আদত এণ্টিমনি ঔষধে ব্যবহার হয় না।

এণ্টিমোনিয়ম নাইগ্রম (Antimonium Nigrum)। নামান্তর,—Black Antimony, Sulphide of Antimony। স্বাভাবিক অবস্থায় খনিতে পাওয়া যায়। কালবর্ণ গুঁড়ার আকার।

এণ্টিমনি সল্‌ফরেটম এবং এণ্টিমনি ক্লোরিডাই প্রস্তুতে লাগে।

প্রয়োগরূপ ঃ—

(১) এণ্টিমনি অক্সাইডম্—অক্সাইড্ অব্ এণ্টিমনি (Antimony Oxidum)—সাদা গুঁড়ার আকারে।

ক্রিয়া—ঘর্ম্মকারক এবং বলকারক।

মাত্রা—১—৪ গ্রেণ্।

(ক) পাল্‌ভিস্ এণ্টিমোনিয়ালিস্ বা এণ্টিমোনিয়াল পাউডার (Pulvis Antimonialis)। নামান্তর,—Jame's Powder (জেম্‌স্ পাউডার)। (অক্‌সাইড্ অব্ এণ্টিমনি ১ আং, ফস্ফেট্ অব্ ক্যাল্‌সিয়ম ২ আং)। সাদা গুঁড়ার আকার।

মাত্রা—৩—৫ গ্রেণ্। ১ বৎসরের শিশু $\frac{১}{৮}$—$\frac{১}{৬}$ গ্রেণ্।

ঘর্ম্মকারক এবং অল্প অবসাদক। জ্বরে ব্যবহার হয়।

(২) এণ্টিমোনিয়ম্ সল্‌ফরেটম্ (Antimonium Sulphuratum)। নামান্তর,—Sulphurated Antimony—(সুব্লাইম্‌ড্ সাল্‌ফার (গন্ধক), এণ্টিমোনিয়ম নাইগ্রম্ এবং সল্যুসন্ অব্ সোডা এই তিন দ্রব্য সিদ্ধ করিয়া পরে শীতল হইলে সল্‌ফিউরিক এছিড্ যোগ করিলে সল্‌ফিউরেটেড্ এণ্টিমনি পাত্রের তলে জমিবে)। লালবর্ণ গুঁড়ার আকারে।

ঘর্ম্মকারক এবং বমনকারক। মাত্রা,—১—৫ গ্রেণ্।

[পিল হাইড্রার্জ সব্‌ক্লোরাইডাই কো-তে এই দ্রব্য আছে।]

(৩) লাইকর এণ্টিমনি ক্লোরিডাই— (Liquor Antimonii Chloridi)। নামান্তর,—Butter of Antimony, Solution of Chloride of Antimony—(এণ্টিমনি নাইগার এবং হাইড্রোক্লোরিক এছিড্ যোগে প্রস্তুত। লালবর্ণ তরল দ্রব্য।

আভ্যন্তরিক প্রয়োগ হয় না। অক্সাইড্ অব্ এণ্টিমনি তৈয়ার করিতে আবশ্যক হয়।

(৪) এণ্টিমোনিয়ম টার্‌টারেটম্—টার্‌টারাটেড্ এণ্টিমনি (Antimonium Tartaratum Tartarated Antimony)। নামান্তর,—Tartar Emetic (টার্টার্ এমেটিক), Antimonii Pota-

ssii tartras—(অক্সাইড্ অব্ এণ্টিমনি এবং এছিড্ টার্ট্রেট্ অব্ পটাস ও জল একত্রে সিদ্ধ করিলে দানাকার হয়)। বর্ণহীন, নির্ম্মল ত্রিকোণাকার দানাযুক্ত, তামাটে আস্বাদ, ২০ ভাগ শীতল এবং ২ ভাগ গরম জলে দ্রবণীয়। এল্‌কোহলে দ্রব হয় না। উত্তাপে কাল হয়।

ক্রিয়া—বমনকারক, অবসাদক, কফনিঃসাবক এবং ঘর্ম্মকারক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। বাহ্যপ্রয়োগে উগ্র এবং চর্ম্মের উপর লাগাইলে পূযবটি হয়। মাত্রা, ১—২ গ্রেণ্ (বমনকারক), $\frac{১}{১৬}$—$\frac{১}{৬}$ গ্রেণ (ঘর্ম্মকারক), $\frac{১}{৮}$ গ্রেণ্ কফনিঃসারক।

(ক) অঙ্গুয়েণ্টম্ এণ্টিমোনিয়াই টার্টারেটি—টার্টার এমেটিক অয়েণ্ট-মেণ্ট। (এণ্টিমোনিয়ম টার্ট $\frac{১}{৪}$ আং, সিম্পল অয়েণ্টমেণ্ট ১ আং, একত্র মিশাও)। এই মলম বেলেস্তারার ন্যায় কায করে।

(খ) ভাইনম এণ্টিমোনিয়েল্—এণ্টিমোনিয়েল ওয়াইন (Vinum Antimoniale)—(টারটার এমেটিক ৪০ গ্রেণ, সেরি ওয়াইন ১ পাইণ্ট)।

মাত্রা—৫—৬০ মিনিম।

ঘর্ম্মকারক, কফনিঃসারক। জ্বরে, নিউমোনিয়ার তরুণ অবস্থায়, ব্রঙ্কাই-টিসের তরুণ অবস্থায় উপকারক।

অসম্মিলন:—টারটার এমেটিক এবং ভাইনম এণ্টিমনির সহিত সঙ্কোচক ঔদ্ভিজ্জ ঔষধ (যেমন ট্যানিক এছিড, সিঙ্কোনা) অম্ল, ক্ষার, ক্ষার কার্ব্বনেট্ (যেমন পটাস কার্ব্বনেট); সিসা ধাতু এবং চূর্ণ ভাল মিশ্রিত হয় না।

এলুমিনম্ (Aluminum) এলুমিনম্ ধাতু। স্বাভাবিক অবস্থায় পাওয়া যায় না। এলুমিনম মিশ্রিত দ্রব্য হইতে তৈয়ার হয়। ইহার বর্ণ লৌহের ন্যায়।

(১) এলুমেন্ বা এলম (Alumen—Alum)—বাঙ্গালা নাম, ফট্‌কিরি। (এলমযুক্ত মিশ্রিত ধাতু দ্রব্য পোড়াইয়া প্রস্তুত হয়)।

উজ্জ্বল, সাদা, বড় বড় দানার আকারে। কষায় এবং মিষ্ট আস্বাদ। জলে দ্রব হয়।

ক্রিয়া—সঙ্কোচক। উদরাময়ে ধারক। রক্তরোধক। হুপ কাশিতে উপকারক। চক্ষুর প্রদাহে ফট্‌কিরির লোসন (এলম ৫ গ্রেণ, জল ১ আং) চক্ষে ফোট দিলে উপকার হয়।

মাত্রা—১০—২০ গ্রেণ।

(ক) এলুমেন এক্সসিকেটম্—ড্রায়েড্ এলম্ (Alumen Exsiccatum—dried Alum)—(শুষ্ক ফট্‌কিরি। ফট্‌কিরি তাতাইয়া প্রস্তুত হয়)। বাহ্যপ্রয়োগ জন্য ব্যবহার হয়। ইহার গুঁড়া রক্তস্রাব নিবারক।

অসম্মিলন:—ক্ষার দ্রব্য, ট্যানিক এছিড, সঙ্কোচক ঔদ্ভিজ্জ ঔষধ, সীস ধাতুঘটিত ঔষধ, চূণ।

ক্যাল্‌ছিয়ম্ (Calcium)—চূণ বা লাইমের মূল ধাতু। শ্বেতবর্ণ পদার্থ। উত্তপ্ত করিলে চূণে পরিণত হয়।

ক্যাল্‌ক্স্—লাইম (Calx—Lime)—আদত চূণ, অক্সাইড্ অব্ ক্যাল্‌ছিয়ম। (কার্ব্বনেট্ অব্ লাইম অথবা চক ইত্যাদি পোড়াইয়া তৈয়ার হয়)। শ্বেতবর্ণ চাপ চাপ পদার্থ। কষ্টিকের ন্যায় আস্বাদ। জল মিশাইলে ফুটিতে থাকে এবং সাধারণ চূণে পরিণত হয়।

(১) ক্যাল্‌ছিয়াই হাইড্রাস্—হাইড্রেট অব্ ক্যাল্‌ছিয়ম (Calcii Hydras)। নামান্তর,—Hydrate of Lime, Slaked Lime। বাঙ্গালা নাম, সাধারণ ব্যবহার্য্য চূণ।

২ ভাগ চূণ এবং ১ ভাগ জল মিশাইলে ফুটিতে থাকে, উষ্ম হয় এবং চূণ গুঁড়া হইয়া সাধারণ চূণ বা হাইড্রেট্ অব্ ক্যাল্‌ছিয়ম হয়। শ্বেতবর্ণ গুঁড়ার আকারে।

(ক) লাইকর ক্যাল্‌ছিস্—একোয়া ক্যাল্‌ছিস্—লাইম্ ওয়াটার। চূণের জল। (Aqua calcis) (হাইড্রেট্ অব্ লাইম্ (চূণ) ২ আং, জল ১৬০ আং। কাচের গ্লাসে রাখিয়া দেও এবং পরিষ্কার জল ছাঁকিয়া লও)।

ক্রিয়া—অম্লনাশক এবং ধারক।

মাত্রা—১—৪ আং। (দুগ্ধের সঙ্গে)। ১ বৎসর বয়স্ক বালকের পক্ষে ½ ড্রাম।

(খ) লাইকর ক্যাল্‌ছিস্ স্যাকারেটস্—স্যাকারেটেড্ সল্যুশন অব্ লাইম্ (Liquor Calcis Saccharatus)—(চূণ ১ আং, চিনি ২ আং, পরিস্রুত জল ২০ আং।

ক্রিয়া—অম্লনাশক এবং ধারক।

মাত্রা—১৫—৬০ মিনিম। ১ বৎসর শিশুর মাত্রা—৫—১০ মিনিম।

(গ) লিনিমেণ্টম্ ক্যাল্‌ছিস্—লিনিমেণ্ট অব্ লাইম (Linimentum Calcis)। নামান্তর,—Carron Oil (ক্যারণ অইল)। (চূণের জল ২ আং, অলিভ অয়েল ২ আং একত্রে মিশাও)। সাবেক ক্যারণ অয়েল মসিনার তৈল দ্বারা হইত। কোন স্থান পুড়িয়া গেলে লিনিমেণ্টম্ ক্যাল্‌ছিস্ প্রয়োগে উপকার হয়।

(২) ক্যাল্‌ক্স্ ক্লোরিনেটা—ক্লোরিনেটেড্ লাইম (Calx Chlorinata—*Chlorinated Lime*)। নামান্তর,—Bleaching Powder। (চূণ এবং ক্লোরিন গ্যাস যোগে প্রস্তুত। শাদা গুঁড়ার ন্যায় দ্রব্য)। ক্লোরফরম প্রস্তুত জন্য ব্যবহার হয়।

(ক) লাইকর ক্যাল্‌ছিস্ ক্লোরিনেটি। (ক্লোরিনেটেড্ লাইম ১ পাউণ্ড, পরিস্রুত জল ১৬০ পাউণ্ড)।

ক্রিয়া—দুর্গন্ধহারক।

(খ) ভেপর ক্লোরাই—ইন্‌হেলেসন্ অব্ ক্লোরাইন। (ক্লোরিনেটেড্ লাইম ২ আং, জল যথা-প্রয়োজন। জল সিক্ত করিলে যে ভাপ উঠিবে তাহা শ্বাসপথে টানিয়া লও)।

কাশ রোগে দুর্গন্ধ কাশ উঠিলে উপকারক।

(৩) ক্যাল্‌ক্স্ সল্‌ফিউরেটা—সল্‌ফিউরেটেড্ লাইম। (Calx Sulphurata)। নামান্তর,—সল্‌ফাইড্ অব্ ক্যাল্‌ছিয়ম। (Calcium Sulphide)—(ময়লা ময়লা গুঁড়ার আকারে। সল্‌ফেট্ অব্ লাইম ৭ আং এবং কয়লা ১ আং একত্র উত্তপ্ত করিয়া তৈয়ার হয়)।

ক্রিয়া—শরীরের ভিতর পূয হইলে সেবনে উপকার হয়। কোথাও ফোড়া উঠিলে সেবনে আর সে ফোড়া পাকে না।

মাত্রা—$\frac{1}{10}$—১ গ্রেণ।

(৪) ক্যাল্‌ছিয়াই কার্ব্বনাস্ প্রেছিপিটেটা—প্রেছিপিটেটেড্ কার্ব্বনেট্ অব্ লাইম (Calcii Carbonas Precipitata) (ক্লোরাইড অব ক্যাল্‌ছিয়ম এবং কার্ব্বনেট্ অব্ সোডিয়ম দ্রব একত্র সিদ্ধ করিয়া প্রস্তুত হয়)। শ্বেতবর্ণ দানার আকারে।

ক্রিয়া—অম্লনাশক। অজীর্ণে উপকারক।

মাত্রা—১০—৬০ গ্রেণ।

(৫) ক্যাল্‌ছিয়াই ক্লোরাইডাই—ক্লোরাইড্ অব্ ক্যাল্‌ছিয়ম (Calcii Chloridi)—(হাইড্রোক্লোরিক এছিড্ এবং চা-খড়ি যোগে প্রস্তুত। চা-খড়িতে হাইড্রোক্লোরিক এছিড্ যোগ করিয়া তাহাতে একটু ক্লোরিনেটেড্ লাইম এবং স্লেক্‌ড লাইম যোগ করিয়া অগ্নি উত্তাপে শুষ্ক করিয়া পরে ৪০০° উত্তাপে উত্তপ্ত কর)। শ্বেতবর্ণ চাপ চাপ পদার্থ।

ক্রিয়া—পরিবর্ত্তক; রক্ত-সংশোধক।

মাত্রা—৩—১০ গ্রেণ।

(ক) লাইকর ক্যাল্‌ছিয়াই ক্লোরিডাই। (ক্লোরাইড্ অব্ ক্যাল্‌ছিয়ম ৮৮ গ্রেণ, জল ১ আং)।

মাত্রা—১৫—৫০ মিনিম।

(৬) ক্যাল্‌ছিয়াই হাইপফস্ফিস্—হাইপফস্ফাইট্ অব্ লাইম (Calcii Hypophosphis)—(ফস্ফরস্, চূণ এবং জল একত্রে সিদ্ধ করিয়া পাওয়া যায়)। শঙ্কাকার সাদা দানার আকার। জলে দ্রব হয়।

ক্রিয়া—বলকারক। যক্ষ্মাকাশে উপকারক।

মাত্রা—৫—১০ গ্রেণ।

(৭) ক্যাল্‌ছিয়াই ফস্ফাস—ফস্ফেট্ অব্ লাইম (Calcii Phosphas) অস্থিভস্ম, হাইড্রোক্লোরিক এছিড্ এবং জলে দ্রব করিয়া তাহাতে এমনিয়া দিলে ফস্ফেট্ অব্ লাইম নীচে জমে। সাদা গুঁড়া জলে গলে না। বলকারক।

মাত্রা—১০—২০ গ্রেণ।

(৮) ক্রিটা—চক (Creta, Chalk)—বাঙ্গালা চা-খড়ি।

(স্বভাবজাত কার্ব্বনেট্ অব্ লাইম। খনিতে পাওয়া যায়।)

(ক) ক্রিটা প্রিপারেটা—প্রিপেয়ার্ড চক (Creta Preparata)। (পরিস্কৃত চা-খড়ি)।

শাদা গুঁড়া অথবা সাদা ছোট ছোট ঢেলার আকার। মড়কা, স্বাদবিহীন, জলে গলে না। ডাইলুট হাইড্রোক্লোরিক এছিডে দ্রব হয়।

ক্রিয়া—অম্লনাশক।

মাত্রা—১০—৬০ গ্রেণ।

(খ) মিশ্চুরা ক্রিটা—চক মিক্শ্চার। (প্রিপেয়ার্ড চক ¼ আং, গম একেশিয়া ¼ আং, সিরপ ½ আং, ছিনামন ওয়াটার ৭½ আং)। অম্লনাশক, ধারক।

মাত্রা—১—২ আং।

(গ) পল্ভিস্ ক্রিটি এরমেটিকস্—এরমেটিক পাউডার অব্ চক। নামান্তর,—Pulv Confection Aromatic। (দারুচিনি ৪ আং, নট্মেগ), (জায়ফল) এবং স্যাফ্রণ (জাফ্রাণ) প্রত্যেকে ৩ আং, ক্লোভ (লবঙ্গ) ১½ আং, কার্ডমম বীজ (ছোট এলাচের দানা) ১ আং, রিফাইণ্ড সুগার (পরিস্কৃত চিনি) ২৫ আং, প্রিপেয়ার্ড চক ১১ আং, সমস্ত গুঁড়া করিয়া মিশ্রিত কর।

এরমেটিক চক পাউডার অম্লনাশক এবং ধারক। ছেলেদের উদরাময়ে খুব উপকারী। নানাবিধ মসলা থাকাতে ইহাতে পেটফাঁপা ও পেটকামড়ানী নিবারণ করে।

মাত্রা—১০—৬০ গ্রেণ।

(ঘ) পাল্ভিস্ ক্রিটি এরমেটিকস্ কম্ ওপিও। ("ওপিয়ম" দেখ।)

[হাইড্রার্জিরম্ কম্ ক্রিটিতে প্রিপেয়ার্ড চক আছে।]

কিউপ্রম—কপার্ (Cuprum—Copper)—বাঙ্গালা তাম্র ধাতু।

২৫ নম্বরের সূক্ষ্ম তার ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ :—

(১) কিউপ্রি নাইট্রাস (Cupri Nitras)—(নাইট্রিক এছিডে কপার দ্রব করিয়া প্রস্তুত হয়)। গাঢ় নীলবর্ণ দানার আকারে। বাহ্যিক ব্যবহার হয়।

ক্রিয়া—সঙ্কোচক এবং দাহক (কষ্টিক)।

(২) কিউপ্রিসল্ফাস্—সল্ফেট্ অব্ কপার্ (Cupri Sulphas) বাঙ্গালা নাম তুঁতিয়া। নামান্তর,—Green Vetriol (গ্রিণ ভিট্রি-ওল)—(তাম্র এবং সল্ফিউরিক এছিড্ যোগে প্রস্তুত হয়। সল্ফিউ-রিক এছিড্ এবং তাম্র একত্রে উত্তপ্ত করিয়া গলিয়া গেলে ঐ পদার্থ গরম জলে গুলিয়া শীতল করিলে কপার সল্ফেটের দানা হয়)।

গাঢ় নীলবর্ণ চৌক চৌক দানার আকার। তামাটে এবং কষায় আস্বাদ। জলে দ্রবণীয়।

ক্রিয়া—বমনকারক, সঙ্কোচক, ধারক এবং বলকারক। বাহ্যপ্রয়োগে কষ্টিকের ন্যায়। পুরাতন আমাশয় এবং উদরাময়ে উপকারী। কোরিয়া এবং এপিলেপ্সি রোগে স্নায়বিক বলকারক। পরিস্রুত জলে দ্রব করিয়া চক্ষে ফোট দিলে চক্ষুপ্রদাহ (অফ্থ্যাল্মিয়া) ভাল হয়। গণোরিয়া রোগে ইহার লোসনের পিচ্কারী উপকারক। ইহার লোসনে পুরাতন ক্ষত ধৌত করিলে ক্ষত পরিষ্কার হয়। ক্ষতে বেশী দানা বাঁধিলে উহা তুঁতিয়ার জল দিয়া ধৌত করিলে উপকারক হয়।

মাত্রা—$\frac{1}{2}$—২ গ্রেণ মাত্রায় ধারক। ৫—৮ গ্রেণ মাত্রায় বমনকারক। বাহ্যিক প্রয়োগে ১ আং পরিস্রুত জলে ১—৪ গ্রেণ।

ছিরিয়ম (Cerium)—ছিরিয়ম নামক ধাতু।

প্রয়োগরূপ :—

(১) ছিরিয়াই অক্জ্যালাস্—অক্জ্যালেট্ অব্ ছিরিয়ম (Cerii Oxalas)—(ছিরিয়ম ধাতুঘটিত কোন লবণ এবং অক্জ্যালেট্ অব্ এমনিয়া যোগে প্রস্তুত হয়)।

শাদা গুঁড়ার আকারে। জলে দ্রবণীয় নহে।

ক্রিয়া—পাকাশয়ের উপর স্নিগ্ধকারক। গ্যাষ্ট্রডাইনিয়া এবং বমন রোগে উপকারক। গর্ভিণীর বমনে বিশেষ উপকার করে।

মাত্রা—১—২ গ্রেণ।

জিন্কম্—জিঙ্ক্ (Zincum or Zinc)—বাঙ্গালা রঙ্গ ধাতু।

গ্র্যানুলেটেড্ জিঙ্ক্—জিঙ্ক্ গলাইয়া শীতল জলে ঢালিলে গ্র্যানুলেটেড্ জিঙ্ক্ তৈয়ার হয়।

প্রয়োগরূপ :—

(১) জিন্ছাই এছিটাস্ (Zinci Acetas) (কার্ব্বনেট্ অব্ জিঙ্ক্

এবং এছেটিক এছিড্ একত্রে জ্বাল দিয়া তৈয়ার হয়)। বর্ণহীন, পাতলা, উজ্জ্বল পাতের আকারে। ২ ভাগ জলে দ্রবণীয়।

ক্রিয়া—স্নায়বিক বলকারক এবং বমনকারক। গণোরিয়া রোগে লোসন ব্যবহার হয়।

মাত্রা—১—২ গ্রেণ (বলকারক), ১৫—২০ গ্রেণ (বমনকারক), লোসন (২ গ্রেণ জল ১ আং)।

(২) জিন্‌ছাই কার্ব্বনাস্—কার্ব্বনেট্ অব্ জিঙ্ক্ (Zinci Carbonas)—(সল্‌ফেট্ অব্ জিঙ্ক্ এবং কার্ব্বনেট্ অব্ সোডিয়ম একত্রে গরম জলে সিদ্ধ করিয়া) শাদা গুঁড়া আকারে। জলে গলে না।

ক্রিয়া—সঙ্কোচক।

মাত্রা—১—১০ গ্রেণ (পিল অথবা গুঁড়ার আকারে)।

(৩) ক্যালামিনা প্রিপ্যারেটা (Calamina Præparata) (স্বাভাবিক কার্ব্বনেট্ অব্ জিঙ্ক্ পরিষ্কার করিয়া) গুঁড়ার আকারে। আভ্যন্তরিক প্রয়োগ নাই।

(ক) অঙ্গুয়েণ্টম্ ক্যালামাইনি—ক্যালামাইন অয়েণ্টমেণ্ট। নামান্তর,— Turner's Cerate (ক্যালামাইন ১ আং, বেন্‌জোয়েটেড্ লার্ড ৫ আং)।

পুড়িয়া যাওয়া ক্ষতে, একৃজিমার ক্ষতে স্থানীয় প্রয়োগে উপকার হয়।

জিন্‌সাই ক্লোরাইডম্—ক্লোরাইড্ অব্ জিঙ্ক্ (Zinci Chloridum)—(গ্র্যানুলেটেড্ জিঙ্ক্ এবং হাইড্রোক্লোরিক এছিড একত্রে গলাইবে এবং কয়েক ঘণ্টা উত্তপ্ত করিয়া উহাতে সল্যুসন্ অব্ ক্লোরাইন্ কার্ব্বনেট অব্ জিঙ্ক্ (অল্প মাত্রায়) যোগ করিবে। পেরক্‌সাইড্ অব্ আয়রন্ থাকিলে উহা তলে পড়িবে। এই পেরক্‌সাইড পৃথক্ করিয়া ফেলিবে। লৌহ ইত্যাদি তফাৎ করিবার জন্য কার্ব্বনেট অব্ জিঙ্ক্ এবং ক্লোরাইন্ যোগ করা হয়)।

শ্বেতবর্ণ চাকচিক্যশালী, বাতির আকারে অথবা চাক্তির আকারে। কষ্টিক গুণযুক্ত। জল, ঈথর এবং রেক্‌টিফায়েড্ স্পীরিটে দ্রবণীয়।

আভ্যন্তরিক প্রয়োগ নাই। বাহ্যিক প্রয়োগে কষ্টিক এবং দাহক। ১ ভাগ ক্লোরাইড্ অব্ জিঙ্ক এবং ২।৩ ভাগ ময়দা একত্রে মিলাইয়া লেইয়ের মত করিয়া প্রয়োগ করে।

(ক) লাইকর জিন্ছাই ক্লোরাইডাই (Liquor Zinci Chloridi)। (গ্র্যান্যু-লেটেড্ জিঙ্ক্ ১ পাউণ্ড, হাইড্রোক্লোরিক এছিড্ ৪৪ আং, সল্যুসন ক্লোরাইন্ যথা-প্রয়োজন, কার্ব্বনেট্ অব্ জিঙ্ক্ ½ আং, জল ১ পাইন্ট। একত্রে গলাও এবং ২ পাইন্ট্ রাখ)।

১ আউন্সে ৩৬৬ গ্রেণ্ ক্লোরাইড্ অব্ জিঙ্ক্ আছে।

ক্রিয়া—পচননিবারক এবং দুর্গন্ধহারক। লাইকর জিন্ছাই ক্লোরাইডে সমান পরিমাণ জল মিশাইলে "Burnett's Solution" তৈযার হয়।

(৫) জিন্ছাই ওলিয়েটম্—ওলিয়েট্ অব্ জিঙ্ক্ (Zinci Oleatum)। (অক্ছাইড্ অব্ জিঙ্ক্ ১ আং, অলিয়েক এছিড্ ৯ আং, একত্রে উত্তাপে গলাও)।

ক্রিয়া—অক্ছাইড্ অব্ জিঙ্কের ন্যায়।

(ক) অঙ্গুয়েণ্টম্ জিন্ছাই ওলিয়েটি (Unguentum Zinci Oleati)। (ওলিয়েট্ অব্ জিঙ্ক্ এবং সফ্ট প্যারাফিন প্রত্যেক ১ আং, উত্তাপ দিয়া গলাও)। ক্ষতাদিতে প্রয়োগ হয়। এক্জিমা রোগে উপকারক।

(৬) জিন্ছাই অক্সাইডম্—অক্সাইড্ অব্ জিঙ্ক্—(Zinci Oxidum)। (কার্ব্বনেট্ অব্ জিঙ্ক খুরিতে করিয়া উত্তপ্ত করিয়া প্রস্তুত হয়)।

শ্বেতবর্ণ গুঁড়ার আকার। স্বাদ ও গন্ধবিহীন। জলে গলে না। হাই-ড্রোক্লোরিক এছিডে এবং অন্যান্য এছিডে দ্রবণীয়।

ক্রিয়া—সঙ্কোচক। ধারক। বলকারক। যক্ষ্মাকাশের নিশা ঘর্ম্মে উপকারক।

মাত্রা—২—১০ গ্রেণ বটিকাকার।

(ক) অঙ্গুয়েণ্টম্ জিন্ছাই—অয়েণ্টমেণ্ট অব্ জিঙ্ক—জিঙ্কের মলম। (অক্-ছাইড্ অব্ জিঙ্ক ৮০ গ্রেণ, বেন্জোয়েটেড্ লার্ড ১ আং একত্রে মিশাও)। ক্ষতাদিতে উপকারক। একজিমা চর্ম্মরোগে উপকারক।

(৭) জিন্ছাই সাল্ফাস্—সাল্ফেট্ অব্ জিঙ্ক (Zinci Sulphas)। নামান্তর,—White Vitriol। (গ্র্যান্যুলেটেড্ জিঙ্ক সল্-ফিউরিক এছিডে দ্রব করিয়া। লৌহ ইত্যাদি থাকিলে একটু ক্লোরাইন্ সল্যুসন্ এবং কার্ব্বনেট্ অব্ জিঙ্ক যোগ করিবে এবং

ছাঁকিবে। পরে দানা বাঁধিবে)। ছোট ছোট শ্বেতবর্ণ দানার আকারে। কষায় আস্বাদ। জলে দ্রবণীয়।

ক্রিয়া—বমনকারক, বলকারক। এপিলেপ্সি পীড়ায় উপকারক। গণরিয়া প্রভৃতি পীড়ায় ইহার লোসনের পিচকারী উপকারক। ইহার লোসনে ক্ষত ধৌত করিলে উপকার হয়।

মাত্রা—১—৩ গ্রেণ (বলকারক), ১০—গ্রেণ (বমনকারক)। গণরিয়া লোসন (১ আউন্স জলে ২ গ্রেণ), চক্ষুপ্রদাহে (১ আং জলে ১—২ গ্রেণ)। ক্ষত ধৌতে (১ আং জলে ১ গ্রেণ)।

(৮) জিন্‌ছাই সল্‌ফো কার্ব্বলাস্ (Zinci Sulpho-carbolas)—(কার্ব্বলিক এছিড্, সল্‌ফিউরিক এছিড্ এবং অক্সাইড্ অব্ জিঙ্ক একত্রে গলাইয়া প্রস্তুত হয়)। দানার আকারে।

ক্রিয়া—পচন-নিবারক।

(৯) জিন্‌ছাই ভ্যালিরিয়ানাস্—ভ্যালিরিয়ানেট্ অব্ জিঙ্ক (Zinci Valerianas)। (সল্‌ফেট্ অব্ জিঙ্ক এবং ভ্যালিরিয়ানেট্ অব্ সোডিয়ম দ্বারা প্রস্তুত)। উজ্জ্বল চাক্‌চিক্যশালী, শ্বেতবর্ণ দানার আকারে। জলে অল্প দ্রবণীয়।

ক্রিয়া—আক্ষেপ নিবারক, স্নায়বিক বলকারক। হিষ্টিরিয়া রোগে এবং ধ্বজভঙ্গ রোগে উপকারক।

মাত্রা—১—৩ গ্রেণ (পিল আকারে)।

প্লম্বম্—লেড্ (Plumbum—Lead)—বাঙ্গালা সীসা ধাতু।

আদত সীসা ঔষধে ব্যবহার হয় না।

প্রয়োগরূপ ঃ—

(১) প্লমবাই এছিটাস—এছিটেট্ অব্ লেড্ (Plumbi Acetas)। নামান্তর,—Sugar of Lead (সুগার অব্ লেড্)। (অক্সাইড্ অব্ লেড্ ২৪ আং, এছেটিক্ এছিড্ ২ পাইণ্ট, পরিস্রুত জল ১ পাইণ্ট; উত্তাপে গলাও, ছাঁক এবং দানা বাঁধিতে দেও)।

শাদা স্পঞ্জের ন্যায় চাপ আকারে অথবা দানাকারে। মিষ্ট গন্ধ, মিষ্ট তামাটে আস্বাদ। জলে দ্রবণীয়।

ক্রিয়া—অল্পমাত্রায় ধারক এবং অবসাদক। রক্তস্রাব এবং উদরাময়ে

উপকারী। সিসাযুক্ত ঔষধ বেশী পরিমাণে এবং অল্পমাত্রায় অধিক দিন ব্যবহারে কোষ্ঠবদ্ধতা, শূল রোগ এবং হস্তে পক্ষাঘাত হয়।

মাত্রা—১—৪ গ্রেণ (বটিকাকারে অথবা জলে দ্রব করিয়া)।

(ক) গ্লাইছেরিনম্ প্লম্বাই সব্এছিটেটিস্—গ্লাইছেরিন্ অব্ সব্এছিটাস্ অব্ লেড্ (Glycerini Plumbi Subacetatis)। (এছিটেট্ অব্ লেড্ ৫ আং, অক্সাইড্ অব্ লেড্ ৩½ আং, গ্লাইছেরিন্ ১ পাইণ্ট, জল ১২ আং। একত্রে উত্তপ্ত কর এবং ছাঁক। ৬ ভাগে ১ ভাগ এছিটেট্ অব্ লেড্)। স্থানীয় প্রয়োগে সঙ্কোচক এবং স্নিগ্ধকারক। কাণ দিয়া পূয পড়িলে ইহার ফোট দিলে উপকার হয়।

(খ) অঙ্গুয়েণ্টম্ গ্লাইছেরিনাই প্লম্বাই সব্এছিটেটিস্ (Unguentum Glycerini Plumbi Subacetatis)। (গ্লাইছেরিন্ অব্ সব্এছিটেট্ অব্ লেড্ ৪½ আং, সফ্ট প্যারাফিন ১৮ আং, হার্ড প্যারাফিন ৬ আং; একত্রে গলাও এবং মিশাও)।

(গ) পাইলুলা প্লম্বাই কম্ ওপিও—পিল্ অব্ লেড্ এবং ওপিয়ম (Pilula Plumbi Cum Opio)। (এছিটেট্ অব্ লেড্ ৩৬ গ্রেণ, ওপিয়ম ৬ গ্রেণ, কন্‌ফেকশন্ অব্ রোজ ৬ গ্রেণ। একত্রে মর্দ্দন কর)।

গুণঃ—ধারক। উদরাময়ে, রক্তস্রাবে উপকারক। যক্ষ্মা রোগীর নিশাঘর্ম্মে উপকারক।

মাত্রা—৩—৫ গ্রেণ।

(ঘ) সপোজিটোরিয়া প্লম্বাই কম্পোজিটা—কম্পাউণ্ড লেড্ সপোজিটরি। (এছিটেট্ অব্ লেড্ ৩৬ গ্রেণ, ওপিয়ম ১২ গ্রেণ, অয়েল অব্ থিওব্রোমা ১৩২ গ্রেণ; একত্র মিশ্রিত করিয়া ১২টী সাপোজিটোরি কর। প্রত্যেকে ৩ গ্রেণ এছিটেট্ অব্ লেড্ এবং ১ গ্রেণ ওপিয়ম থাকিবে)।

স্থানীয় প্রয়োগ—গুহ্যদ্বারে। ক্রিয়া—সঙ্কোচক, যন্ত্রণা-নিবারক।

(ঙ) অঙ্গুয়েণ্টম প্লম্বাই এছিটেটিস্—এছিটেট্ অব্ লেড্ অয়েণ্টমেণ্ট। (এছিটেট্ অব্ লেড্ গুঁড়া ১২ গ্রেণ, বেঞ্জোয়েটেড্ লার্ড ১ আং।

ক্রিয়া—সঙ্কোচক। একজিমা রোগে স্থানীয় প্রয়োগ। ক্ষত ড্রেস্ করিলে উপকার হয়।

(চ) লাইকর প্লম্বাই সব্এছিটেটিস্ (Liquor Plumbi Subacetatis)।

নামান্তর,—Goullard's Extract (গুলার্ড এক্‌ষ্ট্রাক্ট্)। (এছিটেট্ অব্ লেড্ ৫ আং, অক্‌ছাইড্ অব্ লেড্ ৩½ আং, পরিস্রুত জল ১ পাইণ্ট)। স্থানীয় সঙ্কোচক।

(ছ) লাইকর প্লম্বাই সব্‌এছিটেটিস্ ডাইলুটস্। নামান্তর,—Goullard's Water (গুলার্ড ওয়াটার বা গুলার্ড লোসন)। (লাইকর প্লম্বাই সব্‌এছিটেটিস্ ২ ড্রাম, রেক্‌টিফায়েড্ স্পীরিট ২ ড্রাম, পরিস্রুত জল ১৯½ আং)। স্থানীয় প্রয়োগে সঙ্কোচক। প্রদাহযুক্ত স্থানে প্রয়োগে প্রদাহের দমন হয়।

(২) প্লম্বাই কার্ব্বনাস—কার্ব্বনেট্ অব্ লেড্ (Plumbi Carbonas)। নামান্তর,—White Lead। আভ্যন্তরিক প্রয়োগ নাই।

(ক) অঙ্গুয়েণ্টম প্লম্বাই কার্ব্বনেটিস্। (কার্ব্বনেট্ অব্ লেড্ গুঁড়া ৬২ গ্রেণ, সিম্পল্ অয়েণ্টমেণ্ট ১ আং)।

গুণ ঃ—সঙ্কোচক। ক্ষতাদিতে ব্যবহার হয়।

(৩) প্লম্বাই আইওডাইডম্—আইওডাইড্ অব্ লেড Plumbi Iodidum)। (নাইট্রেট্ অব্ লেড্ এবং আইওডাইড্ অব্ পটাসিয়ম যোগে প্রস্তুত হয়। উজ্জ্বল, হরিদ্রাবর্ণ দানাযুক্ত গুঁড়ার আকার।

আভ্যন্তরিক প্রযোগ নাই। স্থানীয় প্রয়োগে পরাঙ্গপুষ্ট-নাশক।

(ক) অঙ্গুগুয়েণ্টম্ প্লম্বাই আইওডিডাই—অয়েণ্টমেণ্ট অব্ আইওডাইড্ অব্ লেড্। (আইওডাইড্ অব্ লেড্ ৬২ গ্রেণ, সিম্পল অয়েণ্টমেণ্ট ১ আং)। ব্রঙ্কোছিল্ রোগে স্থানীয় মর্দ্দনে উপকারক। লিম্ফেটিক গ্রন্থি বিবর্দ্ধনে মালিস্। ঈকুন ও পাঁচড়া বিনাশক।

(খ) এম্প্লাষ্ট্রাম্ প্লমবাই আইওডাইডাই—আইওডাইড্ অব্ লেড্ প্ল্যাষ্টার (আইওডাইড্ অব্ লেড্ ২ আং, এম্‌প্ল্যাষ্টম্ প্লম্বাই ১ পাউণ্ড ; রেজিন ২ আং)।

(৪) প্লম্বাই নাইট্রাস্—নাইট্রেট্ অড্ লেব্ (Plumbi Nitras)— আইওডাইড্ অব্ লেড্ প্রস্তুত জন্য ব্যবহৃত হয়।

(৫) প্লম্বাই অক্‌ছাইডম্—অক্‌ছাইড্ অব্ লেড্ (Plumbi Oxidum)। নামান্তর,—Litharge। (শিশা অগ্নিতে দগ্ধ করিয়া প্রস্তুত হয়)।

শ্বেতবর্ণ স্বাদবিহীন গুঁড়া, জলে দ্রব হয় না।

(ক) এম্প্ল্যাষ্ট্রাম্ প্লম্বাই—লেড্ প্ল্যাষ্টার (অক্‌ছাইড্ অব্ লেড ৫ আং, অলিভ অয়েল ১০ পাউণ্ড, জল ৫ পাউণ্ড। ৪।৫ ঘণ্টা পর্য্যন্ত জলের ভাপে সিদ্ধ কর। মলম আকার হইলে নামাও)। স্থানীয় প্রয়োগে স্নিগ্ধকারক।

[এম্প্ল্যাষ্ট্রাম্ স্যাপনিস্ ফস্‌কম, লাইকর প্লম্বাই অব্ এছিটেটিস্, প্লম্বাই এছিটাস্, এবং গ্লাইছেরিনি প্লম্বাই সব্ এছিটেটিস্ প্রস্তুত করিতে অক্‌সাইড অব্ লেড্ ব্যবহৃত হয়।]

পটাসিয়ম্ (Potassium)—পোটাসিয়াম ধাতু। নামান্তর,—Kalium।

এই ধাতু স্বাভাবিক অবস্থায় পাওয়া যায় না। ইহা অম্লজান (অক্সিজেন) সঙ্গে মিশ্রিত থাকে। তখন ইহাকে পটাস বলে। এই পটাস্ নানাবিধ উদ্ভিদে পাওয়া যায়। পটাস হইতে পটাসিয়ম্ ধাতু পাওয়া যাইতে পারে। পটাসিয়মের বর্ণ সিসধাতুর ন্যায়। পটাস বা অক্‌সাইড্ অব্ পটাসিয়ম হইতেই সমস্ত ঔষধ তৈয়ার হয়।

পটাসঘটিত দ্রব্য আমাদের রক্তে পাওয়া যায়। রক্তে পটাসের ভাগ কম পড়িলে নানা পীড়া হয়। গোল আলুতে পটাস্ আছে।

প্রয়োগরূপ :—

(১) পটাসা কষ্টিকা—কষ্টিক পটাস (Potasa caustica)। নামান্তর,—Potassæ Hydras; Potassa (লাইকর পটাসি অগ্নি তাপে ঘন করিয়া ছাঁচে ঢালিয়া বাতির আকারে তৈয়ার করে)।

শ্বেতবর্ণ, কঠিন বাতির আকার। কখন কখন ইহার বর্ণ অল্প সবুজ অথবা নীল হয়। রেক্‌টিফায়েড স্পীরিটে গলে। ঠাণ্ডা হাওয়া লাগিলে গলিয়া যায়।

আভ্যন্তরিক প্রয়োগ নাই। বাহ্যিক প্রয়োগে কষ্টিক্ এবং দাহক। শরীরের যে কোন স্থানে লাগাইলে সেখানে পুড়িয়া নষ্ট হয়। এজন্য ক্যান্সার প্রভৃতি দুষ্ট ক্ষত নষ্ট করিতে কষ্টিক পটাস উপযোগী।

(ক) লাইকর পটাসি—সল্যুসন অব্ পটাস (Liquor Potassæ) কার্ব্বনেট্ অব্ পটাস হইতে স্লেক্ লাইম ও জল যোগে প্রস্তুত হয়)। বর্ণহীন, তরল তীব্র আস্বাদযুক্ত।

গুণ :—নির্জ্জল লাইকর পটাসী বেশী মাত্রায় তীব্র বিষক্রিয়া করে। যে হেতু ইহা দাহক। অল্প মাত্রায় জলের সহিত সেবনে ইহা অম্লনাশক এবং ক্ষারগুণ বিশিষ্ট। ইহা মূত্রকারকও বটে।

মাত্রা—১০ হইতে ৬০ মিনিম্ (জলের সঙ্গে মিশাইয়া)।

(২) পটাসা সল্‌ফিউরেটা—সল্‌ফিউরেটড্ পাটাস্ (Potassa Sulphurata)। নামান্তর,—Hiper Sulphuris (কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম এবং সুব্লাইম্‌ড্ সাল্‌ফার একত্র গলাইয়া প্রস্তুত হয়)।

সবুজবর্ণ অথবা লালবর্ণ কঠিন খণ্ডাকারে।

গুণ :—পরাঙ্গপুষ্ট নাশক।

মাত্রা—৩—৫ গ্রেণ।

(ক) অঙ্গুয়েণ্টম্ পটাসি সাল্‌ফিউরেটা—সাল্‌ফিউরেটেড্ পটাস অয়েণ্ট-মেণ্ট। (সাল্‌ফিউরেটেড্ পটাস ৩০ গ্রেণ, হার্ড প্যারাফিন্ ½ আং, সফ্‌ট প্যারাফিন ½ আং)। ইকুন, দাদ প্রভৃতি বিনাশ করে।

(৩) পটাসি এছিটাস্—এছিটেট্ অব্ পটাস্ (Potassæ Acetas)। (কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম এবং এছিটিক্ এছিড্ যোগে প্রস্তুত)। শ্বেতবর্ণ পদার্থ। বাহিরের বাতাসে গলিয়া যায়। জলে দ্রবণীয়।

গুণ—মূত্রকারক, অল্প বিরেচক।

মাত্রা—১০—৬০ গ্রেণ।

(৪) পটাসি বাই কার্ব্বনাস্—বাই কার্ব্বনেট্ অব্ পটাস্ (Potassæ Bicarbonas)। নামান্তর,—Acid carbonate of Potassium। বর্ণহীন দানার আকার। ৪ গুণ জলে দ্রবণীয়।

গুণ :—অম্লনাশক, মূত্রকারক, রিউম্যাটিজম্ এবং গাউট রোগে উপকারক।

মাত্রা—১০—৪০ গ্রেণ।

(ক) লাইকর পটাসি এফারভেছেন্‌স্ (Liquor Potassæ Effervescens)। নামান্তর,—Kally water, Potass water। (১ পাইণ্ট জলে ৩০ গ্রেণ বাইকার্ব্বনেট্ অব্ পটাস্ থাকে। বাইকার্ব্বনেট অব্ পটাস এবং কার্ব্বনিক এছিড ও জল একত্রে মিশ্রিত)।

মাত্রা—৫—১০ আং।

(৫) পটাসি ব্রোমাইডম্—ব্রোমাইড্ অব্ পটাসিয়ম (Potassæ Bromidum)। (ব্রোমাইন এবং লাইকর পটাস যোগে প্রস্তুত)। বর্ণহীন, ত্রিকোণ-বিশিষ্ট মোটা দানা, গন্ধহীন, লবণ আস্বাদ। জলে দ্রবণীয়।

ক্রিয়া—নিদ্রাকারক, স্নায়ুর স্নিগ্ধকারক; আক্ষেপনিবারক।

মাত্রা—৫—২০ গ্রেণ, ১ বৎসরের শিশু ৪—৫ গ্রেণ (তড়কা নিবারক)।

(৬) পটাসি কার্ব্বনাস—কার্ব্বনেট্ অব্ পটাস (Potassæ carbonas)। (পার্ল এস্ নামক দ্রব্য হইতে প্রস্তুত)।

ক্ষুদ্র ক্ষুদ্র শ্বেতবর্ণ দানা। ক্ষার আস্বাদ। বাতাসে রাখিলে গলিয়া যায়। জলে দ্রবণীয়। স্পীরিটে দ্রব হয় না। ডাইলুট হাইড্রোক্লোরিক এছিডযোগে ফুটিয়া উঠে।

গুণ ঃ—অম্লনাশক, বাইকার্ব্বনেট অব্ পটাসের ন্যায়। হুপ কাশিতে উপকারক।

মাত্রা—১০—২০ গ্রেণ।

[লাইকর আর্সেনিক্যালিস, ডিককৃসন এলোজ কো, এনিমা এলোজ, মিষ্ট ফেরিকো, পটাসি ক্লোরাস্, পটাসি ছাইট্রাস, পটাসি সাল্‌ফিউরেটা, পটাসি এছিটাস্, পটাসি ফেরসিয়ানাইড, লাইকর পটাসি এবং পিল ফেরি তৈয়ার করিতে পটাসী কার্ব্বনাস ব্যবহার হয়।]

(৭) পটাসি ক্লোরাস্—ক্লোরেট্ অব্ পটাস্ (Potassæ chloras)—কার্ব্বনেট অব্ পটাসিয়ম্, স্লেকড্ লাইম এবং ক্লেরিন গ্যাস্ যোগে প্রস্তুত। বর্ণহীন, চৌকা চৌকা দানা অথবা লবণের ন্যায় গুঁড়ার আকার; ১৬ গুণ জলে দ্রবণীয়।

ক্রিয়া—শীতল গুণবিশিষ্ট, পিপাসা-নিবারক। মুখের ক্ষতে ইহার কুলি উপকারক। মুখ ক্ষতে সেবনেও উপকার হয়। জ্বররোগে মূত্রকারক এবং পিপাসা নিবারক হইয়া উপকার করে। পুরাতন উপদংশ রোগনাশক। গর্ভিণী স্ত্রীলোকের রক্ত পরিষ্কারক। পরিবর্ত্তক।

মাত্রা—১০—৩০ গ্রেণ (জলে দ্রব করিয়া)। কুলি (১ আং জল—৫ গ্রেণ)।

(ক) ট্রছিছাই পটাসি ক্লোরেটিস্—ক্লোরেট্ অব্ পটাস্ লোজেঞ্জ (ক্লোরেট অব্ পটাস্ সুগার, গম একেশিয়া, মিউসিলেজ গম একেশিয়া এবং পরিস্রুত জল, একত্র মিশ্রিত করিয়া লোজেঞ্জ আকার কর। প্রতি লোজেঞ্জে ৫ গ্রেণ আছে।

(৮) পটাসি ছাইট্রাস্—ছাইট্রেট্ অব্ পটাস্ (Potassæ Citras)। (কার্ব্বনেট্ অব্ পটাস্ এবং ছাইট্রিক্ এছিড্ যোগে প্রস্তুত হয়)। শ্বেতবর্ণ, কাশির চিনির ন্যায় দানাময় পদার্থ। জলে দ্রবণীয়। স্বাদ অল্প অম্ল।

ক্রিয়া—মূত্রকারক। সহজে পরিপাক হয়। স্কার্ভি রোগে উপকারক।

মাত্রা—২০—৬০ গ্রেণ।

(৯) পটাসি ফেরছিয়ানাইডম্ (Potassii Ferrocyanidum)। নামান্তর,—Yellow Prussiate of Potash (কার্ব্বনেট্ অব্ পটাস্ এবং জৈবিক পদার্থ (চুল, নখ প্রভৃতি) যোগে প্রস্তুত)।

বড় বড় চাকচিক্যশালী হরিদ্রাবর্ণ দানাকারে।

ব্যবহার—এছিড্ হাইড্রোছিয়ানিক ডাইলুট প্রস্তুত করিতে লাগে।

(১০) পটাসি আইওডাইডম্—আইওডাইড্ অব্ পটাসিয়ম (Potassii Iodidum)। (লাইকর পটাসি এবং আইওডাইন যোগে প্রস্তুত)। শ্বেতবর্ণ ত্রিকোণাকার দানা। গন্ধবিহীন, লবণ আস্বাদ। জলে দ্রবণীয়। ভিজা বাতাসে গলিয়া যায়। ৮ অংশ রেক্টিফায়েড্ স্পীরিটে দ্রব হয়।

ক্রিয়া—পরিবর্ত্তক। বাত ও পুরাতন সিফিলিস্ পীড়ায় ব্যবহার্য্য। বেশী মাত্রায় সেবনে সর্দ্দি লাগে।

মাত্রা—২—২০ গ্রেণ (জলের সঙ্গে)।

(ক) লিনিমেণ্টম্ পটাসি আইওডাইডাই কম্ সেপোন—(আইওডাইড্ অব্ পটাসিয়ম এবং সোপ লিনিমেণ্ট। (কর্ডসোপ ২ আং, গ্লাই-ছেরিন্ ১ আং, জল ১০ আং লইয়া জলের ভাপে দ্রব কর, তাহার সহিত ১½ আং আইওডাইড্ অব্ পটাসিয়ম মিশাও এবং পরে তাহাতে ১ ড্রাম লিমন অয়েল যোগ কর)।

(খ) অঙ্গুয়েণ্টম্ পটাসি আইওডাইডাই—পটাসিয়ম আইওডাইড্ অয়েণ্ট্-মেণ্ট (আইওডাইড্ অব্ পটাসিয়ম ৬৪ গ্রেণ, বেঞ্জোয়েটেড্ লার্ড ১ আং। অগ্রে জলে গুলিয়া পরে লার্ড মিশাইবে)।

ক্রিয়া—বিবর্দ্ধিত প্লীহা ও যকৃতের উপর মলম ও লিনিমেণ্ট মালিস করিলে উপকার হয়। পুরাতন প্রদাহান্বিত স্থানে মালিস করিলে সেই স্থানের স্ফীততা বসিয়া যায়।

(১১) পটাসি নাইট্রাস্—নাইট্রেট্ অব্ পটাসিয়ম (Potassii Nitras)। বাঙ্গালা সোরা। অপর নাম,—Nitre or Saltpetre। লম্বাকার দানা, লবণ ও শীতল আস্বাদ, জলে দ্রবণীয়।

ক্রিয়া—ঘর্ম্মকারক, মূত্রকারক। জ্বরে ব্যবহার হয়। সমান পরিমাণ সোরা ও নিষেদল জলে ভিজাইলে বরফের ন্যায় শীতল হয়।

মাত্রা—১০—৩০ গ্রেণ (জলের সহিত)।

(১২) পটাসি পারম্যাংগ্যানাস্—পারম্যাংগেনেট্ অব্ পটাসিয়ম (Potassii Permanganas)। (ব্ল্যাক অক্সাইড্ অব্ ম্যাংগানিস্, কষ্টিক পোটাস এবং ক্লোরেট্ অব্ পোটাসিয়ম যোগে প্রস্তুত)। বেগুনে রংএর পর কলার ন্যায় দানা। জলে দ্রবণীয়। জলে গুলিলে গাঢ় বেগুনে বর্ণ হয়।

ক্রিয়া—দুর্গন্ধহারক, পচননিবারক।

মাত্রা—১—৫ গ্রেণ (কেবল জলের সহিত অথবা বটিকাকারে)।

(ক) লাইকর পটাসি পার্ম্যাংগেনেটিস্ (Liquor Potassii Permanganatis)। নামান্তর,—Condy's fluid (Half strength of Liq. Pot. Permanganatis)। (পারম্যাংগেনেট অব্ পটাসিয়ম ৮৮ গ্রেণ, পরিস্রুত জল ২০ আং। কন্ডিস্ ফ্লুইড=(৪৪ গ্রেণ পটাসি পারম্যাংগেনেট—২০ আং জল)।

মাত্রা—২—৪ ড্রাম। পরিস্রুত জলের সঙ্গে। ক্ষতাদি ধৌত করিতে কন্ডিস্ ফ্লুইড উপযোগী। মুখের ও গলার ভিতর ক্ষতে ইহার কুলি উপকারক।

(১৩) পটাসি সল্ফাস্—সল্ফেট্ অব্ পটাসিয়ম (Potassii Sulphas)—বর্ণহীন কঠিন ছয় পার্শ্ববিশিষ্ট দানার আকার। তিক্ত লবণ আস্বাদ। এল্কোহলে দ্রবণীয় নহে। জলে অল্প পরিমাণে দ্রবণীয়।

ক্রিয়া—মৃদুবিরেচক। রুবার্বের সঙ্গে দেওয়া যায়। বেশী মাত্রায় বিষক্রিয়া করে।

মাত্রা—২০—৬০ গ্রেণ।

[পিল কলোসিন্থ্ কো, পাল্ভ ইপিকাককো, পিল কলোসিন্থ এট্ হাইওসায়ামস, এই তিন ঔষধে সাল্ফেট্ অব্ পটাশিয়ম আছে]।

(১৪) পটাসি টার্ট্রাস্—টার্টারেট্ অব্ পটাসিয়ম (Potassii Tartras)। (এছিড্ টার্টারেট্ অব্ পটাসিয়ম এবং কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম যোগে প্রস্তুত)। ক্ষুদ্র ক্ষুদ্র দানার আকার। জলে দ্রবণীয়।

ক্রিয়া—বিরেচক (হাইড্রা গোগ্ ক্যাথারটিক) অল্পমাত্রায় মূত্রকারক।

মাত্রা—১—৪ ড্রাম। (মূত্রকারক ২০—হইতে ৬০ গ্রেণ)।

(১৫) পটাসি টারট্রাস্ এছিডা—এছিড টারটারেট অব্ পটাস্ (Potassii Tartras Acida)। নামান্তর,—Bitartrate of Potash, Cream of tartar। (মদের পেপের ভিতরে আর্গল নামে যে পদার্থ জন্মে তাহা হইতে পাওয়া যায়। কয়লা এবং মাটি দিয়া আর্গল পরিষ্কার করিতে হয়)। কঙ্করবৎ শাদা গুঁড়া অথবা পাটালির আকারে অথবা ছোট ছোট দানার আকারে। জলে অল্প দ্রবণীয়। স্পীরিটে দ্রব হয় না।

ক্রিয়া—অল্পমাত্রায় পিপাসা-নিবারক এবং মূত্রকারক। বেশী মাত্রায় বিরেচক। মূত্রকারকরূপে জ্বরে উপকারী। বিরেচকরূপে শোথনাশক।

মাত্রা—মূত্রকারক (২০—৬০ গ্রেণ)। বিরেচক (½—১ আং)।

[টারটারিক এছিড্, টার্টার্ এমেটিক, কন্‌ফেক্‌শন অব্ সাল্‌ফার, কম্পাউণ্ড জোলাপ পাউডার, টার্ট্রেট অব্ আয়রন, টার্ট্রেট্ অব্ সোডাতে ক্রিম্ অব্ টার্টার আবশ্যক হয়।]

ফেরম্—আয়রণ (Ferrum) লৌহ ধাতু।

লৌহধাতু বলকারক এবং রক্তকারক। রক্তে লৌহ আছে।

অসম্মিলন :—লৌহধাতু ঘটিত কোন ঔষধ ক্যালম্বা এবং কুয়াশিয়া ব্যতীত অন্য তিক্ত ঔদ্ভিজ্য ঔষধের সঙ্গে দিলে কালীর ন্যায় হয়। ট্যানিক এছিড যুক্ত কোন উদ্ভিদের সঙ্গে ইহা দিলে কালি হইয়া যায়।

প্রয়োগরূপ :—

(১) লাইকর ফেরি এছিটেটিস্ ফরটিয়র (Liquor Ferri Acetatis Fortior)—সঙ্কোচক, রক্তকারক এবং মূত্রকারক।

মাত্রা—১—৮ মিনিম।

(ক) লাইকর ফেরি এছিটেটিস্, সল্যুসন অব্ এছিটেট্ অব্ আয়রন্। (লাইকর ফেরি এছিটেটিস্ ফোর্ট ৫ আং, পরিস্রুত জল সমষ্টিতে ২০ আং)।

মাত্রা—৫—৩০ মিনিম।

(খ) টিংচার ফেরি এছিটেটিস্, টিংচার অব্ এছিটেট্ অব্ আয়রন্। (লাইকর ফেরি এছিটেটিস্ ফোর্ট ৫ আং, এছেটিক এছিড ১ আং, রেক্‌টিফায়েড্ স্পীরিট্ ৫ আং, পরিস্রুত জল ৯ আং)।

মাত্রা—৫—৩০ মিনিম।

(২) ফেরি আর্সিনিয়াস্—আর্সিনিয়েট্ অব্ আয়রন্—(Ferri Arsenias)। (আর্সেনিক এবং লৌহ)। স্বাদবিহীন সবুজবর্ণের গুঁড়া, জলে দ্রব হয় না। হাইড্রোক্লোরিক এছিডে দ্রব হয়।

ক্রিয়া—আর্সেনিকের ন্যায়।

মাত্রা—$\frac{1}{16}$—$\frac{1}{2}$ গ্রেণ (পিল)।

(৩) ফেরি কার্ব্বনাস্ স্যাকারেটা—(স্যাকারেটেড্ কার্ব্বনেট্ অব্ আয়রন্ (Ferri Carbonas Saccarata)। (কার্ব্বনেট্ অব্ আয়রন্, পেরক্সাইড্ অব্ আয়রন্ এবং সুগার (চিনি) কটা-বর্ণের গুঁড়া।

মাত্রা—৫—৩০ গ্রেণ।

(ক) পাইলিউলা ফেরি কার্ব্বনেটিস্—কার্ব্বনেট্ অব্ আয়রন্ পিল (স্যাকারেটেড্ কার্ব্বনেট্ অব্ আয়রন্ ১ আং, কন্‌ফেক্‌শন্ রোজ $\frac{1}{4}$ আং)।

মাত্রা—৫—২০ গ্রেণ।

(৪) মিশ্চুরা ফেরি কম্পোজিটা—কম্পাউণ্ড আয়রন্ মিক্‌শ্চার (Mistura Ferri Composita)। নামান্তর,—Griffith's Mixture (মার ৬০ গ্রেণ, সুগার (চিনি) ৬০ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ পটাসিয়াম্ ৩০ গ্রেণ, স্পীরিট অব্ নটমেগ $\frac{1}{2}$ আং, গোলাব জল (একোয়া রোজি) ৯$\frac{1}{2}$ আং, সল্‌ফেট্ অব্ আয়রন্ ২৫ গ্রেণ। নিরক্তাবস্থা এবং তজ্জনিত রজোহীনতা রোগে উপকারক।

মাত্রা—১—২ আং।

(৫) মিশ্চুরা ফেরি এরমেটিকা (Mistura Ferri Aromatica)। নামান্তর,—Heberdeen's Ink, Aromatic Iron Mixture। (রেড সিঙ্কোনা বার্ক ১ আং, ক্যালম্বা $\frac{1}{2}$ আং, একোয়া মেন্থি পিপ ১৬ আং)।

মাত্রা—১—২ আং।

(৬) ফেরি এট্ এমনিয়াই ছাইট্রাস্—ছাইট্রেট্ অব্ আয়রন্ এবং এমনিয়া (Ferri et ammonii Citras)—পাতলা উজ্জ্বল

শব্দের ন্যায়। জলে দ্রবণীয়। রেক্‌টিফায়েড্ স্পীরিটে দ্রব হয় না।

মাত্রা—৪—১০ গ্রেণ।

(ক) ভাইনম ফেরি ছাইট্রেটিস্—ওয়াইন অব্ ছাইট্রেট্ অব্ আয়রন্ (Vinum Ferri Citratis)। (ফেরি এট্ এমন ছাইট্রাস্ ১৬০ গ্রেণ, অরেঞ্জ ওয়াইন ১ পাইণ্ট)।

মাত্রা—১—৪ ড্রাম।

(৭) ফেরি এট্ কুইনাইনি ছাইট্রাস্—ছাইট্রেট্ অব্ আয়রন্ এণ্ড কুইনাইন (Ferri et Quininæ Citras)—(সাইট্রেট্ অব্ কুইনাইন্, লৌহ এবং এমনিয়ম। উজ্জ্বল হরিদ্রাভ পাতলা শল্কবৎ। জলে দ্রবণীয়।

ক্রিয়া—জ্বরের দৌর্ব্বল্যে অতি উৎকৃষ্ট বলকারক এবং রক্তকারক।

মাত্রা—৫—১০ গ্রেণ।

(৮) পাইলিউলা ফেরি আইওডাইডাই—পিল অব্ আইওডাইড্ অব্ আয়রন্ (Pilula Ferri Iodidi)। (লৌহ তার ৪০ গ্রেণ, আইওডাইন ৮০ গ্রেণ, পরিস্রুত জল ৫০ মিনিম, লিকরাইস্ ১৪০ গ্রেণ, চিনি ৭০ গ্রেণ)। ৩½ গ্রেণে ১ গ্রেণ আইওডাইড্ অব্ আয়রন্ আছে।

ক্রিয়া—পরিবর্ত্তক।

মাত্রা—৩—৮ গ্রেণ।

(৯) সিরুপস্ ফেরি আইওডাইডাই—সিরপ অব্ আইওডাইড্ অব আয়রন্ (Syrupus Ferri Iodidi)। লৌহতার ১ আং, আইওডাইন ২ আং, পরিস্রুত জল ৩ আং লইয়া একত্রে উত্তপ্ত কর এবং ছাঁক। তাহাতে ২৮ আং চিনি ১০ আং জলে দ্রব করিয়া মিশ্রিত কর)।

ক্রিয়া—পরিবর্ত্তক।

মাত্রা—½—১ ড্রাম।

(১০) ফেরি পেরক্‌সাইডম্ হাইড্রেটম—পেরকসাইড্ অব্ আয়রণ (Ferri Perxidum Hydratum)। লাইকর সোডি এবং ফেরি পারসাল্‌ফেটিস্ একত্রে মিশ্রিত করিয়া এবং শুষ্ক করিয়া)। লাল্‌ছে বর্ণের গুঁড়া।

মাত্রা—৫—৩০ গ্রেণ।

(ক) এম্‌প্ল্যাষ্ট্রম্ ফেরি—ক্যালিবিয়েট প্ল্যাষ্টার (Emplastrum Ferri)। নামান্তর,—Emplastrum Robrans। (পেরক্‌ সাইড্ অব্ আয়রণ ১ আং, বর্‌গণ্ডি পিচ ২ আং, লেড্ প্লাষ্টার্ (এম্‌প্ল্যাষ্ট্রম্ প্লম্বাই) ৮ আং)।

(১১) লাইকর ফেরি ডায়েলিসেটস্—সল্যুসন্ অব্ ডাইয়ালাইজ্‌ড্ আয়রণ (Liquor Ferri Dialysatus)। আর্সেনিক দ্বারা বিষাক্ত হইলে বেশ ভাল ঔষধ। উত্তম রক্ত বৃদ্ধিকারক।

মাত্রা—১০ হইতে ৩০ মিনিম্।

(১২) লাইকর ফেরি পারক্লোরাইডাই ফরটিয়র (Liquor Ferri Perchloridi Fortior)। (হাইড্রোক্লোরিক এছিড, লৌহতার এবং পরিস্রুত জল একত্রে সিদ্ধ করিয়া)।

(ক) লাইকর ফেরি পার্‌ক্লোরাইডাই—সল্যুসন অব্ পার্‌ক্লোরাইড্ আয়রণ (Liquor Ferri Perchloridi)। (লাইকর ফেরি পার্‌ক্লোরাইডাই ফর্‌টিয়র ৫ আং, পরিস্রুত জল ১৫ আং)।

গুণ :—সঙ্কোচক, রক্তরোধক। বাহ্যিক প্রয়োগে সঙ্কোচক, রক্তরোধক।

মাত্রা—১০—৩০ মিনিম্ (জল মিশাইয়া)।

(খ) টীংচুরা ফেরি পার্‌ক্লোরাইডাই (Tinctura Ferri Parchloridi)। নামান্তর,—Tinctura Ferri Sesquichloridi (লাইকর ফেরি পার্‌ক্লোরাইডাই ফোরটিয়র ৫ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৫ আং, ডিষ্টিল্ড ওয়াটার ১০ আং)।

ক্রিয়া—রক্তকারক, বলকারক, এরিসিপেলস্ রোগে হিতকর।

মাত্রা—১০—৩৬ মিনিম (জলের সঙ্গে)।

(১৩) সিরুপস্ ফেরি সবক্লোরাইডাই (Syrupus Ferri Subchloridi)। (লৌহতার ৩০০ গ্রেণ, হাইড্রোক্লোরিক এছিড ২ আং, ডিষ্টিল্ড ওয়াটার ১ আং, একত্রে উত্তপ্ত কর এবং গলাও। পরে উহাতে ১০ গ্রেণ ছাইট্রিক এছিড্ এবং সমষ্টিতে ২০ আং সিরপ্ যোগ কর)।

মাত্রা—½—১ ড্রাম।

(১৪) লাইকর ফেরি পারনাইট্রেটিস (Liquor Ferri Pernitratis)। (লৌহতার ১ আং, নাইট্রিক্ এছিড্ ৪½ আং, পরিস্রুত জল ২৫½ আং)।

ক্রিয়া—সঙ্কোচক, রক্তস্রাবনিবারক।

মাত্রা—১০—৪০ মিনিম্ (জলের সঙ্গে)।

(১৫) ফেরি ফস্‌ফাস্—ফস্‌ফেট্ অব্ আয়রন (Ferri Phosphas)। নীলবর্ণ গুঁড়ার আকার, বলকারক, স্নায়বিক বলকারক।

মাত্রা—৫—১০ গ্রেণ।

(ক) সিরুপস্ ফেরি ফস্‌ফেটিস্ (Syrupus Ferri Phosphatis)। (ফস্‌ফেট্ অব্ আয়রণ, ফস্‌ফরিক এছিড, সুগার, ডিষ্টিল্ড ওয়াটার)।

মাত্রা—১ ড্রাম (জলের সঙ্গে)।

(১৬) ফেরি সল্‌ফাস্—সল্‌ফেট অব্ আয়রণ (Ferri Sulphas) বাঙ্গালা হিরেকশ। (লৌহতার ডাইলিউট্ সাল্‌ফিউরিক এছিডে গলাইয়া দানা বাঁধ)। সবুজ দানা, কষায় আস্বাদ, জলে দ্রবণীয়।

ক্রিয়া—বলকারক, রক্তকারক, ধারক, ম্যালেরিয়া জ্বর এবং প্লীহার উপকারী।

(ক) ফেরি সাল্‌ফাস্ এক্‌স্‌ছিকেটা—ড্রাইড্ সাল্‌ফেট্ অব্ আয়রণ (Ferri Sulphas Exsiccata)। বাঙ্গালা শুষ্ক হিরেকশ।

(সাল্‌ফেট্ অব্ আয়রণ ২১২° উত্তাপে শুষ্ক কর)।

মাত্রা—½—৩ গ্রেণ (বটিকাকারে)।

(খ) ফেরি সাল্‌ফাস্ গ্রানুলেটা—গ্র্যানুলেটেড্ সাল্‌ফেট্ অব্ আয়রণ (Ferri Sulphas Granulata)। ক্ষুদ্র ক্ষুদ্র সবুজ দানার আকারে। জলে দ্রবণীয়। কষায় আস্বাদ।

মাত্রা—১—৫ গ্রেণ।

(গ) পাইলিউলা ফেরি—আয়রণ পিল। নামান্তর,—Blaud's Pill। (সাল্‌ফেট অব্ আয়রণ ৬০ গ্রেণ, চিনি ১২০ গ্রেণ, ট্র্যাগাকান্থা ৪ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম ৩৬ গ্রেণ, গ্লাইসেরিণ ২½ মিনিম্। জল যথাপ্রয়োজন। অগ্রে গ্লাইসেরিণে কার্ব্বনেট্ অব্ পটাস্ মিশাও; পরে আর আর দ্রব্য মিশাইয়া বেশ করিয়া লেইয়ের ন্যায় কর।

৫ গ্রেণ মাত্রায় ১টী করিয়া পিল কর। প্রত্যেক পিলে ১ গ্রেণ কার্ব্বনেট্ অব্ আয়রণ আছে)।

মাত্রা—১—৪ পিল।

(১৭) লাইকর ফেরি পার্সল্‌ফেটিস্—সল্যুসন্ অব্ ফেরিক সল্‌ফেট (Liquor Ferri Persulphatis) সেবনীয় নহে। কয়েকটী লৌহঘটিত ঔষধ প্রস্তুতে লাগে।

(১৮) ভাইনম্ ফেরি—ওয়াইন্ অব আয়রণ (Vinum Ferri)। (১ আং লৌহতার, ১ প্যাইণ্ট শেরি ওয়াইনে এক মাস ভিজাইয়া রাখ)।

মাত্রা—১—৪ ড্রাম।

(১৯) ফেরম্ রিড্যাক্টম্—রিডিউচড্ আয়রন্ (Ferrum Redactum)। নামান্তর,—Quivenne's Iron। কালবর্ণের গুঁড়া।

মাত্রা—১—৫ গ্রেণ।

(ক) ট্রচিছাই ফেরি রিড্যাক্টাই—রিডিউছ্‌ট্ আয়রন্ লোজেঞ্জ (Trochisi Ferri Redacti)। (রিডিউচ্ আয়রন্ ৭২০ গ্রেণ, চিনি ২৫ আং, গম একেশিয়া ১ আং, মিউসিলেজ গম একেশিয়া ২ আং, পরিস্রুত জল যথা-প্রয়োজন। ৭২০ লোজেঞ্জ তৈয়ার কর)।

মাত্রা—১—৬ লোজেঞ্জ।

(১) ফেরম টার্টারেটম্—টার্টারেটেড্ আয়রন্ (Ferrum Tartaratum)। (ক্রিম অব্ টার্টার্ এবং পেরক্সাইড্ অব্ আয়রন্ যোগে)। অল্প লোহিতাভ পাতলা দানার আকারে। জলে দ্রবণীয়, স্পীরিটে সামান্য দ্রবণীয়।।

মাত্রা—৫—১০ গ্রেণ।

বিস্মুথম্—বিস্মথ (Bismuthum)—বিস্মথ ধাতু।

বিস্মুথাই পিউরিফিকেটম্—পিউরিফায়েড বিস্মথ (Purified Bismuth)—পরিষ্কৃত বিস্মথ ধাতু। ইহা হইতে বিস্মথ ধাতুঘটিত ঔষধ প্রস্তুত হয়। ইহার বর্ণ কটা, উজ্জ্বল, দানাদার, নাইট্রিক এছিডে দ্রবণীয়।

প্রয়োগরূপ :—

(১) বিস্মুথাই অক্সাইডম্—অক্সাইড্ অব্ বিস্মথ (Bismuthi oxidum)। (সবনাইট্রেট্ অব্ বিস্মথ ১ পাউণ্ড, লাইকর সোডী ৪ পাইন্ট, সিদ্ধ করিয়া ছাঁক এবং শুষ্ক কর)।

লেবুর ন্যায় হরিদ্রাবর্ণ গুঁড়া, জলে দ্রবণীয় নহে, নাইট্রিক এছিড্ ও তাহার অর্দ্ধেক পরিমাণ জল এই দুই একত্রে মিশাইলে তাহাতে দ্রব হয়।

ক্রিয়া—কার্ব্বনেট্ অব্ বিস্মাথের ন্যায়।

মাত্রা—৫—১৫ গ্রেণ।

(২) বিস্মুথাই কার্ব্বনাস্—কার্ব্বনেট্ অব বিস্মথ (Bismuthi Carbonas)। (অগ্রে নাইট্রিক্ এছিডে বিস্মথ দ্রব কর এবং তাহাতে কার্ব্বনেট অব্ এমনিয়া যোগ কর)।

পরিষ্কার শাদা গুঁড়া। জলে দ্রব হয় না। নাইট্রিক এছিড্ যোগে ফুটিয়া উঠে এবং গলিয়া যায়।

ক্রিয়া—বিস্মথ সব্নাইট্রেটের ন্যায়।

মাত্রা—৫—১০ গ্রেণ।

(৩) বিস্মুথাই ছাইট্রাস্—ছাইট্রেট অব্ বিস্মথ (Bismuthi citras)। (সব্নাইট্রেট্ অব্ বিস্মথ নাইট্রিক এছিড্ দিয়া উত্তপ্ত কর। সব্নাইট্রেট্ অব্ বিস্মথ গলিয়া গেলে উহাতে সাইট্রিক এছিড্ এবং বাইকার্ব্বনেট্ অব্ সোডা সল্যুসন যোগ কর। বাইকার্ব্বনেট্ অব্ সোডা, ছাইট্রিক এছিড্ এবং জল একত্রে অগ্রে সিদ্ধ করিয়া লইবে)। শাদা গুঁড়ার আকারে।

ক্রিয়া—কার্ব্বনেট অব্ বিস্মথের ন্যায়।

মাত্রা—১—৫ গ্রেণ।

(ক) লাইকর্ বিস্মুথাই এমনিয়াই ছাইট্রেটিস্ (Liquor Bismuthi et ammonii citratis)। নামান্তর,—Liquor Bismuth। (ছাইট্রেট্ অব্ বিস্মথ ৮০০ গ্রেণ লইয়া সল্যুসন্ অব্ এমনিয়া দিয়া মাড়িতে থাক। ছাইট্রেট্ অব্ বিস্মথ গলিয়া গেলে পরিস্রুত জল মিশাইয়া ২০ আং কর)।

মাত্রা—½—১ ড্রাম (জলের সঙ্গে)।

(খ) বিস্মুথাই এট্ এমনিয়াই ছাইট্রাস্ (Bismuthi et am-

monii citras)। (লাইকর বিস্‌মুথাই এট্ এমন্ ছাইট্রেটিস উত্তাপ দ্বারা ক্রমে গাঢ় করিয়া প্রস্তুত হয়)।

ক্রিয়া—লাইকর বিস্‌মথের ন্যায়।

মাত্রা—২—৫ গ্রেণ্।

(৪) বিস্‌মুথাই সব্ নাইট্রাস্—সব্ নাইট্রেট্ অব্ বিস্‌মথ (Bismuthi Subnitras)। নামান্তর,—Oxynitrate of Bismuth, White Bismuth। (বিস্‌মথ নাইট্রিক এছিডে দ্রব করিয়া জলে ফেলিলে দানা বাধে)। শাদা গুঁড়া, ক্ষুদ্র ক্ষুদ্র দানাযুক্ত, ওজনে ভারি, স্বাদবিহীন, জলে গলে না।

ক্রিয়া—পাকস্থলী এবং অন্ত্রের স্নিগ্ধকারক ও অবসাদক। বমন, গ্যাষ্ট্রাইটিস্ এবং উদরাময় ও আমাশয় রোগে উপকারী। রসস্রাবযুক্ত চর্ম্ম রোগের উপর ছড়াইয়া দিলে জ্বালা ও চুলকানি নিবারণ হয়।

মাত্রা—৫—২০ গ্রেণ্ (গুঁড়ার আকারে অথবা মিউসিলেজ গম একেশিয়া বা মিউসিলেজ্ ট্রাগাকান্থা যোগে)।

(ক) ট্রচিছাই বিস্‌মুথাই—বিসমথ লোজেঞ্জ (Trochici Bismuthi)। (সব্‌নাইট্রেট্ অব্ বিস্‌মথ ১৪৪০ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নেসিয়া ৪ আং, প্রেসিপিটেটেড্ কার্ব্বনেট্ অব্ লাইম ৬ আং, পরিষ্কৃত চিনি (রিফাইণ্ড সুগার) ২৯ আং, গম একেসিয়া ১ আং, মিউসিলেজ অব্ গম একেসিয়া ২ আং, গোলাব জল যথা-প্রয়োজন; মিশ্রিত করিয়া ৭২০টা লোজেন্স তৈয়ার কর। প্রত্যেক লোজেঞ্জে ২ গ্রেণ সব্‌নাইট্রেট্ অব্ বিস্‌মথ থাকিবে)।

মাত্রা—২টী ৩টী।

বোরাক্স্—সোডি বাইবোরাস্ (Borax)। বাঙ্গালা সোহাগা। বর্ণহীন বড় বড় দানা।

ক্রিয়া—মূত্রকারক, পচননিবারক। স্ত্রীলোকের ঋতু বন্ধ রোগে ঋতু আনয়ন করে। অধিক মাত্রায় সেবনে গর্ভস্রাব হইতে পারে।

প্রয়োগরূপ:—

মাত্রা—৫—৪০ গ্রেণ।

(১) এছিড্ বোরিক—বোরিক এছিড্ (Acid Boric)। (এছিড্ দেখ)।

(২) গ্লাইছেরিনম্ বোরাছিস্—গ্লাইছেরিণ অব্ বোরাক্স্ (Glycerinum Boracis)। (বোরাক্স্ ১ আং, গ্লাইছেরিণ ৪ আং, ডিষ্টিল্ড ওয়াটার ২ আং)।

ব্যবহার :—মুখের ক্ষতে লাগাইলে উপকার হয়। স্নিগ্ধগুণ বিশিষ্ট।

(৩) মেল্ বোরাছিস্—হনি অব্ বোরাক্স (Mel Boracis)। (বোরাক্স্ ৬০ গ্রেণ, গ্লাইছেরিণ ৩০ গ্রেণ, ক্ল্যারিফায়েড্ হনি ৪৮০ গ্রেণ)।

ক্রিয়া—গ্লাইছেরিণের ন্যায়। বাহ্যিক প্রয়োগ।

ম্যাগ্নেসিয়ম্ (Magnesium) ম্যাগ্নেসিয়া ধাতু। ম্যাগ্নেসিয়ম্ সহজ অবস্থায় পাওয়া যায় না। ইহার মিশ্রিত আকার হইতে বাহির করিলে ইহাকে উজ্জ্বল কটাবর্ণের ধাতু দেখা যায়।

প্রয়োগরূপ :—

(১) ম্যাগ্নেসিয়া পন্ডিরোসা—অক্সাইড্ অব্ ম্যাগ্নেসিয়ম্ (Magnesia Ponderosa—Oxide of Magnesium)। নামান্তর,—Heavy Magnesia, Magnesia (হেভি কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নেসিয়ম্ উত্তপ্ত করিয়া তৈয়ার হয়)। শাদা স্বাদবিহীন গুঁড়া, জলে দ্রব হয় না।

ক্রিয়া—অম্লনাশক, মৃদুবিরেচক।

মাত্রা—১০—৬০ গ্রেণ (গুঁড়ার আকারে বা দুগ্ধের সঙ্গে)।

(২) ম্যাগ্নেসিয়া লেভিস্—লাইট্ ম্যাগ্নেসিয়া (Magnesia Levis)। নামান্তর,—Magnesia (লাইট্ কার্ব্বনেট অব্ ম্যাগ্নেসিয়া উত্তপ্ত করিয়া)। পূর্ব্বাপেক্ষা পাতলা শাদা গুঁড়া, জলে দ্রব হয় না, স্বাদবিহীন। অম্লনাশক এবং মৃদুবিরেচক।

মাত্রা—১০—৬০ গ্রেণ।

(ক) পাল্ভিস্ রিয়াই কো (রুবার্ব্ব দেখ)।

(৩) ম্যাগ্নেসিয়াই কার্ব্বনাস্ পন্ডিরোসা—ম্যাগ্নেসিয়া কার্ব্বনাস (Magnesii Carbonas Ponderosa)। নামান্তর,—Heavy Carbonate of Magnesium (সাল্‌ফেট্ অব্ ম্যাগ্নেসিয়া এবং কার্ব্বনেট্ অব্ সোডিয়াম যোগে প্রস্তুত)। শাদা ক্ষুদ্র ক্ষুদ্র দানার আকারে।

গুণ—অম্লনাশক। বিরেচক।

মাত্রা—১০—৪০ গ্রেণ। ১—২ ড্রাম্ মাত্রায় বিরেচক।

(৪) ম্যাগ্নেসিয়াই কার্ব্বনাস্ লেভিস্—লাইট্ কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নেসিয়ম (Magnesii Carbonas Levis)। পূর্ব্বাপেক্ষা পাতলা। শাদা স্বাদবিহীন গুঁড়া।

ক্রিয়া—অম্লনাশক। মৃদুবিরেচক।

মাত্রা—১০—৬০ গ্রেণ।

(ক) লাইকর ম্যাগ্নেসিয়াই কার্ব্বনেটিস—সল্যুশন্ অব্ কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নেসিয়া (Liquor Magnesii Carbonatis)। নামান্তর,—Fluid Magnesia। (সল্‌ফেট্ অব্ ম্যাগ্নেসিয়া, কার্ব্বনেট্ অব্ সোডিয়াম, জল এবং কার্ব্বলিক এছিড্ গ্যাস)। ১ আউন্সে ১০ গ্রেণ কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নেসিয়ম।

ক্রিয়া—অম্লনাশক।

মাত্রা—১—২ আং।

(৫) লাইকর ম্যাগ্নেসাই—ছাইট্রেটিস্ (Liquor Magnesii Citratis)। নামান্তর,—Effervesing Solution of Citrate of Magnesium and Potassium। (২ আং জলে ২০০ গ্রেণ ছাইট্রিক্ এছিড্ দ্রব কর, তাহাতে ১০০ গ্রেণ কার্ব্বনেট্ অব্ ম্যাগ্নেসিয়ম যোগ কর এবং ছাঁকিয়া অর্দ্ধ পাইণ্ট আয়তনের শিশিতে রাখ। তাহাতে ½ আং লেমন সিরপ যোগ কর, জল দিয়া শিশি পূর্ণ কর, ৪০ গ্রেণ বাইকার্ব্বনেট্ অব্ পটাসিয়ম যোগ করিয়া শীঘ্র শীঘ্র কাক বন্ধ কর এবং তার দিয়া কর্ক বাঁধিয়া দেও)।

ক্রিয়া—অম্লনাশক, মৃদুবিরেচক।

মাত্রা—৫—১০ আং।

(৬) ম্যাগ্নেসিয়াই সল্‌ফাস্—সল্‌ফেট্ অব্ ম্যাগ্নেসিয়া (Magnesii Sulphas)। নামান্তর,—Epsom Sult। বর্ণহীন দানার আকারে, গন্ধবিহীন, জলে দ্রবণীয়। ৪ আং জলে ৩ আং গলে।

ক্রিয়া—বিরেচক (হাইড্রোগোগ পরগেটিভ), অল্পমাত্রায় মূত্রকারক।

মাত্রা—১—৪ ড্রাম (বিরেচক), ২০—৬০ গ্রেণ (মূত্রকারক)।

সাল্‌ফেট অব্ ম্যাগ্‌নেসিয়া একটু বেশী জলের সহিত সেবনে বিরেচক হয়। অল্প জলের সহিত সেবনে তাদৃশ ফল হয় না।

(ক) ম্যাগ্‌নেসিয়াই সাল্‌ফাস্ এফারভেসেন্স—এফারভেসিং সাল্‌ফেট অব্ ম্যাগনেসিয়া (Magnesii Sulphas Effervescens)। (২৫ আং, সাল্‌ফেট্ অব্ ম্যাগনেসিয়া শুষ্ক কর, তাহাতে ১৮ আং বাইকার্ব্বনেট্ অব্ সোডিয়ম, ৯½ আং, টার্‌টারিক এছিড্, ৬½ আং, ছাইট্রিক এছিড্ এবং ৫½ আং চিনি যোগ কর। সকলগুলি গুঁড়া করিয়া ২০০ ডিগ্রি উত্তাপে উত্তপ্ত কর এবং নাড়িতে থাক। দানা বাঁধিলে নামাও।

ক্রিয়া—বিরেচক এবং অম্লনাশক।

মাত্রা—½—১ আং।

(খ) এনিমা ম্যাগ্‌নেসায়ি সল্‌ফেটিস্—এনিমা অব্ সাল্‌ফেট্ অব্ ম্যাগনেসিয়া (Enema magnesii Sulphetis)। সাল্‌ফেট অব্ ম্যাগনেসিয়া ১ আং, অলিভ অয়েল ১ আং, মিউসিলেজ অব্ ষ্টার্চ ১ আং, মিশ্রিত কর।

মাত্রা—উপরোক্ত সমস্ত একবারে এনিমা দেও।

ম্যাংগানেসাই অক্‌ছাইডম্ নাইগ্রম—ব্লাক্ অক্‌সাইড্ অব্ ম্যাঙ্গানিস্ (Black oxide of manganese)। (ম্যাংগানিস্ ধাতু হইতে)।

প্রয়োগরূপ :—"পটাসি পার্‌ম্যাংগেনাস্" দেখ।

লিথিয়ম্ (Lithium) লিথিয়া ধাতু। এই ধাতু খুব পাতলা। জলে ভাসে।

প্রয়োগরূপ :—

(১) লিথিয়াই কার্ব্বনাস্—কার্ব্বনেট্ অব্ লিথিয়ম (Lithii Carbonas)। সাদা গুঁড়া অথবা ক্ষুদ্র ক্ষুদ্র দানাকারে।

ক্রিয়া—অম্লনাশক এবং মূত্রকারক।

মাত্রা—৩—৬ গ্রেণ।

(ক) লাইকর লিথি এফারভেসেন্স (Liquor Lithæ Effervescens)। নামান্তর,—Lithria water)। (কার্ব্বনেট্ অব্ লিথিয়ম ১০ গ্রেণ, জল ১ পাইণ্ট, কার্ব্বলিক এছিড গ্যাস যথা-প্রয়োজন)।

মাত্রা—৫—১০ আং।

(২) লিথি ছাইট্রাস্—ছাইট্রেট্ অব্ লিথিয়া (Lithii Citras)।

(সাইট্রিক এছিড এবং কার্ব্বনেট অব লিথিয়া যোগে)। শাদা দানা। জলে দ্রবণীয়।

ক্রিয়া—মূত্রকারক।

মাত্রা—৫—১০ গ্রেণ (জলের সঙ্গে)।

সোডিয়ম (Sodium) সোডিয়ম নামক ধাতু। নামান্তর,—Natrium সোডিয়ম স্বাভাবিক অবস্থায় পাওয়া যায় না। মিশ্রিত ধাতু হইতে বাহির করিয়া লইতে হয়। ইহা নরম, রৌপ্যের ন্যায় শাদা। সোডিয়ম্ ধাতুঘটিত ঔষধ সকল যকৃতের উপর ক্রিয়া প্রকাশ করে।

প্রয়োগরূপ :—

(১) সোডা কষ্টিকা—কষ্টিক সোডা (Soda caustica)। নামান্তর,—Soda Hydras। (সল্যুসন্ অব্ সোডা (লাইকর সোডি) উত্তপ্ত করিয়া গাঢ় করিলে কষ্টিক সোডা প্রস্তুত হয়)।

শ্বেতবর্ণাভ খণ্ডাকারে বা পাটালির আকারে। প্রদীপের শিখায় দগ্ধ করিলে অগ্নিশিখা হরিদ্রাবর্ণ হয়। জলে দ্রবণীয়। ক্ষারগুণ বিশিষ্ট।

গুণ—কষ্টিক পটাসের ন্যায় দাহক।

(২) লাইকর সোডি—সল্যুসন অব সোডা (Liquor Sodæ)। (কার্ব্বনেট্ অব্ সোডিয়ম, শ্লেকড্ লাইম, পরিস্রুত জল)। বর্ণহীন তরল দ্রব্য। উগ্র আস্বাদ।

ক্রিয়া—অম্লনাশক।

মাত্রা—২০ মিনিম (জলের সঙ্গে)।

(৩) সোডা টার্টারেটা—টার্টারেটেড্ সোডা (Soda Tartarata)। নামান্তর,—Sodæ et Potassæ Tartras; ;Rochelle salt। (ক্রিম্ অব্ টার্টার ১৬ আং, কার্ব্বনেট্ অব্ সোডা ১২ আং, লইয়া ৪ পাইন্ট ফুটন্ত গরম জলে গলাও এবং কিছু কাল সিদ্ধ করিয়া ছাঁক। এবং দানা বাঁধিতে দেও)। বর্ণহীন পরিষ্কার দানার আকার। জলে দ্রবণীয়। লবণের ন্যায় আস্বাদ।

ক্রিয়া—বিরেচক, মূত্রকারক।

মাত্রা—$\frac{1}{8}$—$\frac{1}{2}$ আং (বিরেচক), ৩০ গ্রেণ (মূত্রকারক)।

(ক) পল্ভিস্ সোডি টার্টারেটি এফারভেসেন্স (Pulvis Soda Tartaret)। নামান্তর,—Seidlitz Powder (সিডলিজ পাউডার)। (টার্-

টারেটেড্ সোডা ১২০ গ্রেণ, বাইকার্ব্বনেট্ অব্ সোডা ৪০ গ্রেণ, শীতল বা গরম জল ½ পাইণ্ট, ৩৮ গ্রেণ টার্টারিক এসিড যোগ করিয়া ফুটিয়া উঠিলে পান কর)।

ক্রিয়া—মৃদুবিরেচক।

(৪) সোডিয়াই আর্সিনিয়াস্—আর্সিনিয়েট অব্ সোডা (Sodii Arsenias)। (আর্সিনিয়স এছিড, নাইট্রেট্ অব্ সোডিয়ম এবং শুষ্ক কার্ব্বনেট অব্ সোডিয়ম একত্রে গলাইয়া গরমজলে গুলিয়া পরে দানা বাঁধিতে দেও)। বর্ণহীন দানার আকারে, দুইগুণ ওজনের জলে দ্রবণীয়।

ক্রিয়া—আর্সিনিকের ন্যায় পরিবর্ত্তক। পর্য্যায়নিবারক।

মাত্রা—$\frac{1}{16}$—$\frac{1}{8}$ গ্রেণ।

(ক) লাইকর সোডিয়াই আর্সিনায়েটিস্—সল্যুর্সন অব্ আর্সিনিয়েট অব্ সোডা (Liquor Sodii Arseniatis)। (আর্সিনিয়েট অব্ সোডা ৪½ গ্রেণ, পরিস্রুত জল ১ আং। প্রথমে আর্সিনিয়েট অব্ সোডা উত্তপ্ত ও শুষ্ক করিয়া পরে জলে দ্রব করিবে)। ১০০ ভাগে ১ ভাগ আর্সিনিয়েট অব্ সোডা আছে।

ক্রিয়া—লাইকর আর্সেনিকেলিসের ন্যায়।

মাত্রা—৫—১০ মিনিম্ (জলের সঙ্গে আহারান্তে।

(৫) সোডিয়াই বেন্জোয়াস্—বেন্জোয়েট অব্ সোডা (Sodii Benzoas)। বেন্জয়িক এছিড এবং কার্ব্বনেট্ অব্ সোডা যোগে প্রস্তুত)। শাদা গুঁড়া।

ক্রিয়া—মূত্রকারক।

মাত্রা—১০—৩০ গ্রেণ।

(৬) সোডিয়াই বাইকার্ব্বনাস্—বাইকার্ব্বনেট্ অব্ সোডা (Sodii Bicarbonas)। নামান্তর,—Soda (সোডা)। শাদা গুঁড়া অথবা ক্ষুদ্র ক্ষুদ্র দানার আকার। লবণ আস্বাদ। ১০ গুণ জলে দ্রবণীয়।

ক্রিয়া—অম্লনাশক। পিত্তনিঃসারক।

মাত্রা—১০—৬০ গ্রেণ।

(নেবুর রস বা ছাইট্রিক এছিড জলে গুলিয়া উহাতে বাইকার্ব্বনেট্ অব্

সোডা দিয়া ফুটিয়া উঠিলে সেবন করিলে সোডা এছিড খাওয়া হয়। (ইহাতে ইহা পাকাশয় স্নিগ্ধকারক এবং মৃদুবিরেচক)।

(ক) লাইকর সোডি এফারভেসেন্স (Liquor Sodæ Effervescene)। নামান্তর,—(Soda water, Acqua sodæ Effervescence)। (বাই-কার্ব্বনেট অব্ সোডিয়ম ৩০ গ্রেণ, ১ পাইণ্ট জলের সঙ্গে বোতলে পুরিয়া তাহার ভিতর কার্ব্বনিক্ এসিড গ্যাস দিতে হয় এবং তৎক্ষণাৎ বোতলের কাক আঁটিতে হয়)। স্নিগ্ধ পানীয়, অম্লনাশক, মৃদুবিরেচক, উদরাধ্মান নাশক।

(খ) ট্রচিছাই সোডিয়াই বাইকার্ব্বনেটিস্—বাইকার্ব্বনেট্ অব্ সোডা লোজেঞ্জ্ (বাইকার্ব্বনেট অব্ সোডা, সুগার, গম একেশিয়া মিউসিলেজ অব্ গম একেশিয়া এবং পরিস্রুত জল একত্র করিয়া মাখিয়া লোজেঞ্জ আকার কর। প্রত্যেক লোজেঞ্জে ৫ গ্রেণ করিয়া সোডা থাকিবে)।

মাত্রা—১—৬টা।

(৭) সোডিয়াই ব্রোমাইডম্—ব্রোমাইড্ অব্ সোডা (Sodii Bromidum)। (লাইকর সোডা এবং ব্রোমাইন এক করিয়া অগ্নি তাপে শুষ্ক কর, পরে জলে দ্রব করিয়া ব্রোমাইড্ অব্ সোডিয়ম বাহির করিয়া দানার আকার কর)। শ্বেতবর্ণ ক্ষুদ্র ক্ষুদ্র দানাবৎ গুঁড়া। জলে দ্রবণীয়।

ক্রিয়া—পটাসি ব্রোমাইডের ন্যায়। আক্ষেপ-নিবারক, অবসাদক, নিদ্রা-কারক।

মাত্রা—১০—৩০ গ্রেণ।

(৮) সোডিয়াই কার্ব্বনাস্—কার্ব্বনেট্ অব্ সোডা (Sodii carbonas)। নামান্তর,—Washing soda। (লবণ হইতে প্রস্তুত হয়)। বড় বড় দানার আকার। দুইগুণ জলে দ্রব হয়।

ক্রিয়া—অম্লনাশক।

মাত্রা—৫—৩০ গ্রেণ।

(ক) সোডিয়াই কার্ব্বনাস্ এক্সসিকেটা—ড্রাইয়েড কার্ব্বনেট্ অব্ সোডা (Sodii carbonas Exsiccata)। (কার্ব্বনেট্ অব্ সোডা উত্তপ্ত ও শুষ্ক করিয়া গুঁড়া কর)। শাদা গুঁড়া। অম্লনাশক।

মাত্রা—৩—১০ গ্রেণ।

(৯) লাইকর সোডি ক্লোরিনেটি (Liquor Sodæ Chlorinatæ। (১½ পাউণ্ড কার্ব্বনেট্ অব্ সোডা, ৪০ আং জলে গুলিয়া এবং ১ পাইন্ট ক্লোরিনেটেড লাইম ৬ পাইন্ট জলে দ্রব করিয়া একত্রে মিশাও এবং ছাক।)

ক্রিয়া—পচননিবারক। গলার ভিতর এবং মুখে ক্ষত হইলে ইহার কুলি ব্যবহারে উপকার হয়। স্কার্লিটিনা রোগে ইহা সেবনে উপকার হয়।

মাত্রা—কুলি (½ ড্রাম—জল ১ আং), সেবন ১০—২০ মিনিম্ (জলে মিশাইয়া)

(ক) ক্যাটাপ্লাস্‌মা সোডি ক্লোরিনেটি—পুলটিস্ অব্ ক্লোরিনেটেড্ সোডা (Cataplasma Sodii chlorinatis)। (মসিনা খৈল) (লিন্‌সিড্‌মিল ৪ আং, গরম জল ৮ আং, ক্লোরিনেটেড সোডা ২ আং)।

ব্যবহার ঃ—পচাক্ষতে এই পুলটিস দিলে পচন-নিবারক এবং দুর্গন্ধ-নিবারক হয়।

(১০) সোডিয়াই ক্লোরাইডম্—ক্লোরাইড্ অব্ সোডিয়ম—(Sodii Cloridum)। নামান্তর,—Conmon salt। সাধারণ লবণ যাহা আমরা খাইয়া থাকি।

ক্রিয়া—বেশী মাত্রায় বমনকারক এবং বিরেচক। অল্পমাত্রায় উত্তেজক এবং পরিবর্ত্তক। রক্তদোষ শোধক। আহারের সহিত অল্প মাত্রায় লবণ সেবন খুব উপকারী।

মাত্রা—½—১আং (বমনকারক), জলের সঙ্গে সেবন।

(১১) সোডিয়াই ছাইট্রোটারট্রাস্ এফারভেসেন্স (Sodii Citro Tartras Effervescens)। (বাই কার্ব্বনেট অব্ সোডিয়ম্ ১৭ আং, টার্‌টারিক এছিড ৯ আং, ছাইট্রিক এছিড ৬ আং, চিনি (সুগার) ৫ আং, সমস্ত গুলি গুঁড়া কর এবং একত্র করিয়া ২০০° পর্য্যন্ত উত্তাপে উত্তপ্ত কর। যখন গুঁড়া গুলি পরস্পর গায়ে গায়ে সংলগ্ন হইতে আরম্ভ হইবে তখন খুব নাড়িতে থাক। পরে দানা দানা হইলে নামাও)।

ক্রিয়া—পিপাসানিবারক, মৃদুবিরেচক, স্নিগ্ধকারক।

মাত্রা—১—২ ড্রাম।

(১২) সোডিয়াই এথিলেটিস লাইকর—লাইকর সোডিয়াই এথিলেটিস্ (Sodii Ethylatis Liquor)। (২২ গ্রেণ সোডিয়ম ধাতু, ১ আং এব্‌ছোলিউট এলকোহলে দ্রব করিয়া প্রস্তুত হয়)।

গুণঃ—কষ্টিক, দাহক। ক্যান্‌সার নষ্ট করিবার জন্ম উপযোগী। আভ্যন্তরিক প্রয়োগ হয় না।

(১৩) সোডিয়াই হাইপফস্‌ফিস্ (Sodii Hypophosphis)। (হাইপফস্‌ফাইট অব্ ক্যাল্‌ছিয়ম দ্রবে কার্ব্বনেট্ অব্ সোডা যোগ করিয়া প্রস্তুত হয়)। শাদা দানাবৎ। ২ গুণ জলে দ্রব হয়।

ক্রিয়া—স্নায়বিক বলকারক।

মাত্রা—৫—১০ গ্রেণ।

(১৪) সোডিয়াই আইওডাইডম্—আইওডাইড্ অব্ সোডা (Sodii Iodidum)। শাদা চাকচিক্যশালী গুঁড়ার আকারে।

ক্রিয়া—আইওডাইড অব্ পটাসিয়ামের ন্যায়। পরিবর্ত্তক।

মাত্রা—২—৫ গ্রেণ।

(১৫) সোডিয়াই নাইট্রাস্ (Sodii Nitras)। আর্সিনিয়েট অব্ সোডিয়ম প্রস্তুতে ব্যবহৃত হয়।

(১৬) সোডিয়াই নাইট্রিস্ (Sodii Nitris)।

ক্রিয়া—এমিল নাইট্রাইটের ন্যায়।

মাত্রা—২—৫ গ্রেণ।

(১৭) সোডিয়াই ফস্ফাস্—ফস্ফেট্ অব্ সোডা (Sodii Phosphas)। বড় বড় উজ্জ্বল বর্ণহীন দানা, ৫ গুণ জলে দ্রব হয়।

ক্রিয়া—মূত্রকারক, মৃদুবিরেচক।

মাত্রা—$\frac{1}{8}$—১ আং।

(ক) সোডিয়াই ফস্ফাস্ এফারভেসেন্স (Sodii Phosphas Effervesens)। (ফস্ফেট্ অব্ সোডা ২৫ আং, বাইকার্ব্বনেট্ অব্ সোডা ২৫ আং, টার্টারিক এছিড্ ১৩$\frac{1}{2}$ আং, ছাইট্রিক এছিড্ ৯ আং, একত্র গুঁড়া করিয়া ২০০° উত্তাপে উত্তপ্ত কর এবং নাড়িতে থাক। দানা দানা হইলে নামাও)।

ক্রিয়া—মৃদু বিরেচক, অম্লনাশক।

মাত্রা—$\frac{1}{8}$—$\frac{1}{2}$ আং।

(১৮) সোডিয়াই স্যালিসিল্যাস্—স্যালিসিলেট্ অব্ সোডা (Sodii Salicylus) (কার্ব্বনেট্ অব্ সোডিয়ম এবং স্যালিসিলিক এছিড্ যোগে)। উত্তাপহারক, ঘর্ম্মকারক, তরুণ বাত (একুাট্ রিউম্যাটিজ্ম) রোগে উপকারক।

মাত্রা—১০—৩০ গ্রেণ।

(১৯) সোডিয়াই সল্ফাস্—সল্ফেট্ অব্ সোডা (Sodii Sulphas)। নামান্তর,—Glauber's Salt। বড় বড় দানার আকারে। ৩ গুণ জলে দ্রব হয়।

ক্রিয়া—বিরেচক (হাইড্রাগোগ্ পার্গেটিভ্)।

মাত্রা—½—১ আং।

(ক) সোডিয়াই সাল্ফাস্ এফারভেসেন্স (Sodii Sulphas Effervesens)। (সল্ফেট্ অব্ সোডা ২৫ আং, বাইকার্ব্বনেট্ অব্ সোডা ২৫ আং, টারটারিক এছিড্ ১৩½ আং, ছাইট্রিক এছিড্ ৯ আং। ২০০° উত্তাপে উত্তপ্ত কর এবং নাড়িতে থাক। দানা বাঁধিলে নামাও)।

ক্রিয়া—মৃদুবিরেচক, অম্লনাশক।

মাত্রা—২—৪ ড্রাম।

(২০) সোডিয়াই সল্ফিস্ (Sodii Sulphis)। (সল্ফিউরাউস্ এছিড্ এবং কার্ব্বনেট্ অব্ সোডিয়ম যোগে)। বর্ণহীন, পরিচ্ছন্ন, দানার আকারে।

ক্রিয়া—পচননিবারক।

মাত্রা—৫—২০ গ্রেণ।

(২১) সোডিয়াই সাল্ফোকার্ব্বলাস—সল্ফোকার্ব্বনেট্ অব্ সোডিয়ম (Sodii Sulphocarbolas)। (কার্ব্বলিক এছিড্, কার্ব্বলেট্ অব্ সোডা, এবং সল্ফিউরিক এছিড্ যোগে প্রস্তুত)। বর্ণহীন, পরিষ্কার দানার আকারে।

ক্রিয়া—পচননিবারক।

মাত্রা—৫—১০ গ্রেণ।

(২২) সোডিয়াই ভ্যালিরিয়ানাস্—ভ্যালিরিয়েনেট্ অব্ সোডা (Sodii Valerianas)। (ভ্যালিরিয়ানিক এছিড্ এবং লাইকর সোডিয়াই যোগে)। শ্বেতবর্ণ চাপ চাপ পদার্থ। তীব্র গন্ধযুক্ত।

ক্রিয়া—আক্ষেপ নিবারক। হিষ্টিরিয়া রোগে হিতকর।

মাত্রা—৫ গ্রেণ (পিলের আকারে)।

হাইড্রার্জিরম—মার্কুরি (Hydrargyrum—Mercury)।

বাঙ্গালা নাম পারা ধাতু।

উজ্জ্বল তরল দ্রব্য। অল্প আঘাতে নানা ভাগে বিভক্ত হয় এবং বিভাগ গুলি একত্র করিলে মিশাইয়া যায়। সমস্ত অংশ গোলাকাররূপ ধারণ করে। অত্যন্ত চঞ্চল।

আদত পারা ঔষধে ব্যবহার হয় না এবং শরীরেও হজম হয় না। ইহা অন্যান্য দ্রব্যের সঙ্গে উত্তমরূপে মিশ্রিত করিয়া প্রয়োগ করিলে শরীরে পরিপাক হয় এবং ক্রিয়া করে।

পারাঘটিত ঔষধ ব্যবহারে মুখ আইসে। ইহা অতি ক্ষমতাশালী ঔষধ। পরিবর্ত্তক এবং শরীর শোধক। সিফিলিস রোগে একমাত্র ঔষধ। পুরাতন ও তরুণ নানাবিধ প্রদাহ রোগে উপকার করে। অধিক পরিমাণে ব্যবহারে গুরুতর অনিষ্ট হয়। শিশুরা কিছু অধিক মাত্রায় পারা সহ্য করিতে পারে। খুব ছোট ছোট ছেলেদের শীঘ্র মুখ আইসে না।

প্রয়োগরূপ :—

(১) হাইড্রার্জিরম্ কম্ ক্রিটা—মার্কুরি এবং চক পাউডার (Hydrargyrum cum creta)। নামান্তর,—Grey powder (গ্রে পাউডার)।

(প্রিপেয়ার্ড চক ২ আং, মার্কুরি ১ আং লইয়া একত্র মর্দ্দন কর। বেস হইয়া মিশিয়া গেলে যখন পারা আর না দেখা যাইবে তখন ক্ষান্ত হও)। ধূসর বর্ণ ভস্মের ন্যায় গুঁড়া। জলে দ্রব হয় না)।

ক্রিয়া—এই পারদঘটিত ঔষধের ক্রিয়া বেস মৃদু এবং ইহা সুখসেব্য। বালকদিগের উদরাময়ে মল সংশোধন করে।

মাত্রা—৩—৮ গ্রেণ। ১ বৎসরের বালক ১ গ্রেণ।

(২) এম্প্ল্যাষ্ট্রম্ হাইড্রার্জিরাই—মার্কুরিয়াল প্ল্যাষ্টার (Emplastrum Hydrargyri)। (৩৬ গ্রেণ অলিভ অয়েল এবং ৮ গ্রেণ সাল্‌ফার লইয়া উত্তপ্ত কর এবং তাহার সহিত ৩ আং পারা মিশাও। উহাতে ৬ আং লেড্ প্ল্যাষ্টার গলাইয়া মিশ্রিত কর)।

বাহ্য প্রয়োগ জন্য ব্যবহার হয়। বিউবো (বাঘি) উপর ইহার পটি দিলে বাঘি বসিয়া যাইতে পারে।

(৩) এম্প্ল্যাষ্ট্রম্ এমনিয়াছাই কম্ হাইড্রার্জিরো (Emplastrum Ammoniaci cum Hydrargyro)। মার্কুরি ৩ আং, গম এমনায়েকম ১২ আং, অলিভ অয়েল ৫৬ গ্রেণ, সালফার ৮ গ্রেণ। একত্রে মর্দ্দন কর)।

ক্রিয়া—বিবর্দ্ধিত লোসিকা গ্রন্থি, পুরাতন প্রদাহযুক্ত স্থানে প্রয়োগে উপকারক।

(৪) লিনিমেণ্টম্ হাইড্রার্জিরাই—মার্কুরিয়াল লিনিমেণ্ট (Linimentum Hydrargyri)। (মার্কুরিয়াল অয়েণ্টমেণ্ট ১ আং, লাইকর এমনিয়া ১ আং, ক্যাম্ফর লিনিমেণ্ট ১ আং)।

ক্রিয়া—মার্কুরিয়াল প্ল্যাষ্টারের ন্যায়।

(৫) পাইলিউলা হাইড্রার্জিরাই—মার্কুরিয়াল পিল (Pilula Hydrargyri)। নামান্তর,—Blue pill। (মার্কুরি ২ আং, কন্‌ফেক্‌শন রোজ ৩ আং, লিকরাইচ পাউডার ১ আং। একত্র মর্দ্দন কর)।

ক্রিয়া—বিরেচক, পিত্তনিঃসারক।

মাত্রা—৩—৮ গ্রেণ (পিল আকারে)।

(৬) সপোজিটোরিয়া হাইড্রার্জিরাই—মার্কুরিয়াল সপোজিটোরি (Suppositoria Hydrargyri)। (মার্কুরিয়াল অয়েণ্টমেণ্ট ৬০ গ্রেণ, অয়েল অব্ থিওব্রোমা ১২০ গ্রেণ। একত্র গলাইয়া ১২টী মোচাগ্রবৎ গুলি তৈয়ার কর)।

(৭) অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই—মার্কুরিয়াল অয়েণ্টমেণ্ট (Unguentum Hydrargyri)। নামান্তর,—Blue Ointment। (মার্কুরি ১ পাউণ্ড, লার্ড ১ পাউণ্ড, সুয়েট ১ আং। একত্রে মর্দ্দন কর)।

(৮) অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই কম্পোজিটম্—কম্পাউণ্ড মার্কুরিয়াল অয়েণ্টমেণ্ট (Unguentum Hydrargyri Co.)। নামান্তর,—Scott's Ointment। (মার্কুরিয়াল অয়েণ্টমেণ্ট ৬ আং, পীত মোম ৩ আং, অলিভ অয়েল ৩ আং, ক্যাম্ফর (কর্পূর) ১½ আং)।

(৯) হাইড্রার্জিরম্ আইওডাইডম্ রুব্রম্—রেড্ আইওডাইড্ অব্ মার্কুরি—বিন্ আইওডাইড্ অব্ মার্কুরি (Hydrargyrum Iodidum Rubrum)। (পার্ক্লোরাইড্ অব্ মার্কুরি দ্রব এবং আইওডাইড্ অব্ মার্কুরি দ্রব উত্তপ্ত করিয়া একত্রে মিশাইলে বিন্ আইওডাইড অব্ মার্কুরি তলে পড়ে)। সিঁদুরের স্থায় লালবর্ণ গুঁড়া। জলে মেশে না। আইওডাইড্ অব্ পটাসিয়মে মিশ্রিত জলে মিশ্রিত হয়।

ক্রিয়া—উগ্র। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। অল্প মাত্রায় সেবনে পারা সেবনের গুণ হয়।

মাত্রা—$\frac{1}{32}$—$\frac{1}{8}$ গ্রেণ (পিল করিয়া)।

(ক) আঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই আইওডিডাই রুব্রাই—বিন্আইওডাইড অব্ মার্কুরি অয়েণ্টমেণ্ট—রেড্ আইওডাইড্ অব্ মার্কুরি অয়েণ্টমেণ্ট। Unguentum Hydrargyri Iodidi Rubri)। (রেড্ আইওডাইড্ অব্ মার্কুরি ১৬ গ্রেণ, সিম্পল অয়েণ্টমেণ্ট ১ আং)।

ক্রিয়া—উগ্র, চর্ম্মপ্রদাহক (Rubifacient); বিবর্দ্ধিত যকৃত প্লীহার উপর মালিসে উপকার হয়। গলগণ্ডের উপর মালিস করিলে গলগণ্ড আরাম হয়।

(খ) লাইকর আর্সিনিয়াই এট্ হাইড্রার্জিরাই আইডাইডাই—ডনোভান সল্যুসন (আর্সিনিক দেখ)।

(১০) অঙ্গুয়েণ্টম হাইড্রার্জিরাই নাইট্রেটিস্ (Unguentum Hydrargyri Nitratis)। নামান্তর,—Citrine ointment। (মার্কুরি ৪ আং, নাইট্রিক এছিড ১২ আং, অলিভ অয়েল ৩২ আং, লাড ১৫ আং; অগ্রে নাইট্রিক এছিড এবং মার্কুরি একত্র করিয়া গলাইবে পরে লার্ড এবং অলিভ অয়েল একত্রে অগ্নি উত্তপ্ত করিয়া উহার সঙ্গে মিশাইবে)।

ক্রিয়া—উত্তেজক মলম; পুরাতন চর্ম্মরোগে ব্যবহার হয়।

(ক) অঙ্গুয়েণ্টম হাইড্রারজিরাই নাইট্রেটিস্ ডাইলুটম (Unguentum Hydrargyri Nitratis dilutum)। (অঙ্গুয়েণ্টম হাইড্রারজিরাই নাইট্রেটিস্ ১ আং, সফ্ট প্যারাফিন ২ আং)।

(১১) ওলিয়েটম্ হাইড্রার্জিরাই—ওলিয়েট্ অব্ মার্কুরি (Oleatum Hydrargyri)। (হাইড্রারজিরাই অক্সাইডম্ ফ্লেভম ১ আং, ওলিক এছিড ৯ আং, একত্রে মর্দ্দন কর)।

(১২) হাইড্রার্জিরাই অক্‌ছাইডম্ ফ্লেভম্—ইয়েলো অক্‌সাইড্ অব্ মার্কুরি (Hydrargyrum Oxidum flavum)।

(পারক্লোরাইড্ অব্ মার্কুরি এবং সোডা যোগে প্রস্তুত)।

ব্যবহার ঃ—এই ঔষধটী মলম আকারে "টানিয়া টার্সি" রোগে স্থানীয় প্রয়োগে উপকার হয়। (৬ গ্রেণ—লার্ড ১ আং)।

(১৩) হাইড্রার্জিরাই অক্‌সাইডম্ রুব্রম—রেড্ অক্‌সাইড্ অব্ মার্কুরি (Hydrargyri Oxidum Rubrum)। নামান্তর,—Red Precipitate (মার্কুরি ৮ আং, নাইট্রিক্ এছিড ৪½ আং, পরিস্রুত জল ২ আং, অগ্রে অর্দ্ধেকটা মার্কুরি লইয়া নাইট্রিক্ এছিডে দ্রব কর, পরে বাদবাকী মার্কুরি দিয়া মর্দ্দন কর। পরে অগ্নিতে উত্তপ্ত কর এবং ভাপ উঠা বন্ধ হইলে নামাও)। লালবর্ণ গুঁড়ার আকার, জলে দ্রব হয় না। হাইড্রোক্লোরিক এছিডে দ্রব হয়।

ক্রিয়া—(আভ্যন্তরিক প্রয়োগ নাই)। দাহক

(ক) অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্জিরাই অক্‌সাইডম্ রুব্রাই—অয়েণ্টমেণ্ট অব্ রেড্ অক্‌সাইড অব্ মার্কুরি (Unguentum Hydrargyri Oxidum Rubri)। (রেড অক্সাইড্ অব্ মার্কুরি ৬২ গ্রেণ, হার্ড প্যারাফিন ¼আং, সফ্‌ট প্যারাফিন ¾ আং। একত্রে অগ্নিতাপে গলাও)।

ক্রিয়া—দাহক মলম। ক্যান্‌সার প্রভৃতির উপর দেওয়া যায়।

(১৪) হাইড্রার্জিরাই পারক্লোরাইডম্—বাইক্লোরাইড্ অব্ মার্কুরি (Hydrargyri Perchloridum)। নামান্তর,—Corrosive sublimate। (করোসিভ সব্‌লিমেট) বাঙ্গলা "রসকর্পূর"। (সল্‌ফেট্ অব্ মার্কুরি, ক্লোরাইড অব্ সোডিয়ম, এবং ব্ল্যাক্ অক্সাইড্ অব্ ম্যাঙ্গানিস্ যোগে প্রস্তুত)।

শ্বেতবর্ণ, ভারি দানার আকার। ২০ গুণ জলে দ্রবণীয়, তদপেক্ষা এলকোহলে, এবং এলকোহল অপেক্ষা ঈথরে অধিক দ্রবণীয়।

ক্রিয়া—বড় উগ্র। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। বমন, উদর জ্বালা এবং দাস্ত হয়। বাহ্য প্রয়োগে দাহক। খুব অল্প মাত্রায় আভ্যন্তরিক প্রয়োগে পুরাতন সিফিলিস রোগে উপকারক। সিফিলিস ঘটিত চর্ম্মরোগেও উপকারক।

অসম্মিলন ঃ—যে সকল ঔদ্ভিজ্জ্য ঔষধে ট্যানিক এছিড আছে বা এল্‌বিউ-

মেন্ আছে। তাহাদের সঙ্গে মিশ্রিত হয় না। ক্ষার ঔষধ, টার্টার এসেটিক এবং আইওডাইন ঘটিত ঔষধ মিশ্রিত হয় না।

মাত্রা—$\frac{1}{16}$—৮ গ্রেণ (জলের সঙ্গে মিশাইয়া অথবা পাঁউরুটীর সহিত বটিকাকারে)।

(ক) লাইকর হাইড্রারজিরাই পার্‌ক্লোরিডাই (Liquor Hydrargyri Perchloride (করোসিভ সব্‌লিমেট ১৬ গ্রেণ, এমনিয়া ক্লোরাইড ১০ গ্রেণ, ডিষ্টিল্ড ওয়াটার ১ পাইণ্ট। প্রতি আউন্সে $\frac{1}{2}$ গ্রণ আছে)।

মাত্রা—$\frac{1}{2}$—২ ড্রাম।

(খ) লোসিও হাইড্রারজিরাই ফ্লেবা (Lotio Hydrargyri Flava)। নামান্তর,—"Yellow wash"। (করোসিভ সব্‌লিমেট ১৮ গ্রেণ, লাইম ওয়াটার (চূণের জল) ১০ আং)।

ব্যবহার :—ক্ষতযুক্ত সোরথ্রোট, সিফিলিস ক্ষতে ধৌতরূপে ব্যবহার হয়।

(১৫) হাইড্রোর্‌জিরাই সব্ ক্লোরাইডম্—সব্ ক্লোরাইড্ অব্ মার্কুরি। নামান্তর,—Calomel (ক্যালমেল)। (সল্‌ফেট্ অব্ মার্কুরি ১০ আং, জল যথা-প্রয়োজন। সাল্‌ফেট্ অব্ মার্কুরি এবং মার্কুরি একটু জল দিয়া একত্রে মর্দ্দন করিয়া তাহাতে ক্লোরাইড্ অব্ সোডিয়ম্ মিশাইয়া উত্তপ্ত করিবে)। শাদা, ভারি গুঁড়া, স্বাদ ও গন্ধ-বিহীন জলে দ্রব হয় না; ঈথর ও স্পীরিটেও দ্রব হয় না। উত্তাপে উড়িয়া যায়।

ক্রিয়া—বিরেচক, পরিবর্ত্তক, পিত্তনিঃসারক। ইহা সেবনে পারার সমস্ত গুণ হয়। কিছু উগ্র, এজন্য অহিফেনের সহিত দেওয়া যায়। বিরেচনার্থ সোডার সহিত দিতে পারা যায়।

মাত্রা—২—৫ গ্রেণ (বিরেচক), $\frac{1}{2}$—২ গ্রেণ পরিবর্ত্তক।

(ক) লোসিও হাইড্রার্‌জিরাই নাইগ্রা (Lotio Hydrargyri Nigra)। নামান্তর,—Black Wash। (ক্যালমেল ৩০ গ্রেণ, লাইম ওয়াটার (চূণের জল) ১০ আং)।

ব্যবহার :—সিফিলিসের ক্ষতে ধৌত স্বরূপ।

(খ) পাইলিউলা হাইড্রার্‌জিরাই সব্‌ক্লোরাইডাই কম্পোজিটা। নামান্তর,—Pilula calomelanos Composita; Plumers Pill। ক্যালমেল

১ আং, সাল্‌ফরেটেড্ এণ্টিমনি ১ আং, গোয়েকম রেজিন ২ আং, ক্যাষ্টর অয়েল ১ আং)।

মাত্রা—৫—১০ গ্রেণ।

(গ) অঙ্গুয়েণ্টম হাইড্রার্‌জিরাই সব্‌ক্লোরিডাই (Unguentum Hydrargyri Sub-chloridi Composita)। (সব্‌ক্লোরাইড্ অব্ মার্কুরি ৮০ গ্রেণ, বেন্‌জোয়েটেড্ লার্ড ১ আং)।

(১৬) হাইড্রার্‌জিরাই পার সাল্‌ফাস্—সল্‌ফেট্ অব্ মার্কুরি (Hydrargyri Fersulphas)। (মার্কুরি ২০ আং, সাল্‌ফিউরিক এছিড্ ১২ আং। একত্রে উত্তপ্ত কর)।

ব্যবহার :—ক্যালমেল এবং করোসিভ্ সব্‌লিমেট্ প্রস্তুত করিতে লাগিবে।

(১৭) হাইড্রার্‌জিরাই এমনায়েটম্—এমনায়েটেড্ মার্কুরি (Hydrargyri Ammoniatum)। নামান্তর,—White Precipitate, Ammonio Chloride of Mercury। (করোসিভ্ সব্‌লিমেট ৩ আং, লাইকর এমনিয়া ৪ আং, পরিস্রুত জল ৩ পাইণ্ট। করোসিভ্ সাব্‌লিমেট জলে দ্রব কর এবং উত্তপ্ত কর। শীতল হইলে এমনিয়া যোগ কর। পাত্রের নিম্নে যে শাদা গুঁড়া পড়িবে তাহাই লইবে)।

শ্বেতবর্ণ, ভারি গুঁড়া। উত্তাপে উড়িয়া যায়। জলে, এলকোহলে এবং ঈথারে দ্রব হয় না।

ব্যবহার :—বাহ্যপ্রয়োগে কীট বিনাশক। আভ্যন্তরিক প্রয়োগ নাই।

(ক) অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্‌জিরাই এমনায়েটাই—অয়েণ্টমেণ্ট অব্ এমনিয়েটেড্ মার্কুরি (Unguentum Hydrargyri Ammoniati)। (এমনায়েটেড্ মার্কুরি ৫০ গ্রেণ, সিম্পল্ অয়েণ্টমেণ্ট ৪৫০ গ্রেণ)।

ব্যবহার :—ইকুন বিনষ্ট হয়।

অধাতব ঔষধ সকল।

আইওডম—আইওডাইন (Iodum—Iodine)। (সমুদ্রজাত উদ্ভিদের ভস্ম হইতে এই দ্রব্য পাওয়া যায়)।

উজ্জ্বল, কৃষ্ণবর্ণাভ, পাতলা পাতলা চ্যাপ্টা দানার আকারে। জলে দ্রব হয় না। আইওডাইড অব্ পটাস মিশ্রিত জলে দ্রবণীয়। রেক্টিফায়েড্ স্পীরিটে দ্রব হয়। বাহিরে থাকিলে ইহা বাষ্পাকারে উড়িয়া যায়। বিশেষ গন্ধ-বিশিষ্ট।

ক্রিয়া—আইওডাইন উগ্র চর্ম্মপ্রদাহক, দাহক এবং ফোস্কাকারক, অধিক মাত্রায় সেবনে বিষক্রিয়া করে। ঔষধের মাত্রায় ইহা পরিবর্ত্তক। রিউম্যাটিজম্, পুরাতন সিফিলিস প্রভৃতি রোগে উপকারক। অধিকদিন ব্যবহারে শরীর শীর্ণ হয়, ক্ষুধামান্দ্য উপস্থিত হয় এবং সর্দ্দি লাগে। কাহারও কাহারও অতি অল্প মাত্রায় আইওডাইন সেবনে এই সকল লক্ষণ উপস্থিত হয়। আইওডাইন সচরাচর আইওডাইড্ অব্ পোটাসিয়ম্ রূপে সেবন করা যায়।

প্রয়োগরূপ :—

(১) লিনিমেণ্টম আইওডাই—(Linimentum Iodi)। আইওডাইন ২½ আং, আইওডাইড্ অব্ পটাসিয়ম ১ আং, গ্লাইছেরিন্ ½ আং, রেক্টিফায়েড্ স্পীরিট ১ পাইণ্ট)।

ব্যবহার :—প্রত্যুগ্রতা সাধক। বিবর্দ্ধিত প্লীহা যকৃতের উপর এবং বিবর্দ্ধিত লিম্ফেটিক গ্ল্যাণ্ডের উপর প্রয়োগে উহাদের আয়তন ছোট হয়। সিফিলিসজাত টিউমর, নোড্, গমেটা প্রভৃতিতে প্রলেপ দেওয়াতে উপকার হয়।

(২) লাইকর আইওডাই (Liquor Iodi)। (আইওডাইন ২২ গ্রেণ, আইওডাইড্ অব্ পটাসিয়ম ৩৩ গ্রেণ, পরিস্রুত জল ১ আং)।

ক্রিয়া—লিনিমেণ্টের ন্যায়।

(৩) টীংচুরা আইওডাই—টীংচার অব্ আইওডাইন (Tinctura Iodi)। (আইওডাইন ½ আং, আইওডাইড্ অব্ পটাসিয়ম ½ আং, রেক্টিফায়েড্ স্পীরিট ১ পাইণ্ট)।

মাত্রা—৫—২০ মিনিম। মালিসরূপেও ব্যবহার হয়।

(৪) অঙ্গুয়েণ্টম আইওডাই—আইওডাইন অয়েণ্টমেণ্ট (Ungu-

entum Iodi)। (আইওডাইন ১৬ গ্রেণ, আইওডাইড অব্ পটাসিয়ম ১৬ গ্রেণ, গ্লাইছেরিন্ ½ ড্রাম, লার্ড ১ আং)।

(৫) ভেপর আইওডাই—আইওডাইন ইন্হেলেসন (Vapor Iodi)। (টীংচার আইওডাইন ১ ড্রাম, জল ১ আং। উপযুক্ত পাত্রে রাখিয়া উত্তপ্ত কর এবং উহার বাষ্প শ্বাসপথে টান)।

ব্যবহার ঃ—লেরিঞ্জাইটিস রোগে উপকার হয়।

এতদ্ভিন্ন আইওডাইড্ অব্ পটাসিয়ম, আইওডাইড্ অব্ সোডিয়ম, আইওডাইড্ অব্ আর্সেনিক, আইওডাইড্ অব্ মার্কুরি, আইওডাইড্ অব্ সল্ফার এবং আইওডাইড্ অব্ লেড আইওডাইনঘটিত ঔষধ।

আইওডোফর্মাম্—আইওডোফরম (Iodoformum)। (কার্ব্বনেট্ অব্ পটাস এবং এলকোহল দ্রবের সহিত আইওডাইন সংযোগে প্রস্তুত)। হরিদ্রাবর্ণ পাতলা পাতলা, উজ্জ্বল দানা; উগ্র গন্ধবিশিষ্ট। জলে দ্রব হয় না।

ক্রিয়া—পচননিবারক এবং পরিবর্ত্তক। হাপ (এজমা) রোগে উপকারক। পুরাতন ক্ষতে এবং সিফিলিসজাত ক্ষতে প্রয়োগে খুব উপকারক।

মাত্রা—½—৩ গ্রেণ (পিল)।

(১) সপোজিটোরিয়া আইডোফর্মাই—আইওডোফরম সপোজিটোরি (Suppositoria Iodoformi)। (আইওডোফরম ৩৬ গ্রেণ, অয়েল অব্ থিওব্রোমা ১৪৪ গ্রেণ, মিশ্রিত করিয়া ১২টী সপোজিটোরি কর)।

(২) অঙ্গুয়েণ্টম্ আইওডোফর্মাই—আইওডোফরম অয়েণ্টমেণ্ট (Unguentum Iodoformi)। (আইওডোফরম ১ আং, বেন্জোয়েটেড্ লার্ড ৯ আং; অগ্রে লার্ড গলাইয়া লইবে)।

ব্যবহার ঃ—উত্তেজক এবং পচননিবারক মলম। পচাক্ষতে এবং সিফিলিসজাত ক্ষতে প্রয়োগ হয়।

একুয়া—ওয়াটার (Aqua Water)। বাঙ্গালা জল। পরিষ্কার জল। (ডিস্পেন্সারিতে ফিল্টার করা জল এবং পরিস্রুত জল ব্যবহার করা উচিত)।

(১) একুয়া ডিষ্টিলেটা—ডিষ্টিল্ড ওয়াটার (Aqua Distillata)। বাঙ্গালা পরিস্রুত বা চোয়ান জল। (জলকে বাষ্প করিয়া সেই বাষ্পকে জমাইয়া জল হয়। ইহা সর্ব্বাপেক্ষা পরিষ্কার জল)।

এণ্টিপাইরিন—ফিনাজোন (Antipyrin—Phenazone)। বর্ণহীন, গন্ধবিহীন, শল্কবৎ দানা। জল, স্পীরিট এবং ক্লোরফরমে দ্রব হয়। তিক্ত আস্বাদযুক্ত।

ক্রিয়া—উত্তাপহারক এবং অবসাদক। প্রবল জ্বর এবং রিউমেটিক ফিবারে ব্যবহার হয়। ইহা স্নায়ুশূলনিবারক; এ জন্য স্নায়ুশূল বেদনা এবং শিরঃপীড়ায় আশু উপকার হয়। মাত্রা—৩—২০ গ্রেণ।

এণ্টিফেব্রিন—এছিটানিলাইড্ (Acetanilide—Antifebrin)। নামান্তর,—Phenyl Acetamide। (এনিলাইন এবং গ্লাসিয়াল এছেটিক এছিড যোগে প্রস্তুত)। বর্ণহীন, উজ্জ্বল শল্কবৎ দানা, গন্ধবিহীন। এলকোহল, ঈথর এবং ক্লোরফরমে দ্রব হয়।

ক্রিয়া—উত্তাপহারক, বেদনানিবারক, স্নায়ুশূলনিবারক এবং নিদ্রাকারক। ঘর্ম্মকারক। জ্বররোগে, শিরঃপীড়ায় এবং স্নায়ুশূলে ব্যবহার হয়।

মাত্রা—৩—১০ গ্রেণ।

এমনিয়ম—এমনিয়া (Ammonium—Ammonia)। এমনিয়া একরূপ উগ্র গন্ধযুক্ত বাষ্প বা গ্যাস। ইহার লবণ সকল ঔষধে ব্যবহৃত হয়। এমনিয়া জলে মিশ্রিত করিলে লাইকর এমনিয়া হয়। এই লাইকর এমনিয়াও ঔষধরূপে ব্যবহৃত হয়। এমনিয়া উত্তেজক, অম্লনাশক, কফনিঃসারক, বমনকারক এবং স্থানিক প্রয়োগে ফোস্কাকারক।

প্রয়োগরূপ :—

(১) লাইকর এমনাই ফরটিয়র—ষ্ট্রং সল্যুশন্ অব্ এমনিয়া (Liquor Ammoniæ Fortior)। (ক্লোরাইড্ অব্ এমনিয়ম্, স্লেকড্ লাইম এবং জল সহযোগে প্রস্তুত। ক্লোরাইড্ অব্ এমনিয়ম ৩ পাউণ্ড, স্লেকড্ লাইম ৪ পাউণ্ড, জল ২২ আং। চোঁয়াইয়া প্রস্তুত হয়। শতকরা ৩২·৫ অংশ এমনিয়া বাষ্প থাকে। ১ ড্রামে ১৫·৮ গ্রেণ এমনিয়া গ্যাস থাকে)।

(ক) লাইকর এমনাই—সল্যুশন্ অব্ এমনিয়া (Liquor Ammoniæ)। (ষ্ট্রং সল্যুশন্ অব্ এমনিয়া ১ পাইণ্ট, ডিষ্টিল্ড ওয়াটার ২ পাইণ্ট। শতকরা ১০ আং এমনিয়া থাকে। ১ ড্রামে ৫·২ গ্রেণ এমনিয়া গ্যাস। ৩ ভাগে ১ ভাগ ষ্ট্রং সল্যুশন অব্ এমনিয়া থাকে)।

(খ) লিনিমেণ্টম্ এমনাই (Linimentum Ammoniæ)। (সল্যুশন অব্ এমনিয়া)। (Liquor ammoniæ ১ আং, অলিভ অয়েল ৩ আং)। লাইকর এমনাই ফরটিয়রের আভ্যন্তরিক প্রয়োগ নাই। ইহা উগ্র-বিষ। বাহ্যিক প্রয়োগে ফোস্কাকারক (Vesicant)।

লাইকর এমনিয়া বাহ্যিক প্রয়োগে চর্ম্মের প্রদাহকারক (Rubefacient) এবং আভ্যন্তরিক প্রয়োগে উত্তেজক। ইহার মাত্রা ৫—১৫ মিনিম।

লিনিমেণ্ট এমনাই উত্তেজক মালিসরূপে ব্যবহৃত হয়।

এমনিয়া অত্যন্ত উত্তেজক ঔষধ। ধাত দুর্ব্বল হইলে, হৃদয়ের ক্রিয়া দুর্ব্বল হইলে ইহা বেস ভাল ঔষধ। মূর্চ্ছা রোগে হিতকর। এমনিয়া কফনিঃসারক। নিউমোনিয়া, ব্রঙ্কাইটিস্ রোগে ব্যবহার হয়। এমনিয়া অম্লনাশক। অম্ল-জীর্ণ রোগে হিতকর। অচৈতন্যাবস্থায় নাকে এমনিয়ার শিশি ধরিলে রোগীর চেতনা হয়। বাহ্যিক প্রয়োগে এমনিয়া ব্লিষ্টারের কায করে। ব্রঙ্কাইটিস্ এবং নিউমোনিয়া রোগে বক্ষঃস্থলে এমনিয়া লিনিমেণ্ট মালিস উপকারক।

(২) লাইকর এমনিয়াই এছিটেটিস্ ফরটিয়র (Liquor Ammoniæ Acetatis Fortior)। (১৫ ½ আং কার্ব্বনেট্ অব্ এমনিয়া, এছেটিক এছিড ৫০ আং, জল সমষ্টিতে ৬০ আং)।

ক্রিয়া—মূত্রকারক এবং ঘর্ম্মকারক। মাত্রা—২৫—৭৫ মিনিম।

(ক) লাইকর এমনিয়াই এছিটেটিস্ (Liquor Ammonii Acetatis)। নামান্তর,—Mindererus Spirit (লাইকর এমনিয়াই এছিটেটিস্ ফরটিয়র ১ আং, ডিষ্টিল্ড ওয়াটার ৪ আং)।

ক্রিয়া—ঘর্ম্মকারক, মূত্রকারক। জ্বরে ব্যবহার হয়। কষ্টরজঃ রোগে হিতকর। মাত্রা—২—৬ ড্রাম।

(৩) লাইকর এমনিয়াই ছাইট্রেটিস্ ফরটিয়র (Liquor Ammonii Citratis Fortior)। (লাইকর এমনিয়াই ফর-

টিয়র ১১ আং, ছাইট্রিক এছিড ১২ আং, ডিষ্টিল্ড ওয়াটার সমষ্টিতে ১ পাইণ্ট)।

ক্রিয়া—মূত্রকারক। মাত্রা—½—১½ ড্রাম।

(ক) লাইকর এমনিয়াই ছাইট্রেটিস্ (Liquor Ammonii Citratis)। (লাইকর এমনিয়াই ছাইট্রেটিস্ ফর্‌টিয়র ১ আং, ডিষ্টিল্ড ওয়াটার ৩ আং)।

ক্রিয়া—মূত্রকারক। মাত্রা—২—৬ ড্রাম্।

(৪) স্পীরিটস্ এমনাই এরমেটিকস্—এরমেটিক স্পীরিট অব্ এমনিয়া (Spiritus Ammoniæ Aromaticus)। নামান্তর,—Sal volatile। (ভোলাটাইল অয়েল অব্ নটমেগ ৪½ ড্রাম, অইল্ অব্ লিমন ৬½ ড্রাম, স্পীরিট ৬ পাইণ্ট, জল ৩ পাইণ্ট একত্রে লইয়া চৌয়াইয়া ৭ পাইণ্ট তফাৎ কর। পরে আবার চোঁয়াইয়া ৯ আং লও এবং তাহাতে কার্ব্বনেট্ অব্ এমনিয়া ৪ আং এবং লাইকর এমনিয়াই ফোর্ট ৮ আং মিলাইয়া উত্তাপের দ্বারা মিশ্রিত কর। পরে পূর্ব্বোক্ত ৭ পাইণ্ট চোঁয়ান দ্রব্য যোগ কর)।

ক্রিয়া—হৃদয়ের উত্তেজক, আক্ষেপনিবারক, কফনিঃসারক, হিক্কা ও বমননিবারক। বেশী মাত্রায় বমনোদ্বেগ হয়।

অসম্মিলন ঃ—সিরপ অব্ স্কুইল। এছিড্ সকল।

মাত্রা—½—১ ড্রাম (জলের সঙ্গে)।

(ক) স্পীরিটস্ এমনাই ফিটিডস্—ফিটিড্ স্পীরিট অব্ এমনিয়া (Spiritus Ammoniæ Fœtidus)। ১½ আং এছাফিটিডা (হিঙ্গু) এবং যথা-প্রয়োজন স্পীরিট চোয়াইয়া লইয়া তাহাতে ২ আং লাইকর এমন ফোর্ট এবং স্পীরিট যথা-প্রয়োজন মিশাইয়া ২০ আং পূর্ণ কর)।

ক্রিয়া—উত্তেজক এবং আক্ষেপনিবারক। হিষ্টিরিয়া রোগে বিশেষ হিতকর। মাত্রা—½—১ ড্রাম।

(৫) এমনিয়াই কার্ব্বনাস্—কার্ব্বনেট্ অব্ এমনিয়া (Ammonii Carbonas)। (শ্বেতবর্ণ দানাময় চাপ বা খণ্ড। উগ্র এমনিয়ার গন্ধযুক্ত। জলে দ্রবণীয়)।

ক্রিয়া—হৃদয়ের উত্তেজক, কফনিঃসারক, বলকারক, বমনকারক।

মাত্রা—৩—১০ গ্রেণ।

(৬) এমনিয়াই ক্লোরাইডম্—ক্লোরাইড্ অব্ এমনিয়া (Ammonii Chloridum)। নামান্তর,—Sal Ammoniac। বাঙ্গলা নাম নিষেদল। হাইড্রোক্লোরিক এছিড এবং এমনিয়া যোগে প্রস্তুত হয়)।

অর্দ্ধ গোলাকার খণ্ডাকারে; শক্ত এবং চিম্‌ড়ে, সহজে গুঁড়া হয় না। অথবা শ্বেতবর্ণ দানার আকারে। জলে এবং রেক্‌টিফায়েড্ স্পীরিটে দ্রব হয়।

ক্রিয়া—ঘর্ম্মকারক এবং পিত্তনিঃসারক। যকৃতের রক্তাধিক্য রোগে উপকারক। ব্রঙ্কাইটিস্ রোগে শ্লেষ্মা অত্যন্ত আঠা হইলে উপকারক। নিউর‍্যালজিয়া (স্নায়ুশূল) রোগে উপকার করে। জলে মিশ্রিত করিলে ঐ জল খব শীতল হয়, এবং জরাদি রোগে মস্তকে দিলে বরফজলের কায হয়।

মাত্রা—৫—৩০ গ্রেণ।

(৭) এমনিয়াই ব্রোমাইডম্—ব্রোমাইড্ অব্ এমনিয়া (Ammonii Bromidum)। (হাইড্রোব্রোমিক এছিড এবং এমনিয়া যোগে প্রস্তুত)। বর্ণহীন দানা অথবা সামান্য হরিদ্রাবর্ণ দানা, জলে দ্রবণীয়।

ক্রিয়া—আক্ষেপনিবারক। হুপ কাশি এবং লেরিঞ্জাইটিস রোগে হিতকর।

মাত্রা—২—২০ গ্রেণ।

(৮) এমনিয়াই বেন্‌জোয়াস্—বেন্‌জোয়েট অব্ এমনিয়া (Ammonii Benzoas)। (লাইকর এমনিয়া এবং বেন্‌জয়িক এছিড একত্রে উত্তপ্ত করিয়া এবং পরে দানা বাঁধিয়া প্রস্তুত হয়)। বর্ণহীন দানা। জলে দ্রব হয়।

ক্রিয়া—মূত্রকারক। মাত্রা—১০—২০ গ্রেণ।

(৯) এমনিয়াই নাইট্রাস্—নাইট্রেট্ অব্ এমনিয়া (Ammonii Nitras)। (কার্ব্বনেট অব্ এমনিয়া এবং নাইট্রিক এছিড যোগে প্রস্তুত)। ঔষধে ব্যবহার হয় না।

(১০) এমনিয়াই ফস্‌ফাস্—ফস্‌ফেট্ অব্ এমনিয়া (Ammonii Phosphas)। (ষ্ট্রং সলুশন অব্ এমনিয়া এবং ফস্‌ফরিক এছিড যোগে প্রস্তুত)। বর্ণহীন দানার আকারে। জলে দ্রব হয়।

ক্রিয়া—মূত্রকারক। মাত্রা—৫—২০ গ্রেণ।

কার্ব্বন—(Carbon)। বাঙ্গলা কয়লা বা অঙ্গার।

(১) কার্ব্বোলিগ্নাই—উড্ চার্কোল (Carbo Ligni)। বাঙ্গলা কাষ্ঠ কয়লা। (বিনা বাতাসে কাষ্ঠ পোড়াইয়া যে কয়লা হয়)। কৃষ্ণবর্ণ, ভঙ্গপ্রবণ, সছিদ্র খণ্ড সকল। জলে দ্রব হয় না।

ক্রিয়া—দুর্গন্ধহারক। পচননিবারক। অম্লাজীর্ণ রোগে এবং অজীর্ণ বশতঃ দুর্গন্ধ উদ্গার উঠিলে সেবনে উপকারক। পচা ক্ষতে কয়লার পুলটীশ উপকারক। মাত্রা—২০—৬০ গ্রেণ (গুঁড়া)।

(ক) ক্যাটাপ্ল্যাস্‌মা কার্ব্বনিস্—চারকোল পুলটীস (Cataplasma Carbonis)। (গুঁড়া কার্ব্বোলিগ্নাই ½ আং, পাউরুটী ২ আং, মসিনার খৈল (লিনছিড মিল) ১½ আং, ফুটন্ত জল ১০ আং)।

ব্যবহার ঃ—পচা ক্ষতের উপর প্রয়োগে দুর্গন্ধহারক।

(২) কার্ব্বো এনিমেলিস—এনিমেল চারকোল (Carbo Animalis)। নামান্তর,—Bone Black (বিনা বাতাসে অস্থি দগ্ধ করিয়া যে কয়লা হয়)।

কার্ব্বো এনিমেলিস্ পিউরিফিকেট্স্—পিউরিফায়েড এনিমেল চারকোল। (Carbo Animalis Purificatus)। বাঙ্গালা পরিস্কৃত জান্তব অঙ্গার। (হাইড্রোক্লোরিক এছিড দ্বারা কার্ব্বো এনিমেলিস পরিষ্কার করিয়া)। কালবর্ণ গুঁড়া। জলে দ্রব হয় না।

ক্রিয়া—দুর্গন্ধহারক। আর্সেনিক, এট্রপিয়া প্রভৃতি দ্বারা বিষাক্ত হইলে উপকারক। মাত্রা—৫—৬০ গ্রেণ।

ক্লোরাইন্ (Chlorine) ক্লোরাইন্ গ্যাস ঃ—

প্রয়োগরূপ ঃ—

(১) লাইকর ক্লোরাই—সল্যুশন্ অব্ ক্লোরাইন (Liquor Chlori)। ক্লোরাইন গ্যাস জলে দ্রব করিয়া প্রস্তুত হয়।

ক্রিয়া—পচননিবারক, দুর্গন্ধহারক। মাত্রা—১০—২০ মিনিম।

(২) ভেপর্ ক্লোরাই--ইন্‌হেলেশন অব্ ক্লোরাইন (Vapor Chlori)। (২ আং কোরিনেটেড্ লাইম জল মিশ্রিত করিয়া উহার বাষ্প শ্বাসপথে গ্রহণ কর)। ক্যাল্‌ছিয়ম এবং সোডিয়ম দেখ।

ক্রিয়াজোটম্—ক্রিয়েজোট (Creasotum)। (কাষ্ঠের আলকাতরা হইতে প্রস্তুত)। বর্ণহীন অথবা পীতাভ তৈলবৎ দ্রব্য।

ক্রিয়া—পচননিবারক, অবসাদক। বমন রোগে উপকারক।

মাত্রা—১—২ মিনিম (বটিকাকারে)।

অসম্মিলন ঃ—অক্সাইড্ অব্ সিল্ভার্।

প্রয়োগরূপ ঃ—

(১) মিশ্চুরা ক্রিয়াজোটি (Mistura Creasoti)। (ক্রিয়াজোট ১৫ মিনিম, গ্লাসিয়াল্ এছেটিক্ এছিড্ ১৫ মিনিম, স্পীরিট অব্ জুনিপার ½ ড্রাম, সিরপ ১ আং, পরিস্রুত জল ১৫ আং)। ১ আউন্সে ১ মিনিম ক্রিয়াজোট।

মাত্রা—১—২ আং।

(২) অঙ্গুয়েণ্টম ক্রিয়াজোটি (Unguentum Creasoti)। (ক্রিয়াজোট ১ ড্রাম, সিম্পল্ অয়েণ্টমেণ্ট ১ আং)।

(৩) ভেপর্ ক্রিয়াজোটি (Vapor Creasoti)। (ক্রিয়াজোট ১২ মিনিম, ফুটন্ত জল ৮ আং। উপযুক্ত পাত্রে রাখিয়া শ্বাসপথে বাষ্প গ্রহণ)।

প্যারাফিনম ডুরম—হার্ড প্যারাফিন (Paraffinum Durum)। নামান্তর,—Paraffin—Paraffin wax। বর্ণহীন মোমবৎ পদার্থ। ১১০°—১৪০° উত্তাপে গলিয়া যায়।

ব্যবহার ঃ—নানাবিধ মলম (Unguentum) তৈয়ার করিতে ব্যবহার হয়।

প্যারফিনম মোলি—সফ্ট প্যারাফিন (Paraffinum Molle)। নামান্তর,—Petroleum—Unguentum Paraffinum। চলিত নাম,—Vaseline। শাদা অথবা হরিদ্রাভ টল্‌টলে ঘৃতবৎ পদার্থ।

ব্যবহার ঃ—মলম তৈয়ার করিতে লাগে।

প্যারাল্‌ডিহাইডম্—প্যারাল্‌ডিহাইড্ (Paraldehyde)। বর্ণহীন তরল পদার্থ, ঈথারের ন্যায় গন্ধযুক্ত, তীব্র আস্বাদ।

ক্রিয়া—নিদ্রাকারক। মাত্রা—½—১½ ড্রাম।

ফস্‌ফরস্ (Phosphorus)। বর্ণহীন অল্প উজ্জল, মোমবৎ পদার্থ। অস্থি হইতে পাওয়া যায়। অতি দাহ্য।

ক্রিয়া—স্নায়ুপোষক, বলকারক, কামোদ্দীপক। অধিক মাত্রায় বিষক্রিয়া করে। মাত্রা—$\frac{1}{100}$ গ্রেণ (বটিকাকারে)।

প্রয়োগরূপ :—

(১) ওলিয়ম ফস্‌ফরেটম্—অয়েল অব্ ফস্ফরাস (Oleum Phosphoratum)। আমণ্ড অয়েল (বাদাম তৈল) ৪ আং লইয়া ৩০০° পর্য্যন্ত উত্তপ্ত করিয়া শীতল হইলে ছাঁক এবং তাহাতে ১০ গ্রেণ ফস্‌ফরাস্ দিয়া ১৪০ উত্তাপে গলাও)।

মাত্রা—৫—১০ মিনিম।

(২) পাইলিউলা ফস্‌ফোরি—পিল অব্ ফসফরাস্ (Pilula Phophori)। (ফসফরস ৩ গ্রেণ, বালসাম টলু ১২০ গ্রেণ, পীত-মোম (ইওলো ওয়াক্‌স) ৫৭ গ্রেণ। একত্র করিয়া জলের ভিতর রাখিয়া দিবে নচেৎ জ্বলিয়া উঠিতে পারে। বটিকা বাধিবার পূর্ব্বে ২ গ্রেণে ১ গ্রেণ কর্ডসোপ যোগ করিয়া বড়ী বাধিবে)।

মাত্রা—২—৪ গ্রেণ।

ফিনাছেটিনম—ফিনাছেটিন (Phenacetinum)। (প্যারাফিনি-টাইডিন নামক দ্রব্যের উপর গ্লাসিয়াল এছেটিক এছিডের কার্য্য দ্বারা প্রস্তুত হয়)। বর্ণহীন, স্বাদবিহীন, গন্ধবিহীন, শল্কবৎ দানা।

ক্রিয়া—উত্তাপহারক, স্নায়ুশূলনিবারক। মাত্রা—৫—১০ গ্রেণ।

ফিনাজোনম (Phenazonum)। "এণ্টিপাইরিন" দেখ।

ব্রোমম—ব্রোমাইন (Bromum—Bromine)। সমুদ্র জল হইতে পাওয়া যায়)। তরল, লবণাক্ত আস্বাদ, তিব্র গন্ধযুক্ত।

প্রয়োগরূপ :—

(১) এছিড হাইড্রোব্রোমিক; (২) এমনিয়াই ব্রোমাইডম্; (৩) পটাসাই ব্রোমাইডম; (৪) সোডিব্রোমাইডম। [সোডিয়ম, পটাসিয়ম, এমনিয়ম এবং এছিডম দেখ]।

ক্রিয়া—আইওডাইনের ন্যায়। পরিবর্ত্তক।

সল্‌ফোনাল (Sulphonal)। নামান্তর,—Diethyl Sulphur,

Dimethin, Methane। বর্ণহীন, গন্ধহীন, স্বাদবিহীন, ক্ষুদ্র ক্ষুদ্র দানা। জলে দ্রব হয় না।

ক্রিয়া—নিদ্রাকারক। মাত্রা—১৫—৪০ গ্রেণ।

মদ্যজাতীয় ঔষধ।

এল্‌কোহল্ এথিলিকম—এথিলিক এল্‌কোহল (Alcohol Ethylicum—Ethylic Alcohol)। নামান্তর,—Absolute Alcohol বাঙ্গালা বিশুদ্ধ সুরাবীর্য্য, এল্‌কোহল। (রেক্‌টিফায়েড স্পীরিট হইতে বাহির হয়। দগ্ধ ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়ম এবং নির্জ্জল কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম দ্বারা রেক্‌টিফায়েড স্পীরিট চোঁয়াইয়া প্রাপ্ত হওয়া যায়)। বর্ণহীন, আপেক্ষিক গুরুত্ব ০·৭৯৭ হইতে ০·৮০০। শতকরা ১ বা ২ অংশ জল আছে। উত্তাপ দ্বারা উড়িয়া যায়। ক্লোরোফরম এবং লাইকর সোডি এথিলেটিস্ প্রস্তুত করিতে ব্যবহৃত হয়।

এল্‌কোহল্ এমাইলিকম (Alcohol Amylicum)। নামান্তর,—Fousel oil, Hydrate of Amyl। (চিনি, গুড় প্রভৃতি হইতে প্রাপ্ত স্পীরিট চোঁয়াইয়া পাওয়া যায়)। বর্ণহীন, দুর্গন্ধ, তৈলবৎ তরল দ্রব্য। এমিল নাইট্রিস্ এবং সোডিয়াই ভ্যালিরিয়ানাস প্রস্তুত করিতে ব্যবহার হয়।

ঈথর—সল্‌ফিউরিক ঈথর (Æther—Sulphuric Æther)। (এল্‌কোহলের উপর সল্‌ফিউরিক এছিডের রাসায়নিক কার্য্যের দ্বারা প্রস্তুত হয়। স্লেক্‌ড লাইম এবং ক্লোরাইড্ অব্ ক্যালসিয়ম দ্বারা পরিষ্কার করিয়া লইতে হয়)। বর্ণহীন, দাহ্য, উগ্র এবং মিষ্ট গন্ধযুক্ত, উদ্বায়ী তরল পদার্থ। আপেক্ষিক গুরুত্ব ০·৭৩৫।

ক্রিয়া—অতিশয় উত্তেজক, আক্ষেপনিবারক। হৃদয়ের ক্রিয়া দুর্ব্বল হইলে ইহাতে হৃদয়ের ক্রিয়া সবল করে। এমনিয়া এবং ব্রাণ্ডির সহিত মিশাইয়া দেওয়া যায়। শ্বাসরোগে উপকার করে। উদরাধ্মান রোগে উপকারক।

ক্লোরফরমের পরিবর্ত্তে সংজ্ঞাহারক (এনিস্থেটিক) রূপে ব্যবহৃত হইতে পারে। মাত্রা—২০—৬০ মিনিম্ (জল অথবা সিরপের সঙ্গে)।

(১) ঈথর পিউরস্—পিওর ঈথর (Æther Purus—Pure Æther)। নামান্তর,—Oxide of Ethyl। (সল্‌ফিউরিক ঈথর হইতে এল্‌কোহল এবং জলীয়ভাগ দূরীভূত করিলে পিওর ইথর হয়। ঈথরের সঙ্গে ক্লোরাইড্ অব্ ক্যাল্‌সিয়ম এবং লাইম মিশাইয়া পুনর্ব্বার চোঁয়াইয়া লইতে হয়)।

ব্যবহার ঃ—আভ্যন্তরিক প্রয়োগ নাই। বাহ্য প্রয়োগে স্থানীয় অসাড়তা উৎপন্ন করে। বাহ্য প্রয়োগে শীতলগুণবিশিষ্ট।

(৫) স্পীরিট্‌স্ ঈথরিস্—(Spiritus Ætheris)। (ঈথর ১০ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ২০ আং মিশ্রিত কর)।

ক্রিয়া—উত্তেজক, আক্ষেপনিবারক। মাত্রা—৩০—৯০ মিনিম্।

(৩) স্পীরিটস্ ঈথারিস্ কম্পোজিটস্ (Spiritus Ætheris Compositus)। নামান্তর,—Hoffman's Anodyne (হফ ম্যান্‌স্ এনডাইন)। (হেভি অইল অব্ ওয়াইন ৩ ড্রাম্, ঈথর ৮ আং, রেকটিফায়েড স্পীরিট ১৬ আং। রেকটিফায়েড্ স্পীরিট এবং সালফিউরিক্ এসিড যোগে হেভি অয়েল অব্ ওয়াইন প্রস্তত হয়)।

ক্রিয়া—উত্তেজক, যন্ত্রণানিবারক। মাত্রা—½—২ ড্রাম।

স্পীরিটস্ ঈথারিস্ নাইট্রোসি—স্পীরিট্ অব্ নাইট্রস ঈথার (Spiritus Ætheris Nitrosi—Spirit of Nitrous Æther)। নামান্তর,—Sweet spirit of nitre। (৩ আং নাইট্রিক এছিড, ২ আং কপার অয়ার (তাম্রতার) এবং ১ পাইণ্ট রেক্‌টিফায়েড স্পীরিট একত্রে লইয়া একটী পাত্রে উত্তপ্ত করিবে এবং ১৪ আং, চোঁয়াইয়া লইয়া তাহাতে ২ পাইণ্ট রেক্‌টিফায়েড স্পীরিট যোগ করিবে)। বর্ণহীন অথবা অল্প হরিদ্রাভ তরল পদার্থ। একরূপ মিষ্ট ঘ্রাণযুক্ত। অম্লাক্ত শীতল আস্বাদযুক্ত। উদ্বায়ী এবং দাহ্য। আপেক্ষিক গুরুত্ব ০.৮৪৫।

ক্রিয়া—ঘর্ম্মকারক, মূত্রকারক, উত্তেজক, আক্ষেপনিবারক। জ্বররোগে ঘর্ম্মকারক ও মূত্রকারকরূপে ব্যবহৃত হয়। শোথ রোগে মূত্রকারক হইয়া

উপকার করে। শিশুরা জ্বরোত্তাপে অস্থির হইলে ইহা প্রয়োগে শিশুর জ্বর বেগ কম পড়ে এবং অস্থিরতা নিবারণ হয়।

মাত্রা—½—২ ড্রাম। ১ বৎসরের শিশু ৫ মিনিম।

ঈথর এছেটিকস্—এছেটিক ঈথর Æther Aceticus—Acetic Æther)। নামান্তর,—Acetate of Ethyl। (এছিটেট্ অব্ সোডা, রেকটিফায়েড্ স্পীরিট এবং সল্‌ফিউরিক এছিড্ একত্র করিয়া চোঁয়াইবে এবং ঐ চোয়ান পদার্থে উহার অর্দ্ধভাগ ক্লোরাইড্ অব্ ক্যাল্‌ছিয়ম যোগ করিয়া ষ্টপার্ড বোতলে ২৪ ঘণ্টা রাখিয়া পরে ঈথর বাহির করিয়া লইবে)।

পরিষ্কার বর্ণহীন তরল পদার্থ, তীব্র আস্বাদ এবং সুগন্ধযুক্ত। রেকটিফায়েড্ স্পীরিট্ এবং ঈথরে দ্রবণীয়। ১১ বা ১২ গুণ জলে দ্রব হয়। আপেক্ষিক গুরুত্ব ০·৯১। তৈলময় দ্রব্য, রেজিন এবং পাইরক্‌সাইলিন এছেটিক ঈথরে দ্রব হয়।

ক্রিয়া—সল্‌ফিউরিক ঈথরের ন্যায় আক্ষেপনিবারক এবং উত্তেজক; তবে কিছু কম। সংজ্ঞাহারক (এনিস্‌থেটিক) রূপে ব্যবহৃত হয় না।

মাত্রা—২০—৬০ মিনিম।

এমিল নাইট্রাস্—নাইট্রাইট্ অব্ এমিল (Amyl Nitras)। (ফিউজেল অয়েলের উপর নাইট্রিক এছিডের ক্রিয়া দ্বারা উৎপন্ন হয়)।

ঈথরের ন্যায় তরল পদার্থ, অল্প হরিদ্রাভ, বিশেষ গন্ধযুক্ত। জলে দ্রবণীয় নয়। রেক্‌টিফায়েড স্পীরিটে দ্রব হয়। আপেক্ষিক গুরুত্ব ·৮৭৭।

ক্রিয়া—ধমনীর আক্ষেপনিবারক। এঞ্জাইনা পেক্টরিস এবং হাঁপ রোগে উপকার করে।

মাত্রা—½—১ মিনিম। শ্বাসপথেও লওয়া যায়। মাত্রা—২—৫ মিনিম।

ক্লোরাল হাইড্রাস্—হাইড্রেট্ অব্ ক্লোরাল (Chloral Hydras—Hydrate of Chloral)। (এলকোহল এথিলিকামের উপর ক্লোরাইন বাষ্পের কার্য্যের দ্বারা প্রস্তুত হয়)।

বর্ণহীন, উগ্রগন্ধ ও স্বাদযুক্ত দানার আকারে। রেকটিফায়েড্ স্পীরিট্, ঈথর এবং জলে দ্রবণীয়। উত্তাপে তরল হয়।

ক্রিয়া—উৎকৃষ্ট নিদ্রাকারক। অবসাদক। অধিক মাত্রায় অহিফেনের ন্যায় বিষক্রিয়া করে।

মাত্রা—৫—৩০ গ্রেণ। অসম্মিলন জলের সঙ্গে। সিরপের সঙ্গে দিবে।

ক্লোরোফর্মম্—ক্লোরোফরম (Chloroformum or Chloroform)। জল মিশ্রিত এলকোহল, লাইম এবং ক্লোরিনেটেড্ লাইম একত্রে চোয়াইয়া প্রস্তুত হয়)।

বর্ণহীন, ভারি তরল দ্রব্য। মিষ্ট ঘ্রাণযুক্ত এবং মিষ্ট আস্বাদযুক্ত। আপেক্ষিক গুরুত্ব ১·৪৮ হইতে ১·৪৯৬। জলে ফেলিলে তলায় পড়ে। এলকোহল এবং ঈথরে দ্রব হয়। চর্ম্মের উপর মালিস করিলে শীঘ্রই উড়িয়া যায়।

রেজিন, গাটাপার্চা, তৈলময় দ্রব্য, আইওডাইন এবং ব্রোমাইন ক্লোরফরমে দ্রব হয়।

ক্রিয়া—অবসাদক, এনিস্থেটিক (সংজ্ঞাহারক), যন্ত্রণানিবারক, আক্ষেপ নিবারক। ক্লোরফরম আঘ্রাণ করাইয়া সংজ্ঞাহীন করিয়া বড় বড় অস্ত্রকার্য্য সম্পন্ন করা হয়। তাহাতে রোগীর যন্ত্রণা বোধ থাকে না। অধিক মাত্রায় আঘ্রাণ করিলে শ্বাসরোধ হইয়া অথবা হৃদয়ের ক্রিয়া স্থগিত হইয়া মৃত্যু হয়। নানাবিধ আক্ষেপ রোগে অল্প মাত্রায় ক্লোরোফরম আঘ্রাণ করাইলে আক্ষেপ নিবারণ হয়। টেটেনস্, এপিলেপ্সি, হাইড্রোফোবিয়া, কলিক বেদনায় ক্লোরোফরম আঘ্রাণ দ্বারা উপকার হয়। অল্প মাত্রায় সেবনে গ্যাষ্ট্রডাইনিয়া, বমন ও কোন কোন শিরঃপীড়া নিবারণ হয়।

বাহ্যিক প্রয়োগে ক্লোরফরম চর্ম্মের উত্তেজক এবং চর্ম্মের প্রদাহ উৎপাদক। স্নায়ুশূল রোগে ক্লোরফরম লিনিমেণ্ট মালিসে উপকার হয়। যে সকল চর্ম্ম রোগে অত্যন্ত গা চুলকায় তাহাতে ক্লোরফরম মালিস করিলে চুলকানি নিবারণ হয়।

মাত্রা—আভ্যন্তরিক সেবন জন্য ১—১০ মিনিম (মিউসিলেজ, ডিম্বের যেলু অথবা সিরপের সঙ্গে মিশাইয়া দেওয়া যায়)। ক্লোরোফরম আঘ্রাণ দ্বারা অচৈতন্য করিতে হইলে ½—১ ড্রাম পর্য্যন্ত আঘ্রাণ করান যাইতে পারে। পরে অচৈতন্যাবস্থা রাখিতে হইলে কয়েক মিনিট বাদে পুনর্ব্বার অল্প করিয়া আঘ্রাণ করান কর্ত্তব্য। একবারে বেশী আঘ্রাণ না করাইয়া প্রথমে ১৫ কি ২০ মিনিম আঘ্রাণ করান কর্ত্তব্য। হৃদয়ের পীড়াগ্রস্ত ব্যক্তিকে ক্লোরোফরম আঘ্রাণ করান উচিত নহে।

প্রয়োগরূপ :—

(১) লিনিমেণ্টম ক্লোরফর্মাই—ক্লোরফরম লিনিমেণ্ট (Linimentum Chloroformi)। (ক্লোরফরম ২ আং, ক্যাম্ফর লিনিমেণ্ট ২ আং)।

(২) স্পীরিটস্ ক্লোরফরমাই—স্পীরিট অব্ ক্লোরফরম (Spiritus Chloroformi)। নামান্তর,—Chloric Æther (ক্লোরফরম ১ আং, রেকটিফায়েড্ স্পীরিট ১৯ আং)।

মাত্রা—২০—৬০ মিনিম।

(৩) টীংচুরা ক্লোরফরমাই কম্পোজিটা—কম্পাউণ্ড টীংচার অব্ ক্লোরফরম (Tinct Chloroform Composita)। (ক্লোরফরম ২ আং, রেকটিফায়েড স্পীরিট ৮ আং, কম্পাউণ্ড টীংচার অব্ কার্ডামম্ ১০ আং)। মাত্রা—২০—৬০ মিনিম।

(৪) টীংচুরা ক্লোরোফরমাই এট মর্ফাইনি (Tinctura Chloroformi Et Morphinæ)। (ক্লোরফরম ১ আং, ঈথর ২ ড্রাম, স্পীরিট ১ আং, হাইড্রোক্লোরেট্ অব্ মরফাইন ৮ গ্রেণ, ডাইলুটেড্ হাইড্রোসিয়ানিক এছিড্ ½ আং, অয়েল অব্ পিপারমেণ্ট ৪ মিনিম, লিকুইড্ একষ্ট্রাক্ট্ অব্ লিকরাইচ ১ আং, ট্রিয়াকেল (গুড়) ১ আং, সিরপ সমষ্টিতে ৮ আং। এই টীংচারের ১০ মিনিমে ১¼ মিনিম ক্লোরফরম এবং $\frac{1}{48}$ গ্রেণ মরফাইন আছে)।

ক্রিয়া—আক্ষেপনিবারক, নিদ্রাকারক। বমন ও হিক্কায় উপকারী। ক্লোরোডাইনের পরিবর্ত্তে ব্যবহৃত হয়। কলেরায় উপকারী।

মাত্রা—৫—১০ মিনিম।

ছেরিভাইসায়ি ফারমেণ্টম—বিয়ার ইয়েষ্ট (Cerevisiæ Fermentum, Beer Yeast)। (বিয়ার মদ্য প্রস্তুত করিবার সময় যে গাদ উঠে সেই গাদ)।

ক্রিয়া—বলকারক। মাত্রা—½—১ আং।

(১) ক্যাটাপ্লাস্মা ফারমেণ্টি—ইয়েষ্ট পুল্টিস্ (Cataplasma Fermenti—Yeast Poltice)। (বিয়ার ইয়েষ্ট ৬ আং, ১০০° উত্তপ্ত জল ৬ আং, গমের ময়দা ১৪ আং)।

ব্যবহার :—পচাক্ষতের উপর দিলে দুর্গন্ধ নাশ হয়।

বিউটিল ক্লোরাল হাইড্রাস্—হাইড্রেট অব্ বিউটিল ক্লোরাল (Butyl Chloral Hydras)। নামান্তর,—Croton Chloral Hydrate (ক্রোটন ক্লোরাল হাইড্রেট)। (এলডিহাইডের উপর ক্লোরাইনের ক্রিয়া দ্বারা উৎপন্ন হয়)। শ্বেতবর্ণ, চাকচিক্যশালী দানার আকারে। জলে অল্প দ্রবণীয়।

ক্রিয়া—নিদ্রাকারক। পঞ্চম স্নায়ুর শূলনিবারক।

মাত্রা—৫—১৫ গ্রেণ।

ঔদ্ভিজ্জ ঔষধ।

(বর্ণমালা ক্রমে।)

অরান্টিয়াই ফ্রুক্টস্ (Aurantii Fructus)। অরান্টিয়েসি জাতীয় তিক্ত কোমলা নেবুর পক্ক ফল। ইউরোপের দক্ষিণ খণ্ডে জন্মে। লাটিন নাম ছাইট্রস্ বিগারডিয়া। ইংরাজী Bitter orange।

অরান্টিয়াই কর্টেক্স্—বিটার অরেঞ্জ পীল (Aurantii Cortex Bitter orange Peel)। তিক্ত কোমলা নেবুর শুষ্ক ত্বক।

অরান্টিয়াই ফ্লোরেস্ একুয়া—অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার (Aurantii Flores Aqua—Orange Flower Water)। (তিক্ত কোমলা নেবু (Citras Bigardia) এবং মিষ্ট কোমলা নেবুর (Citras Aurantium) ফুল ও জল একত্র করিয়া চোঁয়াইয়া যে জল পাওয়া যায়। কোমলা নেবুর ত্বক সুগন্ধযুক্ত। ঝাল ঝাল তিক্ত আস্বাদ। ত্বকের ভিতরকার শ্বেতবর্ণ অংশ বাদ দিয়া ব্যবহার করিতে হয়। ত্বকে একরকম বায়ী তৈল পাওয়া যায়। অল্প গ্যালিক এছিড আছে।

ক্রিয়া—তিক্ত কমলানেবুর ত্বক ক্ষুধাবৃদ্ধিকারক। অজীর্ণ রোগে উপকারক। কুইনাইনের সহিত সেবনে কুইনাইনের তিক্ত আস্বাদ কম পড়ে। অন্যান্য তিক্ত বলকারক ঔষধের সঙ্গে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ ঃ—

(১) ইন্‌ফিউসম্ অরান্‌টিয়াই—ইন্‌ফিউশন অব্ বিটার অরেঞ্জ (Infusum Aurantii)। (বিটার অরেঞ্জ পিল (তিক্ত কমলা-লেবুর ত্বক) ½ আং, ½ পাইণ্ট ফুটন্ত জলে ভিজাইয়া)।

মাত্রা—১—২ আং।

(২) ইন্‌ফিউসম্ অরান্‌টিয়াই কম্পোজিটম্—কম্পাউণ্ড ইন্‌ফিউশন্ অব্ অরেঞ্জ্ (Infusum Aurantii Compositum)। (বিটার অরেঞ্জ্ পীল (তিক্ত কমলার ত্বক) ½ আং, লেমন পীল (নেবুর ত্বক) ৫৬ গ্রেণ, লবঙ্গ (ক্লোভ্‌স) ২৮ গ্রেণ, ফুটন্ত জল ১০ আং)। মাত্রা—১—২ আং।

(৩) সিরুপস্ অরান্‌টিয়াই—অরেঞ্জ সিরপ্ (Sirupus Aurantii)। (টিংচার অরান্‌টিয়াই ১ আং, সিম্পল সিরপ ৭ আং)।

মাত্রা—১ ড্রাম।

[কন্‌ফেক্‌শিও সল্‌ফিউরিসে অরেঞ্জ সিরপ আছে]।

(৪) টিংচ্যুরা অরান্‌টিয়াই—টিংচার অব্ অরেঞ্জ পীল (Tinctura Aurantii)। (বিটার অরেঞ্জ পীল ২ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। মেছিরেশন দ্বারা)।

মাত্রা—১—২ ড্রাম।

[মিশ্‌চ্যুরা ফেরি এরম্যাট, টীং কুইনাইনি, সিরপ অরান্‌টাই, ট্রসিছাই সল্‌ফারতে টিংচ্যুরা অরান্‌টিয়াই আছে]।

(৫) টিংচ্যুরা অরান্‌টিয়াই রিছেন্‌টিস্ (Tinctura Aurantii Recentis)। (তিক্ত কমলার টাটকা ত্বক্ ৬ আং, রেকটিফায়েড স্পীরিট ১ পাইণ্ট। ম্যাছিরেশন দ্বারা)।

মাত্রা—১—২ ড্রাম।

(৬) ভাইনম্ অরান্‌টিয়াই—অরেঞ্জ ওয়াইন (Vinum Aurantii)। (চিনি হইতে মদ প্রস্তুত করিয়া তাহাতে তিক্ত কমলা-নেবুর ত্বক যোগ করিয়া প্রস্তুত হয়)।

মাত্রা—½—১ আং।

[ভাইনম কুইনাইনি, ভাইনম ফেরি ছাইটেটিস্‌তে ভাইনম অরান্‌টিয়াই আছে]।

(৭) সিরূপস অরান্‌টিয়াই ফ্লোরিস্—সিরপ অব্ অরেঞ্জ ফ্লাউয়ার (Syrupus Aurantii Floris)। (সুগার (চিনি) ৩ পাউণ্ড, ডিষ্টিল্ড ওয়াটার ১৬ আং, অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার ৮ আং)।

ব্যবহার ঃ—সেবনীয় ঔষধ সুখসেব্য এবং সদ্গন্ধযুক্ত করিবার জন্য।

মাত্রা—১—২ ড্রাম।

ইন্‌ফিউশন্ জেনশেন্ কো, স্পীরিট আব্ মোরিসি কো, টীং সিংকোনি কো এবং টীং জেনশিয়ানি কোতে অরান্‌টিয়াই কর্টেক্স্ আছে।

আরনিসি রাইজোমা—আর্ণিকা রাইজোম (Arnicæ Rhizoma—Arnica Rhizome)। (কম্পোজিটি জাতীয় আর্ণিকা মন্‌টেনা নামক বৃক্ষের আন্তর্ভৌমিক কাণ্ড * এবং ক্ষুদ্র ক্ষুদ্র মূল। ইউরোপ, এসিয়া এবং আমেরিকায় পাওয়া যায়)।

১ হইতে ৩ ইঞ্চি লম্বা, ⅙ ইঞ্চ মোটা, গোলাকার, দোমড়ান। অনেক লম্বা লম্বা সরু সরু সূত্রবৎ মূলযুক্ত। ঝাল ঝাল আস্বাদ, সদ্গন্ধযুক্ত। ইহাতে বায়ি তৈল, এবং আর্ণিসিয়া নামে উপক্ষার (এল্‌কেলয়েড) আছে।

ক্রিয়া—পাকাশায়িক উত্তেজক, মাদক, ঘর্ম্মকারক, মূত্রকারক। অধিক মাত্রায় বমন এবং পাকাশয়ে বেদনা হয়। অজীর্ণ রোগে, পক্ষাঘাত রোগে উপকারক। কোন স্থান মোচড়াইয়া ভাঙ্গিয়া গেলে ইহার টীংচার জলে মিশাইয়া সেই স্থানে প্রয়োগ করিলে বেদনা নিবারণ হয়।

প্রয়োগরূপ ঃ—

(১) টীংচ্যুরা আর্‌নিসি—টীংচার অব্ আর্ণিকা (Tinctura Arnicæ)। (আর্ণিকা রাইজোম ১ আং চূর্ণ, রেকটীফায়েড্ স্পীরিট ১ পাইণ্ট। পার্কোলেশন দ্বারা)।

মাত্রা—১ ড্রাম। লোসন (টীংচার ১ আং, জল ৪০ আং)।

আরমোরেছাই রেডিক্স্—হর্সর‍্যাডিস্ রুট (Armoraciæ Radix, Horseradish Root)। (ক্রুছিফেরি জাতীয় কক্‌লিয়ারিয়া আর্‌মোরেসিয়া নামক বৃক্ষের মূল। ইংলণ্ডে এবং ইউরোপের সমস্ত স্থানে জন্মে)।

---

* বৃক্ষের কাণ্ড যাহা ভূমি নিম্নে মূলের ন্যায় হইয়া নামে। ইহা চলিত কথায় মূল বলিয়াই অভিহিত হয়।

লম্বা, গোলাকার, অর্দ্ধ বা এক ইঞ্চ স্থূল। মাথার দিকে ক্ষুদ্র ক্ষুদ্র মূল-যুক্ত। ভাঙ্গিলে ভিতরে শাদা। বিকট আস্বাদ, উগ্রগন্ধযুক্ত ইহাতে বায়ি তৈল আছে।

ক্রিয়া—ক্ষুধা বৃদ্ধিকর, মূত্রকারক। শোথে উপকার করে। গলার স্বর বন্ধ হইলে ইহার মূল চর্ব্বণ করিয়া ঢোক গিলিলে উপকার হয়।

প্রয়োগরূপ :—

(১) স্পীরিটস্ আর্ মোরেছাই কম্পোজিটস্—কম্পাউণ্ড স্পীরিট অব্ হর্চর‍্যাডিস্ (Spiritus Armoraciæ Compositus)। (হর্চর‍্যাডিস্ মূল ২০ আং, বিটার অরেঞ্জ পিল ২০ আং, নটমেগ (জায়ফল) ½ আং, প্রুফ স্পীরিট ১ গ্যালন, জল ৩ পাইণ্ট। ১ গ্যালন চোয়াইয়া লও)।

মাত্রা—১—২ ড্রাম।

আরগটা—আরগট (Ergota—Ergot)। গ্র্যামিনেছি (ঘাস) জাতীয় সিকেলিছিরিএলি নামক ওষধির বিকৃত শস্য। ইহার ইংরেজী নাম আরগট অব্ রাই। অপর নাম, সিকেলি করন্নুটম্। শস্যে এক প্রকার ফঙ্গস উদ্ভিদ জন্মে, তদ্দ্বারা শস্য বিকৃত হয়।

বিকৃত শস্যগুলি যবাকার, একটু বাঁকা, লম্বা, অল্প বেগুনিয়া মিশ্রিত কৃষ্ণবর্ণ। ভাঙ্গিলে ভিতর অল্প শাদা বোধ হয়। ঈষৎ কটু এবং কদর্য্য আস্বাদ। ইহা হইতে আর্গটিন (Ergotin) নামক বীর্য্য পাওয়া যায়।

ক্রিয়া—জরায়ু-সঙ্কোচক এবং রক্তরোধক। জরায়ু হইতে রক্তস্রাব হইলে ইহা অমোঘ ঔষধ। প্রসবের পর রক্তস্রাবে বিশেষ উপকারক। গর্ভাবস্থায় অধিক মাত্রায় প্রয়োগে গর্ভস্রাব হইতে পারে। যদি প্রসবের কোন বাধা না থাকে, অথচ জরায়ুর সঙ্কোচন অভাবে প্রসবের বিলম্ব হয়, তবে আরগট দ্বারা উপকার হয়। কিন্তু প্রসবদ্বারে বাধা বর্ত্তমান থাকিলে আর্গট প্রয়োগ নিষিদ্ধ। মাইলাইটীস্ রোগে এবং মেরুদণ্ডের পীড়া বশতঃ পক্ষাঘাত রোগে উপকারক। মাত্রা—গুঁড়ার আকারে ২০—৩০ গ্রেণ।

প্রয়োগরূপ :—

(১) এক্ষ্ট্রাক্টম্ আর্গটি লিকুইড্—লিকুইড্ এক্ষ্ট্রাক্ট অব্ আরগট (Extractum Ergotæ Liquidum)। মাত্রা—১০—৩০ মিনিম।

(২) টীংচ্যুরা আর্গটি—টীংচার অব্ আর্গট (Tinctura Ergotæ)।

(আরগট গুঁড়া ৫ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ম্যাছিরেশন এবং পার্কোলেশন)। মাত্রা—৫—৩০ মিনিম।

(৩) ইন্‌ফিউশম্ আর্গটি (Infusum Ergotæ)। (আরগট ½ আং, ফুটন্ত পরিস্রুত জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)।

(৪) আর্গটিনম্—আর্গোটিন্—আরগোটাইন (Ergotinum, Ergotin)। (আর্গটের বীর্য্য। পরিস্কৃত আর্গটের সার। লিকুইড্ একৃষ্ট্রাক্ট্ অব্ আরগট জলের ভাপে তাতাইয়া ক্রমে ঘন করিবে। তাহাতে স্পীরিট যোগ করিবে, ছাঁকিবে এবং পুনর্ব্বার গরম করিয়া গাঢ় করিবে। একৃষ্ট্রাক্টের ন্যায় ঘন হইলে নামাইবে)।

মাত্রা—২—৫ গ্রেণ (পিল)।

(ক) ইন্‌জেক্‌শিও আরগটিনি হাইপোডার্ম্মিকা—হাইপোডার্ম্মিক ইন্‌জেক-শন অব্ আর্গটিন (Injectio Ergotini Hypodermica)। (১০০ গ্রেণ আর্গটিন ২০০ গ্রেণ কর্পূরের জলে গলাও)।

মাত্রা—৩—১০ মিনিম (অধঃত্বাচ প্রয়োগ)।

ইলেটিরিয়ম্ }
ইলেটেরিনম } একবেলাই ক্রক্টস্ দেখ।

ইউক্যালিপ্‌টাই গমি—ইউক্যালিপ্‌টস্ গম্ (Eucalypti Gummi)। (মিরটেছি জাতীয় ইউক্যালিপ্‌টস্ রস্‌ট্রেটা নামক বৃক্ষের আঠা। অষ্ট্রেলিয়া দেশে জন্মে)।

ক্রিয়া—খদিরের ন্যায়। সঙ্কোচক। মাত্রা—২—১০ গ্রেণ।

ইউক্যালিপ্‌টাই ওলিয়ম—অইল অব্ ইউক্যালিপ্‌টস্ (Eucalypti Oleum)। (ইউক্যালিপ্‌টস্ গ্লোবিউলস্ নামক বৃক্ষের পত্র হইতে যে তৈল পাওয়া যায়)।

ক্রিয়া—পচননিবারক। মাত্রা—১—৪ মিনিম।

(১) অঙ্গুয়েণ্টম্ ইউক্যালিপ্‌টাই—ইউক্যালিপ্‌টস্ অয়েণ্টমেণ্ট (Unguentum Eucalypti)। (সফ্‌ট প্যারাফিন ২ আং, হার্ড প্যারাফিন ২ আং, ইউক্যালিপ্‌টস্ অয়েল ওজনে ১ আং। একত্রে উত্তাপে গলাও)।

ক্রিয়া—পচননিবারক মলম। পচাক্ষতে প্রয়োগ।

ইওনাইমিকর্টেক্স্—ইওনিমস্ বার্ক (Euonymi Cortex)। (ছিলস্ট্রেসি জাতীয় ইওনাইমস্ অট্রোপর্পিউরিয়স বা উয়াহু নামক বৃক্ষের মূলের ছাল)।

(১) এক্‌ষ্ট্রাক্টম্ ইওনিমাই সিকম্—ড্রাই এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ইওনাই-মস্ (Extractum Euonymi Siccum)। নামান্তর,—Euonymin (ইওনিমিন)। (উক্ত বৃক্ষের শুষ্ক ছাল হইতে টীংচার তৈয়ার করিয়া ঐ টীংচার উত্তাপে গাঢ় করিয়া তাহাতে শতকরা ২ অংশ দুগ্ধ শর্করা (সুগার অব্ মিল্ক) যোগ করিবে)। শ্বেতবর্ণ গুঁড়ার আকারে।

ক্রিয়া—বিরেচক এবং পিত্তনিঃসারক। মাত্রা—১—৪ গ্রেণ।

ইউভি উর্সাই ফোলিয়া—বিয়ারবেরি লিফ (Uvæ Ursi Folia—Bearberry Leaves)।(এরিকেছি জাতীয় আর্ক-টস্টা ফাইলস ইউভা উর্সাই নামক বৃক্ষের শুষ্ক পত্র। ইংলণ্ডে জন্মে)।

গুণ—সঙ্কোচক, মূত্রকারক। সিষ্টাইটিস রোগে উপকারক। পত্র চূর্ণের মাত্রা ১০—৩০ গ্রেণ।

(১) ইন্‌ফিউশম্ ইউভি উর্সাই (Infusum Uvæ Ursi)। (ইউভি উরসাই পত্রচূর্ণ ½ আং, ফুটন্ত জল ১০ আং)।

মাত্রা ১—২ আং।

ইউভি—রেইজিন (Uvæ—Raisins)।(ভাইটেছি জাতীয় ভাই-টিস্ ভিনিফেরা নামক বৃক্ষের সুপক্ক ফল)।

ক্রিয়া—মৃদু বিরেচক।

[টীং কার্ডাম কো এবং টীং সেনি প্রস্তুত করিতে লাগে।]

ইপিক্যাকুয়ান্‌হা (Ipecacuanha)। (ছিঙ্কোনেছি জাতীয় সিফি-লিস্ ইপিক্যাকুয়ানহা নামক বৃক্ষের শুষ্ক মূল। ব্রাজিল দেশে জন্মে)। ৪।৫ ইঞ্চ দীর্ঘ, বক্র, গাইটযুক্ত, ধূসর কালবর্ণ, তিক্ত এবং কটু আস্বাদ-যুক্ত। ইহাতে এমেটিন্ নামক বীর্য্য আছে। এই এমেটিন সাদা, গন্ধহীন এবং তিক্ত। বিষাক্ত দ্রব্য। সেবনে ভয়ানক বমন হয়।

ক্রিয়া—বেশী মাত্রায় বমনকারক এবং অবসাদক। অল্প মাত্রায় ঘর্ম্মকারক,

কফনিঃসারক, পিত্তনিঃসারক। রক্তামাশয় রোগে খুব উপকারক। ব্রঙ্কাইটিস্, নিউমোনিয়ায় কফনিঃসারক হইয়া উপকার করে। ইহা অবসাদক কফনিঃসারক। গুঁড়ার আকারে ব্যবহার হয়। মাত্রা—১৫—২০ গ্রেণ (বমনকারক)। ½—২ গ্রেণ (কফনিঃসারক)। ৩—৪ গ্রেণ (পিত্তনিঃসারক)। ১ বৎসরের বালক ৪—৫ গ্রেণ (বমনকারক)। ⅛—¼ গ্রেণ (কফনিঃসারক)।

প্রয়োগরূপ ঃ—

(১) এছিটম্ ইপিকাাকুয়ানহি (Acetum Ipecacuanhæ)। (ইপিকাাকুয়ান্হা ১ আং, ডাইলুটেড্ এছেটিক্ এছিড্ ২০ আং, ম্যাচিরেশন এবং পাব্কোলেশন)। মাত্রা—৫—৪০ মিনিম।

(২) পাইলিউলা ইপিক্যাকুয়ানহি কম্ ছিলা—পিল্ অব্ ইপিকাক্ এবং স্কুইল (Pilula Ipecacuanhæ cum Scilla)। (পল্ভিস্ ইপিকাকুয়ানহা কম্পোজিটস্ ৩ আং, স্কুইল ১ আং, এমনায়েকম্ ১ আং, গুড় (ট্রিয়াকেল) যথাপ্রয়োজন)।

ক্রিয়া—কফনিঃসারক, মূত্রকারক। মাত্রা ৫—১০ গ্রেণ।

(৩) পল্ভিস্ ইপিকাকুয়ান্হি কম্পোজিটস্—কম্পাউণ্ড পাউডার অব্ ইপিকাকুয়ানহা (Pulvis Ipecacuanhæ Compositus)। নামান্তর,—Dover's Powder (ডোভার্স পাউডার)। (অহিফেন ½ আং, ইপিকাকুয়ানহা ½ আং, সল্ফেট্ অব্ পটাসিয়ম্ ৪ আং। ১০ গ্রেণে ১ গ্রেণ ওপিয়ম এবং ১ গ্রেণ ইপিকাক)।

ক্রিয়া—ঘর্ম্মকারক, নিদ্রাকারক, যন্ত্রণানিবারক, তরুণ সর্দ্দি নিবারক। মাত্রা—৫—১৫ গ্রেণ।

(৪) ট্রচিছাই ইপিকাকুয়ানহি—ইপিকাকুয়ানহা লোজেঞ্জ (Trochisi Ipecacuanhæ)। (ইপিকাক ১৮০ গ্রেণ, সুগার (চিনি) ২৫ আং, গম একেশিয়া ১ আং, মিউসিলেজগম একেশিয়া ২ আং, জল যথাপ্রয়োজন। ৭২০ লোজেঞ্জ বিভক্ত কর)। মাত্রা ১—৩ টা।

(৫) ট্রচিছাই মর্ফাইনি এট্ ইপিকাকুয়ানহি—ইপিকাক এবং মর্ফাইন লোজেঞ্জ (Trochisci Morphinæ et Ipecacuanhæ)। (হাইড্রোক্লোরেট্ অব্ মর্ফাইন্ ২০ গ্রেণ, ইপিকাকুয়ানহা ৬০ গ্রেণ, টীংচার অব্ টলু ½ আং, সুগার (চিনি) ২৪ আং, জল ½ আং,

গম একেশিয়া ১ আং, মিউসিলেজগম একেশিয়া যথাপ্রয়োজন। ৭২০ লোজেঞ্জ প্রস্তুত কর)।

ক্রিয়া—ঘর্ম্মকারক, নিদ্রাকারক, বেদনানিবারক। মাত্রা—১—৬ টা।

(৮) ভাইনম্ ইপিকাকুয়ানহি—ওয়াইন অব্ ইপিকাকুয়ানহা (Vinum Ipecacuanhæ)। (১ আং এছেটিক্ এছিডে ১ আং ইপিকাক ভিজাও এবং ১ পাইণ্ট ডিষ্টিল্ড ওয়াটার দিয়া পারকোলেট্ কর। পরে ঐ তরল দ্রব্য অগ্নি উত্তাপে গাঢ় করিয়া উহা ১ পাইণ্ট সেরি ওয়াইনে ভিজাও)। মাত্রা—৫—৪০ মিনিম। বমনকারক ২—৪ ড্রাম। শিশুর পক্ষে বমনকারক ১ ড্রাম।

একনিটি ফোলিয়া—একনাইট্ লিভ (Aconitii Folia)। (র্যানন্কিউলেছি জাতীয় একনিটম্ নেপিলস্ নামক বৃক্ষের পত্র এবং পুষ্প। ব্রিটেন্ দ্বীপে জন্মে)।

একনিটি র্যাডিক্স—একনাইট্ রুট (Acoinit Radix)। (উক্ত একনিটম্ নেপিলসের শুষ্ক মূল।

একনিটিয়া—একনিটিনা (Aconitia) একনাইট হইতে প্রাপ্ত উপক্ষার বা বীর্য্য) একনাইট পত্র সকল সবুজবর্ণ, মসৃণ, তালপত্রের ন্যায় বিভক্ত। পঞ্চভাগে বিভক্ত। মূল ১—৩ ইঞ্চি লম্বা, মূলাকৃতি, অঙ্গুলির ন্যায় স্থূল, ধূসরবর্ণ। ভাঙ্গিলে ভিতরে শাদা। পুষ্পগুলি বেগুনিয়া বর্ণের। বৃক্ষের সমস্ত অংশ তিক্ত এবং কটু। আস্বাদনে জিহ্বা ও মুখ কুট কুট করে এবং অসাড় বোধ হয়। বৃক্ষের সমস্ত অংশে একনিটিয়া নামক বীর্য্য আছে। একনাইট আমাদিগের দেশের কাঠবিষের ন্যায়।

একনিটিয়া বীর্য্য বৃক্ষের মূল হইতে প্রস্তুত হয়। ইহা শ্বেতবর্ণ ঘন পদার্থ। ১৫০ অংশ শীতল জলে এবং ৫০ অংশ গরম জলে দ্রব হয়। ঈথর এবং এল্কোহলে গলে। ক্ষারগুণবিশিষ্ট। ইহা উত্তাপে দ্রব হয়। চর্ম্মে ঘর্ষণ করিলে সে স্থান ঝিন ঝিন করে এবং অসাড় হয়। ইহা খুব উগ্র বিষাক্ত পদার্থ।

ক্রিয়া—একনাইট ধামনিক অবসাদক, ঘর্ম্মকারক, প্রদাহ দমনকারক, বেদনা-নিবারক। স্থানীয় প্রয়োগে স্পর্শহারক, বেদনা-নিবারক। চর্ব্বন করিলে লালনিঃসরণ হয় এবং ঠোঁট, মুখ ঝিন ঝিন করে এবং অসাড় হয়। বেশী মাত্রায় বিষক্রিয়া করে। হৃদয়ের অবসাদ হয়।

জ্বরে জ্বরের বেগ দমন করে এবং উত্তাপ হ্রাস করে। ব্রঙ্কাইটিস্ এবং নিউমোনিয়ার তরুণ অবস্থায়, সর্ব্বপ্রকার প্রদাহযুক্ত জ্বরের তরুণ অবস্থায় প্রদাহের দমন করিয়া উপকার করে।

প্রয়োগরূপ :—

(১) এক্‌ষ্ট্রাক্টম্ একনিটি—(Extractum Aconiti)। (পত্র হইতে রস লইয়া ১৩০° পর্য্যন্ত উত্তপ্ত কর এবং ফিল্‌টার দ্বারা সবুজ বর্ণক পদার্থ পৃথক্ কর। বক্রী তরল পদার্থ ২০০° পর্য্যন্ত উত্তপ্ত করিয়া উহার আণ্ডলালিক পদার্থ ঘন হইলে পুনর্ব্বার ছাক। আণ্ডলালিক পদার্থ পৃথক করিয়া তরল দ্রব্য জলের ভাপে উত্তপ্ত করিয়া ঘন কর এবং পূর্ব্বোক্ত সবুজ বর্ণক পদার্থও যোগ করিয়া ঘন করিয়া লও)।

মাত্রা—½—১ গ্রেণ।

মূল হইতে :—

(২) টিংচ্যুরা একনিটি—টীংচার একনাইট্ (Tinctura Aconiti)। (শুষ্ক একোনাইট মূল চূর্ণ ২½ আং, রেক্‌টীফায়েড্ স্পীরিট ১ পাইণ্ট, ম্যাছিরেশন এবং পারকোলেশন)।

মাত্রা—৫—১৫ মিনিম। সচরাচর ১।২ মিনিম মাত্রায় ১।২ ঘণ্টান্তর (জ্বরে)। শিশুর পক্ষে ⅙—¼ মিনিম।

(৩) লিনিমেণ্টম্ একনিটি—একনাইট্ লিনিমেণ্ট (Linimentum Aconiti)। (একনাইট মূল ২৯ আং, রেক্‌টিফায়েড স্পীরিট্ ৩০ আং,

ব্যবহার :—নিউর্যাল্‌জিয়া এবং বেদনা স্থানে মালিসে উপকারক হয়।

একনিটিয়া হইতে—

(৪) অঙ্গুয়েণ্টম্ একনাইটাইনি—অয়েণ্টমেণ্ট অব্ একনিটিয়া (Unguentum Aconitinæ)। একোনিটিয়া ৮ গ্রেণ, রেক্‌টিফায়েড স্পীরিট ½ ড্রাম, বেন্‌জোয়েটেড্ লার্ড ১ আং)। লিনিমেণ্টের ন্যায় মালিষরূপে ব্যবহার হয়।

এলু বার্‌বাডেন্‌সিস্—বার্‌বেডোজ এলোজ (Aloe Barbadensis)। (লিলিএছি জাতীয় এলুভলগেরিস্ নামক গাছের পত্র হইতে রস। বার্‌বেডোজ দ্বীপে জন্মে। ভারতবর্ষেও পাওয়া যায়)। বাঙ্গালা মুসব্বর।

এলু সকোট্রিনা—সকোট্রিন এলোজ (Aloe Socotrina)।
(সকোট্রা দ্বীপ এবং জান্‌জিবার হইতে উৎপন্ন এলোজ)। বাঙ্গালা মুসব্বর।

বার্‌বেডোজ এলোজ অল্প হরিদ্রাভ কটাবর্ণের চাপ আকারে পাওয়া যায়। ইহা দুর্গন্ধ; ঘ্রাণ লইলে বমোনোদ্বেগ হয়। স্বাদ তিক্ত, প্রুফ স্পীরিটে দ্রব হয়। গুঁড়া করিলে সবুজবর্ণের গুঁড়া হয়।

সকোট্রিন এলোজ অল্প লালাভ কটাবর্ণের। সদ্গন্ধযুক্ত। আস্বাদ তিক্ত। গুঁড়া করিলে হরিদ্রা বর্ণ হয়। প্রুফ স্পীরিটে দ্রব হয়।

এলইন (Aloin)—এলোজ হইতে প্রাপ্ত বীর্য্য। সূচ্যাকার দানাময় হরিদ্রাবর্ণ।

ক্রিয়া—উভয় প্রকার এলোজ এবং এলইন বিরেচক। কোষ্ঠবদ্ধতায় উপকারী। ফেরি সল্‌ফেটের সঙ্গে বটিকাকারে বেড্‌পিল রূপে দেওয়া যায়। মাত্রা—এলোজ ২—৬ গ্রেণ বটিকাকারে; এলইন ½—২ গ্রেণ বটিকাকারে।

প্রয়োগরূপ :—

(১) ডিকক্টম্ এলোজ কম্পোজিটম—কম্পাউণ্ড ডিককশন্ অব্ এলোজ (Decoctum Aloes compositum)। (এক্‌ষ্ট্রাক্ট এলোজ ½ আং, মার, স্যাফ্রন (জাফ্রান) এবং কার্ব্বনেট্ অব্ পোটাসিয়ম প্রত্যেক ¼ আং, এক্‌ষ্ট্রাক্ট্ অব্ লিকরাইচ ২ আং, কম্পাউণ্ড টীংচার অব্ কাডামম্‌স্ ১৫ আং, পরিস্রুত জল (ডিষ্টিল্ড ওয়াটার) সমষ্টিতে ৫০ আং। টিংচার কার্ডামম ব্যতীত সমস্ত দ্রব্য ৫ মিনিট সিদ্ধ করিয়া শীতল হইলে টীংচার যোগ করিবে)। মাত্রা—½—২ আং।

(২) এনিমা এলোজ (Enema Aloes) (এলোজ ৪০ গ্রেণ, কার্ব্বনেট্ অব্ পটাসিয়ম ১৫ গ্রেণ, মিউসিলেজ্ অব্ ষ্টার্চ ১০ আং, মিশ্রিত কর এবং এনিমা দেও)।

(৩) এক্‌ষ্ট্রাক্টম্ এলোজ বারবাডেন্‌সিস্—এক্‌ষ্ট্রাক্ট অব্ বারবেডোজ এলোজ (Extractum Aloes Barbadensis)। (বারবেডোজ এলোজ ফুটন্ত জলে গুলিয়া উত্তাপ দ্বারা ঘন করিয়া)।

মাত্রা—২—৬ গ্রেণ (পিল)।

(৪) এক্‌ষ্ট্রাক্টম্ এলোজ সকোট্রিনি—এক্‌ষ্ট্রাক্ট্ অব্ সকোট্রিন এলোজ (Extractum Aloes Socotrinæ)। (প্রস্তুত প্রণালী পূর্ব্ববৎ)।

মাত্রা—২—৬ গ্রেণ পিল।

[এক্‌ষ্ট্রাক্ট্‌ কলোসিন্থ কো এবং ডিকক্টম এলোজ কোতে আছে।]

(৫) পাইলিউলা এলোজ বার্‌বাডেন্‌সিস্‌—পিল অব্‌ বার্বেডোজ এলোজ (Pilula Alœs Barbadensis)। (বারবেডোজ এলোজ ২ আং, হার্ড সোপ ১ আং, অইল্‌ অব্‌ ক্যারাওয়ে ১ ড্রাম, কন্‌ফেক্‌শন অব্‌ রোজ ১ আং)। মাত্রা—৫—১০ গ্রেণ।

(৬) পাইলিউলা এলোজ সকোট্রিনি—পিল অব্‌ সকোট্রিন এলোজ (Pilula Alœs Socotrinæ)। (সকোট্রিন এলোজ ২ আং, হার্ড সোপ ১ আং, অইল অব্‌ নটমেগ ১ ড্রাম, কন্‌ফেকশন রোজ ১ আং)। মাত্রা—৫—১০ গ্রেণ।

(৭) পাইলিউলা এলোজ এট এসাফিটিডি—পিল অব্‌ এলোজ এণ্ড এসাফিটিডা (Pilula Alœs et Asafœtidæ)। (সকোট্রিন এলোজ, এসাফিটিডা (হিঙ্গ), হার্ড সোপ, কন্‌ফেকশন অব্‌ রোজ প্রত্যেকে ১ আং)।

ক্রিয়া—আক্ষেপনিবারক। হিষ্টিরিয়াগ্রস্ত রোগীর কোষ্ঠবদ্ধতায় উপকারী। মাত্রা—৫—১০ গ্রেণ।

(৮) পাইলিউলা এলোজ এট্‌ ফেরি—পিল অব্‌ এলোজ এণ্ড আয়রন্‌ (Pilula Alœs et Ferri)। (সল্‌ফেট্‌ অব্‌ আয়রন্‌ ১½ আং, বার্‌বেডোজ এলোজ ২ আং, কম্পাউণ্ড পাউডার অব্‌ ছিনামন ৩ আং, কন্‌ফেক্‌শন্‌ অব্‌ রোজ ৪ আং)।

ক্রিয়া—নিরক্তাবস্থায় কোষ্ঠবদ্ধতায় উপকারী। মাত্রা—৫—১০ গ্রেণ।

(৯) পাইলিউলা এলোজ এট্‌ মার্‌ (Pilula Alœs et Myrrhæ)। নামান্তর,—Rufus' Pill (সকোট্রিন এলোজ ২ আং, মার্‌ ১ আং, স্যাফ্রন ½ আং, ট্রিয়াকেল ১ আং, গ্লাইছেরিন যথাপ্রয়োজন)।

ক্রিয়া—রজোহীনতা রোগে উপকারক। মাত্রা—৫—১০ গ্রেণ।

(১০) টীংচুরা এলোজ (Tinctura Alœs)। (সকোট্রিন এলোজ ½ আং, এক্‌ষ্ট্রাক্ট্‌ লিকরাইচ ১½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ম্যাছিরেশন)। মাত্রা—১—২ ড্রাম।

(১১) ভাইনম্‌ এলোজ—ওয়াইন অব্‌ এলোজ (Vinum Alœs)।

(সকোট্রিন এলোজ ১½ আং, কার্ডামম ৮০ গ্রেণ, জিঞ্জার (শুঁট) ৮০ গ্রেণ, সেরি ওয়াইন ২ পাইণ্ট। ভিজাইয়া রাখ।

মাত্রা ১—২ ড্রাম।

এমনায়েকম্ (Ammoniacum)। (অম্বেলিফেরি জাতীয় ডোরিমা এমনায়েকম নামক বৃক্ষের কাণ্ড হইতে নির্গত আঠা (গম রেজিন))। কটাবর্ণ চাপাকারে। ভাঙ্গিলে ভিতরে সাদা।

ক্রিয়া—উত্তেজক, কফনিঃসারক। মাত্রা—১০—২০ গ্রেণ।

(১) এম্প্ল্যাষ্ট্রম্ এমনিয়েছ্যাই কম্ হাইড্রার্‌জিরো—মার্কুরি এবং এমনায়েকম্ প্ল্যাষ্টার (Emplastrum Amoniaci cum Hydrargyro)। (এমনায়েকম ১২ আং, মার্কুরি ৩ আং, অলিভ অয়েল ৫৬ গ্রেণ, সাল্‌ফার ৮ গ্রেণ ; উত্তপ্ত কর এবং মিশাও)।

ব্যবহার ঃ—বাগির উপর দিলে বাগি বসিয়া যায়। লিম্ফেটিক গ্লাণ্ড বড় হইলে তাহার উপর পটী দেওয়ায় বসিয়া যায়।

(২) মিশ্চ্যুরা এমনিয়েছাই—এমনায়েকম মিক্শ্চার (Mistura Ammoniaci)। (এমনায়েকম ¼ আং, পরিস্রুত জলে ঘর্ষণ করিয়া মিশাও। পরে ছাঁকিয়া লও)। মাত্র—½—১ আং।

[এম্প্ল্যাষ্ট্রম্ গ্যাল্‌বেনি, পিল সিনি কো, পিল ইপিকাক কমসিলিতে এমনায়েকম আছে।]

এমিগ্‌ডেলা এমারা—বিটার আমণ্ড (Amygdala Amara—Bitter Almond)। বাঙ্গলা তিক্ত বাদাম। (রোজেসি জাতীয় প্রুণস্ আমিগ্‌ডেলস্ আমারা নামক বৃক্ষের সুপক ফল)। তিক্ত আস্বাদযুক্ত ফল। মিষ্ট বাদাম অপেক্ষা চওড়া এবং খাট।

এমিগ্‌ডেলা ডল্‌ছিস্—সুইট আমণ্ড (Amygdala Dulcis)। বাঙ্গলা মিষ্ট বাদাম। প্রায় ১ ইঞ্চি লম্বা, মিষ্ট আস্বাদ। পোষক এবং স্নিগ্ধকারক।

(১) পল্‌ভিস্ এমিগ্‌ডেলি কম্পোজিটস্—কম্পাউণ্ড পাউডার অব্ আমন্ড (Pulvis Amygdalæ Compositus)। (খোসা ছাড়ান সুইট আমণ্ড ৮ আং, সুগার ৪ আং, গম একেশিয়া ১ আং ; একত্রে গুঁড়া কর। বাদাম গরম জলে ফেলিলে খোসা ছাড়ান হয়)। মিশ্চ্যুরা এমিগ্‌ডেলি প্রস্তুত করিতে লাগে।

(ক) মিশ্চুরা এমিগ্‌ডেলি—মিক্শ্চার অব্ আমণ্ড (Mistura Amygdalæ)। কম্পাউণ্ড পাউডার অব্ আমণ্ড ২ আং, পরিস্রুত জল ১৬ আং। একত্রে মর্দ্দন কর এবং ছাঁকিয়া লও)।

ব্যবহার ঃ—অন্যান্য ঔষধ মিশ্রিত করিবার জন্য। মাত্রা—১—২ আং।

(২) ওলিয়ম্ এমিগ্‌ডেলি—আমণ্ড অয়েল (Oleum Amygdalæ—Almond Oil)। বাঙ্গলা বাদাম তৈল। (উভয় প্রকার বাদামেই তৈল আছে)। বাদাম তৈল স্নিগ্ধকারক। মাত্রা—১—৪ ড্রাম।

[ওলিয়ম ফস্ফরেটম্, রেজিন অয়েণ্টমেণ্ট, সিম্পেল্ অয়েণ্টমেণ্ট এবং স্পার্মেছেটি অয়েণ্টমেণ্ট প্রস্তুত করিতে আমণ্ড অয়েল লাগে।

এমাইলম্—ষ্টার্চ (Amylum—Starch) বাঙ্গালা শ্বেতসার। (গ্রামিনেছি জাতীয় ট্রিটিকম ভল্‌গেয়ার (গম), ও রাইজা সেটাইভা (চাউল), জিমেইস্ (ভুট্টা) হইতে প্রাপ্ত শ্বেতসার)।

গুণ ঃ—স্নিগ্ধকারক। পরিপোষক। উত্তাপ সংরক্ষক। আইওডাইন দ্বারা বিষাক্ত হইলে সেবনে উপকারক।

(১) গ্লাইছেরিনম এমাইলি—গ্লাইছেরিন অব্ ষ্টার্চ (Glycerinum Amyli)। ষ্টার্চ ১ আং, গ্লাইছেরিন ৫ আং, পরিস্রুত জল ৩ আং; একত্রে উত্তপ্ত কর)। বাহ্যিক প্রয়োগ স্নিগ্ধকারক।

(২) মিউছিলেগো এমাইলি—মিউছিলেজ অব্ ষ্টার্চ (Mucilago Amyli)। (ষ্টার্চ ১২০ গ্রেণ, পরিস্রুত জল ১০ আং; একত্র করিয়া কয়েক মিনিট সিদ্ধ কর)।

[এনিমা এলোজ, এনিমা ম্যাগ্‌নেসি সল্‌ফেটিস, এনিমা ওপিয়াই এবং এনিমা টেরিবিন্থিনি প্রস্তুতে ব্যবহার হয়।]

এতদ্ব্যতীত কম্পাউণ্ড ট্রাগাকান্থা পাউডার, সাপোজিটোরিয়া মর্ফাইনি কম্ সেপোন, সপোজিটোরিয়া এছিডাই ট্যানিছাই কম্ সেপোন্ এ ষ্টার্চ আছে।

অসম্মিলন ঃ—ষ্টার্চ সঙ্গে আইওডাইন মিশাইবে না।

এনিথাই ফ্রুক্টস্—ডিল ফ্রুট (Anethi Fructus—Dill Fruit)। (অম্বেলি ফেরি জাতীয় এনিথম্ গ্রেভিওলেন্স্ বা পিউছিডেনম্ গ্রেভিওলেন্স্ নামক বৃক্ষের ফল)। ডিম্বাকার, চওড়া, কটাবর্ণ, ⅙ ইঞ্চ লম্বা, সুগন্ধযুক্ত।

ক্রিয়া—পেট কামড়ানি ও উদরাধ্মাননিবারক (কার্মিনেটিভ)।

মাত্রা ১০—৬০ গ্রেণ (গুঁড়া)।

(১) একুয়া এনিথাই—ডিল ওয়াটার (Aqua Anethi—Dill Water)। (এনিথাই ফ্রক্টস্ ১ পাউণ্ড, জল ২ গ্যালন। ১ গ্যালন চোঁয়াইয়া লও)। মাত্রা—½—২ আং।

(২) ওলিয়ম্ এনিথাই—অয়েল অব্ এনিথাই (Oleum Anethi)।

ক্রিয়া—আক্ষেপনিবারক, উদরাধ্মান, অন্ত্রশূল-নিবারক।

মাত্রা—১—৪ মিনিম।

এনিছাই ফ্রুক্টস্—এনাইচ্ ফ্রুট্ (Anisi Fructus, Anise)। বাঙ্গলা—মৌরি। (অর্‌বেলিফেরি জাতীয় পিম্ পিনেলা এনাইছম্ নামক বৃক্ষের ফল। ⅕ ইঞ্চ লম্বা, ধূসর কটাবর্ণ।

ক্রিয়া—উদরাধ্মান-নাশক, আক্ষেপনিবারক।

(১) একুয়া এনিছাই—এনাইস্ ওয়াটার (Aqua Anisi)। (এনাইস্ ১ পাউণ্ড, জল ২ গ্যালন; ১ গ্যালন চোয়াইয়া লও)।

মাত্রা—½—১ আং।

(২) ওলিয়ম্ এনিছাই—অয়েল অব্ এনাইস্ (Oleum Anisi)।

মাত্রা—১—৪ মিনিম।

(৩) এছেন্সিয়া এনিছাই এছেন্স্ অব্ এনাইস্ (Essentia Anisi)। (অয়েল অব এনাইস্ ১ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৪ আং)।

এস্থেমিডিস্ ফ্লোরেস্—ক্যামমাইল ফ্লাউয়ার (Anthemedis Flores, chamomile Flower)। (কম্পোজিটি জাতীয় এন্থেমিস্ নোবিলিস্ পুষ্প)।

ক্রিয়া—সদ্গন্ধযুক্ত, উত্তেজক, ক্ষুধাবৃদ্ধিকারক। বেশী মাত্রায় বমনকারক।

(১) ইন্‌ফিউশম এন্থেমিডিস্ (Infusum Anthemedis)। (ক্যামমাইল পুষ্প ½ আং, ফুটন্ত জল ১০ আং)।

মাত্রা—১—৪ আং। পূর্ণ মাত্রায় বমনকারক।

(২) এক্‌ষ্ট্রাক্টম্ এন্থেমিডিস্ (Extractum Anthemedis)। (ক্যামমাইল পুষ্পের ডিককশন তৈয়ার করিয়া উত্তাপ দ্বারা ঐ ডিককশন গাঢ় করিয়া লইবে এবং প্রতি পাউণ্ড পুষ্পে ১৫ মিনিম অইল অব্ ক্যামমাইল যোগ করিবে)।

(৩) ওলিয়ম এন্থেমিডিস্—অয়েল অব্ ক্যামমাইল (Oleum Anthemidis, Oil of Chamomile)।

মাত্রা—১—৪ মিনিম (চিনির সঙ্গে)।

এপমরফাইনি হাইড্রোক্লোরাস্—হাইড্রোক্লোরেট্ অব্ এপমর্ফাইন্ (Apomorphinæ Hydrochloras)। (অহিফেন্-হইতে প্রাপ্ত এক রকম উপক্ষার। মর্ফাইন অথবা কোডিন হাইড্রোক্লোরিক এছিড দিয়া উত্তপ্ত করিয়া) শ্বেতবর্ণ ক্ষুদ্র দানার আকারে, ৫০ অংশ জলে দ্রবণীয়। স্পীরিটে দ্রব হয়। বাহিরে রাখিলে সবুজবর্ণ হয়। গন্ধ নাই।

ক্রিয়া—অত্যন্ত বমনকারক। মাত্রা—$\frac{১}{২}$—$\frac{১}{৬}$ গ্রেণ।

(১) ইন্জেক্শিও এপমর্ফাইনি হাইপোডার্ম্মিকা—হাইপডার্ম্মিক ইন্জেকশন অব্ এপমর্ফাইন (Injectio Apomorphinæ Hypodermica)। (হাইড্রোক্লোরেট অব্ এপমর্ফাইন ২ গ্রেণ, ক্যাম্ফর ওয়াটার ১০০ মিনিম)।

মাত্রা—২—৮ মিনিম (অধঃত্বাচ প্রয়োগ)।

এসাফিটিডা (Asafœtida)। বাঙ্গালা হিঙ্গু। (অম্বেলিফেরি জাতীয় নার্থেক্স্ এছাফিটিডা নামক বৃক্ষের মূল হইতে ঘনীভূত রস। পঞ্জাব, পারস্য এবং আফগানিস্তানে জন্মে)।

অল্প হরিদ্রাবর্ণ বা কটাবর্ণ, চট্চটে, স্বাদ তিক্ত, দুর্গন্ধ রেক্টীফায়েড স্পীরিটে দ্রব হয়। জলের সহিত ঘর্ষণে দুগ্ধের ন্যায় হয়।

ক্রিয়া—আক্ষেপনিবারক। হিষ্টিরিয়া রোগে বিশেষ উপকারক। উদরাধ্মান রোগে বিশেষ হিতকর। ব্রঙ্কাইটিস্ রোগে কফনিঃসারক ও আক্ষেপনিবারক হইয়া উপকার করে। মাত্রা—৫—২০ গ্রেণ।

(১) এনিমা এসাফিটিডি (Enema Asafœtidæ)। (এছাফিটিডা ৩০ গ্রেণ, ৪ আং পরিস্রুত জলে ঘর্ষণ করিয়া মিশাও এবং সমস্তটা গুহ্যদ্বারে পিচকারী দেও)।

ক্রিয়া—উদরাধ্মান রোগে বিশেষ উপকারী।

(২) পাইলিউলা এলোজ এট্ এসাফিটিডি (Pilula Aloes et Asafœtidæ)। (সকোট্রিন এলোজ, এছাফিটিডা, হার্ড্ সোপ, কন্ফেকশন রোজ প্রত্যেকে ১ আং; একত্রে মিশাও)।

ক্রিয়া—হিষ্টিরিয়া রোগীর উদরাধ্মান এবং কোষ্ঠবদ্ধতায় উপকারী। আক্ষেপ-নিবারক এবং বিরেচক। মাত্রা—৫—১০ গ্রেণ।

(৩) পাইলিউলা এসাফিটিডি কম্পোজিটা—কম্পাউণ্ড এসাফিটিডা পিল (Pilula Asafætidæ Composita)। নামান্তর,—Pilula Galbani Composita)। (এছাফিটিডা, গ্যাল্‌বেন্‌স্‌, মার্‌ প্রত্যেকে ২ আং, ট্রিয়াকেল ১ আং, জলের ভাপে গরম করিয়া মিশ্রিত কর)।

মাত্রা—৫—১০ গ্রেণ।

(৪) স্পীরিটস্ এমনাই ফিটিডস্—ফিটিড্ স্পীরিট্ অব্ এমনিয়া (Spiritus Ammoniæ Fœtidus)। (এছাফিটিডা ১$\frac{1}{2}$ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ১৫ আং, একত্র করিয়া চোয়াইয়া লও এবং তাহাতে ২ আং লাইকর এমনিয়া ফর্‌টিয়র যোগ কর, পরে আরও স্পীরিট দিয়া ২০ আং পূর্ণ কর)। হিষ্টিরিয়ানাশক।

মাত্রা—$\frac{1}{2}$—১ ড্রাম (জলের সঙ্গে)।

(৫) টীংচ্যুরা এসাফিটিডি—(Tinctura Assafætidæ)। (এছাফিটিডা ২$\frac{1}{2}$ আং, রেকটিফায়েড স্পীরিট্ ১ পাইণ্ট। ম্যাচিরেশন দ্বারা)।

মাত্রা—$\frac{1}{2}$—১ ড্রাম।

এট্রপিনা—এট্রপাইন—এট্রপিয়া (Atropia)। (বেলাডোনা হইতে প্রাপ্ত বীর্য্য। বেলেডোনার উপক্ষার)। বর্ণহীন দানা। এলকোহল এবং ঈথরে দ্রব হয়। জলে অল্প দ্রব হয়।

ক্রিয়া—বেদনানিবারক, অতি ঘর্ম্মনিবারক, চক্ষুকণিকা প্রসারক। অধিক মাত্রায় ভয়ানক বিষ। বেলেডোনার ধর্ম্মাক্রান্ত। মাত্রা—$\frac{1}{২০০}$ গ্রেণ।

অসম্মিলন :—কষ্টিক সোডা এবং কষ্টিক পটাস।

(১) ল্যামেলি এট্রপাইনি—এট্রপিন ডিস্ক। (Lamellæ Atropinæ)। (জিলাটিন এবং গ্লাইছেরিন্ দ্বারা নির্ম্মিত এট্রপিনের চাক্তি। প্রত্যেকের ওজন $\frac{1}{৫০}$ গ্রেণ, এবং প্রত্যেক চাক্তিতে $\frac{1}{৫০০০}$ গ্রেণ সল্‌ফেট্ অব্ এট্রপিয়া থাকে)।

(২) অঙ্গুয়েণ্টম এট্রপাইনি (Unguentum Atropinæ, Atropine Ointment)। (এট্রপিন ৭.৮ গ্রেণ লইয়া $\frac{1}{2}$ ড্রাম রেক্‌টিফায়েড স্পীরিটে দ্রব করিয়া ১ আং বেন্‌জোয়েট লার্ড মিশাও)।

(৩) এট্রপাইনি সল্‌ফাস্—সল্‌ফেট্ অব্ এট্রপিন (Atropinæ Sul-

phas)। ডাইলুট সল্‌ফিউরিক এছিডে এট্রপিন দ্রব করিয়া অগ্নি উত্তাপে শুষ্ক কর)।

শ্বেতবর্ণ বা বর্ণহীন দানার আকারে। জলে দ্রবণীয়।

লাইকর এট্রপাইনি সল্‌ফেটিস্—সল্যুসন্ অব্ সল্‌ফেট্ অব্ এট্রপিয়া (Liquor Atropinæ Sulphatis)। (সল্‌ফেট্ অব্ এট্রপিন ৯ গ্রেণ, ক্যাম্ফর ওয়াটার ১৬½ আং)।

চক্ষুকণিকা প্রসবণার্থ বিবিধ চক্ষুরোগে ইহার ফোট ব্যবহৃত হয়।

মাত্রা—১—৪ মিনিম। ২ মিনিম (অধঃত্বাচ)।

একেশায়ি গমি—গম্ একেশিয়া (Acaciæ Gummi—Gum Acacia)। বাঙ্গলা বাবলার আঠা (লেগুমিনেসি জাতীয় একেশিয়া নামক বৃক্ষের আঠা। আরব দেশে এবং আফ্রিকার পূর্ব্বাংশে জন্মে)।

ছোট ছোট মসৃণ চাকচিক্যশালী টলটলে খণ্ডাকারে। জলে গুলিলে মিউছিলেজ বা মণ্ড প্রস্তুত হয়।

গুণ:—স্নিগ্ধকারক। ভারি গুঁড়া সকল যাহা জলে মিশে না, তাহা মিলাইবার জন্য ইহার মণ্ড বা মিউছিলেজ ব্যবহার হয়।

(১) মিউছিলেগো একেশায়ি—মিউছিলেজ অব্ গম একেশিয়া (Mucillago Acaciæ)। গম একেশিয়া ৪ আং, পরিস্রুত জল ৬ আং।

[মিষ্ট ক্রিটা, মিষ্ট গুয়াসাই, পল্‌ভ এমিগ্‌ড কো, পল্‌ভ ট্রাগাকান্থা কো, এবং সমস্ত লোজেঞ্জে গম একেশিয়া আছে।]

একবেলাই ফ্রুক্টস্—স্কুয়ার্টিং কিউকম্বার্ ফ্রুট (Ecballi Fructus, Squirting Cucumber Fruit)। নামান্তর,—Elaterrii, Fructus)। (কিউকর বিটেছি জাতীয় একবেলাই ইলেটিরিয়ম নামক বৃক্ষের পক্ক ফল। দক্ষিণ ইউরোপখণ্ডে জন্মে)। ফলগুলি ১½ ইঞ্চ লম্বা, সুঁয়া দ্বারা আবৃত। ইহার ভিতরে বীজ থাকে।

(১) ইলেটিরিয়ম—(Elaterium)। (একবেলাই ফ্রুক্টস্ ফলের রস হইতে প্রাপ্ত সার। ফলের রস রাখিয়া দিলে নীচে যে সার জমে)। চওড়া পাতলা ছোট ছোট খণ্ডাকারে। সবুজবর্ণ।

ক্রিয়া—উগ্র বিরেচক। তরল জলীয় দাস্তকারক (হাইড্রোগোগ ক্যাথারটিক) শোথ রোগে উপকারক। কখন কখন বমন হয় এবং পেট জ্বালা করে।

মাত্রা—$\frac{1}{10}$—½ গ্রেণ।

(২) ইলেটেরিনম—ইলেটেরিন্ (Elaterinum, Elaterin)। (ইলেটি-রিয়ম হইতে প্রাপ্ত বীর্য্য।) বর্ণহীন দানাকারে। এলকোহলে দ্রব হয়।

ক্রিয়া—উগ্র বিরেচক। মাত্রা—$\frac{1}{40}$—$\frac{1}{10}$ গ্রেণ।

(ক) পল্ভিস্ ইলেটেরিনাই কম্পোজিটস্ (Pulvis Elaterini Compositus)। (ইলেটেরিন ৫ গ্রেণ, দুগ্ধশর্করা (সুগার অব্ মিল্ক) ১৯৫ গ্রেণ ; একত্রে মিশাও)। মাত্রা—$\frac{1}{2}$—৫ গ্রেণ।

এলিমাই—ম্যানিলা এলেমাই (Elemi)। (এমেরডেছি জাতীয় ক্যানেরিয়ম কমিউন নামক বৃক্ষের নির্যাস)।

ক্রিয়া—চর্ম্মের প্রদাহ উৎপাদক। বাহ্য প্রয়োগে ব্যবহার হয়।

(১) অঙ্গুয়েণ্টম্ এলিমাই (Unguentum Elemi)। নামান্তর,—Balm of Arceus। (এলিমাই $\frac{1}{4}$ আং, সিম্পল্ অয়েণ্টমেণ্ট ১ আং)।

ওপিয়ম্ (Opium)। বাঙ্গলা অহিফেন, আফিং। (প্যাপাভিরেছি জাতীয় প্যাপাভার ছমনিফেরম্ নামক বৃক্ষের ফলের নির্যাস। অপক্ব পপি ফল বা পোস্ত ঢেঁড়ি চিরিয়া আফিং বাহির করে। তুরুস্ক দেশে এবং ভারতবর্ষে জন্মে। ঔষধার্থে তুরুস্ক দেশীয় অহি-ফেন ব্যবহৃত হয়)।

কটা কৃষ্ণবর্ণ আঠাবৎ জমাট বাঁধা পদার্থ। বিশেষ গন্ধযুক্ত তিক্ত আস্বাদ। ওপিয়ম হইতে কোডিন্, মর্ফাইন, মিকনিক এছিড এবং এপমর্ফাইন্ পাওয়া যায়।

ক্রিয়া—অধিক মাত্রায় অহিফেন ভয়ানক বিষাক্ত। ইহাতে গাঢ় নিদ্রা আনয়ন করিয়া প্রাণনাশ করে। হৃদয়ের ক্রিয়া স্থির হয় এবং নাড়ী ধীর গতিবিশিষ্ট হয়। চক্ষুকণিকা অত্যন্ত সঙ্কুচিত হয়। মুখশোষ হয়।

ঔষধের মাত্রায় অহিফেন নিদ্রাকারক এবং যন্ত্রণাহারক। যন্ত্রণানিবারণ পক্ষে এমন ঔষধ আর নাই। ইহা ধারক। নানাবিধ উদরাময়ে ও আমা-শয়ে উপকারক। অল্প মাত্রায় উত্তেজক। বেশী মাত্রায় অবসাদক। অপি-য়ম আক্ষেপনিবারকও বটে। উগ্র প্রলাপে উত্তম সুনিদ্রাকারক। কাসির উগ্রতা দমনকারক। স্থানীয় প্রয়োগে বেদনাহারক এবং প্রদাহ দমন-কারক। মাত্রা—$\frac{1}{2}$—৩ গ্রেণ (বটীকা অথবা গুঁড়া)।

[ওপিয়ম গুঁড়ার আকারে পাওয়া যায়। নাম "পল্ভিস্ ওপিয়াই।"]

সতর্কতা :—১ বৎসরের নিম্নবয়স্ক শিশুকে অহিফেন বা অহিফেনঘটিত ঔষধ দিবে না। তদ্ভিন্ন, শিশুদিগকে দিতে হইলে খুব অল্প মাত্রায় দিবে। শিশুরা অহিফেন দ্বারা শীঘ্রই আক্রান্ত হয়।

প্রয়োগরূপ :—

(১) কনফেক্‌শিও ওপিয়াই (Confectio Opii)। (কম্পাউণ্ড পাউডার অব্ ওপিয়ম ১০০ গ্রেণ, সিরপ ৩০০ গ্রেণ একত্রে মর্দ্দন কর)।

মাত্রা—৫—২০ গ্রেণ।

(২) এম্‌প্ল্যাষ্ট্রম ওপিয়াই—ওপিয়ম প্ল্যাষ্টার (Emplastrum Opii)। (রেজিন প্ল্যাষ্টার ৯ আং লইয়া উত্তপ্ত করিয়া দ্রব কর এবং তাহাতে ১ আং গুঁড়া ওপিয়ম মিশাও)। স্থানীয় প্রয়োগে বেদনাহারক।

(৩) এনিমা ওপিয়াই (Enema Opii)। (টীংচার ওপিয়ম ½ ড্রাম, মিউছিলেজ ষ্টার্চ ২ আং)। ১টী মাত্র এনিমা বা গুহ্যদ্বারে পিচকারী।

(৪) এক্‌ষ্ট্রাক্টম ওপিয়াই—(Extractum Opii)। (১ পাউণ্ড ওপিয়ম জলে গুলিয়া অগ্নি উত্তাপে ½ পাউণ্ড পরিমাণ কর)। মাত্রা—½—২ গ্রেণ।

(৫) এক্‌ষ্ট্রাক্টম্ ওপিয়াই লিকুইডম্—লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ওপিয়ম (Extractum Opii Liquidum)। (এক্‌ষ্ট্রাক্ট্ ওপিয়ম ১ আং, রেক্‌টিফায়েড্ স্পীরিট ৪ আং, পরিস্রুত জল ১৬ আং)।

মাত্রা—১০—৪০ মিনিম।

(৬) লিনিমেণ্টম্ ওপিয়াই (Linimentum Opii)। টীংচার ওপিয়ম, লিনিমেণ্টম্ স্যাপনিস সমান পরিমাণ)।

ব্যবহার :—বেদনা স্থানে মালিস।

(৭) পাইলিউলা ইপিকাকুয়ানহি কম্ ছিলি—স্কুইল এবং ইপিকাকুয়ানহা পিল (Pilula Ipecacuanhæ Cum Scillæ)। (পল্‌ভিস্ ইপিকাকুয়ানহি কো ৩ আং, স্কুইল ১ আং, এমনায়েকম ১ আং, ট্রিয়াকেল Q. S.)।

উগ্র কাশরোগে কফনিঃসারক। মাত্রা—৫—১০ গ্রেণ।

(৮) পাইলিউলা প্লম্বাই কম্ ওপিয়াই—পিল অব্ লেড্ এবং ওপিয়ম (Pilula Plumbi Cum Opii)। (এছিটেট্ অব্ লেড ৩৬ গ্রেণ, ওপিয়ম ৬ গ্রেণ, কনফেকশন রোজ ৬ গ্রেণ)। উদরাময়ে ধারক।

মাত্রা—৩—৫ গ্রেণ।

(৯) পাইলিউলা স্থাপনিস্ কম্পোজিটা—কম্পাউণ্ড সোপ পিল (Pilula Saponis Composita)। নামান্তর,—Pilula Opii (ওপিয়ম ½ আং, হার্ড সোপ ২ আং, গ্লাইছেরিন্ Q. S.)।

মাত্রা—৩—৫ গ্রেণ।

(১০) পল্‌ভিস্ ক্রিটি এরমেটিকস্ কম ওপিও—এরমেটিক চক পাউডার উইথ ওপিয়ম (Pulvis Cretæ Aromaticus Cum Opio)। (ওপিয়ম ¼ আং, এরমেটিক চক পাউডার ৯¾ আং)। উদরাময়ে ধারক, পেটকামড়ানিতে উপকারক।

মাত্রা—১০—৪০ গ্রেণ। ১ বৎসরের শিশু ½ গ্রেণ।

(১১) পল্‌ভিস্ ইপিকাকুয়ানহি কম্পোজিটস্—কম্পাউণ্ড ইপিকাকুয়ানহা পাউডার (Pulvis Ipecacuanhæ Compositus)। চলিত নাম Dover's Powder। (ওপিয়ম এবং ইপিকাক প্রত্যেক ½ আং, সল্‌ফেট্ অব্ পটাসিয়ম্ ৪ আং। প্রতি ১০ গ্রেণে ১ গ্রেণ অহিফেন এবং ১ গ্রেণ ইপিকাক আছে)। ক্রিয়া—ঘর্ম্মকারক; যন্ত্রণা-নিবারক, নিদ্রাকারক, সর্দ্দি নাশক। মাত্রা—৫—১৫ গ্রেণ।

[পিল ইপিকাক কম সিলিতে আছে।]

(১২) পল্‌ভিস্ কাইনো কম্পোজিটস্—কম্পাউণ্ড কাইনো পাউডার (Pulvis Kino Compositus)। (কাইনো ৩¾ আং, ওপিয়ম ¼ আং, ছিনামন ১ আং। ধারক। উদরাময়ে উপকারী।

মাত্রা—৫—২০ গ্রেণ।

(১৩) পল্‌ভিস্ ওপিয়াই কম্পোজিটস্—কম্পাউণ্ড ওপিয়ম পাউডার (Pulvis Opii Compositus)। ওপিয়ম ১½ আং, ব্ল্যাক্ পিপার ২ আং, জিঞ্জার ৫ আং, ক্যারাওয়ে ৬ আং, ট্রাগাকান্থা ½ আং)।

মাত্রা—২—৫ গ্রেণ।

(১৪) টীংচ্যুরা ক্যাম্ফোরি কম্পোজিটস্—কম্পাউণ্ড টীংচার অব্ ক্যাম্ফর (Tinctura Camphoræ Compositus)। চলিত নাম Paregoric। (ওপিয়ম ৪০ গ্রেণ, বেন্‌জইক এছিড ৪০ গ্রেণ, ক্যাম্ফর ৩০ গ্রেণ, অইল অব্ এনাইচ ৩০ মিনিম, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ৭ দিন ভিজাইয়া রাখ)। ক্রিয়া—অবসাদক কফনিঃসারক। কাশির উগ্রতা দমনকারক। মাত্রা—½—১ ড্রাম।

(১৫) সপোজিটোরিয়া প্লম্বাই কম্পোজিটা—কম্পাউণ্ড লেড সপোজিটোরি (Suppositoria Plumbi Composita)। এছিটেট্ অব্ লেড্ ৩ গ্রেণ, ওপিয়ম ১ গ্রেণ, অইল অব্ থিওব্রোমা ১১ গ্রেণ। ১টী সপো-জিটোরি)।

(১৬) টীংচুরা ওপিয়াই (Tinctura Opii)। চলিত নাম Laudanum। (ওপিয়ম গুঁড়া ১½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ম্যাচিরেশন ভিজাইয়া রাখ। ১ আউন্সে ৩৩ গ্রেণ ওপিয়ম)।

(১৭) টীংচুরা ওপিয়াই এমনিয়েটা—এমনিয়েটেড্ টীংচার অব্ ওপিয়ম (Tinctura Opii Ammoniata)। নামান্তর,—Scotch Paregoric (ওপিয়ম গুঁড়া ১০০ গ্রেণ, সেফ্রণ ১৮০ গ্রেণ, বেন্‌জয়িক এছিড ১৮০ গ্রেণ, অইল অব এনাইস্ ১ ড্রাম, লাইকর এমন ফোর্টি ৪ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ১৬ আং)। মাত্রা—½—১ ড্রাম।

(১৮) ট্রচিছাই ওপিয়াই—ওপিয়ম লোজেঞ্জ (Trochisci Opii)। (ওপিয়ম ৭২ গ্রেণ, টীংচার টলু ½ আং, সুগার (চিনি) ১৬ আং, গম একেশিয়া ২ আং, একষ্ট্রাক্ট্ অব্ লিকরাইচ ৬ আং, পরিস্রুত জল যথা প্রয়োজন (Q. S.)। ৭২০ লোজেঞ্জ কর)। মাত্রা—১—৬টা।

(১৯) অঙ্গুয়েণ্টম গ্যালি কম ওপিও (Unguentum Gallæ cum Opio)। (অঙ্গুয়েণ্টম গ্যাল্লি ১ আং, ওপিয়ম ৩২ গ্রেণ)।

ব্যবহার ঃ—অর্শের বলির উপর প্রলেপ দিলে অশ আরাম হয়।

(২০) ভাইনম ওপিয়াই—ওপিয়ম ওয়াইন (Vinum Opii)। (একষ্ট্রাক্টম ওপিয়াই ১ আং, ছিনামন ৭৫ গ্রেণ, ক্লোভ ৭৫ গ্রেণ, সেরি ওয়াইন ১ পাইন্ট। ৭ দিন ভিজাইয়া রাখ)। মাত্রা—১০—৪০ মিনিম।

কল্‌চিছাই করমস্—কল্‌চিকম্ কোরম্ (Colchici Cormus)। (মেলান্থেসি জাতীয় কল্‌ছিকম্ অটম্‌নেল নামক বৃক্ষের স্কন্দ। ইংলণ্ডে জন্মে)।

কল্‌চিছাই সেমিনা—কল্‌সিকম্ সিড (Colchici Semina)। (কল্‌ছিকমের সুপক বীজ)।

স্বরূপ ঃ—টাট্‌কা কল্‌ছিকম্ কন্দ মাংসবৎ নরম এবং কর্ত্তন করিলে দুগ্ধের ন্তায় শাদা রস নির্গত হয়। একটী পাতলা আবরণ দ্বারা আবৃত। শুষ্ক কন্দ সকল ধূসরবর্ণ। ইহা খণ্ডাকারে পাওয়া যায়। ঐ সকল খণ্ড দেখিতে গোলাকার,

এক লাইন পুরু এবং পাতলা। এক ধার ঋজু এবং এক ধার কুব্জ। স্বাদ তিক্ত এবং কটু।

বীজগুলি সরিসাকৃতি, ধূসরবর্ণ, ভিতরে শ্বেতবর্ণ। কন্দ এবং বীজ উভয়েতেই কল্‌চিছাইন্ নামক বীর্য্য আছে।

ক্রিয়া—কল্‌ছিকম্ কন্দ এবং বীজ মূত্রকারক, বিরেচক এবং ঘর্ম্মকারক। তরুণ গাউট্ রোগে ইহা অব্যর্থ ঔষধ। তাহা ছাড়া যকৃতের পীড়ায় বিরেচক-রূপে অন্যান্য বিরেচক ঔষধের সঙ্গে ব্যবহৃত হয়। শোথ রোগে মূত্রকারক হইয়া উপকার করে। পেটের অসুখ নিবারণার্থ গাউট রোগে অহিফেনের সঙ্গে মিশাইয়া দেওয়া হয়।

কল্‌সিকম্ কোরম পাউডার বা গুঁড়ার মাত্রা ২—৮ গ্রেণ। বীজ টীংচার তৈয়ার করিতে ব্যবহৃত হয়।

প্রয়োগরূপ ঃ—

(১) এক্‌ষ্ট্রাক্টম্ কল্‌ছিসাই (Extractum Colchici)। (টাট্‌কা কল্‌সিকম কোরমের রস ২১২° পর্য্যন্ত উত্তপ্ত করিয়া ছাঁকিয়া ১৬০° উত্তাপে গাঢ় কর)। মাত্রা—½—২ গ্রেণ (বটিকা)।

(২) এক্‌ষ্ট্রাক্টম্ কল্‌চিছাই এছেটিকম্—এছেটিক্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কল্‌ছিকম্ (Extractum Colchici Aceticum)। (১ পাউণ্ড্ কল্‌ছিকম্ কোরমে ৬ আং এছেটিক্ এছিড্ যোগ করিয়া পুর্ব্বোক্ত মত রস বাহির করিয়া পূর্ব্ববৎ ঘন করিয়া লও)। মাত্রা ½—২ গ্রেণ (বটিকা)।

(৩) ভাইনম্ কল্‌চিছাই—ওয়াইন্ অব্ কল্‌ছিকম্ (Vinum Colchici)। (৪ আং শুষ্ক কল্‌ছিকম্ কোরম ১ পাইণ্ট্ সেরি ওয়াইনে ম্যাচিরেশন্)। মাত্রা—১০—৩০ মিনম্।

(৪) টীংচ্যুরা কল্‌চিছাই সেমিনম্—টীংচার্ অব্ কল্‌ছিকম্ (Tinctura Colchici Seminum)। (কল্‌ছিকম্ সিড্ (বীজ) ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট্। ম্যাচিরেশন্, পার্‌কোলেশন্)। মাত্রা—১০—৩০ মিনিম্।

কলোছিন্থাইডিস্ পল্পা—কলোছিন্থ পল্প্ (Colocynthidis Pulpa—Colocynth Pulp)। (কিউকর বিটেছি জাতীয় ছাইট্রুলস্ কলোছিন্থিস্ নামক বৃক্ষের ফলের শাঁস। ভারতবর্ষে এবং

মেডিটরেনিয়ান (ভূমধ্য) সাগরের উপকূলবর্ত্তী দেশ সমূহে জন্মে)। ফলগুলি গোলাকার, কমলানেবুর আকৃতি। শাঁস হরিদ্রাবর্ণ, অত্যন্ত তিক্ত আস্বাদ। ইহার বীর্য্যের নাম কলোছিন্থ্।

ক্রিয়া—উগ্র বিরেচক। জলবৎ তরল দাস্ত হয়। অন্য ঔষধের সঙ্গে না দিলে পেট কামড়ায়, এজন্য লবঙ্গের তৈল, এলাচ প্রভৃতি পেট কামড়ানী নিবারক ঔষধের সঙ্গে মিশাইয়া দেওয়া যায়। মাত্রা—২—৮ গ্রেণ (গুঁড়ার আকারে)।

প্রয়োগরূপ :—

(১) এক্‌ষ্ট্রাক্টম্ কলোছিন্থাইডিস্ কম্পোজিটম্—কম্পাউণ্ড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ কলোসিন্থ্ (Extractum Colocynthidis Compositum)। (কলোসিন্থ্ পল্প্ ৬ আং, এক্‌ষ্ট্রাক্ট্ অব্ সকোট্রিন এলোজ ১২ আং, রেজিন্ অব্ স্ক্যামনি ৪ আং, হার্ড সোপ ৩ আং, কার্ডমম (ছোট এলাচ) দানা গুঁড়া ১ আং, প্রুফ স্পীরিট ১ গ্যালন্। প্রথমে কলোসিন্থ্ প্রুফ স্পীরিটে ভিজাইয়া মিশ্র তৈয়ার কর। ঐ সংমিশ্রণে এলোজ, স্ক্যামনি এবং হার্ড সোপ যোগ কর। স্পীরিট চোয়াইয়া ফেল এবং অবশিষ্ট তরল পদার্থ জলের ভাপে উত্তপ্ত করিয়া ঘন করিয়া লও। সর্ব্বশেষে এলাচের গুঁড়া যোগ কর)। মাত্রা—৩—১০ গ্রেণ।

(২) পাইলিউলা কলোছিন্থাইডিস্ কম্পোজিটা—কম্পাউণ্ড কলোছিন্থ্ পিল (Pilula Colocynthidis Composita)। (কলোছিন্থ্ পল্প্ ১ আং, বার্বেডোজ্ এলোজ ২ আং, স্ক্যামনি রেজিন্ ২ আং, সল্‌ফেট্ অব্ পটাসিয়ম্ ¼ আং, অয়েল্ অব্ ক্লোভ্‌স্ (লবঙ্গের তৈল) ২ ড্রাম্, জল যথাপ্রয়োজন। একত্রে মর্দ্দন কর)। মাত্রা—৫—১০ গ্রেণ।

(৩) পাইলিউলা কলোছিন্থাইডিস্ এট্ হাওছিয়ামাই (Pilula Colocynthidiset Hyosciami)। (এক্‌ষ্ট্রাক্টম্ হাওছিয়ামাই ১ আং, কম্পাউণ্ড্ কলোছিন্থ্ পিল ২ আং)। মাত্রা—৫—১০ গ্রেণ।

কলোডিয়ম—কলোডিয়ন (Collodium—Collodion)। (পাইরক্‌ছাইলিন্ (গন্‌কটন) ১ আং, ঈথর্ ৩৬ আং, স্পীরিট্ ১২ আং, দ্রব কর)।

গুণ :—ক্ষতাদির উপর দেওয়া যায়। নূতন কাটা ক্ষতে খুব ভাল ঔষধ।

(১) কলোডিয়ম্ ফ্লেক্‌ছাইল—ফ্লেক্‌জিবল্ কলোডিয়ন্ (Collodium Flexile—Flexible Collodiun)। (কানাডা বাল্‌ছাম্ ½ আং, ক্যাষ্টর্ অয়েল ¼ আং, কলোডিয়ন্ ১২ আং)।

(২) কলোডিয়ম্ ভেসিক্যান্স্—ব্লিষ্টারিং কলোডিয়ন্ (Collodium Vesicans—Blistering Collodiun)। (পাইরক্‌ছাইলিন্ ১ আং, ব্লিষ্টারিং লিকুইড্ ২০ আং)।

ব্যবহার :—বেলেস্তারা দেওয়ার জন্য।

কস্‌কপেরাই কর্টেক্স—কুস্‌পেরিয়া বার্ক (Cuspariæ Cortex—Cusparia Bark)। নামান্তর,—Angostura Bark। (রুটেছি জাতীয় গ্যালিপিয়া কস্‌পেরিয়া নামক বৃক্ষের ছাল। দক্ষিণ আমেরিকায় জন্মে)। দুই ধার কাটা কাটা ভিতর দিকে দোম্‌ড়ান নলাকারে। আস্বাদ তিক্ত।

ক্রিয়া—বলকারক। মাত্রা—১০—৬০ গ্রেণ (গুঁড়া)।

(১) ইন্‌ফিউসম্ কস্‌পেরাই (Infusum Cuspariæ)। (কস্‌পেরিয়া বার্ক ½ আং, ১২০° গরম জল ১০ আং, ১ ঘণ্টা ভিজাইয়া রাখ)।

কামালা (Kamala)—(ইউফরবিয়েছি জাতীয় রট্‌লেরা টীং টোরিয়া বা ম্যালোটস্ ফিলিপিনেন্‌ছিস্ নামক বৃক্ষের ফলের উপরকার সুঁয়া। ভারতবর্ষে জন্মে। লালবর্ণ গুঁড়ার আকার, জলে দ্রব হয় না, ঈথর এবং এল্‌কোহলে দ্রব হয়।

ক্রিয়া—ক্রিমিনাশক এবং বিরেচক। ফিতার ন্যায় ক্রিমির ঔষধ। মাত্রা—½—২ ড্রাম (মধুর সহিত)।

কাইনো (Kino)—(লেগুমিনোসি জাতীয় টেরকার্‌পস্ মার্সুপিয়ম্ নামক বৃক্ষের ছাল হইতে প্রাপ্ত শুষ্ক রস। বৃক্ষের ছাল চিরিয়া পাওয়া যায়। ভারতবর্ষে মালাবার উপকূলে জন্মে)। ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডাকারে, লালের আভাযুক্ত কৃষ্ণবর্ণ, উজ্জ্বল এবং ভঙ্গপ্রবণ। গন্ধবিহীন, আস্বাদ কষায়। শতকরা ৭০ অংশ ট্যানিক এছিড আছে। তদ্ভিন্ন ক্যাটেচিন, গম ইত্যাদি আছে।

ক্রিয়া—সংকোচক এবং ধারক। উদরাময়ে এবং লালাস্রাবে উপকারী।
মাত্রা—১০—৩০ গ্রেণ।

(১) পল্‌ভিস্ কাইনো কম্পোজিটস্—কম্পাউণ্ড কাইনো পাউডার (Pulvis Kino Compositus)। (কাইনো ৩¾ আং, ওপিয়ম ¼ আং, ছিনামন (দারুচিনি) ১ আং)। মাত্রা—৫—২০ গ্রেণ।

(২) টীংচ্যুরা কাইনো (Tinctura Kino)। (কাইনো ২ আং গ্লাই-ছেরিন ৩ আং, রেক্‌টীফায়েড স্পীরিট ১২ আং, পরিস্রুত জল ৫ আং। ম্যাছিরেশন)।

কাডিনম্ ওলিয়ম্ (Cadinum Oleum—Oil of Cade)। নামান্তর,—Juniper Tar Oil। (কনিফেরি জাতীয় জুনি পেরস্ অক্সিছিড্রস্ নামক বৃক্ষের কাষ্ঠ চোয়াইয়া যে তৈল পাওয়া যায়)।

ব্যবহার :—খোস উঠা চর্ম্ম রোগে, যেমন সোরায়াসিস্, এই তৈল মালিস করায় উপকার আছে।

কাফিনা—কাফিন (Caffeina—Caffeine)। নামান্তর,—Theina, Caffeia, Guaranina। (ক্যামিলিয়া থিয়া (চা) এবং কফিয়া আরেবিকা (কাফি) বৃক্ষের পত্র হইতে প্রাপ্ত বীর্য্য বা উপক্ষার)। পাতলা সরু সরু রেশমবৎ দানা। বর্ণহীন এবং গন্ধহীন। জল, এল্‌কোহল এবং ঈথরে দ্রব হয়।

ক্রিয়া—মূত্রকারক এবং হৃদয়ের বলকারক। হৃদয়ের পীড়া জনিত শোথ রোগে উপকরক। মাত্রা—২—১০ গ্রেণ।

(১) কাফিনি ছাইট্রাস্—ছাইট্রেট্ অব্ কাফিন্ (Caffeinæ Citras)। (কাফিন ১ আং, ছাইট্রিক এছিড ১ আং, পরিস্রুত জল ২ আং, দ্রব কর এবং উত্তাপে শুষ্ক কর)। সাদা গুঁড়ার আকার। জলে দ্রবণীয়। গন্ধ নাই। মাত্রা—২—১০ গ্রেণ।

কাজুপুটি ওলিয়ম—অয়েল্ অব্ ক্যাজুপুট (Cajuputi Oleum—Oil of Cajuput)। (মির্‌টেছি জাতীয় মেলালিউকা ক্যাজুপটি নামক বৃক্ষের পত্র চোয়াইয়া যে তৈল পাওয়া যায়। ভারতবর্ষে জন্মে)। সবুজবর্ণ, সুগন্ধ, কর্পূরের গন্ধযুক্ত তৈল।

ক্রিয়া—আক্ষেপ-নিবারক, উত্তেজক। বেদনা স্থানে মালিস করিলে উপকার হয়। মাত্রা—১—৪ মিনিম।

(১) স্পীরিটস্ কাজুপুটি (Spiritus Cajuputi)। (অইল্ অব্ ক্যাজু-পুট ১ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৪৯ আং)। মাত্রা—½—১ ড্রাম।

[লিনিমেণ্টম্ ক্রোটনিস্‌তে অয়েল ক্যাজুপুট আছে।]

ক্যালম্বি রাডিক্স্—ক্যালম্বা রুট (Calumbæ Radix—Calumba Root)। (মেনিস্‌পার্‌মেছি জাতীয় কক্কুলস্ পামেটস্ বা জ্যাটিওরাইজা ক্যালম্বা নামক বৃক্ষের মূল। পূর্ব্ব আফ্রিকা হইতে)। গোলাকার, হরিদ্রাভ খণ্ডাকারে। আস্বাদ তিক্ত।

ক্রিয়া—বলকারক (টনিক), ক্ষুধাবৃদ্ধিকারক। গুঁড়ার মাত্রা ৫—২০ গ্রেণ।

(১) এক্‌ষ্ট্রাক্টম্ ক্যালম্বি (Extractum Calumbæ)। (টীংচার ক্যালম্বা উত্তাপ দ্বারা গাঢ় করিয়া)। মাত্রা—২—১০ গ্রেণ।

(২) ইন্‌ফিউশম্ ক্যালম্বি (Infusum Calumbæ)। (ক্যালম্বা রুট ½ আং, ½ পাইণ্ট শীতল জলে ½ ঘণ্টা ভিজাইয়া রাখ)।
মাত্রা—১—২ আং।

(৩) টীংচ্যুরা ক্যালম্বি (Tincture Calumbæ)। (ক্যালম্বা রুট ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাছিরেশন (ভিজান) এবং পার্‌কোলেশন্ দ্বারা)। মাত্রা—½—২ ড্রাম।

কাম্‌বোজিয়া—গ্যামবোজ (Cambogia—Gamboge)। (গুটিফেরি জাতীয় গারছিনিয়া মোরিনা নামক বৃক্ষের নির্য্যাস বা গম রেজিন। সায়াম দেশ হইতে)। গোলাকার খণ্ড। ভঙ্গপ্রবণ। জলে ঘসিলে হরিদ্রাবর্ণ হয়। গন্ধবিহীন। কটু আস্বাদ।

ক্রিয়া—উগ্রবিরেচক। মাত্রা—১—৪ গ্রেণ।

(১) পাইলিউলা ক্যাম্‌বোজিয়া কম্পোজিটা—কম্পাউণ্ড গ্যাম্‌বোজ পিল (Pilula Cambogia Composita)। (গ্যাম্‌বোজ, বার্বেডোজ এলোজ, পল্‌ভিস্ ছিনামোনাই কো প্রত্যেক ১ আং, হার্ড সোপ ২ আং, সিরপ q. s) মাত্রা—৫—১০ গ্রেণ।

কাস্‌কারিলি কর্টেক্স্—কাস্‌কারিলা বার্ক (Cascarillæ Cortex—Cascarilla Bark)। (ইউফোর্‌বিয়েছি জাতীয় ক্রোটন ইলিউটিরিয়া নামক বৃক্ষের ছাল। বাহামা দ্বীপ জাত)। ২।৩ ইঞ্চ লম্বা। নলাকার। কটাবর্ণ। আস্বাদ তিক্ত, উষ্ণ এবং মশলাবৎ।

ক্রিয়া—তিক্ত বলকারক।

প্রয়োগরূপ :—

(১) ইন্‌ফিউজম কাস্‌কারিলি (Infusum Cascarillæ)। (কাস্‌কারিলা বার্ক ১ আং, ফুটন্ত গরম জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)।

মাত্রা—১—২ আং।

(২) টীংচ্যুরা কাস্‌কারিলি (Tinctura Cascarillæ)। (কাস্‌কারিলা বার্ক চূর্ণ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচিরেশন, পার্‌কোলেশন)। মাত্রা—½—২ ড্রাম (জলের সঙ্গে)।

ক্যাম্‌ফোরা—ক্যাম্ফর (Camphora—Camphor)। বাঙ্গালা কর্পূর। (লরেছি জাতীয় ক্যাম্ফরা অফিছিনেরম্ (কর্পূর) নামক বৃক্ষের কাষ্ঠ হইতে প্রাপ্ত তৈল বিশেষ। চীন, জাপান ও ভারত-বর্ষীয় দ্বীপপুঞ্জ হইতে)।

স্বরূপ :—অপরিস্কৃত ক্যাম্ফর শাদা দানার আকারে পাওয়া যায়। পরিস্কৃত ক্যাম্ফর পাতলা পাতলা খণ্ডাকারে পাওয়া যায়। ইহা জলে দ্রব হয় না। গুঁড়া করা সহজ নহে। একটু স্পীরিট যোগ করিয়া গুঁড়া করিতে হয়। স্পীরিট্, এল্‌কোহল, ঈথর এবং তৈলে দ্রব হয়। জলে ভাসে। বিশেষ গন্ধবিশিষ্ট। উড়িয়া যায়।

ক্রিয়া :—ঘর্ম্মকারক, কফনিঃসারক, উত্তেজক, আক্ষেপনিবারক। তরুণ সর্দ্দি হইলে কর্পূরের গুঁড়ার নাশ লইলে উপকার হয়। মাত্রা ২—১০ গ্রেণ।

প্রয়োগরূপ :—

(১) একুয়া ক্যাম্ফরি—ক্যাম্ফর ওয়াটার (Aqua Camphoræ)। নামান্তর,—Mistura Camphoræ, Camphor Misture। (১ গ্যালন জলে ½ আং ক্যাম্ফর কাপড়ে বাঁধিয়া ডুবাইয়া রাখ। যথাসম্ভব কর্পূর জলে দ্রব হইয়া যাইবে। ১ আউন্স জলে ½ গ্রেণ থাকিবে)।

[লাইকর এট্রপিয়া সল্‌ফেটিস্, ইন্‌জেক্‌সিও এপমর্‌ফাইনি হাইপডার্ম্মিকা এবং ইন্‌জেকসিও আর্গটিনি হাইপডার্ম্মিকাতে একুয়া ক্যাম্ফর আছে।]

(২) লিনিমেণ্টম ক্যাম্ফরি (Linimentum Camphoræ)। (ক্যাম্ফর ১ আং, অলিভ্ অইল ৪ আং)।

ব্যবহার—বেদনা স্থানে মালিসে উপকার হয়।

[লিনিমেণ্ট ক্লোরফরম, লিনিমেণ্ট হাইড্রারর্জি, লিনি টেরিবিন্থ এছেট্রতে লিনিমেণ্ট ক্যাম্ফর আছে।]

(৩) লিনিমেণ্টম ক্যাম্ফরি কম্পোজিটম—কম্পাউণ্ড ক্যাম্ফর লিনিমেণ্ট Linimentum Camphoræ Compositum)। (ক্যাম্ফর ২½ আং, রেকটিফায়েড স্পীরিট ১ আং, লাইকর এমন ফোর্ট ৫ আং, অয়েল অব্ ল্যাভেণ্ডার ১ ড্রাম)।

ব্যবহার ঃ—উত্তেজক মালিস। বাত বেদনায় উপকারী। নিউমোনিয়া ব্রঙ্কাইটিস্ রোগে বুকে মালিস। পক্ষাঘাতযুক্ত অঙ্গে মালিস।

(৪) স্পীরিটস্ ক্যাম্ফোরি (Spiritus Camphoræ—Spirit of Camphor)। (ক্যাম্ফর ১ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৯ আং)।

মাত্রা—১০—৩০ মিনিম (চিনির সহিত)।

অসম্মিলন ঃ—জলের সঙ্গে মেশে না।

(৫) টীংচ্যুরা ক্যাম্ফোরি কম্পোজিটা—কম্পাউণ্ড টীংচার অব্ ক্যাম্ফর (Tinctura Camphoræ Composita)। নামান্তর,—Paregoric Elixir (প্যারিগোরিক)। (ওপিয়াম ৪০ গ্রেণ, বেনজয়িক এছিড্ ৪০ গ্রেণ, ক্যাম্ফর ৩০ গ্রেণ, অইল অব্ এনাইচ ৩০ মিনিম্, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট)।

ব্যবহার ঃ—অবসাদক কফনিঃসারক, শুষ্ক কাশ রোগে, ব্রঙ্কাইটিস রোগে উপকারক। মাত্রা ১৫—৬০ মিনিম।

[অঙ্গুয়েণ্টম্ হাইড্রার্বর্জ কো এবং অনেকগুলি লিনিমেণ্টতে কর্পূর আছে]

ক্যানেলি কর্টেক্স্—ক্যানিলা বার্ক (Canellæ Cortex—Canila Bark)। (ক্যানিলেছি জাতীয় ক্যানিলা এলবা নামক বৃক্ষের ছাল। আমেরিকা হইতে)।

ক্রিয়া—বলকারক। মাত্রা—১০—৩০ গ্রেণ।

[ভাইনম রিয়াইতে আছে।]

ক্যানাবিস্ ইণ্ডিকা—ইণ্ডিয়ান হেম্প (Cannabis Indica—Indian Hemp)। (ক্যানিবিনেছি জাতীয় ক্যানাবিস্ ছ্যাটাইভা (গাঁজা) বৃক্ষের পুষ্পযুক্ত ডগা। ভারতবর্ষে জন্মে)। বাঙ্গালা নাম গাঁজা।

ক্রিয়া—নেশাকারক, বেদনা-নিবারক, নিদ্রাকারক, আক্ষেপ-নিবারক।

(১) একস্ট্রাক্টম ক্যানাবিস্ ইণ্ডিছি (Extractum Cannabis Indicæ)।

(১) এক্ট্রাক্টম্ কাস্কেরি সাগ্রেডি (Extractum Cascaræ Sagradæ)। নামান্তর,—Extractum Rhamni Purshiani।

মাত্রা—১—৮ গ্রেণ।

(২) এক্ট্রাক্টম্ কাস্কেরি সাগ্রেডি লিকুইডম্—লিকুইড্ এক্ট্রাক্ট অব্ কাস্কারা স্যাগ্রেডা (Extractum Cascaræ Sagradæ Liquidum)। নামান্তর,—Extractum Rhamni Purshiani Liquidum। (কাস্কেরা স্যাগ্রেডা ১ পাউণ্ড, যথাপ্রয়োজন জলে সিদ্ধ করিয়া ঐ জলকে গাঢ় করিয়া ১২ আং থাকিতে নামাও এবং উহাতে ৪ আং রেক্টিফায়েড স্পীরিট যোগ কর)। মাত্রা—½—২ ড্রাম।

ক্যাসাই পল্প—ক্যাসিয়া পলপ্ (Cassiæ Pulpa)। (লেগুমিনেসি জাতীয় ক্যাসিয়া ফিষ্টুলা নামক বৃক্ষের ফলের শাঁস)। মৃদু বিরেচক। [কন্‌ফেকশিও সেনিতে আছে।]

ক্যাটেকিউ (Catechu)। বাঙ্গালা—খদির। (ছিঙ্কোনেছি জাতীয় অঙ্কেরিয়া গামবিয়ার নামক বৃক্ষের পত্র এবং প্রশাখা হইতে নির্য্যাস। ভারতবর্ষে জন্মে। চৌকা চৌকা চাপ সকল। [illegible] ইঞ্চ স্কোয়ার। লালাভ কটাবর্ণ। শুষ্ক। গন্ধবিহীন তিক্ত আস্বাদ। [illegible] জলে দ্রব হয়। ইহাতে মাইমোট্যানিক এছিড এবং ক্যাটেচিন নামক বীর্য্য আছে)।

[illegible]সঙ্কোচক। উদরাময়ে ব্যবহার হয়। মাত্রা—১০—৩০ গ্রেণ।

[illegible]সম্মিলন :—লৌহঘটিত ঔষধ। মরফাইন্। চূর্ণের জল, ফটকিরি, ধাতব লবণ। সোরা।

(১) ইন্‌ফিউজম ক্যাটেকিউ (Infusum Catechu)। (ক্যাটেকিউ ১৬০ গ্রেণ, ছিনামন ৩০ গ্রেণ, ফুটন্ত জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)।

মাত্রা—১—২ আং।

(২) টীংচ্যুরা ক্যাটেকিউ (Tinctura Catechu)। (ক্যাটেকিউ ২½ আং, ছিনামন ১ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচিরেশন)।

মাত্রা—½—২ ড্রাম।

(৩) পল্‌ভিস্ ক্যাটেকিউ কম্পোজিটস্—কম্পাউণ্ড পাউডার অব্ ক্যাটেকিউ (Pulvis Catechu Compositus)। (ক্যাটেকু ৪ আং, কাইনো ২ আং, র‍্যাটানি ২ আং, ছিনামন ১ আং, নটমেগ (জায়-

ফল) ১ আং)। মাত্রা—২০—৪০ গ্রেণ। উদরাময়ে অতি উৎকৃষ্ট ধারক।

(৪) ট্রচিছাই ক্যাটেকিউ—ক্যাটেকু লোজেঞ্জ (Trochisci Catechu—Catechu Lozgenze)। (ক্যাটেকিউ, গম একেশিয়া, চিনি, মিউসিলেজ গম একেশিয়া এবং জল দ্বারা লোজেঞ্জ তৈয়ার কর। প্রতি লোজেন্জ ১ গ্রেণ থাকিবে)। মাত্রা—১—৬টা।

কুয়াসাই লিগ্নম্,—কুয়াশিয়া উড্ (Quassiæ Lignum—Quassia Wood)। (সাইমারুবেছি জাতীয় কুয়াশিয়া এক্স-ছেল্সা নামক বৃক্ষের ক্ষুদ্র ক্ষুদ্র কাষ্ঠ খণ্ড। জ্যামেকা হইতে)। শাদা ক্ষুদ্র ক্ষুদ্র কুঞ্চিত খণ্ড সকল। তিক্ত আস্বাদ।

ক্রিয়া—তিক্ত বলকারক (Bitter Tonic), সূতার ন্যায় কৃমিনাশক। ক্ষুধা-বৃদ্ধিকারক।

(১) এক্‌ষ্ট্রাক্টম্ কুয়াশাই (E[illegible] Quassiæ)। (কুয়াশিয়ার ইন্‌ফিউশেন গাঢ় করি[illegible] গ্রেণ।

(২) টীংচ্যুরা কুয়াসাই ([illegible] য়াশিয়া ½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ৭ [illegible] শন)।

মাত্রা—½—২ ড্রাম।

(৩) ইন্‌ফিউজম কুয়াশাই (Infusum Qua[illegible]
৫৫ গ্রেণ, শীতল জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাইয়া)।

মাত্রা—১—২ আং।

কুয়ার্কস্ কর্টেক্স্—ওক বার্ক (Quercus Cortex—Oak Bark)। (কুপুলিফেরি জাতীয় কুয়ারকস্ রোবর নামক বৃক্ষের ছাল। ইংলণ্ডে জন্মে)। সঙ্কোচক, ধারক।

অসম্মিলন :—লৌহঘটিত ঔষধ। ধাতব লবণ।

(১) ডিকক্টম্ কুয়ার্কস্ (Decoctum Quercus)। (ওক বার্ক ১¼ আং, জল ১ পাইণ্ট্। ১০ মিনিট সিদ্ধ করিয়া ১পাইণ্ট পূর্ণ কর)।

মাত্রা—১—২ আং।

কুইনাইনি সল্‌ফাস্—সল্‌ফেট্ অব্ কুইনাইন (Quininæ Sulphas)। চলিত নাম Quinine (কুইনাইন)। (ছিঙ্কোনেছি জাতীয় ছিঙ্কোনা বৃক্ষের ছাল হইতে প্রস্তুত উপক্ষার। পেরুদেশে এবং দার্জ্জিলিংএ জন্মে)।

(ক্যানাবিস ইণ্ডিকা ১ পাউণ্ড, রেক্টিফায়েড স্পীরিট ৪ পাইণ্ট। ৭ দিন ভিজাইয়া রাখ। পরে অগ্নি উত্তাপে গাঢ় কর)।

মাত্রা—$\frac{1}{8}$—১ গ্রেণ।

(২) টিংচ্যুরা ক্যানাবিস্ ইণ্ডিছি (Tinctura Cannabis Indicæ)। (একষ্ট্রাক্ট ক্যানাবিস ইনডিছি ১ আং, ১ পাইণ্ট রেক্টিফায়েড স্পীরিটে দ্রব কর)। মাত্রা ৫—২০ মিনিম (মিউসিলেজ সহিত)।

কার্ডামোমাই ছেমিনা—কার্ডামম্ (Cardamomi Semina—Cardamoms)। বাঙ্গালা ছোট এলাচ। (জিন্জিবেরেছি (আদ্রক) জাতীয় ইলেটরিয়া কার্ডামোম্ নামক বৃক্ষের ফলের বীজ। ভারতবর্ষে মালাবার উপকূলে জন্মে)। শ্বেতবর্ণ ক্ষুদ্রফল। ভিতরে সুগন্ধ বীজ। মসলার ন্যায় আস্বাদ। উদরাধ্মান, পেটকামড়ানি-নিবারক।

মাত্রা—৫—২০ গ্রেণ।

(১) টীংচ্যুরা কার্ডামমাই কম্পোজিটা—কম্পাউণ্ড টীংচার অব্ কার্ডামমস্ (Tinctura Cardamomi Composita)। (কার্ডামম বীজ $\frac{1}{4}$ আং, $\frac{1}{4}$ আং ক্যারাওয়ে ফল, রেইজিন ২ আং, ছিনামন (দারুচিনি) $\frac{1}{2}$ আং, কোচিনেল ৫৫ গ্রেণ, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট)।

ব্যবহার :—ঔষধের মিক্শ্চার সুগন্ধ ও লাল করিতে। উদরাধ্মান-নিবারক।

মাত্রা—$\frac{1}{2}$—২ ড্রাম।

[একষ্ট্র কলোসিন্থ কো, পলভ ছিনামন কো, পল্ভ ক্রিটা এরম, টীং শেন্ কো, টিং রিয়াই, ভাইনম এলোজ, ডিকক্টম্ এলোজ কো, মিষ্ট ফেরি ... ছেনি কো, টীং ক্লোরোফরম কোতে এলাচ দানা আছে।]

... স—ক্যারাওয়ে ফুট (Carui Fructus—Caraway ... অম্বেলিফেরি জাতীয় ক্যারম ক্যারুই বৃক্ষের ফল)। ... নিবারক।

(১) ... টার (Aqua Carui)। (১ পাউণ্ড ক্যার ... লন চোয়াইয়া লও)।

মাত্রা—১— ...

(২) ওলিয়ম্ ক্যারুই—ক্যা ... (ক্যারাওয়ে ফল হইতে প্রাপ্ত তৈল) ...

[কন্ফেক্ স্ক্যামনি এবং পিল এলোজ বার্বে ...

কন্‌ফেক্‌ ওপিয়াই, কন্‌ফেক্‌ পিপারিস্, পল্‌ভ ওপিয়াই কো, টীং কার্ডামম কো, টিং ছেনিতে ক্যারাওয়ে আছে।]

ক্যাপ্সিছাই ফ্রক্টস্—ক্যাপ্‌ছিকম্ ফ্রুট (Capsici Fructus—Capsicum)। বাঙ্গলা লঙ্কামরিচ। (সোলানেছি জাতীয় ক্যাপ্‌ছিকম্ ফ্যাস্‌টিগিয়েটম্ নামক গাছের ফল। জাঞ্জিবর দেশ হইতে)। কমলানেবুর ন্যায় বর্ণবিশিষ্ট লম্বা ফল। ঝাল আস্বাদ।

ক্রিয়া—উত্তেজক। অধিক মাত্রায় পাকাশয়ের প্রদাহজনক। বাহ্য প্রয়োগে চর্ম্মের প্রদাহজনক। গায়ে লাগাইলে জ্বালা করে। মদ্যপানজনিত রোগে উপকারক।

(১) টীংচ্যুরা ক্যাপ্সিছাই (Tinctura Capsici)। (ক্যাপ্‌ছিকম্ ¼ আং, রেক্‌টিফায়েড্ স্পীরিট্ ১ পাইণ্ট্। ম্যাচি, পার্কল্)।
মাত্রা—১০—২০ মিনিম্।

ক্যারিওফাইলম্—ক্লোভ (Caryophyllum—Clove)। বাঙ্গালা—লবঙ্গ। (মির্‌টেছি ক্যারিওফাইলস্ এরমেটিকস্ নামক বৃক্ষের পুষ্প কুঁড়ি। পিন্যাং, বেন্‌কিউলেন এবং এম্বয়না দ্বীপে জন্মে)। অর্দ্ধ ইঞ্চাধিক লম্বা ডাটা। তাহার উপর ৪টী দাঁত। উহার ভিতর পাপড়ি। উগ্র গন্ধ, ঝাল আস্বাদ। পেষণ করিলে তৈল পাওয়া যায়।

ক্রিয়া—কলিক (অন্ত্রশূল), উদরাধ্মান নিবারক। ক্ষুধা বৃদ্ধিকারক।

(১) ইন্‌ফিউজম্ ক্যারিওপফাইলাই (Infusum Cariyophylli)। (ক্লোভ ½ আং, ফুটন্ত জল ১০ আং, ½ ঘণ্টা ভিজাও)। মাত্রা ১—৪ আং।

(২) ওলিয়ম ক্যারিওফাইলাই—অইল অব্ ক্লোভ (Oleum Caryophylli—Oil of Cloves)। (লবঙ্গ হইতে প্রাপ্ত তৈল)।

মাত্রা—১—৪ মিনিম (চিনির সঙ্গে)।

অসম্মিলন :—চূণের জল, লৌহঘটিত ঔষধ, [illegible]।

কাস্‌কেরা সাগ্রেডা (Cascara Sagrada)। [illegible] (Rhamni Purshiani Cortex)। ([illegible] র‍্যামনস্ পুরসিয়ানস্ নামক বৃক্ষের [illegible])। [illegible] দিকে দোমড়ান খণ্ড [illegible] মসৃণ। ধূসরবর্ণ। ভিতর [illegible] তিক্ত আস্বাদ।

[illegible] উত্তেজক। কোষ্ঠবদ্ধতায় উপকারী।

স্বরূপ :—সূক্ষ্ম সূত্রবৎ শাদা দানার আকারে। অল্প জলে দ্রব হয় না। ৭৫০ গুণ শীতল জলে দ্রবণীয়, ৬০ গুণ ঈথারে দ্রব হয়। এল্‌কোহলে সহজে দ্রব হয়। জল মিশ্রিত সল্‌ফিউরিক এছিডে দ্রব করিতে হইলে অগ্রে একটু জল দিয়া কুইনাইন ভিজাইয়া পরে ফোঁটা ফোঁটা করিয়া ডাইলিউটেড্ সাল্‌ফিউরিক এছিড ঢালিয়া দিবে, নচেৎ জল না দিয়া, এছিড দিলে কুইনাইন গলে না, চাপ বাঁধিয়া যায়। ১ গ্রেণে ১ মিনিম বা কিঞ্চিৎ বেশী এছিড লাগে।

ক্রিয়া—পর্য্যায়নিবারক এবং অল্পমাত্রায় বমনকারক। ম্যালেরিয়া সম্ভূত পালাজ্বর এবং পর্য্যায়ক্রমে আক্রমণকারী শিবঃপীড়ায় অমোঘ ঔষধ। কুইনাইন সেবন করিয়া জ্বর বন্ধ হইলে আরও দিন কতক কুইনাইন সেবন করা কর্ত্তব্য। নচেৎ পুনর্ব্বার জ্বর ফিরে। প্লীহা জ্বরে ফেরি সল্‌ফেট এবং সল্‌ফিউরিক এছিড সঙ্গে উপকারক হয়। অল্প মাত্রায় কুইনাইন বলকারক। বেশী মাত্রায় কুইনাইন সেবনে কর্ণের মধ্যে ভোঁ ভোঁ শব্দ হয়।

মাত্রা—১—১০ গ্রেণ। সচরাচর ৫ গ্রেণ।

কুইনাইনি হাইড্রোক্লোরাস্—হাইড্রোক্লোরেট অব্ কুইনাইন (Quininæ Hydrochloras)। দানার আকারে। কুইনাইন অপেক্ষা দানা বড়। মাত্রা—১—১০ গ্রেণ।

(১) টীংচ্যুরা কুইনাইনি (Tinctura Quininæ)। (হাইড্রোক্লোরেট্ অব্ কুইনাইন ১৬০ গ্রেণ, টীংচার অরাণ্টাই ১ পাইণ্ট। ১ ড্রামে ১ গ্রেণ)। মাত্রা—½—২ ড্রাম।

(২) টীংচ্যুরা কুইনাইনি এমনিয়েটা—এমনিয়েটেড্ টীংচার অব্ কুইনাইন (Tinctura Quinine Ammoniata, Ammoniated Tincture of Quininæ)। (সল্‌ফেট্ অব্ কুইনাইন ১৬০ গ্রেণ, লাইকর এমনিয়া ২½ আং, প্রুফ স্পীরিট ১৭½ আং। একত্র করিয়া মিশাও। ১ ড্রামে ১ গ্রেণ)। মাত্রা—½—২ ড্রাম।

(৩) ভাইনম কুইনাইনি—ওয়াইন্ অব্ কুইনাইন (Vinum Quininæ, Wine of Quinine)। (সল্‌ফেট্ অব্ কুইনাইন ২০ গ্রেণ, অরেঞ্জ ওয়াইন ১ পাইণ্ট, ছাইট্রিক এছিড ৩০ গ্রেণ)।

মাত্রা—½—১ আং।

(৪) ফেরি এট্ কুইনাইনি ছাইট্রাস—ছাইট্রেট্ অব্ আয়রন্ এবং কুইনাইন (Ferri et Quininæ Citras)। (পেরক্সাইড্ অব্ আয়রন, ছাই-

ট্রিক এছিড এবং কুইনাইন। ৬ গ্রেণে ১ গ্রেণ কুইনাইন আছে)।

মাত্রা—৫—১০ গ্রেণ।

কিউবেবা—কিউবেব (Cubeba—Cubeb)। বাঙ্গালা কাবাবচিনি। (পাইপিরেছি জাতীয় পাইপার কিউবেবা নামক বৃক্ষের কাঁচা শুষ্ক ফল। জাবা দ্বীপে জন্মে)। গোলমরিচের স্থায় আকৃতি, ক্ষুদ্র বৃন্তযুক্ত, বিশেষ ঝাল আস্বাদ।

ক্রিয়া—মূত্রকারক, গণরিয়া রোগে উপকারক। মাত্রা ½—২ ড্রাম (চূর্ণ)।

(১) ওলিও রেজিনা কিউবেবি—ওলিও রেজিন অব্ কিউবেব (Oleo Resina Cubebæ, Oleo Resin of Cubeb)। (কিউবেব ঈথরে ভিজাইয়া সেই ঈথর গাঢ় করিয়া যে দানাময় তরল পদার্থ পাওয়া যায়)। মাত্রা—৫—৩০ মিনিম (মিউসিলেজ সঙ্গে)।

(২) ওলিয়ম কিউবেবি—অইল অব্ কিউবেব (Oleum Cubebæ)। (কাবাবচিনি হইতে প্রাপ্ত তৈল। চোঁয়াইয়া লইতে হয়)।

মাত্রা—৫—২০ মিনিম (মিউছিলেজ সঙ্গে)।

(৩) টীংচ্যুরা কিউবেবি—টীংচার অব্ কিউবেব (Tinctura Cubebæ। (কিউবেব ২½ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচিরেশন পার্‌কোলেশন)। মাত্রা—½—২ ড্রাম।

কুশো—(Cusso)। রোজেছি (গোলাপ) জাতীয় হ্যাজনিয়া এবিছিনিকা বা ব্রেইরা এন্থেলমিণ্টিকা নামক বৃক্ষের পুষ্পের পাপ্‌ড়ি। আবিসিনিয়া দেশ হইতে)। ফিতার স্থায় ক্রমিনাশক।

মাত্রা—¼—½ আং।

(১) ইন্‌ফিউজম কুশো—(Infusum Cusso)। (কুশো ¼—½ আং, ফুটন্ত পরিস্রুত জল ৮ আং। ১৫ মিনিট ভিজাইয়া রাখ)।

মাত্রা—৪—৮ আং।

কোকা—(Coca) বা কিউকা (Cuca)। (এরিথ্রক্‌ঝাইলেছি জাতীয় এরিথ্রকঝাইলন কোকা নামক বৃক্ষের পত্র। আমেরিকা দেশীয়)। ক্রিয়া—বলকারক। মাত্রা—½—২ ড্রাম।

(১) একৃষ্ট্রাক্টম্ কোকি লিকুইডম্ (Extractum Cocæ Liquidum)। (২০ আং কোকা স্পীরিটে টীংচার করিয়া জাল দিয়া ২০ আউন্সে পরিণত কর)। মাত্রা—½—২ ড্রাম।

(২) কোকেইনি হাইড্রোক্লোরাস—হাইড্রোক্লোরেট অব্ কোকেইন (Cocainæ Hydrochloras)। কোকা পত্র হইতে প্রাপ্ত বীর্য্য বিশেষ। বর্ণহীন স্থচ্যাকার দানা অথবা গুঁড়া। জলে ঈথরে এবং এলকোহলে দ্রব হয়। দ্রবের আস্বাদ তিক্ত।

ক্রিয়া—স্থানীয় স্পর্শহারক। কোকেন সল্যুশন কোন স্থানে প্রয়োগ করিয়া অস্ত্রকার্য্য করিলে অস্ত্রাঘাতের যাতনা বোধ হয় না। চক্ষে অস্ত্রকার্য্য করিবার জন্য শতকরা ৪ অংশ দ্রব এবং মুখের ভিতর ও নাসিকার ভিতর অস্ত্রকার্য্য জন্য শতকরা ২০ অংশ দ্রব ব্যবহার করিবে। সেবনের মাত্রা $\frac{১}{৪}$—১ গ্রেণ। বলকারক; উত্তেজক।

(ক) ল্যামেলি কোকেইনি—কোকেইন্ ডিস্ক (Lamellæ Cocainæ)। (জিলাটিন, কোকেইন হাইড্রোক্লোরাস এবং গ্লাইছেরিন্ একত্র করিয়া চাক্তি তৈয়ার কর। প্রত্যেকটীতে $\frac{১}{২০০}$ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ কোকেইন থাকিবে। প্রত্যেকটীর ওজন $\frac{১}{৬০}$ গ্রেণ)।

(খ) লাইকর কোকেইনি হাইড্রোক্লোরাস্ (Liquor Cocainæ Hydrochlorus)। (হাইড্রোক্লোরেট্ অব্ কোকেইন ৩৩ গ্রেণ, স্যালিছিলিক এছিড্ $\frac{১}{২}$ গ্রেণ, ফুটন্ত জল ৬ ড্রাম)। মাত্রা—২—১০ মিনিম।

কোডিনা—কোডিন (Codeina—Codeine)। (অহিফেন হইতে প্রাপ্ত এক রকম উপক্ষার) বর্ণহীন দানার আকারে। এলকোহল, ঈথর এবং ক্লোরফরমে দ্রবণীয়। গরম জলে দ্রব হয়। ওপিয়মে শতকরা $\frac{১}{৪}$—১ অংশ কোডিন আছে।

ক্রিয়া—নিদ্রাকারক। ডায়েবেটিস্ রোগে বেস ভাল ঔষধ।

মাত্রা—$\frac{১}{৪}$—২ গ্রেণ।

কোনিয়াই ফোলিয়া—হেমলকলিফ (Conii Folia—Hemlock Leaves)। (অম্বেলিফেরি জাতীয় কোনায়াম ম্যাকুলেটম্ বা হেমলক বৃক্ষের টাট্‌কা পত্র এবং উপশাখা। গ্রেট ব্রিটেনে এবং ইউরোপে জন্মে)।

কোনিয়াই ফ্রুক্টস্—হেমলক ফ্রুট (Conii Fructus)। (উক্ত বৃক্ষের শুষ্ক পক্ক ফল)। পত্রগুলি সবুজবর্ণ, চক চকে, তিন ভাগে

বিভক্ত। ফলগুলি ডিম্বাকার, ক্ষুদ্র। পত্র এবং ফলে কোনিয়া নামক উপক্ষার এবং মেথিন কোনিয়া নামক আর একটী বীর্য্য আছে।

ক্রিয়া—কোনিয়াই বা হেমলক বেশী মাত্রায় বিষক্রিয়া করে। ইহাতে ঐচ্ছিক পেশী সকলের পক্ষাঘাত হয়। পরিশেষে শ্বাস বদ্ধ হইয়া প্রাণ বিনষ্ট হয়। সুস্থ শরীরে পুরামাত্রায় সেবন করিলে পদদ্বয় অসাড় হয় এবং চক্ষু কণিকা প্রশস্ত হয়। মস্তিষ্কের বা নাড়ীর কোন বিকৃতি ঘটে না।

কোরিয়া, প্যারালিসিস্ এজিটান্স, এবং পারা সেবন জনিত হস্ত পদ কম্পনে কোনিয়া উপকারক। এতদ্ভিন্ন ব্রঙ্কাইটিস্ রোগে কাশী দমন করে। পত্রচূর্ণের মাত্রা—২—৮ গ্রেণ।

প্রয়োগরূপ ঃ—

(১) ক্যাটাপ্লাস্‌মা কোনিয়াই—হেমলক পুল্‌টিস্ (Cataplasma Conii)। (হেমলক পত্রের রস ১ আং, লিন্‌সিড মিল (মসিনার খৈল) ৪ আং, ফুটন্ত জল ১০ আং)। বেদনা স্থানে লাগাইলে উপকার হয়।

(২) এক্‌ষ্ট্রাক্টম্ কোনিয়াই (Extractum Conii—Extract of Hemlock)। (পত্রের রস গাঢ় করিয়া প্রস্তুত হয়)।

মাত্রা—২—৬ গ্রেণ।

(৩) পাইলিউলা কোনিয়াই কম্পোজিটা—কম্পাউণ্ড হেম্‌লক পিল (Pilula Conii Composita)। (ইপিকাকুয়ানহা ½ আং, এক্‌ষ্ট্রাক্ট কোনিয়াই ২½ আং, ট্রিয়াকেল (গুড় Q. S.)।

(৪) সকস্ কোনিয়াই—হেম্‌লক জুস (Succus Conii)। (হেম্‌লক পত্রের রসে ⅓ ভাগ রেক্‌টিফায়েড্ স্পীরিট যোগ করিয়া)।

মাত্রা—½—১ ড্রাম।

(৫) অঙ্গুয়েণ্টম্ কোনিয়াই (Unguentum Conii)। (২ আং হেমলক রস ১৪০° উত্তাপে ২ ড্রাম করিয়া ১০ গ্রেণ বোরিক এছিড এবং ৬ ড্রাম ল্যানোলাইন যোগ কর)। মলদ্বারে বেদনা হইলে এই মলম ব্যবহারে উপকার হয়।

(৬) টীংচ্যুরা কোনিয়াই (Tinctura Conii)। (হেমলক ফল চূর্ণ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ভিজাইয়া এবং পার্কোলেশন দ্বারা)। মাত্রা—২০—৬০ মিনিম।

(৭) ভেপর কোনাইনি—ইন্‌হেলেশন অব্ কোনাইন (Vapor Coninæ Inhalation of Conine)। (হেমলক পত্র রস ½ আং, লাইকর পটাসি ১ ড্রাম, পরিস্রুত জল ১ আং; মিশ্রিত কর। ইহার ২০ মিনিম গরম জল পূর্ণ ইন্‌হেলার নামক যন্ত্রে স্থাপন করিয়া উত্থিত বাষ্প শ্বাসপথে গ্রহণ কর)। কাশির উগ্রতা দমনার্থ উপকারক।

কোপেইবা (Copaiba)। (লেগুমিনোসি জাতীয় কোপেইফেরা নামক বৃক্ষের গুঁড়ি হইতে নির্গত নির্যাস বা ওলিও রেজিন)। চট্‌চটে, ঘন, হরিদ্রাবর্ণ তরল পদার্থ। বিশেষ গন্ধযুক্ত। দক্ষিণ আমেরিকা এবং ভারতবর্ষ জাত।

ব্যবহার :—গণরিয়া বিনাশক। গণরিয়ার শেষাবস্থায় ব্যবহার করিবে। তরুণ অবস্থায় নহে। মূত্রকারক। মাত্রা—½—১ ড্রাম।

কোপেইবা জলে মিশে না। এ জন্য ম্যাগ্নেসিয়া যোগে বটিকাকারে অথবা একটু লাইকর পটাসি দিয়া দ্রব করিয়া জলের সঙ্গে, অথবা দুগ্ধ বা জলের উপর ঢালিয়া সেবন করা কর্ত্তব্য। জিলাটিন নির্ম্মিত চুঙ্গি বা ক্যাপ্সিউলের ভিতর পুরিয়া সেবন করিতে পারা যায়।

(১) ওলিয়ম কোপেইবি—অইল অব্ কোপেইবা (Oleum Copaibæ)। (কোপেইবা হইতে চোয়ান তৈল)। মাত্রা—৫—২০ মিনিম।

কোরিয়াণ্ড্রাই ফ্রুক্টস্—কোরিয়াণ্ডার ফ্রুট্ (Coriandri Fructus)। বাঙ্গালা ধনিয়া। (অম্বেলিফেরি জাতীয় কোরিয়াণ্ড্রম সেটাইভম নামক বৃক্ষের ফল)। ক্ষুদ্র ক্ষুদ্র গোলাকার, কটা শুষ্ক ফল। বিশেষ সুগন্ধযুক্ত। উদরাধ্মানে উপকারক। মাত্রা—ফল চূর্ণ ১০—৬০ গ্রেণ।

(১) ওলিয়ম কোরিয়াণ্ড্রাই—অইল অব্ কোরিয়াণ্ডার (Oleum Coriandri)। মাত্রা—১—৪ মিনিম (চিনির সঙ্গে)।

[কন্‌ফেকশন সিনা, সিরপ রিয়াই, টীং রিয়াই এবং টিং সেনিতে কোরিয়াণ্ডার ফল আছে।]

ক্রোকশ—স্যাফ্রন (Crocus—Saffron)। বাঙ্গালা জাফ্রান। (আইরিডেছি জাতীয় ক্রোকশ সেটাইভস্ নামক বৃক্ষের পুষ্পের কেশর। গ্রীষ এবং তুরুষ্ক দেশে জন্মে)। লোহিতবর্ণ, লম্বাকার, সরু, সুতার ন্যায়। এক দিকে চওড়া। ঔষধের বর্ণ ভাল করিবার জন্য ব্যবহৃত হয়।

(১) টীংচ্যুরা ক্রোকি—টীংচার অব্ স্যাফ্রন (Tinctura Croci)। (স্যাফ্রন ১ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট্। ম্যাচিরেশন, পার্কোলেশন)। মাত্রা—½—২ ড্রাম।

[ডিকক্টম এলোজ কো, পিল এলুজ এটমার, পল্ভ ক্রিটা এরম, টীং ছিংকোনি কো, টীং ওপিয়াই এমন, টীং রিয়াইতে স্যাফ্রন আছে।]

ক্রোটনিস্ ওলিয়ম—ক্রোটন অইল (Crotonis Oleum—Croton Oil)। বাঙ্গলা জয়পালের তৈল। (ইউফোরবিয়েছি জাতীয় ক্রোটন টিগ্লিয়ম নামক বৃক্ষের ফলের তৈল)।

ক্রিয়া—অতি উগ্র বিরেচক। উদরের ভিতর জ্বালা করে। বেশী মাত্রায় প্রাণ নাশ করে। মাত্রা—½—১ মিনিম (চিনির সঙ্গে)।

ক্র্যামেরাই র‍্যাডিক্স্—র‍্যাটানি রুট (Krameriæ Radix—Rhatany Root)। (পলি গ্যালেছি জাতীয় ক্র্যামেরাই ট্রাইয়াণ্ড্রা এবং ক্র্যামেরাই আইক্ছিনা নামক বৃক্ষের মূল। প্রায় ১ ইঞ্চ মোটা মূল। ক্ষুদ্র ক্ষুদ্র উপমূল সংযুক্ত। বর্ণ রক্তাভ। চর্ব্বন করিলে মুখের লালা লোহিত বর্ণ হয়। কষায় অস্বাদ। পেরু দেশে জন্মে)।

ক্রিয়া—সঙ্কোচক, ধারক, বলকারক। মাত্রা—১০—৩০ গ্রেণ।

[ইহাতে ট্যানিক এছিড আছে। লৌহের সঙ্গে দিলে কাল হয়।]

(১) এক্ষ্ট্রাক্টম্ ক্র্যামিরাই—এক্ষ্ট্রাক্ট্ অব্ র‍্যাটানি (Extractum Krameriæ)। (র‍্যাটানি মূল জলে ভিজাইয়া সার বাহির করিয়া ঐ সার ঘন করিয়া লইতে হয়)। মাত্রা—৫—২০ গ্রেণ।

(২) ইন্ফিউজম্ ক্র্যামিরাই (Infusum Krameriæ)। (র‍্যাটানি মূল ½ আং, ফুটন্ত জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)।

মাত্রা—১—২ আং।

(৩) টীংচ্যুরা ক্র্যামিরাই (Tinctura Krameriæ)। (র‍্যাটানি মূল-চূর্ণ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচি, পার্কোল)।

মাত্রা—½—২ ড্রাম।

[পল্ভ ক্যাটকিউ কোতে র‍্যাটানি আছে।]

ক্রাইছারোবাইনম্—ক্রাইছা রোবিন (Chrysarobinum—Chrysa Robin)। চলিত নাম Goa Powder গোয়া পাউ-

ডার)। (লেগুমিনোসি জাতীয় এণ্ড্রিয়া এরায়োবা নামক বৃক্ষের ভিতরকার শাঁস চূর্ণ)। দদ্রু রোগে উপকারক। মালিস করা যায়। সেবন করিতেও দেওয়া যায়। মাত্রা—⅙—½ গ্রেণ। বেশী মাত্রা হইলে পেট বেদনা করে। ইহা হইতে ক্রাইছোফ্যানিক এসিড পাওয়া যায়।

(১) অঙ্গুয়েণ্টম্ ক্রাইছারোবাইনি (Unguentum Chrysa-Robini)। (ক্রাইছারোবিন ২০ গ্রেণ, বেঞ্জোয়েটেড্ লার্ড ৪৮০ গ্রেণ)।

ব্যবহার ;—দদ্রু রোগের মলম। সোরায়াস্থিস্ রোগেও উপকারক।

গলা—গল নট (Galla—Gull Nuts)। বাঙ্গলা মাজুফল। (কিউপুলিফেরি জাতীয় কুয়ারকশ ইনফেক্টোরিয়া নামক বৃক্ষের যে এক প্রকার শক্ত গুটিকাবৎ সুপারির ন্যায় পদার্থ জন্মে। ছাইনিপ্স্ গলি টিং টোরাই নামক এক প্রকার পোকা বৃক্ষে জন্মাইয়া ছিদ্র করে। তাহাতে এক প্রকার আবের ন্যায় পদার্থ জন্মায়। ঐ পদার্থই গল নট বা মাজু ফল)। গল নট দেখিতে ছোট সুপারির ন্যায়। বন্ধুর, সবুজ অথবা কটাবর্ণের। কটাবর্ণের গুলি ছিদ্রযুক্ত (যাহা হইতে কীট বাহির হইয়া গিয়াছে)। গল নটে শতকরা ৩৫ অংশ ট্যানিক এছিড এবং ৫ অংশ গ্যালিক এছিড আছে।

গুণ :—অত্যন্ত সঙ্কোচক। রক্তরোধক। (ট্যানিক এবং গ্যালিক এছিড) দেখ।

অসম্মিলন :—লৌহ। ধাতব লবণ।

(১) টিংচুরা গালি—টিংচার অব্ গল্স্ (Tintura Gallæ)। (গল চূর্ণ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ম্যাচিরেশন, পার্কোলশন্)। মাত্রা—½—২ ড্রাম।

(২) অঙ্গুয়েণ্টম্ গালি—অয়েণ্টমেণ্ট অব্ গল্স্ (Unguentum Gallæ)। (গল চূর্ণ ৮০ গ্রেণ, বেঞ্জোয়েটেড লার্ড ১ আং)। অর্শের বলির উপর লাগাইলে বলি বসিয়া যায়।

(৩) অঙ্গুয়েণ্টম্ গালি কম ওপিও—গল এবং অপিয়ম অয়েণ্টমেণ্ট (Unguentum Gallæ Cum Opio)। (অয়েণ্টমেণ্ট অব্ গল ১ আং, অহিফেন ৩২ গ্রেণ) অর্শের উপর লাগাইলে উপকার হয়।

গট্টাপার্চা (Gutta Percha)। (স্যাপোটেসি জাতীয় আইস

নেণ্ড্রা গটা নামক বৃক্ষের ঘনীভূত রস। বোর্ণিও এবং সুমাত্রা দ্বীপ জাত)। চিমড়ে, কটা চওড়া পত্রাকারে।

ব্যবহার :—ক্ষত ড্রেস করিতে লাগে।

(১) লাইকর গটা পার্চা (Liquor Gutta Percha)। (গটা পার্চা ১ আং, ক্লোরফরম ৬ আং, একত্রে দ্রব করিয়া তাহাতে ১ আং কার্ব্বনেট্ অব্ লেড দিয়া আর ২ আং ক্লোরফরম যোগ কর)। তরুণ ক্ষতাদির উপর লাগান যায়। আবরক।

[চার্টা সাইন্যাপিস্এ লাইকর গটা পার্চা আছে।]

গছিপায়ম্—কটন্ উল (Gossypium or Cotton Wool)। বাঙ্গলা তুলা। (মাল্‌ভেছি জাতীয় গছিপায়াম বার্‌বাডেন্স্ নামক বৃক্ষের ফল। মধ্যস্থ উর্ণাবৎ পদার্থ)। পাইরক্‌সাইলিন বা গন কটন প্রস্তুত করিতে লাগে।

গাল্‌বেনম্ (Galbanum)। (অম্বেলিফেরি জাতীয় ফেরুলা গাল বানি ফ্লুয়া নামক বৃক্ষের নির্যাস বা গম্ রেজিন)। সবুজ মিশ্রিত হরিদ্রাবর্ণ, দুর্গন্ধ জমাট আঠাবৎ পদার্থ। কফনিঃসারক। মাত্রা—২—৫ গ্রেণ।

(১) এম্‌প্ল্যাষ্ট্রাম্ গ্যালবেনি (Emplastrum Galbani—Galbanum Plaster)। গ্যাল্‌বেনম, এমনায়েকম, এবং ইওলো ওয়াক্‌স্ প্রত্যেক ১ আং, এম্‌প্ল্যাষ্ট্রম প্লম্বাই ৮ আং)। বাঘির উপর দিলে উপকার হয়।

গুয়াইসাই লিগ্‌নম্—গুয়েকম উড (Guaiaci Lignum or Guaicum Wood)। নামান্তর,—Lignum Vitæ (জাইগোফাইলেছি জাতীয় গোয়েকম অফিসিনেল নামক বৃক্ষের সার কাষ্ঠের খণ্ড সকল। সেণ্ট ডমিন গো এবং জামেকা দ্বীপে জন্মে)। ঘর্ম্মকারক। পরিবর্ত্তক। শরীর সংশোধক। পুরাতন বাত রোগে উপকারক।

[কম্পাউণ্ড ডিককৃশন অব্ সারসাতে আছে।]

গুয়াইসাই রেজিনা—গোয়েকম রেজিন (Guaiaci Resina Guaiacum Resin)। উক্ত বৃক্ষ হইতে প্রাপ্ত ধুনার ন্যায় পদার্থ। উক্ত বৃক্ষের নির্যাস। সবুজবর্ণ গোলাকার খণ্ডাকারে।

(১) মিশ্চুরা গুয়াইসাই—গয়েকম মিকশ্চার (Mistura Guaiaci)।

(গয়েকম রেজিন ½ আং, চিনি ½ আং, গম একেশিয়া ¼ আং, ছিনামন ওয়াটার ১ পাইণ্ট)। মাত্রা—½—২ আং।

(২) টিংচুরা গুয়াইসাই এমনিয়েটা—এমনিয়েটেড্ টিংচার অব্ গোয়েকম (Tinctura Guaici Ammoniata)। (গোয়েকম রেজিন ৪ আং, এরমেটিক স্পীরিট অব্ এমনিয়া ১ পাইণ্ট। ৭ দিন ভিজাইয়া রাখ)। ঘর্ম্মকারক। মাত্রা—½—১ ড্রাম।

[পিল হাইড্রার্জ সব্‌ক্লোরকোতে গোয়েকম রেজিন আছে।]

গ্রানাটাই র‍্যাডিছিস্ কর্টেক্স্—পোম্‌গ্রানেট রুট বার্ক (Granati Radicis Cortex—Pome Granate Root Bark) বাঙ্গালা দাড়িম্বমূলের ছাল। (মিরটেছি জাতীয় পিউনিকা গ্রানেটম নামক বৃক্ষের মূলের ছাল)। ফিতার স্থায় ক্রিমিনাশক।

(১) ডিকক্টম গ্রানাটাই র‍্যাডিছিস্ (Decoctum Granati Radicis)। (পোমগ্রানেট রুট বার্ক ২ আং, জল ২ পাইণ্ট। সিদ্ধ করিয়া ১ পাইণ্ট থাকিতে নামাও)। মাত্রা—২—৪ আং।

গ্লুসাইডম্—গ্লুসাইড্ (Glusidum—Gluside) চলিত নাম Saccharin। (পাথুরিয়া কয়লার আলকাতরা হইতে প্রাপ্ত মিষ্ট দানা।) শাদা দানা, খুব মিষ্ট আস্বাদ। চিনির পরিবর্ত্তে ব্যবহৃত হয়।

গ্লাইছেরিনম্—গ্লাইছেরিন (Glycerinum—Glycerine)। (তৈল ও চর্ব্বি হইতে প্রাপ্ত তরল ও বর্ণহীন মিষ্ট দ্রব্য)।

ক্রিয়া—স্নিগ্ধকারক। পচননিবারক। মুখক্ষতে স্থানীয় প্রয়োগে উপকার হয়। মাত্রা—১—২ ড্রাম।

(১) সপোজিটোরিয়া গ্লাইছেরিনাই—গ্লাইছেরিন সপোজিটোরি (Suppositoria Glycerini)। (জিলাটিন ½ আং লইয়া ২½ আং গ্লাইছেরিনে গলাইয়া উত্তপ্ত করিয়া ১৫৬০ গ্রেণ ওজন থাকিতে নামাও। এবং ছাঁচে ঢালিয়া ১২০ গ্রেণ ওজনের ১, ১টী সপোজিটেরি তৈয়ার কর)। কোষ্ঠবদ্ধতায় গুহ্যদ্বারে প্রয়োগে উপকারী।

[গ্লাইছেরিনম এছিডই কার্ব্বলিছাই, গ্লাই-এমাইনি, গ্লাই এছিড ট্যানিক, গ্লাই এছিড গ্যালিক, গ্লাই এলুমিনিস, গ্লাই বোরাছিস, গ্লাই প্লমবাই সব এছেট গ্লাই ট্রাগাকান্থাতে গ্লাইছেরিন আছে। তদ্ভিন্ন লিনিমেণ্ট আইওডাইড, লিনিমেণ্ট পট আইড কম স্তাপোন, এক্‌ষ্ট্রা ছিংকোনি লিক, মেল্ বোরাছিস, পিল

এলোজ্ এট্মার, পিল রিয়াইকো, টীং কাইনো, পিল স্যাপমিস কো, অঙ্গুয়েণ্টম আইডাই এবং ল্যামিলি সকলে গ্লাইছেরিন আছে]।

গ্লাইছির হাইজি র্যাডিক্স্—লিকরাইচ্ রুট (Glycyrrhizæ Radix—Liquorice Root)। বাঙ্গালা—যষ্টিমধু। (লেগুমিনোসি জাতীয় গ্লাইছির হাইজা গ্লাব্রা নামক বৃক্ষের মূল। ভারতবর্ষে মুলতান প্রদেশে এবং ইংলণ্ডে জন্মে)।

গোলাকার, শাখাযুক্ত খণ্ড সকল। উপরে কটাবর্ণ, ভিতরে হরিদ্রাবর্ণ, কনিষ্ঠাঙ্গুলির ন্যায় স্থূল। চিম্‌ড়ে। মিষ্ট আস্বাদযুক্ত।

ক্রিয়া-স্নিগ্ধকারক। উগ্র কাশি দমন করে। মিষ্ট আস্বাদ জন্য কটু ঔষধের সঙ্গে ব্যবহার হয়।

(১) এক্‌ট্রাক্টম্ গ্লাইছির হাইজি—এক্‌ট্রাক্ট অব্ লিকরাইচ্ (Extractum *Glycyrrhizæ*)। (শীতল জলে মূল ভিজাইয়া সার বাহির করিয়া ঐ সার উত্তাপে ঘন করিয়া লও)। মাত্রা—৫—৬০ গ্রেণ।

[কন্‌ফ সেনি, ডিকক এলো কো, টীং এলোজ, এবং ট্রচি ওপিওতে আছে।]

(২) এক্‌ট্রাক্টম্ গ্লাইছির হাইজি লিকুইডম—লিকুইড্ এক্‌ট্রাক্ট্ অব্ লিকরাইচ্ (Extractum Glycyrrhizæ Liquidum)। (লিকরাইচ জলে ভিজাইয়া ঐ জল গাঢ় করিয়া ১·১৬ আপেক্ষিক গুরুত্ব হইলে উহাতে ⅕ অংশ রেক্‌টিফায়েড্ স্পীরিট মিশাও)। মাত্রা—১ ড্রাম।

[মিষ্ট সেনিকো, টিং ক্লোর এট মর্‌ফতে আছে।]

(৩) পল্‌ভিস্ গ্লাইছির হাইজি কম্পোজিটম—কম্পাউণ্ড পাউডার অব্ লিকরাইচ (Pulvis Glycyrrhizæ Co)। (ছেনা ২ আং, লিকরাইচ ২ আং, ফেনেল ১ আং, সাল্‌ফার ১ আং, চিনি ৬ আং)।

মৃদুবিরেচক। মাত্রা—৩০—৬০ গ্রেণ।

[কন্‌ফে টেরিবিন্থ্, ডিকক সারসা কো, ইন্‌ফি লিনি, পিল হাইড্রার্ এবং পিল ফেরি আইডতে লিকরাইচ আছে।]

চিরেতা (Chiretta)। বাঙ্গালা চিরেতা (জেন্‌সিয়ানেছি জাতীয় ও ফিলিয়া চিরাটা নামক বৃক্ষ। নেপাল দেশে জন্মে)।

মূল ৩ ইঞ্চ এবং গাছ আন্দাজ ৩ ফিট লম্বা, পেন্সের ন্যায় স্থূল, তিক্ত আস্বাদ। ক্ষুধা বৃদ্ধিকারক এবং তিক্ত বলকারক। সমস্ত গাছ ঔষধে ব্যবহার হয়।

(১) ইন্‌ফিউজম্ চিরেটি (Infusum Chirettæ)। (চিরেতা ½ আং, গরম জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)। মাত্রা—১—২ আং।

(২) টীংচুরা চিরেটি (Tinctura Chiratæ)। (চিরেতা ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাছিরেশন পার্‌কোলেশন)।

মাত্রা—½—২ ড্রাম।

ছিঙ্কোনি কর্টেক্স্—ছিঙ্কোনা বার্ক (Cinchonæ Cortex—Cinchona Bark)। (ছিঙ্কোনেছি জাতীয় নানাবিধ ছিঙ্কোনা বৃক্ষের ছাল। (১) ছিঙ্কোনা সকৃছি রুব্র (লোহিত ছিঙ্কোনা), (২) ছিঙ্কোনা ক্যালিশ্সায়া. (হরিদ্রা ছিঙ্কোনা), (৩) ছিঙ্কোনা অফিছিনালিস্ (পাণ্ডুবর্ণ ছিঙ্কোনা), (৪) ছিঙ্কোনা ল্যান্‌ছিফোলিয়া। এই সকল ছিঙ্কোনা বৃক্ষ আমেরিকার পেরুদেশে জন্মে, অধুনা এতদ্দেশে দার্জিলিং প্রদেশে রোপিত হইয়াছে। পেরুদেশে আদি জন্মস্থান বলিয়া ছিঙ্কোনা বার্ককে পেরুভিয়ান বার্কও বলে। বার্ক বলিতে সচরাচর ছিঙ্কোনা বার্ক বুঝায়)। ছিঙ্কোনা হইতে ছিঙ্কোনাইনি, ছিঙ্কোনাইডাইনি সাল্‌ফাস্, কুইনাইনি সাল্‌ফাস্ এবং কুইনাইনি হাইড্রোক্লোরাস প্রস্তুত হয়। ফার্‌মাকোপিয়ার ছিঙ্কোনা ঘটিত ঔষধ সকল ছিঙ্কোনা সকৃছি রুব্রা বা রেড বার্ক (লোহিত ছাল) হইতে প্রস্তুত হয়।

ছিঙ্কোনি রুব্রি কর্টেক্স্—রেড্ ছিঙ্কোনা বার্ক (Cinchonæ Rubræ Cortex—Red Cinchona Bark)। (ছিঙ্কোনা সকৃছি রুব্রা বা লোহিত ছিঙ্কোনা বৃক্ষের ছাল)। ভিতরদিকে দোমড়ান ⅛—¼ ইঞ্চ পুরু, উপরিভাগ কটাবর্ণ, ভিতরদিকে লোহিত বর্ণ। ভাল বার্কে শতকরা ৫—৬ অংশ ছিঙ্কোনাইডিন প্রভৃতি উপক্ষার থাকে।

গুণ :—পর্য্যায়নিবারক। পালাজ্বরে, ম্যালেরিয়া জ্বরে উপকারী। বলকারক (টনিক) এবং সঙ্কোচক। মাত্রা—১০—৬০ গ্রেণ (গুঁড়া)।

(১) ডিকক্টম্ ছিঙ্কোনি (Decoctum Cinchonæ)। (১¼ আং রেড ছিঙ্কোনা বার্ক ১ পাইণ্ট জলে ১০ মিনিট সিদ্ধ করিয়া, জুড়াইলে ছাঁকিয়া লও। এবং প্রয়োজন মত জল দিয়া ১ পাইণ্ট পূর্ণ কর।)

মাত্রা—১—২ আং।

(২) এক্‌ষ্ট্রাক্টম্ ছিঙ্কোনি লিকুইডম্—লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ ছিঙ্কোনা

(Extractum Cinchonæ Liquidum)। ২০ আং রেড্ ছিঙ্কোনা বার্ক, হাইড্রোক্লোরিক এছিড এবং গ্লাইছেরিন্ ও জল দ্বারা কাথ বাহির করিয়া ১ পাইন্ট পরিমাণে কর। ১০০ গ্রেণে ৫ গ্রেণ উপক্ষার থাকিবে এইরূপ পরিমাণে কর। কম বেশী হইলে জল ও স্পীরিট যোগ কর বা জ্বাল দিয়া আরও কম কর)।

মাত্রা—৫—১০ মিনিম।

(৩) ইন্‌ফিউজম ছিঙ্কোনি এছাইডম্—এছিড্ ইন্‌ফিউশেন অব্ ছিঙ্কোনা (Infusum Cinchonæ Acidum)। চলিত নাম,—Infusion Cinchona। (রেড ছিঙ্কোনা বার্ক চূর্ণ ½ আং, এরমেটিক সল্‌ফিউরিক এছিড ১ ড্রাম, ফুটন্ত জল ½ আং। ১ ঘণ্টা ভিজাইয়া রাখ)।

মাত্রা—১—২ আং।

(৪) টীংচ্যুরা ছিঙ্কোনি (Tinctura Cinchonæ)। (রেড বার্ক ৪ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ম্যাছিরেশন, পার্‌কোলেশন)।

মাত্রা—½—২ ড্রাম।

(৫) টীংচ্যুরা ছিঙ্কোনি কম্পোজিটা (Tinctura Cinchonæ Composita or Compound Tincture of Cinchona)। রেড বার্ক চূর্ণ ২ আং, বিটার অরেঞ্জ পিল ১ আং, সার্পেণ্টারি ½ আং, স্যাফ্রন ৫৫ গ্রেণ, কোচিনেল ২৮ গ্রেণ, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ম্যাছিরেশন; পার্‌কোলেশন)। মাত্রা—½—২ ড্রাম।

ছিঙ্কোনাইডাইনি সল্‌ফাস্—সল্‌ফেট্ অব্ ছিঙ্কোনাইডাইন (Cinchonidinæ Sulphas)। বর্ণহীন দানার আকারে তিক্ত আস্বাদ। জলে দ্রবণীয়। ক্রিয়া—কুইনাইনের ন্যায়। মাত্রা—১—১০ গ্রেণ।

ছিঙ্কোনাইনি সল্‌ফাস—সল্‌ফেট অব্ ছিঙ্কোনাইন (Cinchoninæ Sulphas)। মাত্রা—১—১০ গ্রেণ।

ছিনামোমাই কর্টেক্স্—ছিনামন বার্ক (Cinamomi Cortex—Cinamon Bark)। বাঙ্গালা দারুচিনি। (লরেছি জাতীয় ছিনামোম জিলানিকম নামক বৃক্ষের উপশাখা সকলের ভিতরকার ছাল। লঙ্কা দ্বীপে জন্মে)।

ক্রিয়া—ক্ষুধা বৃদ্ধিকারক এবং উদরাধ্মান নিবারক। চূর্ণের মাত্রা—১০—২০ গ্রেণ।

(১) একুয়া ছিনামোমাই—ছিনামন ওয়াটার (Aqua Cinamomi)। (২০ আং ছিনামন ২ গ্যালন জল দিয়া ১ গ্যালন চোয়াইয়া লও)।

মাত্রা—১—২ আং।

[মিষ্ট ক্রিটি, মিষ্ট গুয়াইসি, মিষ্ট স্পীরিট ভাইন গ্যালিসাইতে আছে।]

(২) ওলিয়ম ছিনামোমাই—অইল অব্ ছিনামন (Oleum Cinamomi)। (দারুচিনির তৈল)। মাত্রা—১—৪ মিনিম (চিনির সঙ্গে)।

(৩) স্পীরিটস্ ছিনামোমাই (Spiritus Cinamomi)। (অইল অব্ ছিনামম ১ আং, রেক্‌টিফায়েড্ স্পীরিট ৪৯ আং)।

মাত্রা—½—১ ড্রাম।

(৪) পল্‌ভিস্ ছিনামোমাই কম্পোজিটা—কম্পাউণ্ড পাউডার অব্ ছিনামম (Pulvis Cinamomi Composita)। চলিত নাম Pulvis Aromaticus। (ছিনামন ১ আং, জিঞ্জার ১ আং, কার্ডামম ১ আং)। মাত্রা—৩—১০ গ্রেণ।

[পিল এলোজ ফেরি, পিল ক্যাম্বোজাইকোতে আছে।]

(৫) টিংচ্যুরা ছিনামোমাই (Tinctura Cinamomi)। (ছিনামন ২½ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ১ পাইণ্ট। ম্যাছিরেশন, পার্‌কোলেশন)। মাত্রা—½—২ ড্রাম।

[ডিকৃষ্ট হিমাটক সাইলস্, ইন্‌ফি ক্যাটাচিউ, ভাইনাম ওপিয়াই, পল্‌ভ্ ক্যাটাকিউ কো, পল্‌ভ্ কাইনো কো, পল্‌ভ্ ক্রিট এরম, টিং কার্ডামম্, টিং ক্যাটাকিউ, টিং ল্যাভেণ্ডারে ছিনামন আছে।]

ছিমিছিফিউগি রাইজোমা (Cimicifugæ Rhizoma)। নামান্তর,—Actæ Racemosa Radix। (র‍্যানন্‌কিউলেছি জাতীয় ছিমিছিফিউগা রেসমোসা নামক বৃক্ষের আন্তর্ভৌমিক কাণ্ড)।

ক্রিয়া—হৃদয়ের বলকারক (Cardiac Tonic)। কফ নিঃসারক। তরুণ বাত, লাম্বেগো এবং ছায়েটিকাতে উপকার করে।

(১) একৃষ্ট্রাক্টম্ ছিমিছিফিউগি লিকুইডম্ (Extractum Cimicifugæ Liquidum)। (২০ আং টিংচার ছিমিছিফিউগা লইয়া উত্তাপে গাঢ় করিয়া পুনর্ব্বার রেক্‌টিফায়েড স্পীরিট যোগ করিয়া ২০ আং পূর্ণ কর)। মাত্রা—৩—১০ মিনিম্।

(২) টিংচ্যুরা ছিমিছিফিউগি। (Tincture Cimicifugæ)। ছিমিছিফিউগি ২২ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। পার্কোলেশন)।

মাত্রা—১৫—৬০ মিনিম্।

জুনিপেরি ওলিয়ম—অইল অব্ জুনিপার (Juniperi Oleum, Oil of Juniper)। (কনিফেরি জাতীয় জুনিপেরস কম্মিউনিস্ নামক বৃক্ষের ফল হইতে চোয়াইয়া প্রাপ্ত তৈল। ব্রীটিশ দ্বীপে জন্মে)।

ক্রিয়া—উত্তেজক, মূত্রকারক। মাত্রা—১—৪ মিনিম।

(১) স্পীরিটস্ জুনিপেরি (Spiritus Juniperi)। জুনিপার অইল ১ আং, রেক্টিফায়েড স্পীরিট ৪৯ আং)। মাত্রা—½—২ ড্রাম।

[মিশ্চুরা ক্রিয়াজোটিতে আছে]।

জিঞ্জিবার—জিঞ্জার (Zingiber, Zinger)। বাঙ্গালা শুঁঠী। (জিন্জিবেরেছি (আদা) জাতীয় জিঞ্জিবার অফিসিনেল নামক বৃক্ষের শুষ্ক আন্তর্ভৌমিক কাণ্ড। ভারতবর্ষে এবং জামেকা দ্বীপে জন্মে)। শুষ্ক, চিম্‌ড়ে, শক্ত হরিদ্রাভ শাদা খণ্ডাকারে। ঝাল আস্বাদ, বিশেষ গন্ধযুক্ত।

ক্রিয়া—উদরাধ্মান নিবারক, কলিক বেদনা নিবারক। আক্ষেপ নিবারক। মাত্রা—১০—২০ গ্রেণ।

(১) সিরূপস্ জিঞ্জিবেরিস্—সিরপ অব্ জিঞ্জার (Syrupus Zingibaris) ষ্ট্রং টিংচার জিঞ্জার ৬ আং, সিরপ ১৪ আং)। মাত্রা—১ ড্রাম।

(২) টীংচ্যুরা জিন্জিবেরিস্ (Tinctura Zingiberis)। (জিঞ্জার গুঁড়া ২২ আং, রেক্টিফায়েড স্পীরিট, ১ পাইণ্ট। ম্যাছি, পার্কোল)। মাত্রা—১৫—৬০ মিনিম।

(৩) টীংচ্যুরা জিন্জিবেরিস্ ফরটিয়র—ষ্ট্রং টিংচার অব জিঞ্জার (Tinctura Zingiberis Fortior)। চলিত নাম Essence of Ginger। (জিঞ্জার ১০ আং, রেক্টিফায়েড স্পীরিট ১ পাইণ্ট। কেবল পার্কোলেশন দ্বারা)। মাত্রা—৫—২০ মিনিম।

জেবরাণ্ডি (Jaborandi)।(রুটেসি জাতীয় পাইল কার্পস্ পেনাটি ফোলিয়স নামক বৃক্ষের শুষ্ক পত্র)। ইহার বীর্য্যের নাম "পাইল কার্পিন।"

ক্রিয়া—লালা নিঃসারক, ঘর্ম্মকারক, উত্তাপহারক, মূত্রকারক)।

মাত্রা—৫—৬০। "পাইল কার্পিন" দেখ।

(১) একষ্ট্রাক্টম্ জেবরাণ্ডি (Extractum Jaborandi)। (জেবরাণ্ডি ৫ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ম্যাছিরেশন, পার্কোলেশন)।

মাত্রা—½—১ ড্রাম।

(৩) ইন্‌ফিউজম জেবরাণ্ডি (Infusum Jaborandi)। (জেবরাণ্ডি ½ আং, ফুটন্ত জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)।

জেলাপা—জেলাপ (Jalapa—Jalap)। বাঙ্গালা জোলাপ। (কন্‌ভলভিউলেছি জাতীয় আইপমিয়া পর্গা নামক বৃক্ষের মূল। মেক্সিকো দেশে জন্মে)। ডিম্বাকার, পায়রার ডিম্বের মত আকৃতি বিশিষ্ট স্থূল মূল।

ক্রিয়া—বিরেচক। চূর্ণের মাত্রা—১০—৩০ গ্রেণ।

(১) একষ্ট্রাক্টম্ জেলাপি (Extractum Jalapæ)। (জেলাপের টিংচার ঘন করিয়া)। মাত্রা—৫—১৫ গ্রেণ।

(২) পল্‌ভিস্ জেলাপি কম্পোজিটা—কম্পাউণ্ড পাউডার অব্ জেলাপ (Pulvis Jalapæ Composita)। (জেলাপ ৫ আং, ক্রিম অব্ টার্টার ৯ আং, জিঞ্জার ১ আং)। মাত্রা—২০—৬০ গ্রেণ।

(৩) টীংচ্যুরা জেলাপি (Tinctura Jalapæ) (জেলাপ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ম্যাছি-পারকো)। মাত্রা—½—২ ড্রাম।

(৪) জেলাপি রেজিনা—রেজিন অব্ জেলাপ (Jalapæ Resina)। (জেলাপ হইতে প্রাপ্ত গঁদ)। বিরেচক। মাত্রা—২—৫ গ্রেণ।

[পল্‌ভ স্ক্যামনি কোতে জেলাপ আছে, পিল স্ক্যামনি কোতে জেলাপ রেজিন আছে।]

জেল্‌সিমিয়ম—ইওলো জ্যাচ্‌মাইন (Gelsimium—Yellow Jasmine)। (লোগানিয়েছি জাতীয় জেল্‌সিয়ম সেম্‌পার ভাইরেন্স্ নামক বৃক্ষের আন্তর্ভৌমিক কাণ্ড)। হরিদ্রাভ ধূসর বর্ণ, গোলাকার, বেগুনে বর্ণের ডোরাযুক্ত ক্ষুদ্র ক্ষুদ্র মূল সংযুক্ত। নিউর‍্যালজিয়া রোগে উপকারক। বেশী মাত্রায় বিষক্রিয়া করে।

মাত্রা—৫—৩০ গ্রেণ।

(১) একষ্ট্রাক্টম্ জেলসিমিয়াই এল্‌কোহলিকম (Alcoholic Extract of Gelsimium)। স্পীরিট এবং জল দ্বারা সার বাহির করিয়া ঐ সার গাঢ় করিয়া লইবে)। মাত্রা—½—২ গ্রেণ।

সতর্কতা :—(২ গ্রেণ মাত্রায় উচিত নহে)।

(২) টীংচ্যুরা জেল্‌সিমিয়াই (Tinctura Gelsemii)। (২½ আং জেল্‌সিমিয়ম, ১ পাইণ্ট প্রুফ স্পীরিট। ম্যাচি, পার্‌কো)। মাত্রা—৫—২০ মিনিম।

জেন্‌শিয়ানি রেডিক্স্—জেন্‌শিয়ান রুট্ (Gentianæ Radix, Gentian Root)। (জেন্‌শিয়ানেছি জাতীয় জেন্‌শিয়ানা নিউ-টিয়া নাম্‌ক বৃক্ষের মূল)। চিমড়া, শক্ত, কোঁকড়ান, হরিদ্রাভ, শুষ্ক গোলাকার মূল। খণ্ডাকারে পাওয়া যায়। ক্ষুধা বৃদ্ধিকারক, তিক্ত বলকারক। চূর্ণের মাত্রা—১০—৩০ গ্রেণ।

(১) একষ্ট্রাক্টম্ জেন্‌শিয়ানি (Extractum Gentianæ)। (জেনশিয়ান মূল জলে সিদ্ধ করিয়া সেই কাথ ঘন করিয়া লও)।

মাত্রা—২—১০ গ্রেণ।

(২) ইন্‌ফিউজম জেনশিয়ানি কম্পোজিটা—কম্পাউণ্ড ইন্‌ফিউশন্ অব্ জেনশিয়ান (Infusum Gentianæ Co)। (জেনশিয়ান রুট ৫৫ গ্রেণ, বিটার অরেঞ্জ পিল ৫৫ গ্রেণ, লিমন পিল ½ আং, ফুটন্ত জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)। মাত্রা—১—২ আং।

(৩) টীংচ্যুরা জিন্‌শিয়ানি কম্পোজিটা (Tinctura Gentianæ Composita)। (১½ আং জেন্‌শিয়ান, ⅝ আং বিটার অরেঞ্জ পিল, ⅛ আং কার্ডামম, ১ পাইণ্ট প্রুফ স্পীরিট। ম্যাছিরেশন, পারকোলেশন)।

মাত্রা—½—২ ড্রাম।

টাবাকিফোলিয়া—টোবাকো লিফ (Tabaci Folia—Tobacco Leaf)। (সোলানেছি জাতীয় নাইকো টায়ানা ট্যাবাকম নামক বৃক্ষের শুষ্ক পত্র)। ডিম্বাকার বড় বড় পত্র ঝাঁজযুক্ত। ইহাতে নিকটিন নামক বীর্য্য আছে। ঐ নিকটিন ভয়ানক বিষাক্ত পদার্থ। ৩ ফোটায় একটা কুক্কুর মরিতে পারে। নিকটিন দেখিতে তৈলবৎ।

ক্রিয়া—হৃদয়ের অত্যন্ত অবসাদক ; বমনকারক। প্রায় ব্যবহার হয় না।

ট্যামারিন্‌ডস্—ট্যামারিন্‌ড (Tamarindus—Tamarind)।

(বাঙ্গালা তেঁতুল। (লেগুমিনোসি জাতীয় ট্যামারিন্‌ডস্ ইণ্ডিকা নামক বৃক্ষের ফলের শাঁস)।

ক্রিয়া—মৃদুবিরেচক, পিপাসা নিবারক, স্নিগ্ধকারক। মাত্রা—½—১ আং।

[কন্‌ফেক্‌শন সেনাতে আছে।]

ট্যারাকশেষাইরেডিক্স—ড্যান্‌ডিলিয়ন রুট (Taraxaci, Radix, Dandelion Root)। (কম্পোজিটি জাতীয় ট্যারাক্সেকম ডেন্সলিওনিস্ নামক বৃক্ষের মূল। ইংলণ্ডে জন্মে)। ট্যারাক্সেকম মূল দেখিতে লম্বা, গোড়া হইতে নীচের দিকে ক্রমে সরু, শাখা বিশিষ্ট কাঁচা মূল কর্ত্তন করিলে দুধের ন্যায় রস বাহির হয়। ইহাতে ট্যারাক্সেসাইন্ নামক বীর্য্য আছে। উহার আস্বাদ তিক্ত।

ক্রিয়া—মৃদুবিরেচক, যকৃতের উপর অল্প ক্রিয়া করে (পিত্তনিঃসারক)। যকৃতের রক্তাধিক্য রোগে উপকারক।

প্রয়োগরূপ :—

(১) ডিকক্টম ট্যারাক্সেছাই (Decoctum Taraxaci)। (ট্যারাক্সেকম শুষ্ক মূল ১ আং, পরিস্রুত জল ১ পাইণ্ট। ১০ মিনিট সিদ্ধ কর)। মাত্রা—২—৪ আং।

(২) এক্‌ষ্ট্রাক্টম্ ট্যারাক্‌ছেছাই (Extractum Taraxaci)। (টাটকা ট্যার্যাক্সেকম মূলের রস উত্তাপে গাঢ় করিয়া)। মাত্রা—৫—৩০ গ্রেণ।

(৩) এক্‌ষ্ট্রাক্‌টম্ ট্যারাক্‌সেছাই লিকুইডম—লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট অব্ ট্যারাক্‌সেকম (Extractum Taraxaci Liquidum)। (৪০ আং শুষ্ক ট্যারাক্‌সেকম মূল ৮০ আং, প্রুফ স্পীরিট দিয়া ভিজাইয়া, ২০ আং চিপিয়া লও। অবশিষ্ট অংশ জল মিশাইয়া চিপিয়া উত্তাপ দ্বারা ২০ আং পরিমাণ কর। পরে পূর্ব্বোক্ত চেপা ২০ আং রসের সঙ্গে যোগ কর। সর্ব্বসাকল্যে ৪০ আং হইবে)। মাত্রা—½—২ ড্রাম।

(৪) সক্কস্ ট্যারাক্‌সেছাই (Succus Taraxaci)। (টাট্‌কা ট্যারাক্‌সেকামের রস লইয়া ৩ ভাগ রস ও ১ ভাগ রেক্‌টিফায়েড স্পীরিট যোগ কর)। মাত্রা—১—২ ড্রাম।

টেরিবিন্থিনি ক্যানাডেন্‌সিস্—ক্যানেডা টর্‌পেণ্টাইন (Terebinthinæ Canadensis) চলিত নাম,—Canada Balsam।

কনিফেরি জাতীয় পাইনস্ বালসামিয়া নামক বৃক্ষের নির্যাস। ক্যানেডা দেশে জন্মে।

ক্রিয়া—কফ নিঃসারক। মাত্রা—২০—৩০ গ্রেণ।

[চার্টা এপিস্ প্যাসটিকা এবং ফ্লেক্সিবল্ কলোডিয়ন এ আছে।]

টেরিবিন্থিনি ওলিয়ম—অইল অব্ টর্পেণ্টাইন (Terebinthinæ Oleum—Oil of Turpentine)। (কনিফেরি জাতীয় পাইনস্ টিডা, পাইনস্ সিল্‌ভেস্‌টিস্ এবং পাইনস্ পিনাষ্টার বৃক্ষের নির্যাস হইতে প্রাপ্ত টর্পেণ্টাইন বা ওলিও রেজিন হইতে চোয়ান তৈল। আমেরিকা এবং ফ্রান্সদেশে জন্মে)। বর্ণহীন, দাহ্য, বিকট তিক্তিরে আস্বাদ। এলকোহলে এবং ঈথরে দ্রব হয়। বাহিরে থাকিলে কতক অংশ উড়িয়া যায়। হাইড্রোক্লোরিক এছিড গ্যাস যোগে কর্পূর হয়। বৃক্ষের নির্যাস হইতে তৈল বাহির করিয়া লইলে যাহা অবশিষ্ট থাকে তাহার নাম রেজিন বা ধুনা। "রেজিন (Resin)" দেখ।

ক্রিয়া—বাহ্যিক প্রয়োগে চর্ম্মের প্রদাহকারক। ঔষধের মাত্রায় সেবনে উত্তেজক, মূত্রকারক, কৃমিনাশক। বেশী মাত্রায় সেবনে রক্ত প্রস্রাব হয় এবং মূত্রকৃচ্ছ্র হয়। উদরাধ্মান নিবারক।

মাত্রা—১০ মিনিম—৪ ড্রাম (চিনির সঙ্গে অথবা মিউছিলেজ যোগে)।

(১) কনফেক্‌শিও টেরিবিন্থিনি (Confectio Terebinthinæ)। (অইল অব্ টর্পেণ্টাইন ১ আং, লিকরাইচ গুঁড়া ১ আং, মধু ২ আং। একত্র মিশ্রিত কর)। মাত্রা—১—২ ড্রাম।

(২) এনিমা টেরিবিন্থিনি (Enema Terebinthinæ—Turpentine Enema)। (অইল অব্ টর্পেণ্টাইন ১ আং, মিউছিলেজ্ ষ্টার্চ ১৫ আং)।

(৩) লিনিমেণ্টম টেরিবিন্থিনি—টর্পেণ্টাইন লিনিমেণ্ট (Lenimentum Terebinthinæ)। (ক্যাম্ফর ১ আং, অইল অব্ টর্পেণ্টাইন ১৬ আং, সফ্‌ট্ সোপ্ ২ আং, পরিস্রুত জল ২ আং) বাত বেদনা স্থানে মালিস।

(৪) লিনিমেণ্টম টেরিবিন্থিনি এছেটিকম—এছেটিক লিনিমেণ্ট অব্ টর্পেণ্টাইন (Linimentum Terebinthinæ Aceticum)।

(অইল অব্ টরপেণ্টাইন ৪ আং, গ্লাসিয়াল এছেটিক এছিড ১ আং, লিনিমেণ্ট্ অব্ ক্যাম্ফর্ ৪ আং)।

(৫) আঙ্গুয়েণ্টম্ টেরিবিন্থিনি—অয়েণ্টমেণ্ট্ অব্ টার্পেণ্টাইন (Unguentum Terebinthinæ)। (অইল অব্ টর্পেণ্টাইন ১ আং, রেজিন্ ৫৪ গ্রেণ, ইওলো ওয়াক্স্ ½ আং, লার্ড ½ আং। উত্তাপ দ্বারা গলাও)। পুরাতন ক্ষতে উত্তেজক মলম।

টেরকার পাইলিগ্নম্—রেড সাণ্ডাল উড্ (Pterocarpi Lignum)। বাঙ্গালা, রক্তচন্দন কাষ্ঠ। (লেগুমিনোসি জাতীয় টেরকারপাস্ স্যানটালিনস্ নামক বৃক্ষের সার কাষ্ঠ। "টীং ল্যাভাণ্ডুলি কো"তে আছে)।

ট্রাগাকান্থা—(Tragacantha)। বাঙ্গলা কতিরা। (লেগুমিনোসি জাতীয় এষ্ট্রাগেলস গমিফার নামক বৃক্ষের আঠা। তুরুস্ক দেশে জন্মে)। অল্প চাকচিক্যশালী খণ্ডাকারে। সহজে গুঁড়া হয় না। স্বাদ ও গন্ধবিহীন। জলে গুলিলে মিউছিলেজ বা আঠাবৎ পদার্থ তৈয়ার হয়।

গুণ:—স্নিগ্ধকারক। গুঁড়া ঔষধ মিশাইবার জন্য ইহার মিউছিলেজ বা মণ্ড ব্যবহৃত হয়।

(১) গ্লাইছেরিনম ট্রাগাকান্থি (Glycerinum Tragacanthæ)। (ট্রাগাকান্থা ১১০ গ্রেণ, গ্লাইছেরিন্ ১ আং, জল ৭৪ গ্রেণ)।

ব্যবহার:—পিল প্রস্তুত করিতে লাগে।

(২) মিউছিলেগো ট্রাগাকান্থি (Mucilago Tragacanthæ—Mucillage of Tragacantha)। (ট্রাগাকান্থা চূর্ণ ৬০ গ্রেণ, রেক্টীফায়েড্ স্পীরিট্ ২ ড্রাম, পরিস্রুত জল ১০ আং)। বিস্‌মথ প্রভৃতি ভারি ঔষধ গুলিবার জন্য উপযোগী। মাত্রা—ইচ্ছামত।

(৩) পল্‌ভিস্ ট্রাগাকান্থি কম্পোজিটস্—কম্পাউণ্ড ট্রাগাকান্থা পাউডার (Pulvis Tragacanthæ Compositus)। (ট্রাগাকান্থা, গম একেশিয়া এবং ষ্টার্চ প্রত্যেক ১ আং, চিনি ৩ আং)। মাত্রা ২০—৬০ গ্রেণ। গণোরিয়া পীড়ায় স্নিগ্ধকারক।

ট্রাইনাইট্রাইনি লাইকর (Trinitrinæ Liquor)। "নাইট্রোগ্লিছেরিন্ (Nitroglycerine)" দেখ।

ডিজিটেলিস্ ফোলিয়া-ফক্স্গ্লোভ লিফ (Digitalis Folia Foxglove Leaf)। (স্ক্রোফিউলারিয়েছি জাতীয় ডিজিট্যালিস্ পর্পিউরিয়া নামক বৃক্ষের শুষ্ক পত্র। ইংলণ্ডে জন্মে)। সবুজবর্ণ, ডিম্বাকার বা বল্লমাকার ক্ষুদ্র বৃন্তযুক্ত পত্র। তিক্ত আস্বাদ, গন্ধহীন। ডিজিট্যালিস্ পত্র হইতে প্রাপ্ত বীর্য্যের নাম ডিজিট্যালিন্ (Digitaline)। ডিজিট্যালিন শাদা বর্ণের পাতলা দানাবৎ। তিক্ত আস্বাদ। জলে অল্প দ্রব হয়। স্পীরিটে সহজে দ্রব হয়। আর একটী বীর্য্যের নাম "ডিজিটক্সাইন।"

ক্রিয়া :—হৃদয়ের বলকারক এবং মূত্রকারক। বেশী মাত্রায় হৃদয়ের অবসাদ উৎপন্ন করিয়া মৃত্যু আনয়ন করে। ইহার বীর্য্য ডিজিটেলিন্ বিষাক্ত পদার্থ। হৃদ্পিণ্ডের নানাবিধ পীড়ায় ডিজিট্যালিস খুব উপকার করে। হৃদয়ের পীড়াবশতঃ শোথ রোগে মূত্রকারক হইয়া উপকার করে। হৃদয়ের ক্রিয়া দুর্ব্বল হইলে, নাড়ী অনিয়মিত এবং দুর্ব্বল হইলে ডিজিট্যালিস্ হৃদয় ও নাড়ী সবল করে। রক্তকাশে উপকারক। পত্রচূর্ণের মাত্রা ½—১½ গ্রেণ।

(১) ইন্ফিউজম্ ডিজিট্যালিস্ (Infusum Digitalis)। (ডিজিট্যালিস্ পত্র ২৮ গ্রেণ, ফুটন্ত জল ১০ আং। ১৫ মিনিট ভিজাও)। মাত্রা—২—৪ ড্রাম।

(২) টীংচ্যুরা ডিজিটেলিস্ (Tinctura Digitalis)। (ডিজিট্যালিস্ পত্র ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট্। ম্যাচিরেশন, পারকোলেশন)। মাত্রা—১০—৩০ মিনিম্।

থস্ আমেরিকেনম্-ফ্রান্কিন্‌ছেন্স্ (Thus Americanum Common Frankincense)। (কনিফেরি জাতীয় পাইনস্ প্যানেস্ট্রিস্ এবং পাইনস্ টিডা নামক বৃক্ষ হইতে প্রাপ্ত একপ্রকার ঘন টার্পেণ্টাইন্)। এম্প্ল্যাষ্ট্রম্ পাইছিস্ প্রস্তুতে লাগে। গুণ উত্তেজক।

থাইমল্ (Thymol)। (লেবিয়েটি এবং অম্বেলিফেরি জাতীয় থাইমস ভলগেরিস এবং ক্যারম এজোয়ান বা টাইকোটিস্ এজোয়ান (জোয়ান) নামক বৃক্ষের ফলের বারি তৈল হইতে প্রাপ্ত পদার্থ)। সুগন্ধ, বড় বড় দানাবৎ পদার্থ। জলে দ্রব হয়।

গুণ :—পচন নিবারক, দুর্গন্ধহারক। ২ আঃ জলে ১ গ্রেণ গুলিলে অতি উত্তম পচন নিবারক জল তৈয়ার হয়। তাহাতে পচা ক্ষতাদি ধৌত করিলে উপকার হয়। থাইমলের লোসন কার্ব্বলিক লোসন অপেক্ষা শ্রেষ্ঠ। পুরাতন সিষ্টাইটিস্ এবং ডিপ্থিরিয়া রোগে সেবনে উপকার হয়। জলে দ্রব করিয়া সেবন করিলে মুখের ভিতর জ্বালা করে। এজন্য বটিকাকারে দিবে। মাত্রা ½—২ গ্রেণ।

থিরিয়াকা-ট্রিয়াকেল (Thiriaca-Treacle)। বাঙ্গালা ঝোলা গুড়।

ব্যবহার :—পিল প্রস্তুতে লাগে। টীং ক্লোরফরম এট্ মর্ফাইনে আছে।

থিওব্রোমেটিস্ ওলিয়ম—অইল অব্ থিওব্রোমা (Theobromatis Oleum)। নামান্তর,—Cacao Butter। (থিওব্রোমা ক্যাকেও নামক বৃক্ষের ফল হইতে প্রাপ্ত তৈল। ঘন জমাট তৈল। কয়েকটী সপোজিটরি প্রস্তুতে ব্যবহার হয়)।

নক্স্ভমিকা (Nuxvomica)। বাঙ্গলা কুঁচিলা। লোগানিয়েছি জাতীয় ষ্ট্রীকনস্ নক্স্ভমিকা নামক বৃক্ষের ফলের বিচি। ভারতবর্ষে জন্মে)। নক্স্ভমিকা ফল গোলাকার, গাবের ন্যায়। পাকিলে লাল দেখায়।। ভিতরে শাঁস এবং তাহার মধ্যে চ্যাপ্টা শক্ত ৩।৪টী করিয়া বিচি থাকে। বিচিগুলির উপরে ছোট ছোট নরম শুঁয়া থাকে। আস্বাদ অত্যন্ত তিক্ত।

নক্স্ভমিকা হইতে ২টী উপক্ষার পাওয়া যায়।

(১) ষ্ট্রিকনিয়া (Strycnia) এবং (২) ব্রুসিয়া (Brucia)।

ক্রিয়া :—নক্স্ভমিকার বীর্য্য ষ্ট্রীকনিয়া ভয়ানক বিষাক্ত পদার্থ। নক্স্ভমিকা বা ষ্ট্রীকনিয়া অধিক মাত্রায় সেবনে ধনুষ্টঙ্কারের ন্যায় আক্ষেপ উপস্থিত করিয়া প্রাণনাশ করে। ঔষধের মাত্রায় নক্স্ভমিকা স্নায়বীয় বলকারক। বিবিধ প্রকার পক্ষাঘাত রোগে ইহা বিলক্ষণ উপকারী। নক্স্ভমিকা ক্ষুধাবর্দ্ধক এবং কাম বৃদ্ধিকারক। ইহা সেবনে মৈথুনেচ্ছা বৃদ্ধি হয়, এজন্য ধ্বজভঙ্গ রোগে উপকারক। মাত্রা, নক্স্ভমিকা পাউডার ½—৩ গ্রেণ।

(১) এক্স্ট্রাক্টম্ নিউছিস্ ভমিছি—এক্স্ট্রাক্ট্ অব্ নক্স্ভমিকা (Extractum Nucis Vomicæ)। (স্পীরিট্ দ্বারা নক্স্ভমিকার

সার বাহির করিয়া গাঢ় করিয়া প্রস্তুত হয়। শতকরা ১৫ ভাগ উপক্ষার (ষ্ট্রীকনিয়া এবং ব্রুসিয়া) থাকিবে)। মাত্রা—$\frac{1}{4}$—১ গ্রেণ।

(২) টীংচ্যুরা নিউছিস্ ভমিছি—টীংচার অব্ নক্স্ ভমিকা (Tinctura Nucis Vomicæ)। (এক্স্‌ট্রাক্ট্ নক্স্ ভমিকা ১৩৩ গ্রেণ, জল ৪ আং, রেক্‌টীফায়েড্ স্পীরিট্ ১৬ আং। একত্রে মিলাও)। [ষ্ট্রীক্‌নাইন্ দেখ]।

নাইট্রোগ্লিছেরিন্ (Nitroglycerine)। নামান্তর (Trinitrinæ)। গ্লিসেরিন্ এবং নাইট্রিক্ এছিড্ যোগে একরূপ পদার্থ। ইহার নিম্নলিখিত প্রয়োগরূপে সকল মাত্র ব্যবহৃত হয়। নাইট্রোগ্লিছে-রিনের ক্রিয়া এমিল নাইট্রাসের ন্যায়। এন্‌জাইনা পেক্টোরিস্ রোগে হিতকর।

প্রয়োগরূপ :—

(১) নাইট্রোগ্লিছেরিনাই ট্যাবেলি (ট্যাব্‌লেট অব্ নাইট্রোগ্লিছেরিণ্) (Nitroglycerini Tabellæ)। (চকোলেট দ্বারা প্রস্তুত। প্রত্যেক-টীতে $\frac{1}{100}$ গ্রেণ নাইট্রো গ্লিছেরিন্ আছে এবং প্রত্যেকের ওজন ২$\frac{1}{2}$ গ্রেণ)। মাত্রা—১—২ টী।

(২) লাইকর নাইট্রোগ্লিছেরিনাই (Liquor Nitroglycerini)। নামান্তর Solution of Trinitrin, Liquor Trinitrini, Liquor Glonoini, (নাইট্রো গ্লিছেরিন্ ১ অংশ, রেক্‌টীফায়েড্ স্পীরিট ৯৯ অংশ)। মাত্রা—$\frac{1}{2}$—২ মিনিম।

নেক্‌ট্যান্‌ড্রি কর্টেক্স্—বেবিরুবার্ক (Nectandræ Cortex—Bebeeru Bark)। লরেছি জাতীয় নেক্‌ট্যান্‌ড্রা রোডাইয়াই নামক বৃক্ষের ছাল)।

গুণ :—কুইনাইনের ন্যায় জ্বরে উপকারী।

(১) বেবিরাইনি সল্‌ফাস্—সাল্‌ফেট্ অব্ বেবিরাইন (Beberinæ Sulphus)। মাত্রা—১—১০ গ্রেণ।

পডোফাইলাই রাইজোমা—পডোফাইলম রাইজোম। Podophylli Rhizoma)। (র‍্যাননকিউলেছি জাতীয় পডোফাইলম পেল্‌টেটম্ নামক বৃক্ষের আন্তর্ভৌমিক কাণ্ড। আমেরিকার ইউনাইটেড্‌ষ্টেটে জন্মে। সহজ কথায় এই গাছকে আমেরিকান মে এপল্ বলে)। মূল

গুলি ২, ৩ ইঞ্চি লম্বা, কটাবর্ণ, গাইটযুক্ত সরু, ক্ষুদ্র ক্ষুদ্র উপমূল যুক্ত; লম্বালম্বি ভাবে দোমড়ান, ভঙ্গ প্রবণ, ভিতরে শাদা; ইহার গুঁড়ার বর্ণ হরিদ্রাভ, মিষ্ট গন্ধ এবং মিষ্ট উগ্র আস্বাদ।

ক্রিয়া—বিরেচক। যকৃতের রক্তাধিক্য রোগে উপকারক। গুঁড়ার মাত্রা—১০—২০ গ্রেণ।

পডোফাইলাই রেজিনা—রেজিন অব্ পডোফাইলম্ (Podophylli Resina)। চলিত নাম Podophyllin (স্পীরিট দ্বারা) পডোফাইলম মূলের কাথ বাহির করিয়া জলে ফেলিলে রেজিন অধঃস্থ হয়। উহা পরে শুকাইয়া লইতে হয়)। পডোফাইলম রেজিন অল্প সবুজবর্ণ গুঁড়া, রেক্‌টীফায়েড স্পীরিট এবং এমনিয়াম দ্রব হয়। ঈথরে খুব দ্রব হয়। মাত্রা—$\frac{1}{8}$—গ্রেণ (পিল)।

(১) টীংচ্যুরা পডোফাইলাই (Tinctura Podophylli)। পডোফাইলম রেজিন ১৬০ গ্রেণ, রেক্‌টীফায়েড স্পীরিট ১ পাইণ্ট। একত্রে মিশ্রিত কর)। মাত্রা—১৫—৬০ মিনিম।

পাইরেথ্রাই র‍্যাডিক্স্—পেলিটোরি রুট (Pyrethri Radix—Pellitory Root)। (কম্পোজিটি জাতীয় এনাকাইক্লস্ পাইরেথ্রম্ নামক বৃক্ষের শুষ্কমূল। বার্বারি এবং স্পেন দেশে জন্মে)। কনিষ্ঠাঙ্গুলির ন্যায় স্থূল, খণ্ডাকারে, কটাবর্ণ, মধ্যে মধ্যে কাল দাগ। ভাঙ্গিলে ভিতরেও কাল কাল দাগ দেখা যায়। চর্ব্বণ করিলে মুখ ধরে এবং লালাস্রাব হয়। ক্রিয়া—লালানিঃসারক। স্বরবদ্ধ রোগে, এবং মুখের পক্ষাঘাত রোগে উপকারক।

(১) টীংচ্যুরা পাইরেথ্রাই (Tinctura Pyrethri)। (পেলিটোরি রুট ৪ আং, রেক্‌টীফায়েড স্পারিট ১ পাইণ্ট। ম্যাচিরেশন, পারকোলেশন)। আভ্যন্তরিক প্রয়োগ নাই। মুখে কুলি করিলে লালা নিঃসারক।

পাইপার নাইগ্রম—ব্লাক পেপার (Piper Nigrum—Black Pepper)। বাঙ্গালা গোলমরিচ। (পাইপিরেছি জাতীয় পাইপার নাইগ্রম নামক বৃক্ষের কাঁচা শুষ্ক ফল। জাবা এবং সুমাত্রা দ্বীপে জন্মে)। ক্ষুদ্র, কালবর্ণের বৃন্তহীন, মাঝে মাঝে টোল খাওয়া ফল। ঝাল ও কটু আস্বাদ, সুগন্ধ। পাইপেরাইন নামক বীর্য্য বা

উপক্ষার এবং বায়বী তৈল আছে। পাকস্থলীর উত্তেজক, উদরাধ্মান নিবারক, ক্ষুধাবৃদ্ধি কারক। মাত্রা—১০—২০ গ্রেণ।

(১) কন্‌ফেক্‌শিও পাইপেরিস্ (Confectio Piperis) নামান্তর—Ward's Paste. (গোলমরিচ ২ আং, ক্যারওয়ে ফ্রুট ৩ আং, মধু ১৫ আং, অর্শরোগে সেবনে উপকারক)। মাত্রা—১—২ ড্রাম।

[কন্‌ফেক ওপিয়াই, পল্‌ভ ওপিয়াই কো তে পাইপার নাইগ্রম আছে।]

পাইক্রটক্সাইনম—পাইক্রটক্সিন (Picrotoxinum—Picrotoxin)। (মেনিস্‌পাব্‌মেছি জাতীয় ককুলস ইণ্ডিকস্ নামক বৃক্ষের বীজ হইতে প্রাপ্ত দানাবৎ পদার্থ)। বর্ণহীন, গন্ধহীন, তিক্ত দানা।

ক্রিয়া—অতি ঘর্ম্ম নিবারক। যক্ষ্মা কাশের অতি ঘর্ম্মে উপকারক।

মাত্রা—$\frac{1}{100}$—$\frac{1}{50}$ গ্রেণ।

পাইলোকার্‌পাইনি নাইট্রাস—নাইটেট্ অব্ পাইলোকার্পাইন (Pilocarpinæ Nitras—Nitrate of Pilocarpine)। (জ্যাব্রাণ্ডি হইতে প্রাপ্ত সার)।

ক্রিয়া—ঘর্ম্মকারক, লালনিঃসারক। হৃদয়ের অবসাদক, উত্তাপহারক। সাবধানে প্রয়োগ করিবে। মাত্রা—$\frac{1}{20}$—$\frac{1}{2}$ গ্রেণ।

পাইমেণ্টা—পাইমেন্‌টো (Pimenta—Pimento)। মিরটেছি জাতীয় ইউজিনিয়া পাইমেণ্টা নামক বৃক্ষের ফল)। চলিত নাম Allspice.

ক্রিয়া—উত্তেজক, উদরাধ্মান নিবারক।

(১) একুয়া পাইমেন্‌টি (Aqua Pimentæ)। (পাইমেনটো ১৪ আং, জল ২ গ্যালন, ১ গ্যালন চোঁয়াইয়া লও)। মাত্রা—১—২ আং।

(২) ওলিয়ম পাইমেন্‌টি (Oleum Pimentæ)। (পাইমেণ্ট বীজ হইতে প্রাপ্ত তৈল)।

মাত্রা—১—৪ মিনিম্ (চিনি বা গঁদের সঙ্গে)।

পাইনাই সিল্‌ভেষ্ট্রিস্ ওলিয়ম—ফার উল অইল (Pini Sylvestris Oleum—Fir Wool Oil)। (কনিফেরি জাতীয় (পাইনস্ সিল্‌ভেস্‌ট্রিস্ নামক বৃক্ষের পত্র হইতে চোয়ান তৈল)। বর্ণহীন, সুগন্ধ। গুণঃ-টর্‌পেন্‌টাইনের ন্যায়।

(১) ভেপর ওলিয়াই পাইনিসিল্‌ভেস্‌ট্রিস্ (Vapor Olei Pini Silvestris)। (৪০ মিনিম ফার উল অইল ২০ গ্রেণ লাইট কার্ব্বনেট্ অব্ ম্যাগ্‌নেশিয়ম এবং ১ আং জলের সঙ্গে মিশাইবে। তাহার ১ ড্রাম লইয়া উপযুক্ত পাত্রে স্থাপন করিয়া ½ পাইণ্ট শীতল জল এবং ½ পাইণ্ট গরম জল মিশাইয়া শ্বাসপথে লও। প্রতিবারে ৫ মিনিম মাত্র তৈল শ্বাসপথে লওয়া হয়)। কাশীর উগ্রতা দমন করে।

পাইরক্‌সাইলিন্—গন্‌কটন (Pyroxylin—Gun Cotton)। (সল্‌ফিউরিক্ এবং নাইট্রিক্ এছিড্ প্রত্যেক ৫ আং মিশাইয়া উহাতে ১ আং তুলা ভিজাইয়া ৩ মিনিট কাল রাখিয়া ঐ তুলা জলে ধৌত করিয়া শুকাইয়া লইলে গন্‌কটন তৈয়ার হয়।)

[তিনটী কলোডিয়ন প্রস্তুতে লাগে।]

পিক্‌স্ বর্‌গণ্ডিকা—বরগণ্ডিপিচ (Pix Burgundica)। (কনিফেরি জাতীয় পাইনস্ পাইছিয়া নামক বৃক্ষের ধুণাবৎ নির্যাস। সুইটজারর্লণ্ড দেশে জন্মে)।

(১) এম্‌প্ল্যাষ্ট্রম্ পাইছিস্—পিচপ্ল্যাষ্টার (Emplastrum Picis)। (বরগণ্ডি পিচ ২৬.আং, ফ্রান্‌কিন্‌ছেন্স ১৩ আং, রেজিন্ এবং ইওলো ওয়াক্‌স্ প্রত্যেক ৪½ আং, অইল অব্ নটমেগ ১ আং, অলিভ অইল ২ আং, জল ২ আং। একত্রে গলাও)। চর্ম্মের প্রদাহ উৎপাদক। উত্তেজক প্লাষ্টার।

[এম্‌প্ল্যাষ্ট্রম ফেরি প্রস্তুতে বর্‌গণ্ডি পিচ ব্যবহার হয়]।

পিক্স্ লিকুইডা—টার (Pix Liquida—Tar)। বাঙ্গালা,—আলকাতরা। (কনিফেরি জাতীয় নানাবিধ পাইন (দেবদারু) হইতে চোঁয়ান তরল নির্যাস বিশেষ। ইংলণ্ডে এবং ইউরোপে জন্মে)।

ব্যবহার :—নানা প্রকার খোস উঠা চর্ম্ম রোগে বাহ্যিক প্রয়োগে উপকার হয়।

(১) অংগুয়েণ্টম পাইছিস্ লিকুইডি—টার অয়েণ্টমেণ্ট (Unguentum Picis Liquidæ)। (ইওলো ওয়াক্স্ ২ আং, টার ৫ আং একত্রে গলাও)।

প্রুণম—প্রুণ (Prunum—Prune)। (রোজেছি জাতীয় প্রুণস্ ডোমেষ্টিকা নামক বৃক্ষের ফল। ফ্রান্সদেশে জন্মে)। লম্বা, শুষ্ক কৃষ্ণবর্ণ

টোল খাওয়া ফল। ফুলের আকৃতি। মৃদু বিরেচক। কন্‌ফেক্‌শন সিনা প্রস্তুতে ব্যবহার হয়। *

প্যাপাভেরিস্ ক্যাপসিউলি—পপি ক্যাপসিউল (Papaveris Capsulæ—Poppy Capsules)। বাঙ্গালা,—পোস্তঢেঁড়ি (প্যাপাভিরেছি জাতীয় প্যাপেভার সম্‌নি ফেরম নামক বৃক্ষের শুষ্ক সুপক্ক ফল। বাঙ্গালা,—পোস্ত গাছ। সিরিয়া ইজিপ্ট (মিসর) ভারতবর্ষ এবং ব্রিটেন দেশেও জন্মে)। এই ফল হইতেই ওপিয়ম বা আফিং হয়।

ক্রিয়া :—বেদনা নিবারক, নিদ্রাকারক। অহিফেনের ন্যায়।

(১) ডিকক্টম প্যাপাভেরিস্—ডিকক্‌শন্ অব্ পপি (Decoctum Papaveris)। (পপি ক্যাপসিউল ২ আং, পরিস্রুত জল ১½ পাইণ্ট। ১০ মিনিট সিদ্ধ কর এবং এক পাইণ্ট থাকিতে নামাও)। বেদনা স্থানে প্রয়োগ করিলে উপকার হয়।

(২) একষ্ট্রাক্টম্ প্যাপাভেরিস্ (Extractum Papaveris)। ১ গ্যালন বীজশূন্য পপি ক্যাপ্‌সিউলের ইন্‌ফিউশন করিয়া উত্তাপ দ্বারা ১ পাইণ্ট কর এবং ২ আং রেক্‌টীফায়েড স্পারিট যোগ করিয়া ছাঁক এবং উত্তাপ দ্বারা গাঢ় কর)। মাত্রা—২—৫ গ্রেণ।

(৩) সিরুপস্ প্যাপাভেরিস্—সিরপ অব্ পপি (Syrupus Papaveris)। (৩৬ আং পপি চূর্ণ ২ গ্যালন পরিস্রুত ফুটন্ত জল দিয়া ইন্‌ফিউশন কর। পরে উহা জলের ভাপে সিদ্ধ করিয়া মারিয়া ৩ পাইণ্ট কর। উহাতে ১৬ আং রেকটীফায়েড় স্পীরিট যোগ কর। পরে ছাকিয়া স্পীরিট চোয়াইয়া ফেলিয়া ২ পাইণ্ট পরিমাণ করিয়া ৪ পাউণ্ড চিনি যোগ কর)। মাত্রা—১ ড্রাম।

প্যারিরি র‍্যাডিক্স্—প্যারিরি রুট (Pareiræ Radix—Pareiræ Root)। (মেনিস্ পারমেছি জাতীয় ছিন্তাম্‌পেলস্ পেরিরা নামক বৃক্ষের মূল। ব্রেজিল দেশে জন্মে)। গোলাকার, ½ ইঞ্চ স্থূল, ৪ ইঞ্চ হইতে ৪ ফুট লম্বা। কটাবর্ণ কোঁকড়ান, ভাঙ্গিলে ভিতরে হরিদ্রাভবর্ণ। মিষ্ট মসলার আস্বাদ, পরে তিক্ত।

ক্রিয়া—মূত্রকারক। ক্রনিক সিষ্টাইটিস্ রোগে উপকারক।

(১) ডিকক্টম প্যারিরি (Decoctum Pareiræ)। (প্যারিরারুট চূর্ণ ১½ আং, ডিষ্টিল্ড ওয়াটার ১ পাইণ্ট। ১৫ মিনিট সিদ্ধ কর। পরে জল দিয়া ১ পাইণ্ট পূর্ণ কর)। মাত্রা—১—২ আং।

(২) এক্ষ্ট্রাক্টম প্যারিরি (Extractum Pareiræ)। (প্যারিরিরুট ১ পাউণ্ড, ফুটন্ত পরিশ্রুত জল ১ গ্যালন। কাথ বাহির করিয়া উত্তাপে ঘন কর)।

(৩) এক্‌ষ্ট্রাক্টম প্যারিরি লিকুইডম (Extractum Pareiræ Liquidum)। (প্যারিরা ১ পাউণ্ড, ফুটন্ত জল ১ গ্যালন। ফুটন্ত জলে ভিজাইয়া এক্‌ষ্ট্রাক্ট বাহির করিয়া উত্তাপে ঘন করিয়া ১৩ আং কর। পরে তাহাতে রেক্‌টীফায়েড স্পীরিট যোগ করিয়া ১৬ আং কর। ৪ ভাগে ১ ভাগ এক্‌ষ্ট্রাক্ট থাকিবে)। মাত্রা—½—২ ড্রাম।

ফারিনা ট্রিটিছাই—হুইটেন্ ফ্লোর (Farina Tritici—Wheaten Flour)। বাঙ্গালা গমের ময়দা। (গ্রামিনেছি জাতীয় ট্রিটিকম সাটাইভম নামক বৃক্ষের শস্যের গুঁড়া)। ক্যাটাপ্লাস্‌মা ফার্মেণ্টি প্রস্তুত করিতে লাগে।

ফাইজস্‌টিগ্‌মেটিস্ সিমেন—ক্যালাবার বিন (Physostigmatis Semen—Calabar Bean)। নামান্তর,—Physostigmatis Faba (লেগুমিনোসি জাতীয় ফাইজস্‌টীগ্‌মা ভেনিনোসম নামক বৃক্ষের বীজ। পশ্চীম আফ্রিকায় জন্মে)। বর্ব্বটীর ন্যায় গঠন ১ ইঞ্চ লম্বা, ½ ইঞ্চ পুরু। পৃষ্ঠদেশে একটা শির আছে এবং ১ প্রান্তে ১টী ছিদ্র আছে। বীজ ভাঙ্গিলে ডাইলের ন্যায়, দুই ভাগ হয়। খোঁসা শূন্যবীজ শ্বেতবর্ণ, সহজে গুঁড়া হয়। আস্বাদ ডাইল শস্যের ন্যায়। সুরা দ্বারা ইহার সারভাগ গৃহীত হয়। ক্যালাবার বিনের উপক্ষার বা বীর্য্যের নাম এছেরাইন (Eserine) এছেরাইন হরিদ্রাভ, আস্বাদ তিক্ত। কিয়ৎ পরিমাণে জলে দ্রব হয়। তদপেক্ষা ঈথর এবং এল্‌কোহলে দ্রব হয়।

ক্রিয়া :—অধিক মাত্রায় ক্যালাবার বিন বিষক্রিয়া করে। শ্বাসবদ্ধ হইয়া অথবা হৃদয়ের ক্রিয়া স্থগিত হইয়া মৃত্যু হয়। ইহা হৃদয়ের অবসাদক। ক্যালাবার বিন বা এছেরাইনের সল্যুসন চক্ষে দিলে চক্ষুকণিকা সঙ্কুচিত হয়। চক্ষু ক্ষত প্রভৃতি রোগে এছেরাইন বা ক্যালাবার বিনের ফোট উপকারক। এট্র-

পিন এবং বেলেডোনা চক্ষে দিলে চক্ষুকণিকা প্রসারিত হয়, এজন্য এট্রপিন এবং ক্যালাবার বিনের ক্রিয়া বিপরীত ধর্ম্ম বিশিষ্ট। কোরিয়া, টেটেনস্ প্রভৃতি রোগে ক্যালাবার বিন উপকারক হইয়াছে।

মাত্রা—১—৪ গ্রেণ (গুঁড়া)।

প্রয়োগরূপ :—

(১) এক্ষ্ট্রাক্টম্ ফাইজস্টিগ্‌মেটিস্ (Extractum Physostigmatis)। (রেক্‌টীফায়েড স্পীরিট দ্বারা ক্যালাবার বিনের টীংচার তৈয়ার করিয়া উহা উত্তাপ দ্বারা গাঢ় করিয়া)। মাত্রা—$\frac{1}{16}$—$\frac{1}{4}$ গ্রেণ (বটিকা)।

ফাইজস্টিগ্‌মিনা—ফাইজস্টিগ্‌মাইন বা এছেরাইন (Physostigmine or Eserine)। ক্যালাবার বিন হইতে প্রাপ্ত বীর্য্য।

(১) ল্যামেলি ফাইজস্টিগ্ মিনি—ডিস্ক অব্ ফাইজস্টীগ্‌মাইনা (Lamellæ Physostigminæ, Disc of Physostigmine)। (জিলাটিন গ্লিসেরিণ এবং এছেরাইন দ্বারা প্রস্তুত চাক্তি। প্রত্যেকের ওজন $\frac{1}{50}$ গ্রেণ এবং প্রত্যেকটীতে $\frac{1}{1000}$ গ্রেণ এছেরাইন আছে)। চক্ষুকণিকা সঙ্কোচনার্থ চক্ষে স্থানীয় প্রয়োগ।

ফিকস্—ফিগ (Ficus—Fig)। মোরেছি জাতীয় ফিকস ক্যারিকা বা ফিগ বৃক্ষের শুষ্ক ফল)। মৃদু বিরেচক। কন্‌ফেক্‌শন ছেনা প্রস্তুত করিতে ব্যবহার হয়।

ফিলিক্স্ মাস্—মেল্ ফারণ (Filix Mass, Male Fern)। (ফিলিসেস্ জাতীয় এস্‌পিডিয়ম ফিলিক্স্ মাস নামক বৃক্ষের ডগ এবং মূল)। ইংলণ্ডে জন্মে।

ক্রিয়া—ফিতার ন্যায় ক্রিমিনাশক।

(১) এক্‌ষ্ট্রাক্টম্ ফিলিছিস্ লিকুইডম্—লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট অব্ মেল ফারণ (Extractum Filicis Liquidum)। (ঈথরের দ্বারা মেল ফারণ সার নিষ্কাসিত করিয়া ঐ সার ঘন করিয়া লইতে হয়)।

মাত্রা—১৫—৩০ মিনিম (মিউসিলেজ সঙ্গে)।

ফিনিকিউলাই ফ্রুক্টস্—ফেনেল ফ্রুট (Fœniculi Fructus—Fennel Fruit)। (অম্বলিফেরি জাতীয় ফিনিকিউলম ভল্‌গেয়ার নামক বৃক্ষের শুষ্ক ফল। ইংলণ্ডে জন্মে)। ক্ষুদ্র ক্ষুদ্র বীজবৎ। ডিম্বাকার, কটাবর্ণ, একটা ঠোঁটযুক্ত।

ক্রিয়া—উদরাধ্মান নিবারক, আক্ষেপ নিবারক।

(১) একুয়া ফিনিকিউলাই (Aqua Fœniculi)। (ফেনেল্ ফল ১ পাইণ্ট, জল ২ গ্যালন। ১ গ্যালন চোঁয়াইয়া লও)।

মাত্রা—১—৩ আং।

বাল্সামম্ পেরুভিয়েনম্—বাল্সাম অব্ পেরু (Balsamum Peruvianum—Balsam of Peru)। (লেগুমিনোসি জাতীয় মাইরকসাইলন পেরিরি বৃক্ষের গুঁড়ি হইতে প্রাপ্ত তরল আঠাবিশেষ। আমেরিকার সাল্ভেডর প্রদেশ হইতে)। চিটা গুড়ের ন্যায় পদার্থ। সুগন্ধ, তিক্ত মসলাবৎ আস্বাদ। ৫ অংশ রেক্টিফায়েড স্পীরিটে দ্রব হয়।

ক্রিয়া—উত্তেজক কফনিঃস্বারক। পুরাতন ব্রঙ্কাইটীস রোগে উপকারক।

মাত্রা—১০—১৫ মিনিম (মিউছিলেজ সহিত)।

বাল্সামম্ টলুটেনম্—বাল্সাম অব্ টলু (Balsamum Tolutanum—Balsam of Tolu)। (মাইবক্সাইলন্ টলুইফেরম্ নামক বৃক্ষের গুঁড়ি হইতে প্রাপ্ত নির্য্যাস। মধ্য আমেরিকা দেশে পাওয়া যায়।) রেজিন্বৎ ঘন জমাট পদার্থ। রক্তিমাবর্ণ। সুগন্ধ উত্তাপে নরম হয়। এল্কোহল, ঈথর্ এবং রেক্টীফায়েড স্পীরিটে দ্রব হয়।

ক্রিয়া :—কফনিঃসারক। মাত্রা, ১০—২০ গ্রেণ (মিউছিলেজ সহিত)।

(১) সিরুপস্ টলুটেনস্—সিরপ্ অব্ টলু (Syrupus Tolutanus)। (বালসাম অব্ টলু ১½ আং, ডিষ্টিল্ড্ ওয়াটার ১ পাইণ্ট, চিনি ২ পাউণ্ড)। মাত্রা ১ ড্রাম।

(২) টীংচুয়া টোলুটেনা (Tinctura Tolutana)। (বাল্সাম্ টলু, ২½ আং, রেক্টীফায়েড্ স্পীরিট ১ পাইণ্ট্)। মাত্রা ২০—৪০ মিনিম।

[পিল কম্ফোরি এবং টীং বেঞ্জোইন্ কোতে টলু বাল্সাম এবং মর্ফাইন্, ট্যানিক্ এছিড্, ওপিয়ম্, মর্ফাইন্ ও ইপিকাক্ লোজেঞ্জতে টীং টলু আছে]।

বেবিরাইনি সাল্ফাস্—সাল্ফেট্ অব্ বেবিরাইন্ (Beberinæ Sulphas—Sulphate of Beberine)। নেক্টান্ড্রা কর্টেক্স্ দেখ।

বেলিফ্রুক্টস্—বেলফ্রুট্ (Belæ Fructus—Bæl-Fruit) বাঙ্গলা বেল। (অরান্‌টিয়েছি জাতীয় ঈগল মার্‌মিলস্ নামক বৃক্ষের অর্দ্ধ-পক্ক শুষ্ক ফল। ভারতবর্ষে জন্মে)। গোলাকার, বড় বড় কমলালেবুর অপেক্ষাও বড়। উপরে কটাবর্ণ, ভিতরে হরিদ্রাভ। নরম শাঁসা-যুক্ত। উহার ভিতরে গর্ত্ত সাজান আছে এবং তাহার ভিতরে সার গাঁথা বিচি আছে। ঐ বিচির চতুর্দ্দিকে আঠা থাকে।

গুণ :—আমাশয় ও উদরাময়ে উপকারী।

(১) এক্‌ষ্ট্রাক্টম্ বেলি লিকুইডম্—লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেল্ (Extractum Belæ Liquidum)। (১ পাউণ্ড্ বেল ১২ পাইন্ট্ শীতল পরিস্কৃত জলে গুলিয়া জাল দিয়া ১৪ আউন্স্ কর এবং তাহাতে ৩ আং রেক্‌টীফায়েড স্পীরিট যোগ কর)।

মাত্রা—১—২ ড্রাম।

বেলাডোনি ফোলিয়া—বেলেডোনা লিফ (Belladonnæ Folia—Belladonna Leaf)। (সোলানেছি জাতীয় এট্রোপা বেলেডোনা নামক বৃক্ষের টাট্‌কা ক্ষুদ্র ক্ষুদ্র প্রশাখা সহিত শুষ্ক পত্র এবং আলাহিদা শুষ্ক পত্র। ব্রাটিস্ দ্বীপে জন্মে)।

বেলাডোনি রাডিক্স্—বেলেডোনা রুট (Belladonnæ Radix—Belladona Root)। (উক্ত বৃক্ষের শুষ্ক মূল)। পত্রগুলি ৩—৬ ইঞ্চ্ লম্বা, ডিম্বাকার, মসৃণ। মূলগুলি ১—২ ফুট লম্বা। ½—২ ইঞ্চ্ পুরু। গোড়া হইতে ক্রমশঃ সরু এবং শাখাযুক্ত, বর্ণ কটা।

বৃক্ষের সকল অংশে এট্রোপাইন্ (Atropine) নামক উপক্ষার বা বীর্য্য আছে। এট্রোপাইন্ শাদা দানার আকারে পাওয়া যায়। জলে এবং ক্লোর-ফরমে এবং এলকোহলে দ্রব হয়।

ক্রিয়া :—বেলেডোনা অহিফেনের ন্যায় যন্ত্রণা নিবারক, নিদ্রাকারক। অধিক মাত্রায় বিষাক্ত হয়। বিষাক্ত হইলে মুখ শুষ্ক হয়, চক্ষুকণিকা অত্যন্ত প্রসারিত হয় এবং রোগী প্রলাপ বকিতে থাকে। পরে হস্ত পদের কম্পন, অচৈতন্যাবস্থা এবং মৃত্যু ঘটে। বেলেডোনার সমস্ত গুণ এট্রোপাইন হইতে উৎপন্ন। কোষ্ঠবদ্ধতা রোগে বেলেডোনা উপকারী। এজ্‌মা রোগে আক্ষেপ-যুক্ত কাশরোগে এবং নানা আক্ষেপযুক্ত ব্যাধিতে বেলেডোনা আক্ষেপ নিবারক। অতি ঘর্ম্মনিবারক। যক্ষাকাসের অতিঘর্ম্মে বেলেডোনা উপকারক। শিশু-

দিগের মূত্র ধারণা ক্ষমতারোগে, প্যারাপ্লেজিয়া রোগে এবং লালাস্রাব রোগে উপকারী। ইহার বীর্য্য এট্রোপাইন্ চক্ষুকণিকা প্রসারণ গুণ জন্য নানা চক্ষু-রোগে ব্যবহৃত হয়।

পত্র হইতে :—

(১) একষ্ট্রাক্টম্ বেলেডোনি (Extractum Belladonnæ)। (বেলা-ডোনা পত্র হইতে প্রাপ্ত সার)। মাত্রা—½—১ গ্রেণ।

(২) সকস্ বেলাডোনি—জুস্ অব্ বেলেডোনা (Succus Belladonnæ)। (টাট্‌কা বেলেডোনা পত্রের রস বাহির করিয়া উহাতে রসের অর্দ্ধেক পরিমাণ রেক্‌টীফায়েড স্পীরিট যোগ কর)। মাত্রা ৫—১৫ মিনিম্।

(৩) টীংচ্যুরা বেলাডোনি (Tinctura Belladonnæ)। (বেলাডোনা শুষ্কপত্র ১ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচিরেশন্, পার্‌কোলেশন। মাত্রা—৫—২০ মিনিম্।

মূল হইতে :—

(৪) একষ্ট্রাক্টম্ বেলাডোনি এল্‌কোহলিকম্—এল্‌কোহলিক্ একষ্ট্রাক্ট্ অব্ বেলেডোনা (Extractum Belladonnæ Alcoholicum)। (শুষ্ক বেলেডোনা মূলের টিংচার ঘন করিয়া)। মাত্রা—$\frac{1}{১৬}$—¼ গ্রেণ।

(৫) এমপ্ল্যাষ্ট্রম্ বেলেডোনি—বেলেডোনা প্ল্যাষ্টার (Emplastrum Belladonnæ (সোপপ্ল্যাষ্টার ৮ আং, রেজিন্ প্ল্যাষ্টার ৮ আং, এল্‌কোহলিক একষ্ট্রাক্ট্ অব্ বেলেডোনা ৪ আং। জলের ভাপে গলাও)। প্যাল্‌পিটেসন রোগে হৃদয়ের উপর স্থানীয় প্রয়োগে উপকার করে। বেদনা স্থানে প্রয়োগে বেদনা নিবারণ হয়।

(৬) লিনিমেণ্টম্ বেলেডোনি (Linimentum Belladonnæ)। (বেলে-ডোনা মূল চূর্ণ ২০ আং, রেক্‌টীফায়েড্ স্পীরিট ৩০ আং, কর্পূর ১ আং)। বেদনা স্থানে মালিস করা যায়।

(৭) আঙ্গুয়েণ্টম্ বেলেডোনি—বেলেডোনা অয়েণ্টমেণ্ট (Unguentum Belladonnæ)। (এল্‌কোহলিক একষ্ট্রাক্ট্ অব্ বেলেডোনা ৫০ গ্রেণ, বেন্‌জোয়েটেড্ লার্ড ১ আং)। তরুণ প্রদাহযুক্ত স্থানে লাগাইলে প্রদাহের দমন হয়। বেদনা স্থানে মালিসে উপকারক।

অসম্মিলন :—বেলাডোনা এবং এট্রোপাইনের সহিত কষ্টিক্ সোডা, কষ্টিক্ পটাশ প্রভৃতি ক্ষার দ্রব্য মিশাইলে উহাদের গুণ নষ্ট হয়, কিন্তু বাইকার্ব্বনেট্ অব্ সোডা এবং বাই কার্ব্বনেট্ অব্ পটাশের সঙ্গে মিলান যায়।

বেন্‌জইনম্—বেন্‌জইন্ (Benzoinum—Benzoin)। (ষ্টাই-রেছি জাতীয় ষ্টাইরাক্স্ বেঞ্জোইন্ নামক বৃক্ষের নির্যাস। সুমাত্রা এবং বর্ণিও দ্বীপ ও সায়াম দেশ হইতে)। অল্প রক্তিমাভ শ্বেতবর্ণ পদার্থ। সুগন্ধবিশিষ্ট, স্বাদবিহীন। এল্‌কোহল এবং লাইকর পটাশিতে দ্রব হয়। ইহা হইতে বেঞ্জোইক এছিড্ (Benzoic Acid) পাওয়া যায়।

ক্রিয়া—কফনিঃস্বারক, পুরাতন ব্রঙ্কাইটিস্ রোগে উপকারক।

(১) টীংচ্যুরা বেন্‌জইনি কম্পোজিটম্ (কম্পাউণ্ড টীংচার অব্ বেন্‌জইন (Tinctura Benzoini Composita) চলিত নাম,—Friar's Balsam)। বেন্‌জইন ২ আং, ষ্টোরাক্স ১½ আং বালসাম্ টলু ½ আং, সকোট্রিন এলোজ ১৬০ গ্রেণ, রেক্‌টীফায়েড স্পীরিট সমষ্টিতে ১ পাইণ্ট)। পুরাতন ব্রঙ্কাইটিস্ রোগে উপকারক। তরুণ ক্ষতে বাহ্যিক প্রয়োগ আবরক হইয়া উপকার করে।

বেন্‌জইক এছিড্—এছিডম বেন্‌জইকম দেখ। [বেন্‌জোয়েটেড্ লার্ড, অংগুয়েণ্টম ছিটাছিতে বেন্‌জইন আছে]।

বুকুফোলিয়া—বুকুলিক (Buchu Folia—Buchu Leaves)। (ব্যারস্‌মা বেটুলিনা, ব্যারসমা ক্রেনুলেটা এবং ব্যারসমা সিরাটিফোনিয়া নামক বৃক্ষের শুষ্ক পত্র। উত্তমাশা অন্তরীপে (Cape of good Hope) জন্মে। অল্প সবুজবর্ণ, মসৃণ, কর্পূরের ন্যায় আস্বাদ এবং গন্ধযুক্ত। মধ্যে মধ্যে দাগ আছে।

ক্রিয়া—মূত্রকারক। পত্রচূর্ণের মাত্রা—১০—৩০ গ্রেণ।

(১) ইন্‌ফিউজম্ বুকু (Infusum Buchu)। (বুকুপত্র চূর্ণ ½ আং, ফুটন্ত জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)। মাত্রা—১—৪ আং।

(২) টীংচ্যুরা বুকু (Tinctura Buchu)। (বুকুপত্র ২½ আং প্রুফস্পীরিট ১ পাইণ্ট। ম্যাচিরেশন, পার্‌কোলেশন)। মাত্রা—১—২ ড্রাম।

ভ্যালিরিয়ানি রাইজোমা—ভ্যালিরিয়ান রাইজোম (Valerianæ Rhizoma, নামান্তর Valerianæ Radix)। (ভ্যালিরিয়ানেছি জাতীয় ভ্যালিরিয়ানা অফিছিনালিস নামক বৃক্ষের শুষ্ক মূল। ইংলণ্ডে জন্মে)। নানা শাখাযুক্ত স্থূল মূল। শাখাগুলি ২, ৩ ইঞ্চ লম্বা। অল্প

হরিদ্রাভ কটাবর্ণ। দুর্গন্ধযুক্ত, এবং উগ্র তিক্ত, কর্পূরবৎ আস্বাদ। ইহাতে এক রকম বায়ী তৈল এবং ভ্যালিরিয়ানিক এছিড আছে।

ক্রিয়া—আক্ষেপ নিবারক। হিষ্টিরিয়া এবং হিষ্টিরিয়া জনিত নানাবিধ পীড়ায় বিশেষ উপকারক। মূল চূর্ণের মাত্রা—১০—৩০ গ্রেণ।

(১) ইন্‌ফিউজম ভ্যালিরিয়ানি (Infusum Valerianæ)। (ভ্যালিরিয়ান রাইজোম $\frac{1}{8}$ আং, ফুটন্ত জল ১০ আং। ১ ঘণ্টা ভিজাও)।

(২) টীংচ্যুরা ভ্যালিরিয়ানি (Tinctura Valeranæ)। (ভ্যালিরিয়ান রাইজোম চূর্ণ ২$\frac{1}{2}$ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচিরেশন, পার্‌কোলেশন। মাত্রা—১—২ ড্রাম।

(৩) টীংচ্যুরা ভ্যালিরিয়ানি এমনিয়েটা (Tinctura Valerianæ Ammoniata)। (ভ্যালিরিয়ান্ রাইজোম্ চূর্ণ ২$\frac{1}{2}$ আং, এরমেটিক স্পীরিট অব্ এমোনিয়া ১ পাইণ্ট। ৭ দিন ভিজাইয়া রাখ)। উত্তেজক, আক্ষেপ নিবারক। মাত্রা—$\frac{1}{2}$—১ ড্রাম।

ভেরাটাই ভিরিডিস্ রাইজোমা (Veratri Viridis Rhizoma)। নামান্তর,—Veratri Viridis Radix ; Green Hellebore Root। (গ্রীণ হেলিবোর মূল)। (মেলনথেসি জাতীয় ভেরাট্রম ভাইরাইড্ নামক বৃক্ষের আন্তর্ভৌমিক কাণ্ড। আমেরিকার ইউনাইটেডষ্টেট, এবং ক্যানেডা রাজ্যে জন্মে)। আন্তর্ভৌমিক কাণ্ডটি স্থূল এবং নরম। তাহা হইতে শাখা প্রশাখা নির্গত হইয়াছে। বিকট আস্বাদ। মুখ ধরে।

ক্রিয়া—হৃদয়ের অত্যন্ত অবসাদক। তরুণ জ্বর, একুাট রিউম্যাটিজম এবং তরুণ প্রদাহযুক্ত ব্যাধিতে উপকার করে। অধিক মাত্রায় হৃদয়ের অত্যন্ত অবসাদ উৎপন্ন করে।

(১) টিংচ্যুরা ভিরাট্রাই ভিরিডিস্ (Tinctura Veratri Viridis)। (ভেরাট্রাই ভিরিডিস্ মূল চূর্ণ ৪ আং, রেক্‌টীফায়েড স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচি, পার্‌কল)। মাত্রা—৫—২০ মিনিম।

ভেরাট্রাইনা—ভেরাট্রাইন (Veratrina—Veratrine)। নামান্তর,—Veratria (মোলানথেসি জাতীয় ছিবাডেলা বৃক্ষের ফল হইতে প্রাপ্ত উপক্ষার। মেক্‌সিকো দেশে জন্মে)। ধূসরবর্ণ গুঁড়া।

জল মিশ্রিত এছিড এবং এল্‌কোহলে দ্রবণীয়। আভ্যন্তরিক প্রয়োগ নাই।

(১) অংগুয়েণ্টম ভেরাট্রাইনি—অয়েণ্টমেণ্ট অব্ ভেরাট্রিয়া (Unguentum Veratrinæ)। ভেরাট্রাইনা ৮ গ্রেণ, অলিভ অয়েল ১ ড্রাম; সফ্‌ট প্যারাফিন ¼ আং, হার্ড প্যারাফিন ½ আং, একত্রে গলাও)।

গুণ :—স্থানীয় স্পর্শহারক। স্নায়ুশূল রোগে মালিস।

মর্‌ফাইনি এছিটাস্—এছিটেট্ অব্ মর্‌ফাইন (Morphinæ Acitas) (অহিফেন হইতে প্রাপ্ত মর্‌ফাইন্ এবং এছেটিক্ এছিড)। শ্বেতবর্ণ গুঁড়ার আকারে। জলে এবং এলকোহলে দ্রব হয়। নিদ্রাকারক, বেদনা নিবারক, মাত্রাধিক্যে অহিফেনের ন্যায় বিষাক্ত। অচৈতন্যাবস্থা আনয়ন করিয়া প্রাণনাশ করে। মাত্রা—⅛—½ গ্রেণ।

(১) লাইকর মর্‌ফাইনি এছিটেটিস্ (Liquor Morphinæ Acetatis)। (এছিট্ অব্ মর্‌ফাইন্ ৯ গ্রেণ, পরিস্রুত জল ১২ ড্রাম্, রেক্‌টীফায়েড্ স্পীরিট ৪ ড্রাম্, ডাইলুট এছেটিক্ এছিড ১৮ মিনিম্)। ১০০ ভাগে ১ ভাগ মর্‌ফিয়া এছিটেট্। মাত্রা—১০—৬০ মিনিম্।

(২) ইঞ্জেক্‌শিও মর্‌ফাইনি হাইপোডার্মিকা—হাইপোডার্মিক্ ইঞ্জেক্‌শন অব্ মর্‌ফাইন (Injectio Morphinae Hypodermica)। (২ আং জলে ৯২ গ্রেণ হাইড্রোক্লোরেট্ অব্ মর্‌ফাইন দ্রব করিয়া তাহাতে একটু লাইকর্ এমোনিয়া যোগ করিলে সমুদয় মর্‌ফাইন্ অধঃস্থ হইবে, ঐ অধঃপাতিত পদার্থ লইয়া জলে গুলিয়া অল্প এছেটিক্ এছিড যোগ করিয়া সমষ্টিতে ২ আং করিবে। ১০ মিনিমে ১ গ্রেণ এছিটেট্ অব্ মর্‌ফাইন থাকিবে। মাত্রা—১—২ মিনিম্ (অধঃত্বাক্ প্রয়োগ)।

মর্‌ফাইনি হাইড্রোক্লোরাস্—হাইড্রোক্লোরেট্ অব্ মর্‌ফাইন্ (Morphinæ Hydrochloras)। নামান্তর,—Morphiæ Murias (অহিফেন হইতে প্রাপ্ত)। শ্বেতবর্ণ সূত্রবৎ সূক্ষ্ম দানার আকার। জলে দ্রব হয়।

ক্রিয়া—এছিটেট অব্ মর্‌ফিয়ার ন্যায়। মাত্রা—⅛—½ গ্রেণ।

(১) লাইকর মর্‌ফাইনি হাইড্রোক্লোরেটীস্ (Liquor Morphinæ Hydro-chloratis)। (হাইড্রোক্লোরেট অব্ মর্‌ফাইন ৯ গ্রেণ,

পরিস্রুত জল ১২ ড্রাম, রেক্‌টিফায়েড স্পীরিট ৪ ড্রাম, ডাইলুট। হাইড্রোক্লোরিক এছিড ১৮ মিনিম)। ১০০তে ১ ভাগ হাইড্রোক্লোরেট অব্ মর্‌ফাইন্। মাত্রা—১০—৬০ মিনিম।

(২) লাইকর মর্‌ফাইনি বাইমিকনেটিস্ (Liquor Morphinæ Bimeconatis)। (৯ গ্রেণ হাইড্রোক্লোরেট অব্ মর্‌ফাইন জলে দ্রব করিয়া এমনিয়া যোগ করিলে পরিষ্কার আদত মর্‌ফাইন অধস্থ হইবে। তাহা লইয়া উহাতে ৬ গ্রেণ মিকনিক এছিড, ৪ ড্রাম স্পীরিট এবং ১$\frac{1}{2}$ আং পরিস্রুত জল যোগ করিবে) ১০০তে ১$\frac{1}{8}$ মর্‌ফাইন।

মাত্রা—৫—৪০ মিনিম্।

(৩) সপোজিটোরিয়া মর্‌ফাইনি (Suppositoria Morphinæ)। হাইড্রোক্লোরেট অব্ মর্‌ফাইন ৬ গ্রেণ, অইল অব্ থিওব্রোমা ১৭৪ গ্রেণ। ১২টী সাপোজিটরি কর। প্রত্যেকটীতে $\frac{1}{2}$ গ্রেণ।

(৪) সপোজিটোরিয়া মর্‌ফাইনি কম্ সেপোন্ (Supositoria Morphinæ cum Sapone)। (হাইড্রোক্লোরেট অব্ মর্‌ফাইন ৬ গ্রেণ, গ্লাইছেরিণ এমাইলি ৩০ গ্রেণ, কর্ডসোপ ১০০ গ্রেণ, ষ্টার্চ q.s.। ১২টী প্রস্তুত কর)।

(৫) ট্রচিছাই মর্‌ফাইনি (Trochisci Morphinæ—Morphine Lozenge)। (হাইড্রোক্লোরেট অব্ মর্‌ফাইন ২০ গ্রেণ, টীং টলু $\frac{1}{2}$ আং, চিনি ২৪ আং, গম একেশিয়া ১ আং, জল $\frac{1}{2}$ আং, মিউছিলেজ একেশিয়া q.s. ৭২০ লোজেঞ্জ তৈয়ার কর। প্রত্যেকে $\frac{1}{36}$ গ্রেণ)।

মাত্রা—১—৬ টী।

(৬) ট্রচিছাই মর্‌ফাইনি এট ইপিকাকুয়ানহি—মর্‌ফিয়া ইপিকাক লোজেঞ্জ (Trochisci Morphinæ et Ipecacuanhæ)। উপরোক্ত দ্রব্য নিচয়ে ৬০ গ্রেণ ইপিকাক যোগ করিয়া ৭২০টী লোজেঞ্জ তৈয়ার কর। প্রত্যেকটীতে $\frac{1}{36}$ গ্রেণ মর্‌ফাইন হাইড্রো এবং $\frac{1}{12}$ গ্রেণ ইপিকাক)। মাত্রা—১—৬টী।

(৭) টিং ক্লোরফরম এট মর্‌ফাইন (Tinctura Chloroform et Morphine)। "ক্লোরোফরম" দেখ।

মর্‌ফাইনি সাল্‌ফাস্—সাল্‌ফেট্ অব্ মর্‌ফাইন (Morphinæ Sulphas)। (মর্‌ফাইন এবং সালফিউরিক এছিড যোগে)।

ক্রিয়া—মর্‌ফিয়া এছিটেটের ন্যায়। মাত্রা—$\frac{1}{8}$—$\frac{1}{2}$ গ্রেণ।

(১) লাইকর মর্‌ফাইনি সল্‌ফেটিস্ (Liquor Morphinæ Sulphatis)। (সাল্‌ফেট অব্ মর্‌ফাইন ৩৫ গ্রেণ, পরিস্রুত জল ৮ আং, রেক্‌টিফায়েড্ স্পীরিট ২ আং)। মাত্রা—১০—৬০ মিনিম্।

মাইরিস্‌টিকা—নট্‌মেগ (Myristica—Nutmeg)। বাঙ্গালা জায়ফল। (মাইরিস্‌টিকেছি জাতীয় মাইরিস্‌টিকা ফ্রেগ্রান্‌স্ নামক বৃক্ষের শুষ্ক আঁঠি। বান্দাদ্বীপে জন্মে)। জায়ফল গোলাকার, কটাবর্ণ, উপরে চতুর্দ্দিকে আঁক কাটা। পায়রার ডিম্বের ন্যায় বড়। সদ্‌গন্ধযুক্ত। কাটিলে ভিতরে মার্‌বেলের ন্যায় আঁক দেখা যায়।

ক্রিয়া—অধিক মাত্রায় সেবনে গা ঘুরে, নেশা এবং অচৈতন্যাবস্থা উপস্থিত হয়। অল্প মাত্রায় উদরাধ্মান নিবারক। মাত্রা—৫—১০ গ্রেণ।

(১) ওলিয়ম মাইরিস্‌টিসি—ভোলাটাইল অইল অব্ নটমেগ (Oleum Myristicæ—Volatile Oil of Nutmeg)। জায়ফলের বায়ী তৈল। জায়ফল চোঁয়াইয়া পাওয়া যায়। মাত্রা—১—৪ মিনিম্।

(ক) স্পীরিটস্ মাইরিস্‌টেছি—স্পীরিট অব্ নটমেগ (Spiritus Myristicæ)। (ভোলাটাইল অইল অব্ নটমেগ ১ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৪৯ আং)। মাত্রা—$\frac{1}{2}$—১ ড্রাম।

(২) ওলিয়ম মাইরিস্‌টিছি এক্স্‌প্রেসম—এক্স্‌প্রেস্‌ড্ অইল অব্ নটমেগ (Oleum Myristicæ Expressum)। জায়ফল পিসিয়া যে স্থায়ী তৈল পাওয়া যায়।

ব্যবহার ঃ—আভ্যন্তরিক প্রয়োগ নাই। পুরাতন বাত বেদনায় মালিস করিলে উপকার হয়।

[পল্‌ভ ক্যাটেকিউ, পল্‌ভ ক্রিটিএর ম্যাট, স্পীরিট আর্‌মেরেছিকো, টীং ল্যাভাণ্ডুলি কোতে নটমেগ আছে। পিল্ এলোজ সকোট্রিন, স্পীরিট এমন এরম্যাট্‌তে ওলিয়ম মাইরিস্‌টেছি আছে। এম্‌প্ল্যাষ্ট্রম ক্যালিফেসিয়েন্স, এম্‌প্ল্যাষ্ট্রম পাইছিস্‌তে এক্‌স্‌প্রেস্‌ড্ অইল্ অব্ নটমেগ আছে।]

মারহা—মার (Myrrha—Myrrh)। (এমাইরিডেছি জাতীয় বাল্‌সামোডেন্‌ড্রণ মারহা নামক বৃক্ষ হইতে প্রাপ্ত নির্য্যাস (গমরেজিন) আরব এবং এবিসিনিয়া দেশে জন্মে)। লালাভ কটা অথবা হরি-

দ্রাভ বর্ণ যুক্ত জমাট পদার্থ। সুগন্ধযুক্ত, কটু আস্বাদ। কফ-নিঃসারক। লৌহ যোগে এমিনোরিয়া রোগে উপকারক।

মাত্রা - ১০—৩০ গ্রেণ।

(১) টীংচ্যুরা মারহি—টীংচার অব্ মার (Tinctura Myrrhæ)। (মার ২½ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচি, পার-কোল)। মাত্রা—½—১ ড্রাম।

[ডিকক্টম্ এলোজকো, মিষ্ট ফেরিকো, পিল এলোজ এটমার, পিল এছাফি-টিডাকো, এবং পিল রিয়াইকোতে মার আছে]।

ম্যানা (Mana)। (ওলিয়েছি জাতীয় ফ্রাক্‌সিনস্ অরনস্ নামক বৃক্ষের গুঁড়ি হইতে নির্গত ঘন রস বিশেষ। সিসিলি দেশে জন্মে)। গজার ন্যায় খণ্ডাকারে। মিষ্ট আস্বাদ, ৫ অংশ জলে দ্রব হয়। মৃদু বিরেচক। ছোট ছোট শিশুদিগের পক্ষে উপযোগী।

মাত্রা—৬০ গ্রেণ, ½ আং।

ম্যাস্‌টিছ (Mastiche—Mastich)। (এনাকার্ডিয়েছি জাতীয় পিস্‌টেসিয়া লেন্‌টিস্‌কস নামক বৃক্ষের গুঁড়ি হইতে প্রাপ্ত নির্যাস। তুরুস্ক দেশে জন্মে)। রেজিনবৎ জমাট বাধা পদার্থ। হরিদ্রাভ, ভঙ্গপ্রবণ, ঈথর্ এবং ক্লোরোফরমে দ্রব হয়। পিল প্রস্তুত করিতে ব্যবহার হয়।

ম্যাটিছি ফোলিয়া—ম্যাটিকোলিক (Maticæ Folia—Matico Leaf)। (পাইপিরেছি জাতীয় পাইপার অগষ্টিফোলিয়ম নামক বৃক্ষের পত্র। পেরুদেশে জন্মে)। ২—৮ ইঞ্চ লম্বা, ডিম্বাকার, সবুজবর্ণ পত্র। সুগন্ধযুক্ত। মসলার ন্যায় আস্বাদ, অল্প কষায়, বলকারক, সংকোচক, স্থানীয় প্রয়োগে রক্তরোধক। গনরিয়া পীড়ায় উপকারক। মাত্রা—½—১ ড্রাম্ (গুঁড়া)।

(১) ইন্‌ফিউজম্ ম্যাটিছি (Infusum Maticæ)। (ম্যাটিকো পত্র ½ আং, ফুটন্ত জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)।

মাত্রা—১—৪ আং।

মিকাপ্যানিস্—ব্রেড্ ক্রম্ব (Mica Panis—Bread Crumb)। পাঁউরুটির নরম অংশ।

[ক্যাটাপ্লাস্‌মা কার্বনিস্ প্রস্তুতে লাগে।]

মেন্থি পিপারেটি ওলিয়ম—অইল অব্ পিপারমিণ্ট (Menthæ Piperitæ Oleum—Oil of Peppermint)। (ল্যাবিয়েটি জাতীয় মেন্থা পিপারেটা নামক বৃক্ষের ডাটা ও পত্র ও ফুল হইতে চোঁয়াইয়া যে তেল পাওয়া যায়। ইংলণ্ডে জন্মে)। উদরাধ্মান নিবারক, আক্ষেপ নিবারক। মাত্রা—১—৪ মিনিম্।

(১) একুয়া মেন্থি পাইপেরাইটি—পেপারমিণ্ট ওয়াটার (Aqua Menthæ Piperitæ)। (অইল অব্ পিপারমেণ্ট ১½ ড্রাম, জল ১½ গ্যালন। ১ গ্যালন চোঁয়াইয়াল ও)। মাত্রা—১—২ আং।

(২) এছেন্সিয়া মেন্থি পাইপেরাইটি—এছেন্স্ অব্ পিপারমিণ্ট (Essentia Menthæ Piperitæ)। (অইল অব্ পিপারমেণ্ট ১আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৪ আং)। মাত্রা—১০—২০ মিনিম।

(৩) স্পীরিটস্ মেন্থি পাইপেরাইটি (Spiritus Menthæ Piperitæ)। (অইল অব্ পিপারমিণ্ট ১ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৪৯ আং)। মাত্রা—½—১ ড্রাম।

[পিল রিয়াইকো, টীং ক্লোরফরম্ এট্ ফর্ফ্‌তে অইল অব্ পিপারমিণ্ট আছে ; মিষ্ট ফেরি এরমেটিকাতে একুয়া মেন্থি পিপ্ আছে]

মেন্থি ভিরিডিস্ ওলিয়ম্—অইল অব স্পিয়ার মিন্ট (Menthæ Viridis Oleum—Oil of Spearmint)। (লেবিয়েটি জাতীয় মেন্থা ভিরিডিস্ নামক গাছের ডাটা, পত্র এবং ফুল চোঁয়াইয়া প্রাপ্ত তৈল। ইংলণ্ডে জন্মে)।

ক্রিয়া—উদরাধ্মান নিবারক। আক্ষেপ নিবারক। পেট কামড়ানী নিবারণ করে। মাত্রা—১—৪ মিনিম।

(১) একুয়া মেন্থি ভিরিডিস্ (Aqua Menthæ Viridis)। (অইল অব্ স্পিয়ার মিন্ট ১½ ড্রাম, জল ১½ গ্যালন। ১ গ্যালন চোঁয়াইয়া)। মাত্রা—১—২ আং।

মেন্থল (Menthol)। (মেন্থা আর্ভেন্সিস, মেন্থা পাইপেরেটা তৈল হইতে প্রাপ্ত এক রকম বর্ণহীন দানাবৎ পদার্থ)।

ক্রিয়া—পচন নিবারক। স্থানীয় প্রয়োগে স্নায়ুশূল বেদনা নাশক। মাত্রা—½—২ গ্রেণ (বটিকাকারে)।

(১) এম্প্লাষ্ট্রম মেন্থল—মেন্থল প্লাষ্টার (Emplastrum Menthol)। ইওলো ওয়াক্স্ ১ আং, রেজিন ৭ আং, মেন্থল ২ আং। একত্রে গলাও)। স্থানীয় বেদনা নাশক। বাত ও নিউর‍্যালজিয়া রোগে স্থানীয় প্রয়োগ।

মেজিরিয়াই কর্টেক্স্—মেজিরিয়ন বার্ক (Mezerei Cortex—Mezereon Bark)। (থাইমিলেছি জাতীয় ড্যাফনি মেজিরিয়ম নামক বৃক্ষের শুষ্ক ছাল। ইংলণ্ডে জন্মে)। পরিবর্ত্তক, মূত্রকারক। মাত্রা—১০—১৫ গ্রেণ। (সচরাচর ব্যবহৃত হয় না)।

(১) এক্সট্রাক্টম মেজিরিয়াই ঈথিরিয়ম—ঈথিরিয়াল এক্সট্রাক্ট অব্ মেজিরিয়ন (Extractum Mezerei Æthereum)। মেজিরিয়নের টীংচার তৈয়ার করিয়া ঐ টীংচার অগ্নি উত্তাপে গাঢ় করিয়া ঈথার দিয়া ভিজাইয়া তৈয়ার হয়।

[ডিকক্টম সার্সি কম্পাউণ্ডতে মেজিরিয়ন আছে। লিনিমেণ্টম্ স্যাপনিস্কোতে ইথিরিয়াল এক্সট্রাক্ট অব্ মেজিরিয়ন্ আছে]।

মোরি সক্কস্—মলবেরিজুস্ (Mori Succus—Mulberry Juice)। (মোরেছি জাতীয় মোরস নাইগ্রা বা তুত বৃক্ষের ফল)। মৃদু বিরেচক। পিপাসা নিবারক।

(১) সিরুপস মোরি—মল্বেরি সিরপ (Syrupus Mori)। (মলবেরি জুস ১ পাইণ্ট, চিনি ১ পাউণ্ড, স্পীরিট ২½ আং)। ঔষধ মিষ্ট করিতে ব্যবহার হয়। মাত্রা—১ ড্রাম।

রামনাই ফ্রাংগিউলি কর্টেক্স—ফ্রাংগুলা বার্ক (Rhamni Frangulæ Cortex)। (রামনেছি জাতীয় রামনস্ ফ্রাংগুলা নামক বৃক্ষের শুষ্ক এবং ১ বৎসরের পুরাতন ছাল)।

ক্রিয়া—বিরেচক।

(১) এক্ট্রাক্টম্ রামনাই ফ্রাংগিউলি (Extractum Rhamni Frangulæ)। (রামনাই ফ্রাংগিউলি বার্কের টীংচার তৈয়ার করিয়া ঐ টীংচার গাঢ় করিয়া লইবে)। মাত্রা—১৫—৬০ গ্রেণ।

(২) এক্ট্রাক্টম্ রামনাই ফ্রাংগিউলি লিকুইডম—লিকুইড্ এক্ট্রাক্ট্ অব্ ফ্রাংগিউলি (Extractum Rhamni Frangulæ Liquidum)।

(১ পাউণ্ড বার্কের ডিককশন তৈয়ার করিয়া জল মারিয়া ১২ আং করিয়া তাহাতে ৪ আং রেক্‌টিফায়েড স্পীরিট যোগ কর)।

মাত্রা—১—৪ ড্রাম।

রামনাইপুরসিয়ানি কর্‌টেক্স্ (Rhamni Purshianæ Cortex)। কাস্‌কেরা সাগ্রেডা দেখ।

রিয়াডোস্ পেটালা—রেডপপি পেটাল (Rhœados Petala)। (প্যাপাভিরেছি জাতীয় প্যাপাভাররিয়াস নামক বৃক্ষের পুষ্পের পাঁপড়ি। ইংলণ্ডে জন্মে)। বর্ণক দ্রব্য। ঔষধ রং করিতে ব্যবহার হয়।

(১) সিরুপস্ রিয়াডস্ (Syrupus Rhœados)। (১ পাইণ্ট জলে ১৩ আং রিয়াডস্ পেটাল দিয়া ইন্‌ফিউশন তৈয়ার করিয়া ছাঁকিয়া তাহাতে ২½ পাউণ্ড চিনি এবং ২½ আং রেক্‌টিফায়েড স্পীরিট যোগ কর)। মাত্রা—১ ড্রাম।

রিয়াই র‍্যাডিক্স—রুবার্ব্বরুট (Rhei Radix—Rhubarb Root)। বাঙ্গালা,—রেউচিনি। (পলিগনেছি জাতীয় নানা প্রকার রিয়ম বৃক্ষের ছাল বিহীন মূল। তাতার, তিব্বত, বটেভিয়া এবং রুসিয়া দেশে জন্মে)। হরিদ্রাভবর্ণ, খণ্ডাকারে। বিশেষ সুগন্ধযুক্ত। স্বাদ কষায় এবং ঈষৎ বিকট। চর্ব্বনে মুখের লালা হরিদ্রাভবর্ণ হয়। ইহাতে ক্রাইছোফ্যানিক এছিড, অল্প পরিমাণে ট্যানিক এবং গ্যালিক এছিড আছে।

ক্রিয়া—অল্প মাত্রায় সঙ্কোচক এবং ধারক। বেশী মাত্রায় প্রথমে বিরেচক, পরে পুনর্ব্বার ধারক। অল্প মাত্রায় ক্ষুধা বৃদ্ধিকারক। নানাবিধ উদরাময়ে উপকার করে। পিত্তনিঃসারক। যকৃৎ রোগে উপকারক।

চূর্ণের মাত্রা—৫—২০ গ্রেণ।

(১) একৃষ্ট্রাক্টম্ রিয়াই—এক্স্‌ট্রাক্ট্ অব্ রুবার্ব্ব (Extractum Rhei)। প্রুফ স্পীরিট এবং জলযোগে রুবার্ব্বের টীংচার তৈয়ার করিয়া জলের ভাপে ঘন করিয়া)। মাত্রা—৫—১৫ গ্রেণ।

(২)। ইন্‌ফিউশম রিয়াই—ইন্‌ফিউশন অব্ রুবার্ব্ব (Infusum Rhei)। (রুবার্ব্ব ½ আং, ফুটন্ত জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)।

(৩) পাইলুলা রিয়াই কম্পোজিটা—কম্পাউণ্ড রুবার্ব্ব পিল (Pilula

Rhei Composita)। (রুবার্ব্ব ৩ আং, সকোট্রিণ এলোজ ২½ আং, মার ১½ আং, হার্ড সোপ ১½ আং, অইল অব্ পিপারমেণ্ট ১½ ড্রাম, গ্লাইসেরিণ ১ আং, ট্রিয়াকেল ১ আং)। মাত্রা—৫—২০ গ্রেণ।

(৪) পল্‌ভিস্ রিয়াই কম্পোজিটস্—কম্পাউণ্ড রুবার্ব্ব পাউডার (Pulvis Rhei Compositus)। চলিত নাম,—Greygory's Powder (গ্রেগরির পাউডার)। (রুবার্ব্বরুট ২ আং, ম্যাগনেসিয়া ৬ আং, জিঞ্জার ১ আং)। অম্ল নাশক, মৃদু বিরেচক।

মাত্রা—২০—৬০ গ্রেণ (দুগ্ধের সঙ্গে)।

(৫) সিরুপস রিয়াই (Syrupus Rhei—Syrup of Rhubarb)। (কোরিয়াণ্ডার ২ আং, রুবার্ব্ব ২ আং। ২৪ আং পরিস্রুত জল এবং ৮ আং রেক্‌টীফায়েড স্পীরিট দিয়া ক্বাথ বাহির করিয়া উত্তাপ দ্বারা ১৪ আং কর এবং তাহাতে ২৪ আং চিনি দিয়া মৃদু সন্তাপে গলাও)। মাত্রা—১—৪ ড্রাম।

টীংচ্যুরা রিয়াই (Tinctura Rhei)। (রুবার্ব্ব রুট ২ আং, কার্ডামম্ বীজ ¼ আং, কোরিয়াণ্ডার ¼ আং, স্যাফ্রণ ¼ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচিরেশন, পার্‌কোলেশন)।

মাত্রা—১—২ ড্রাম (ক্ষুধাবৃদ্ধিকারক) ½—১ আং (বিরেচক)।

ভাইনম রিয়াই (Vinum Rhei)। (রুবার্ব্ব রুট ১½ আং, ক্যানিলাবার্ক ৬০ গ্রেণ, সেরি ওয়াইন ১ পাইণ্ট। ৭ দিন ভিজাইয়া রাখ)। মাত্রা—১—২ ড্রাম।

রিছিনি ওলিয়ম্—ক্যাষ্টর অইল (Ricini Oleum—Castor Oil)। বাঙ্গালা,—রেড়ির তৈল। (ইউফোরবিয়েছি জাতীয় রিছিনস কমিউনিস্ নামক বৃক্ষের বীজ হইতে প্রাপ্ত তৈল। ভারতবর্ষে জন্মে। বিরেচক। মাত্রা—১ ড্রাম—১ আং।

(১) মিশ্চুরা ও লিয়াই রিছিনাই (Mistura Olei Ricini)। (ক্যাষ্টর অইল ৬ ড্রাম, অইল অব্ লিমন্ ১০ মিনিম, অইল অব্ ক্লোভ ২ মিনিম, সিরপ ১½ ড্রাম, লাইকর পটাসি ১ ড্রাম, অরেঞ্জ ফ্লাউয়ার ওয়াটার ২ আং)। মাত্রা—½—২ আং।

রোজি কেনাইনি ফ্রুক্টস্ হিপ্ (Rosæ Caninæ Fructus—

Hips)। (রোজেছি জাতীয় রোজা কেনাইনা নামক গুপক্ক ফল। ইংলণ্ডে জন্মে)। অন্য ঔষধ প্রস্তুতে ব্যবহার হয় মাত্র।

(১) কন্‌ফেক্‌শিও রোজি কেনাইনি—কন্‌ফেক্‌শন অব্‌ হিপ্‌ (Confectio Rosæ Caninae—Confection of Hips)। (বীজ শূন্য রোজ ক্যানাইন ফল চূর্ণ ১ পাউণ্ড, চিনি ২ পাউণ্ড একত্রে মর্দ্দন কর)। মাত্রা—১/২—৪ ড্রাম।

রোজি ছেন্‌টিফোলাই পেটালা—ক্যাবেজ রোজ পেটাল (Rosæ Centifoliæ Petala)। (রোজেছি জাতীয় রোজা ছেন্টি-ফেলিয়া নামক বৃক্ষের ফুলের পাপড়ি। এক রকম গোলাব ফুল। ইংলণ্ডে জন্মে)। সুগন্ধের জন্য ব্যবহৃত হয়।

(১) একুয়া রোজি—রোজ ওয়াটার (Aqua Rosæ—Rose Water)। বাঙ্গালা,—গোলাব জল। (১০ পাউণ্ড গোলাব পাপড়ি, ৫ গ্যালন জল, ১ গ্যালন চোয়াইয়া লও)।

[মিষ্ট ফেরিকো, ট্রচিছাই বিস্‌মুথাইতে আছে।]

রোজি গ্যালিছি পেটালা—রেড রোজ পেটাল (Rosæ Gallicæ Petala)। (রোজেছি জাতীয় রোজা গ্যালিকা নামক বৃক্ষের ফুলের পাপড়ি। লাল গোলাব পাঁপড়ি। ইংলণ্ডে জন্মে)। বর্ণক দ্রব্য মাত্র। ঔষধ রং করিতে ব্যবহার হয়।

(১) কন্‌ফেক্‌শিও রোজি গ্যালিছি—কন্‌ফেক্‌শন অব্‌ রোজ (Confectio Rosæ Gallicæ—Confection of Rose)। (রেড রোজ পেটাল চূর্ণ ১ পাউণ্ড, চিনি ৩ পাউণ্ড। একত্রে মর্দ্দন কর)। পিল তৈয়ারে লাগে।

[সমুদয় এলোজ পিল, কার্ব্বনেট্‌ অব্‌ আয়রণ পিল, ব্লু পিল, পিল অব্‌ লেড এণ্ড ওপিয়মতে কনফেক্‌শন রোজ আছে।]

(২) ইন্‌ফিউজম্‌ রোজি এছাইডস্‌—এছিড ইন্‌ফিউশেন অব্‌ রোজ (Infusum Rosæ Acidum)। (শুষ্ক রেড রোজ পেটাল ১/৪ আং, ফুটন্ত পরিস্রুত জল ১০ আং, ডাইলুটেড্‌ সল্‌ফিউরিক এছিড ১ ড্রাম। ১/২ ঘণ্টা ভিজাও)। সংকোচক। মাত্রা—১—২ ড্রাম।

(৩) সিরুপস্‌ রোজি গ্যালিছি—রোজ ছিরপ (Syrupus Rosæ Gallicæ)। (২ আং রেড রোজ পেটাল, ১ পাইন্ট ফুটন্ত জলে ২ ঘণ্টা

ভিজাইয়া ছাঁকিয়া উত্তপ্ত করিয়া ফুটিয়া উঠিলে ছাঁক এবং ৩০ আং চিনি যোগ করিয়া মৃদু সন্তাপে উহার সঙ্গে দ্রব কর)।

মাত্রা—১ ড্রাম।

রোজ মেরাইনি ওলিয়ম—অইল অব্ রোজ মেরি (Rosmarini Oleum—Oil of Rose mary)। (লেবিয়েটি জাতীয় রোজ মেরাইনস অফিছিনালিস নামক বৃক্ষের পুষ্প হইতে চোঁয়ান তৈল। ইউরোপের দক্ষিণে জন্মে)।

ক্রিয়া—উত্তেজক। হিষ্টিরিয়া রোগে এবং শিরঃপীড়ায় উপকারক। বাহ্যিক প্রয়োগে চর্ম্মের প্রদাহ কারক। মাত্রা—১—৪ মিনিম।

(১) স্পীরিটস্ রোজ মেরাইনি (Spiritus Rose Marini)। (অইল অব্ রোজ মেরি ১ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৪৯ আং)।

মাত্রা—½—১ ড্রাম।

রুটি ওলিয়ম—অইল অব্ রু (Rutæ Oleum—Oil of Rue)। (রুটেছি জাতীয় রুটা গ্রেভিনিয়ন্স্ নামক বৃক্ষ চোঁয়াইয়া তৈল। ইউরোপের সর্ব্বত্র জন্মে)।

ক্রিয়া—উদরাধ্মান এবং হিষ্টিরিয়া নিবারক। স্ত্রীলোকের ঋতু আনয়ন কারক। এমিনরিয়া রোগে ব্যবহার হয়। বাহ্যিক প্রয়োগে চর্ম্মের প্রদাহ কারক। মাত্রা—১—৪ মিনিম।

লরোছিরেসাই ফেলিয়া—চেরি লরেল লিফ (Lauro cerasi Folia—Cherry Laurel Leaves)। (রোজেছি জাতীয় প্রুণস লরোছিরেসস্ নামক বৃক্ষের পত্র। ইংলণ্ডে এবং এসিয়া মাইনরে জন্মে)। পত্রগুলি ৪।৫ ইঞ্চ লম্বা, ২ ইঞ্চ চওড়া। সবুজ বর্ণ। পত্র চোঁয়াইলে বায়ী তৈল এবং হাইড্রোছিয়ানিক এছিড পাওয়া যায়।

ক্রিয়া—হাইড্রোছিয়ানিক এসিডের ন্যায়।

(১) একুয়া লরোছিয়েসাই—চেরি লরেল ওয়াটার (Aqua Laurocerasi, Cherry Laurel Water)। (চেরি লরেল লিফ ১ পাউণ্ড, জল ২½ পাইন্ট, ১ পাইন্ট চোঁয়াইয়া লও। ইহাতে শতকরা ১ অংশ হাইড্রোছিয়ানিক এছিড থাকিবে)। মাত্রা—৫—৩০ মিনিম।

লারিছিস্ করটেক্স্—লার্চ বার্ক (Laricis Cortex, Larch Bark)। (কনিফেরি জাতীয় পাইনস্ লারিক্স্ নামক বৃক্ষের ছাল। ইউরোপ খণ্ডে জন্মে)। ৩।৬ ইঞ্চ লম্বা এবং ২।৪ ইঞ্চ চওড়া খণ্ডাকারে পাওয়া যায়। ভিতর দিক হরিদ্রাবর্ণ, উপর দিক লোহিতাভ। গন্ধ টর্‌পেণ্টাইনের ন্যায়।

ক্রিয়া—উত্তেজক, সংকোচক। পুরাতন ব্রংকাইটিস্ রোগে উপকারক। সিষ্টাইসিস্ পীড়ায় উপকারী।

(১) টীংচ্যুরা লারিছিস্ টীংচার অব্ লার্চ বার্ক (Tinctura Laricis)। লার্চ বার্ক ২½ পাউণ্ড, রেক্‌টিফায়েড স্পীরিট ১ পাইন্ট, ম্যাচিরেশন, পারকোলশন)। মাত্রা—২০—৩০ মিনিম।

ল্যাক্‌টীউকা—লেটুচ (Lactuca—Lettuce)। (কম্পোজিটি জাতীয় ল্যাকটিউকা ভাইরোসা নামক গাছড়া)।

ক্রিয়া—মাদক, যন্ত্রণা নিবারক, নিদ্রাকারক।

(১) একৃষ্ট্রাক্টম্ ল্যাক্‌টিউছি (Extractum Lactucæ)। (লেটুচ গাছের টাট্‌কা রস উত্তাপে ঘন করিয়া)। মাত্রা ৫—১৫ গ্রেণ।

ল্যাভান্‌ডিউলি ওলিয়ম—অইল অব্ লেভেণ্ডার (Lavendulæ Oleum—Oil of Lavender)। (লেবিয়েটি জাতীয় ল্যাভান্‌ডিউলা ভেরা বৃক্ষের পুষ্প হইতে চোঁয়াইয়া যে তৈল পাওয়া যায়। ইংলণ্ডে জন্মে)।

ক্রিয়া—আক্ষেপ নিবারক, উদরাধ্মান নিবারক। মাত্রা—১—৪ মিনিম।

(১) স্পীরিটস্ ল্যাভান্‌ডিউলি—স্পীরিট অব লেভেণ্ডার (Spiritus Lavandulæ)। (অইল অব্ ল্যাভেণ্ডার ১ আং, রেক্‌টিফায়েড স্পীরিট ৪৯ আং)। মাত্রা—½—১ ড্রাম।

(২) টীংচ্যুরা ল্যাভন্‌ডিউলি কম্পোজিটা—কম্পাউণ্ড টীংচার অব্ ল্যাভেণ্ডার (Tinctura Lavandulæ Composita)। নামান্তর,—Spiritus Lavandulæ Compositus। (ছিনামন (দারুচিনি)। ৭৫ গ্রেণ, নটমেগ (জায়ফল) ৭৫ গ্রেণ, রেড স্যাণ্ডাল উড (রক্তচন্দন কাষ্ঠ) ১৫০ গ্রেণ, লইয়া ১ পাইন্ট রেক্‌টিফায়েড স্পীরিটে ৭ দিন ভিজাইয়া রাখিবে। পরে ছাঁকিয়া ৪৫ মিনিম অইল অব

ল্যাভেণ্ডার এবং ৫ মিনিম অইল অব্ রোজমেরি যোগ করিবে)।
মাত্রা—½—২ ড্রাম।

[লিনিমেণ্টম ক্যাম্ফর কোতে অইল অব্ ল্যাভেণ্ডার আছে]।

লিমনিস্ করটেক্স্—লিমন পিল (Limonis Cortex, Limon Peel)। বাঙ্গালা,—লেবুর ত্বক্। (অরান্‌টিয়েছি জাতীয় ছাইট্রস্ লিমোনম নামক বৃক্ষের ফলের টাটকা খোসা)। সুগন্ধের জন্য ব্যবহৃত হয়।

(১) ওলিয়ম লিমনিস্—লিমন অইল (Oleum Limonis)। (লেবুর ত্বক্ হইতে প্রাপ্ত বায়ী তৈল)। মাত্রা—১—৪ মিনিম।

(২) সকস লিমনিস্—জুস্ অব্ লিমন্ (Succus Limonis)। (লেবুর রস)।
গুণঃ—পিপাসা নিবারক। স্কর্ভি রোগ নাশক। মাত্রা—½—২ আং।

(৩) সিরুপস লিমনিস—লিমন সিরপ (Syrupus Limonis)। (১ পাইণ্ট ফুটন্ত লেবুর রসে টাটকা লেবুর ত্বক্ ভিজাইয়া ছাঁকিয়া তাহাতে ২½ পাউণ্ড চিনি যোগ কর)। মাত্রা—১ ড্রাম।

(৪) টীংচ্যুরা লিমনিস (Tinctura Limonis)। (টাটকা লেবুর ত্বক্ ২½ আং, প্রুফ স্পারিট ১ পাইণ্ট)। ৭ দিন ভিজাইয়া রাখ (ম্যাচিরেশন)। মাত্রা—½—২ ড্রাম।

[ইন্‌ফ অরাণ্ট কো এবং ইন্‌ফ জেনশেন কোতে লেবুর ত্বক্ আছে। স্পীরিট এমন এরম, মিষ্ট ওলিয়াই রিছিনাই, লিনিমেণ্ট পট আইড কমসেপোন এ ওলিয়ম লেমন আছে। লাইকর ম্যাগ্‌নেসিয়া ছাইট্রেটিস্‌তে সিরুপস লিমনিস্ আছে]।

লিনিছেমিনা—লিন্‌সিড (Lini Semina—Linseed)।
(মসিনা)। গুণঃ—স্নিগ্ধকারক।

লিনি ফেরিনা—লিনসিডমিল (Lini Farina—Linseed-Meal)। (মসিনার খৈল বা গুঁড়া মসিনা)।

[ইয়েষ্ট পুলটিস্ ব্যতীত সমস্ত পুলটীসে ব্যবহার হয়]।

(১) ক্যাটাপ্লাসমা লিনি—লিনসিড মিল পুলটীস (Cataplasma Lini—Linseed Meal Poultice)। (লিন্‌সিড্ মিল ৪ আং, ফুটন্ত জল ১০ আং)।

(২) ইন্‌ফিউজম লিনি (Infusum Lini)। (লিন্‌সিড ১৫০ গ্রেণ, লিকরাইস্ ৫০ গ্রেণ, ফুটন্ত জল ১০ আং। ২ ঘণ্টা ভিজাইয়া রাখ)। মাত্রা—২—৫ আং। তরুণ সিষ্টাইটিস্ পীড়ায় উপকারী।

(৩) ওলিয়ম লিনি—লিনসিড অইল (Oleum Lini—Linseed Oil)। (মসিনার তৈল)। মালিস করার জন্য। চর্ম্মের শিথিলতা কারক।

লুপুলস্—হপ্ (Lupulus—Hop)। (ক্যানাবিনেছি জাতীয় হিউমুলস্ লুপুলস্ নামক লতার পুষ্প গুচ্ছ বা ষ্ট্রোবাইল। ইংলণ্ডে এবং ইউরোপে জন্মে)।

লুপুলাইনম—লুপুলিন (Lupulinum—Lupulin)। (লুপুলস পুষ্প হইতে প্রাপ্ত রেণু)। হরিদ্রাবর্ণ, সুগন্ধ গুঁড়া।

মাত্রা—২—৫ গ্রেণ।

লুপুলস এবং লুপুলাইন বলকারক, ক্ষুধাবৃদ্ধিকারক। যন্ত্রণানিবারক এবং অল্প নেশাকারক। স্বপ্নদোষে এবং গনরিয়ার লিঙ্গোত্থান (কর্ডি) উপসর্গে উপকারক।

(১) এক্‌ষ্ট্রাক্টম লুপুলাই—এক্‌ষ্ট্রাক্ট্ হপ্ (Extractum Lupuli)। (লুপুলসের টীংচার এবং লুপুলসের ডিককশন তৈয়ার করিয়া উভয়কে পৃথক পৃথক্ উত্তপ্ত করিয়া গাঢ় কর এবং একত্রে মিশাও)।

মাত্রা—৫—১৫ গ্রেণ।

(২) ইন্‌ফিউজম লুপুলাই—ইনফিউশন অব্ হপ্ (Infusum Lupuli)। (হপ ½ আং, ফুটন্ত জল ১০ আং। এক ঘণ্টা ভিজাও)।

মাত্রা—১—২ আং।

(৩) টীংচুরা লুপুলাই—টীংচার অব্ হপ্ (Tinctura Lupuli)। (হপ্ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাছিরেশন, পার্‌কোলেশন)। মাত্রা—½—২ ড্রাম।

লোবিলিয়া (Lobelia)। (লোবিলিয়েছি জাতীয় লোবিলিয়া ইন্‌ফ্লেটা নামক পুষ্পিত শুষ্ক বৃক্ষ। ইউনাইটেড্ ষ্টেট্ বা আমেরিকায় যুক্ত রাজ্যে জন্মে। ইহার চলিত নাম ইণ্ডিয়ান টোবাকো)। ঔষধে সমস্ত অংশ ব্যবহৃত হয়। কাণ্ডকোণ যুক্ত। পত্র অণ্ডাকার, করাতের ন্যায় ধার বিশিষ্ট, নিম্নে রোমশ। ফল অণ্ডাকার, ১০ শিরাযুক্ত।

লোবিলিয়া একরূপ বিশেষ গন্ধ বিশিষ্ট। উগ্র আস্বাদ। ইহাতে লোবিলিনা নামক উপক্ষার বা বীর্য্য এবং লোবিলিক এছিড ও এক রকম বায়ি তৈল আছে।

ক্রিয়াঃ—অল্প মাত্রায় ঘর্ম্মকারক, কফ নিঃসারক, বেশী মাত্রায় বিরেচক এবং বমন কারক। অত্যন্ত অধিক মাত্রায় হৃদয়ের অবসাদ উৎপন্ন করিয়া প্রাণনাশ করে। ক্রিয়া তামাকের অনুরূপ। এজ্‌মা রোগে উপকারক।

(১) টীংচ্যুরা লোবিলাই (Tinctura Lobeliæ)। (লোবিলিয়া চূর্ণ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাছি, পার্‌কল)।

মাত্রা—১০—৩০ মিনিম্‌।

(২) টীংচ্যুরা লোবিলিয়া ইথিরিয়া—ইথিরিয়াল টীংচার অব্‌ লোবিলিয়া (Tinctura Lobeliæ Ætherea)। লোবিলিয়া ২½ আং চূর্ণ, স্পীরিট অব্‌ ঈথর ১ পাইণ্ট, ৭ দিন ভিজাইয়া রাখ)।

মাত্রা—১০—৩০ মিনিম্‌।

সম্বল র‍্যাডিক্স্‌—সম্বল্‌রুট (Sumbul Radix)। নামান্তর,—Musk Root। (আম্বেলি ফেরি জাতীয় ইউরাইয়ানজিয়ম সম্‌বল নামক বৃক্ষের মূল, বোখারা দেশে জন্মে)। গোলাকার খণ্ডাকার। ২½ হইতে ৫ ইঞ্চি চওড়া এবং ¾—১½ ইঞ্চ পুরু। কটাবর্ণ, গন্ধ মৃগনাভির ন্যায়।

ক্রিয়া—স্নায়বীয় বলকারক। এপিলেপ্‌সি, হিষ্টিরিয়া, কোরিয়া রোগে ব্যবহার হয়।

(১) টীংচ্যুরা সম্‌বল (Tinctura Sumbul)। (সম্‌বল মূল চূর্ণ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাছি, পার্‌কল)।

মাত্রা—১০—৩০ মিনিম্‌।

সার্‌পেণ্টারি রাইজোমা (Serpentary Rhizoma)। অপর নাম,—Serpentary Radix। (এরিস্‌টলো কায়েছি জাতীয় এরিস্‌টলো কিম্বা সার্‌পেণ্টারিয়া নামক বৃক্ষের শুষ্ক আন্তর্ভৌমিক কাণ্ড—মূল। আমেরিকায় ভার্‌জিনিয়া প্রদেশে জন্মে)। একটী মূল শিকড় তাহা হইতে ক্ষুদ্র ক্ষুদ্র মূল বাহির হইয়াছে। লম্বা ৩ ইঞ্চ, কটাবর্ণ কর্পূরবৎ গন্ধ, তিক্ত এবং কর্পূরবৎ আস্বাদ।

ক্রিয়া—মূত্রকারক, ঘর্ম্মকারক, বলকারক। পুরাতন অজীর্ণ রোগে, পুরাতন জ্বররোগে এবং পুরাতন বাতরোগে উপকারক। শরীর সংশোধক।

মাত্রা—(গুড়া) ১০—১৫ গ্রেণ।

(১) ইন্‌ফিউজম্ সার্পেণ্টারাই (Infusum Serpentariæ)। (সার্পেণ্টারি রাইজোম ¼ আং, ফুটন্ত পরিস্রুত জল ১০ আং, ½ ঘণ্টা ভিজাও)। মাত্রা—১—২ আং।

(২) টীংচ্যুরা সার্পেণ্টারাই (Tinctura Serpentariæ)। (আর্পেণ্টারি মূল চূর্ণ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচিরেশন, পার্‌কলেশন)। মাত্রা—½—২ ড্রাম।

সাইনাপিস্ মষ্টার্ড (Sinapis—Mustard)। (সরিষা) (ক্রুছিফেরি জাতীয় মষ্টার্ড নামক ঔষধির বীজ। সাদা ও কাল ভেদে দুই রকম। বিলাতি জিনিষ ভাল)।

সাইনাপিস্ এল্‌বি সিমিনা—হোয়াইট মষ্টার্ড সিড (Sinapis Albæ Semina—White Mustard Seed)। বাঙ্গালা,—শ্বেত সর্ষপ। (ক্রুসিফেরি জাতীয় সাইন্যাপিস্ এল্‌বা নামক ঔষধির বীজ। ইংলণ্ডে জন্মে)।

সাইন্যাপিস নাইগ্রা সেমিনা—ব্লাক মষ্টার্ড সিড (Sinapis Nigra Semina—Black Mustard Seed) বাঙ্গালা,—কাল সর্ষপ। (ক্রুসিফেরি জাতীয় সাইন্যাপিস নাইগ্রা নামক ঔষধির বীজ)।

ক্রিয়া—মষ্টার্ড উত্তেজক বমনকারক। স্থানীয় প্রয়োগ চর্ম্মের প্রদাহ কারক। মষ্টার্ডের গুঁড়ার সঙ্গে জল না মিশাইলে তেজ হয় না।

(১) চার্টা সাইন্যাপিস—মষ্টার্ড পেপার (Charta Sinapis)। (২ আং লাইকর গটাপার্‌চার সঙ্গে ১ আং মষ্টার্ড মিশাইয়া কার্টিজ পেপারের (Cartridge Paper) ১ পৃষ্ঠে মাখাইবে। লাগাইবার পূর্ব্বে গরম জলে ডুবাইয়া লইবে)।

ব্যবহার:—চর্ম্মের প্রদাহ কারক। এ জন্য প্লুরিসি, নিউমোনিয়া প্রভৃতিতে বক্ষস্থলে এবং যকৃতের রক্তাধিক্য রোগে স্থানীয় প্রয়োগে প্রত্যুগ্রতা সাধক হইয়া উপকার করে।

(২) ক্যাটাপ্লাস্‌মা সাইন্যাপিস্—মষ্টার্ড পুলটিস্ (Cataplasma Sinapis, Mustard Poultice)। (লিন্‌সিডমিল ২½ আং, ৮ আং ফুটন্ত জলে ক্রমে মিশাও। ২ আং ঈষদুষ্ণ জলে ২½ আং মষ্টার্ড গুঁড়া মিশাইয়া উহার সহিত যোগ কর)।

(৩) ওলিয়ম সাইন্যাপিস্—মষ্টার্ড অইল (Oleum Sinapis, Mustard Oil)। (কাল সরিষার বায়ী তৈল)। অত্যন্ত বিষাক্ত পদার্থ। স্থানীয় প্রয়োগে ফোস্কাকারক)।

(৪) লিনিমেণ্টম সাইন্যাপিস কম্পোজিটম্—কম্পাউণ্ড মষ্টার্ড লিনিমেণ্ট (Linimentum Sinapis Compositum)। (অইল অব্ মষ্টার্ড ১ ড্রাম, ক্যাষ্টর অইল ৫ ড্রাম, ইথিরিয়াল এক্‌ষ্ট্রাক্ট্ অব মেজিরিয়ন ৪০ গ্রেণ, কর্পূর (ক্যাম্ফর) ১২০ গ্রেণ, রেক্‌টিফায়েড স্পীরিট ৪ আং। অগ্রে রেক্‌টিফায়েড স্পীরিটে কর্পূর গলাইয়া লইবে)। স্থানীয় প্রয়োগে উত্তেজক মালিস।

সার্‌সি র‍্যাডিক্‌স্—জ্যামেকা সারসা প্যারিলা (Sarsæ Radix—Jamaica Sarsaparilla)। (স্মাইলেসি জাতীয় স্মাইলাক্‌স্ অফিসিনালিস্ নামক লতার শুষ্ক মূল। মধ্য আমেরিকায় জন্মে। জামেকা হইতে আনীত হয়)। পেনের কলমের ন্যায় স্থূল মূল, সূক্ষ্ম সূক্ষ্ম শাখা বিশিষ্ট। রক্ত পাটল বর্ণ। কয়েট ফুট দীর্ঘ। তিক্ত, কটু আস্বাদ। ইহাতে সারসা প্যারেলিন নামক বীর্য্য আছে।

ক্রিয়া—শারীর সংশোধক, ঘর্ম্মকারক। অনেকের মতে তাদৃশ উপকারক নহে। তবে অন্যান্য ঔষধের সঙ্গে মিশ্রিত করিয়া ব্যবহার করাতে উপকারক বলিয়া প্রতীয়মান হয়। পুরাতন বাত এবং পুরাতন সিফিলিস রোগে উপকারক বলিয়া প্রসিদ্ধ। গুঁড়ার মাত্রা—½—২ ড্রাম।

(১) ডিককৃটম্ সার্‌সি—ডিকক্‌শন্ অব্ সারসা (Decoctum Sarsæ)। (সার্‌সা মূল ২½ আং লইয়া ১½ পাইণ্ট ফুটন্ত পরিস্রুত জলে ১ ঘণ্টা ভিজাইয়া পরে ১০ মিনিট সিদ্ধ করিয়া ১ পাইণ্ট থাকিতে নামাইবে)। মাত্রা—২—১০ আং।

(২) এক্‌ষ্ট্রাক্টম্ সারসি লিকুইডম্—লিকুইড্ এক্‌ষ্ট্রাক্ট অব্ সারসা (Extractum Sarsæ Liquidum) নামান্তর, – Liquor Sarsæ। (৪০ আং সার্‌সা, ৪০ আং প্রুফ স্পীরিটে ভিজাইয়া রাখিয়া ২০ আং চিপিয়া

লইয়া আলাহিদা রাখিয়া দিবে। বক্রি জিনিষ ১২ আং জল মিশাইয়া ১৬০ ডিগ্রি উত্তাপে ভিজাইয়া রাখিবে। পরে ছাঁকিয়া উহাতে ৫ আং চিনি যোগ করিবে এবং পূর্ব্বোক্ত ২০ আং, যাহা আলাহিদা ছিল তাহা যোগ করিয়া ফুটাইয়া সর্ব্বশুদ্ধ ৪০ আং থাকিতে নামাইবে)।

মাত্রা—২—৪ ড্রাম।

(৩) ডিককৃটম্ সার্সি কম্পোজিটম (Decoctum Sarsæ Compositum)। (সার্সা ২½ আং, সাসাফ্রাস্, গোয়েকম, লিকরাইচ্ প্রত্যেক ¼ আং, মেজিরিয়ন বার্ক ১ ড্রাম লইয়া ১½ পাইণ্ট ফুটন্ত গরম জলে ১ ঘণ্টা ভিজাইয়া রাখিয়া ১০ মিনিট পর্য্যন্ত ফুটাইয়া নামাইবে। ১ পাইণ্ট থাকিবে)। মাত্রা—২—১০ আং।

সাসাফ্রাস্ র‍্যাডিক্স্—সাসাফ্রাস্ রুট (Sassafras Radix)।

(লরেছি জাতীয় সাসাফ্রাস্ অকিসিনেল নামক গাছের শুষ্ক মূল ইউনাইটেড্ ষ্টেট্‌এ জন্মে)।

ক্রিয়া—উত্তেজক ঘর্ম্মকারক। সালসার সঙ্গে ব্যবহার হয়। "ডিককৃটম্ সার্সি কো"তে আছে।

স্যাপো ডুরস—হার্ড সোপ (Sapo Durus—Hard Soap)।

কঠিন সাবান। (অলিভ অইল এবং সোডা মিশ্রিত করিয়া প্রস্তুত হয়)। ক্রিয়া—অম্লনাশক। মাত্রা—৫—১৫ গ্রেণ।

(১) লিনিমেণ্টম স্যাপনিস্—সোপ লিনিমেণ্ট (Linimentum Saponis,—Soap Liniment)। নামান্তর,—Opodeldoc। (হার্ড সোপ ২ আং, ক্যাম্ফর ১ আং, অইল অব্ রোজমেরি ৩ ড্রাম, রেকটিফায়েড স্পীরিট্ ১৬ আং, পরিস্রুত জল ৪ আং। ৭ দিন ভিজাইয়া রাখ)।

ব্যবহার :—উত্তেজক মালিস্। বাতবেদনায় এবং কোন স্থানে আঘাত লাগিয়া বেদনা হইলে মালিস্।

(২) পাইলুলা স্যাপনিস্ কম্পোজিটা—কম্পাউণ্ড সোপ পিল (Pilula Saponis Composita)। নামান্তর,—Pilula Opii (ওপিয়াম গুড়া ½ আং, হার্ডসোপ ২ আং, গ্লাইছেরিন যথা-প্রয়োজন। একত্রে মর্দ্দন কর। ইহার ৬ গ্রেণে ১ গ্রেণ ওপিয়াম আছে)। মাত্রা—৩—৫ গ্রেণ।

[লিনিমেণ্টম ওপিয়াতে লিনিমেণ্টম স্থাপনিস্ আছে; তদ্ভিন্ন সাতটি পিল এতে হার্ডসোপ আছে]।

স্থাপোমোলিস্—সফ্ট সোপ (Sapomollis—Soft Soap)।

(অলিভ অইল এবং পটাস যোগে সাবান)।

[টর্পেণ্টাইন লিনিমেণ্টতে আছে।]

স্থাপো এনিম্যালিস্—(জান্তব ঔষধ মধ্যে দেখ)।

স্থালিসিনম্—স্থালিসিন (Salicinum—Salicin)। (স্থালিকেসি জাতীয় স্থালিক্স্ বৃক্ষের ছাল হইতে প্রাপ্ত দানাবৎ পদার্থ), বর্ণ হীন, উজ্জ্বল সূক্ষ্ম দানাকারে। ঘর্ম্মকারক, উত্তাপ হারক।

মাত্রা—৩—২০ গ্রেণ।

[সোডি স্থালিসিলাস দেখ]।

সামবুছি ফ্লোরস্—এল্ডার্ ফ্লাওয়ার (Sambuci Flores—Elder Flower)। (ক্যাপ্রিফোলিয়েছি জাতীয় স্থাম্বিউকস্ নাইগ্রা গাছের ফুল। ইংলণ্ডে জন্মে)।

(১) একুয়া সামবুছি (Aqua Sambuci)। (এল্ডার ফ্লাউয়ার ১০ পাউণ্ড, জল ৫ গ্যালন। ১ গ্যালন চোয়াইয়া লও)। চর্ম্মরোগে মালিসরূপে ব্যবহার হয়।

সাণ্টালি ওলিয়ম—অয়িল অব্ স্থাণ্ডাল্ উড্ (Santali Oleum, Oil of Sandal Wood)। শ্বেতচন্দন তৈল। নামান্তর (Oleum Santal Flava)। (সাণ্টালেছি জাতীয় এলবম্ নামক বৃক্ষের কাষ্ঠ হইতে চোয়াইয়া পাওয়া যায়। ভারতবর্ষে জন্মে)।

ক্রিয়া:—গণোরিয়া পীড়ায় উপকারক, মূত্রকারক। মাত্রা ১০—৩০ মিনিম্।

সাণ্টোনিকা (Santonica)। (কম্পোজিটি জাতীয় আর্টিমিসিয়া ম্যারিটিমা নামক বৃক্ষের অপরিস্ফুট পুষ্প। রুসিয়া দেশে জন্মে)। অল্প সবুজবর্ণ, তিক্ত কর্পূরবৎ আস্বাদ। উগ্র গন্ধ। দেখিতে ক্ষুদ্র ক্ষুদ্র বীজাকৃতি।

গুণ:—কেঁচোর ন্যায় কৃমিনাশক। মাত্রা, ১০—৬০ গ্রেণ।

সাণ্টনাইনম্—সাণ্টনিন্ (Santoninum, Santonin)।

(সাণ্টনিকা হইতে সারাংশ)। বর্ণহীন বা অল্প হরিদ্রাভ ক্ষুদ্র ক্ষুদ্র চাক্‌চিক্যশালী দানা। স্বাদ ও গন্ধবিহীন। জলে দ্রব হয় না। ঈথরে এবং ফুটন্ত রেক্‌টীফায়েড্ স্পীরিটে দ্রব হয়।

কেঁচোর ন্যায় ক্রিমি এবং সূত্রবৎ ছোট কৃমি (থ্রেড্‌ওয়ারাম) বিনাশ করে। সেবন করিলে প্রস্রাব হরিদ্রাবর্ণ হয়, এবং দৃষ্টিও হরিদ্রাবর্ণ হয়। মাত্রা, ২—৬ গ্রেণ। ১ বৎসরের বালক ½ গ্রেণ।

(১) ট্রচিছাই স্যাণ্টনাইনি—স্যাণ্টোনিন্ লোজেঞ্জ্ (Trochisi Santonini)। (সাণ্টনিন্ চিনি, গম একেশিয়া এবং জলযোগে লোজেঞ্জ্। প্রত্যেকটীতে ১ গ্রেণ সাণ্টনিন থাকে)। মাত্রা—১—৬টা।

স্যাকারম পিউরিফিকেটম্—রিফাইণ্ড্ সুগার্ (Saccharum Purificatum—Refined Sugar)। বাঙ্গালা ঃ—মিছরি বা পরিস্কৃত চিনি।

(১) সিরুপাস্—সিরপ্ (Syrupus, Syrup)। (সুগার্ ৫ পাউণ্ড, পরিস্রুত জল ২½ পাউণ্ড্) ঔষধ মিষ্ট করিতে ব্যবহার হয়।

সাবাডিলা—ছেবাডিলা (Sabadilla—Cevadilla)। (মেলাস্থেসি জাতীয় আসাগ্রি অফিসিনালিস্ নামক বৃক্ষের বীজ)। "ভেরাট্রাইন্" দেখ।

স্যাবাইনি ক্যাকুমিনা—স্যাভিন্‌টপস্ (Sabinæ Cacumina—Savin Tops)। (কনিফেরি জাতীয় জুনিপেরস্ সেবাইনা বৃক্ষের ডগা। ব্রিটিস দ্বীপে জন্মে)।

ক্রিয়া ঃ—রজঃস্রাবকারক (এমানেগোগ)। গুঁড়ার মাত্রা ৪—১০ গ্রেণ।

(১) ওলিয়ম্ স্যাবাইনি (Oleum Savine)। (স্যাবাইনি হইতে চোঁয়ান তৈল)। মাত্রা ১—৪ মিনিম্।

(২) টীংচ্যুরা স্যাবাইনি (Tinctura Sabinæ)। (স্যাবাইন্ ২½ আং, প্রুফ স্পীরিট্ ১ পাইণ্ট্। ম্যাছি, পার্‌কল)।

মাত্রা, ২০ মিনিম্—১ ড্রাম্।

(৩) আঙ্গুয়েণ্টাম্ সেবাইনি (Unguentum Sabinæ)। (টাট্‌কা সেবাইন্‌টপ ৮ আং, পীত মোম ৩ আং, বেঞ্জোয়েটেড্ লার্ড ১৬ আং) বেলেস্তারার ক্ষতে এই মলম লাগাইলে ক্ষত শুষ্ক হয় না।

সিলা—স্কুইল্ (Scilla, Squill)। (লিলিয়েছি জাতীয় অর্গিনিয়াসিলা নামক বৃক্ষের আন্তর্ভৌমিক কাণ্ড বা কন্দ। ভূমধ্যসাগরের নিকটবর্ত্তী দেশসমূহে জন্মে)। পিয়ারা ফলাকৃতি। খুব বড় পিয়ারা বা তদপেক্ষাও বড়। অনেকগুলি শল্ক পরস্পর সজ্জিত হইয়া গঠিত, অর্থাৎ পেয়াজের ন্যায়। ভিতরে সরস কোষ থাকে। তিক্ত আস্বাদ।

ক্রিয়া :—উত্তেজক মূত্রকারক এবং উত্তেজক কফ নিঃসারক। শোথ রোগে এবং ব্রঙ্কাইটিস্ রোগে উপকারক। বেশী মাত্রায় বমনকারক। মাত্রা, ১—৩ গ্রেণ্ (গুঁড়া)।

(১) এছিটম্ সিলি—ভিনিগার অব্ স্কুইল্ (Acetum Scillæ)। (স্কুইল্ ২½ আং, এছেটিক্ এছিড্ ১ পাইণ্ট্। ৭ দিন ভিজাইয়া রাখ)। মাত্রা, ১৫—৪০ মিনিম্।

(২) অক্সিমেল্ সিলি—অক্সিমেল্ স্কুইল (Oxymel Scillæ)। (এছিটম্ সিলি ১ পাইণ্ট্, ক্ল্যারিফাইড্ হনি ২ পাউণ্ড্ মিশ্রিত করিয়া উত্তপ্ত করিয়া ১·৩২ আপেক্ষিক গুরুত্ব হইলে নামাও)।

মাত্রা, ½—১ ড্রাম্।

(৩) পাইলিউলা সিলি কম্পোজিটা—কম্পাউণ্ড্ স্কুইল পিল (Pilula Scillæ Composita)। (স্কুইল চূর্ণ ১¼ আং, জিঞ্জার্, এমোনায়েকম্ এবং হার্ডসোপ গুঁড়া প্রত্যেক ১ আং, ট্রিয়াকেল ২ আং (ওজনে)। মাত্রা, ৫—১০ গ্রেণ।

(৪) সিরুপস্ সিলি—সিরপ অব্ স্কুইল (Syrupus Scillæ)। (এছিটম্ সিলি ১ পাইণ্ট্, সুগার্ ২½ পাউণ্ড)। মাত্রা, ½—১ ড্রাম্। ১ আং (বমনকারক)।

অসম্মিলন :—এমোনিয়া কার্ব্বনেট্, স্পীরিট্ এমন্ এরম্ এবং ক্ষার দ্রব্য।

(৫) টীংচ্যুরা সিলি—টীংচার্ স্কুইল (Tinctura Scillæ)। (স্কুইল ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট্। ম্যাছি, পার্কল)।

মাত্রা—১০—৩০ মিনিম্।

(৬) পাইলিউলা ইপিকাকুয়ানহিকম্ সিলি (ইপিকাকুয়ানহি দেখ)।

সেনেগি র‍্যাডিক্স্—সেনেগা রুট (Senegæ Radix)।

(পলিগ্যালেছি জাতীয় পলিগেলা সেনেগা নামক বৃক্ষের মূল। ইউনাইটেড্ ষ্টেটে জন্মে)। গাইট গাইট মূল তাহা হইতে ক্ষুদ্র ক্ষুদ্র শাখা। পেনের ন্যায় স্থূল, কোঁকড়ান। মিষ্ট এবং কটু আস্বাদ। চর্ব্বণ করিলে লালা স্রাব হয়।

ক্রিয়া:—উত্তেজক কফনিঃসারক এবং উত্তেজক ঘর্ম্মকারক। ব্রঙ্কাইটিস্ রোগে উপকারক। মাত্রা (গুঁড়া) ২০—৬০ গ্রেণ।

(১) ইন্‌ফিউজম সেনেগি (Infusum Senegæ)। (সেনেগা মূল চূর্ণ ½ আং, ফুটন্ত পরিস্রুত জল ½ পাইন্ট্। ½ ঘণ্টা ভিজাও)। মাত্রা, ½—২ আং।

(২) টিংচ্যুরা সেনেগি (Tinctura Senegæ)। (সেনেগা চূর্ণ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট্, ম্যাছি, পারকল) মাত্রা—½—২ ড্রাম।

সেনা এলেক্‌জাণ্ড্রিনা (Senna Alexandrina)। (লেগুমিনোসি জাতীয় ক্যাসিয়া ল্যান্‌ছিওলেটা নামক বৃক্ষের পত্র। এলেক্‌জাণ্ড্রিয়া দেশ হইতে)।

সেনা ইণ্ডিকা (Senna Indica)। বাঙ্গলা সোনামুখি। (লেগুমিনোসি জাতীয় ক্যাসিয়া ইলংগেটা নামক বৃক্ষের পত্র। ভারতবর্ষে জন্মে)।

ক্রিয়া—উভয় প্রকার সেনাই বিরেচক। পত্র চূর্ণের মাত্রা—১০—৩০ গ্রেণ।

(১) কন্‌ফেক্‌সিও সেনি—কন্‌ফেক্‌শন্ অব্ সেনা (Confectio Sennæ)। নামান্তর Lenitive Electuary (সেনা ৭ আং, কোরিয়াণ্ডার ৩ আং, ফিগ ১২ আং, ট্যামারিণ্ড ৯ আং, ক্যাসিয়া পল্প ৯ আং, প্রুণ ৬ আং, এক্‌ষ্ট্রাক্ট্ লিকরাইচ ১ আং, চিনি ৩০ আং, পরিস্রুত জল ২৪ আং। ফিগ এবং প্রুণ অগ্রে সিদ্ধ কর। পরে ক্যাসিয়া এবং ট্যামারিণ্ড ইত্যাদি যোগ কর। জিনিষ গুলি গুঁড়া করিয়া লইবে। মোট ওজন ৭৫ আং হইবে)। মাত্রা—১—২ ড্রাম।

(২) ইন্‌ফিউজম্ সেনি—ইন্‌ফিউসন অব্ সেনা (Infusum Sennæ)। (সেনা ১ আং, জিঞ্জার ২৮ গ্রেণ, ফুটন্ত পরিস্রুত জল ১০ আং। ½ ঘণ্টা ভিজাও)। মাত্রা—১—২ আং।

(৩) মিশ্চুরা সেনি কম্পোজিটা—কম্পাউণ্ড সেনা মিক্‌শ্চার (Mistura

Sennæ Composita)। নামান্তর Black draught (সল্‌ফেট অব্ ম্যাগ্‌নেশিয়া ৪ আং, এক্‌ষ্ট্রাক্ট্ .গ্নাছির-হিজি লিকুইড্ ১ আং, টীংচার সেনা ২½ আং, টীং কার্ডাম্ কো ১½ আং, ইন্‌ফিউশন্ সেনা ১৫ আং)। উত্তম বিরেচক পানীয়। মাত্রা—১—১½ আং।

(৪) টীংচুরা সেনি (Tinctura Sennæ)। (সেনা ২½ আং, রেইজিন ২ আং, ক্যারাওয়ে ¼ আং, কোরিয়াণ্ডায় ¼ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাছি, পার্‌কল)। মাত্রা—১—৪ ড্রাম।

(৫) সিরুপস্ সেনি—সিরপ সেনা (Syrupus Sennæ)। (৫ পাইণ্ট পরিস্রুত জল ১২০° উত্তপ্ত করিয়া তাহাতে ১ পাউণ্ড সেনা দিয়া ইন্‌ফিউশন কর। জাল দিয়া ১০ আং থাকিতে নামাইয়া ৩ আং রেক্‌টিফায়েড স্পীরিট, ৩ মিনিম অইল অব্ কোরিয়াণ্ডার যোগ করিয়া উহার সহিত মিশাও এবং ১৪ আং চিনি জলে গুলিয়া উহাতে মিশ্রিত করিয়া মোট ১৬ আং কর।) মাত্রা—১—৪ ড্রাম।

স্ক্যামনাই র‍্যাডিক্স্—স্ক্যামনি রুট (Scammoniæ Radix)। (কন্‌ভল্‌ভিউলেছি জাতীয় কন্‌ভল্‌ভিউলস্ স্ক্যামনি নামক বৃক্ষের মূল। সিরিয়া, আসিয়া মাইনর দেশে জন্মে)।

(১) স্ক্যামনিয়ম্—স্ক্যামনি (Scammonium, Scammony)। (তাজা স্ক্যামনি মূল হইতে প্রাপ্ত গম্ রেজিন্ বা আঠা)। কাল মিশ্রিত সবুজ বর্ণ, পিণ্ডাকার। জলের সঙ্গে ঘসিলে সাবানের ন্যায় মিশ্রিত হয়। স্বাদ গ্রহণ করিলে বমনোদ্বেগ হয়।

ক্রিয়া—উগ্র বিরেচক। মাত্রা—৫—১০ গ্রেণ।

(ক) মিশ্চুরা স্ক্যামনিয়াই (Mistura Scammonii)। (স্ক্যামনি ৬ গ্রেণ, দুগ্ধ ২ আং)। মাত্রা—১—৩ আং।

(২) স্ক্যামনাই রেজিনা—রেজিন অব্ স্ক্যামনি (Scammoniæ Resina, Resin of Scammony)। (রেক্‌টীফায়েড স্পীরিট দ্বারা স্ক্যামনি মূলের সার বাহির করিয়া তাহাতে জল সংযোগ করিলে রেজিন তলায় পড়ে। ঐ রেজিন শুষ্ক করিয়া লইবে)। উগ্র বিরেচক। মাত্রা—১—৮ গ্রেণ।

(ক) কন্‌ফেক্‌শিও স্ক্যামনিয়াই—কন্‌ফেকশন্ অব্ স্ক্যামনি (Confectio

Scammonii)। (স্ক্যামনি রেজিন ৬ আং, জিঞ্জার ৩ আং, অইল্ অব্ ক্যারাওয়ে ২ ড্রাম, অইল্ অব্ ক্লোভ ১ ড্রাম, হনি ৩ আং, সিরপ ৬ আং)। মাত্রা—১০—৩০ গ্রেণ।

(খ) পাইলিউলা স্ক্যামনিয়াই কম্পোজিটা—কম্পাউণ্ড স্ক্যামনি পিল (Pilula Scammonii Composita)। (রেজিন অব্ স্কামনি এবং জ্যালাপ প্রত্যেকে ১ আং, কর্ড সোপ ১ আং, ষ্ট্রং টীংচার অব্ জিঞ্জার ১ আং, রেক্টীফায়েড স্পীরিট ২ আং। একত্র করিয়া উত্তাপ দ্বারা গাঢ় করিয়া লও)।৹ মাত্রা—৫—১৫ গ্রেণ।

(গ) পল্‌ভিস্ স্ক্যামনিয়াই কম্পোজিটা—কম্পাউণ্ড স্ক্যামনি পাউডার (Pulvis Scammonii Co.)। (স্ক্যামনি রেজিন্ ৪ আং, জ্যালাপ ৩ আং, জিঞ্জার ১ আং, গুঁড়া করিয়া মিশাও)। মাত্রা—১০—২০ গ্রেণ।

[পিল কলোছিন্স্ এবং এক্‌ষ্ট্রাক্‌ট কলোছিন্থ্‌তে স্ক্যামনি রেজিন আছে।]

স্কোপেরাই ক্যাকুমিনা—ব্রূম টপ (Scoparii Cacumina—Broom Tops)। (লেগমিনোসি জাতীয় স্থার থ্যাম্‌নস্ স্কোপেরিয়স্ নামক গাছের শুষ্ক ডগা। ইউরোপে জন্মে)।

ক্রিয়া—মূত্রকারক। বেশী মাত্রায় বিরেচক, শোথ রোগে উপকারক।

(১) ডিককৃটম্ স্কোপেরিয়াই—ডিককৃশন অব্ ব্রুম টপ (Decoctum Scoparii)। (শুষ্ক ব্রুম টপ ১ আং, জল ১ পাইণ্ট। ১০ মিনিট সিদ্ধ কর এবং নামাইয়া জল দিয়া ১ পাইণ্ট পূর্ণ কর। মাত্রা—২—৪ আং।

(২) সক্কস্ স্কোপেরাই—জুস অব্ ব্রুম টপ (Succus Scoparii)। (টাট্‌কা ব্রুম টপ হইতে রস বাহির করিয়া প্রতি ৩ অংশ রসে ১ অংশ রেক্টীফায়েড স্পীরিট যোগ কর)। মাত্রা—১—২ ড্রাম।

ষ্ট্যাফিসেগ্রাই সেমিনা—ষ্টেভসেকারসিড (Staphisagriæ Semina)। (র‍্যাননকিউলেছি জাতীয় ডেল্‌ফাইনিয়ম ষ্ট্যাফিসেগ্রাই নামক বৃক্ষের সুপক্ক শুষ্ক বীজ। ইউরোপের দক্ষিণ অংশে জন্মে)।

ক্রিয়া—পরাঙ্গপুষ্ট জীবনাশক।

(১) অঙ্গুয়েণ্টম্ ষ্ট্যাফিসেগ্রাই (Unguentum Staphisagriæ)। (ষ্টেভসেকার বীজ চূর্ণ ৪ আং, ৮ আং বেঞ্জোয়েটেড্ লার্ডের সঙ্গে

মিশাইয়া জলের ভাপে ২ ঘণ্টা কাল উত্তপ্ত করিয়া ছাঁকিয়া লও)।

ইকুন বিনাশক মলম।

ষ্ট্র্যামনিয়াই ফোলিয়া—ষ্ট্রামনিয়ম লিফ (Strammonii Folia,—Strammonii Leaves)। (সোনানেছি জাতীয় ডাটুরা ষ্ট্রামনিয়ম্ নামক বৃক্ষের শুষ্ক পত্র। ইংলণ্ডে জন্মে)।

ষ্ট্রামনিয়াই সেমিনা (Strammonii Semina—Stramonium Seed)। (উক্ত বৃক্ষের বীজ)।

ক্রিয়া :—নেশাজনক, আক্ষেপ নিবারক। এজমা রোগে উপকারক। বীজ ও পত্র উভয়ই উপকারক।

(১) এক্‌ষ্ট্রাক্টম্ ষ্ট্র্যামোনিয়াই (Extractum Strammonii)। (ষ্ট্র্যামোনিয়াম্ বীজ ঈথরের দ্বারা ধৌত করিয়া উহার তৈল নির্গত করিয়া ফেলিয়া, ঐ বীজের টীংচার তৈয়ার করিয়া উত্তাপ দ্বারা গাঢ় করিয়া লইবে) মাত্রা ¼—½ গ্রেণ।

(২) টীংচ্যুরা ষ্ট্র্যামোনিয়াই (Tinctura Stramonii)। (ষ্ট্র্যামোনিয়াম্ বীজ ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ম্যাছি, পার্‌কল) মাত্রা ১০—৩০ মিনিম্।

অসম্মিলন—ষ্ট্র্যামোনিয়াম্ সঙ্গে কষ্টিক্ পটাস্ এবং কষ্টিক সোডা, লাইকর্ পটাস্, কার্ব্বনেট্ অব্ সোডা এবং কার্ব্বনেট্ অব্ পটাস্ মিশাইবে না। বাইকার্ব্বনেট্ অব্ সোডা এবং পোটাস্ মিশে।

ষ্ট্রিক্‌নাইনা—ষ্ট্রিক্‌নাইন্ (Strycnina—Strycnine)। চলিত নাম Strycnia (নক্সভমিকা (কুচিলা) হইতে প্রাপ্ত বীর্য্য বা উপক্ষার)। বর্ণহীন দানার আকারে। ১০০০ অংশ জলে দ্রবণীয়। ফুটন্ত রেক্‌টীফায়েড স্পীরিটে এবং ক্লোরোফরামে দ্রব হয়। অত্যন্ত তিক্ত আস্বাদ।

ক্রিয়া :—নক্স্‌ভমিকার গুণ বিশিষ্ট। অতিশয় বিষাক্ত পদার্থ। ধনুষ্টঙ্কারের ন্যায় আক্ষেপ উৎপন্ন করিয়া প্রাণনাশ করে। ঔষধের মাত্রায়, স্নায়বীয় বলকারক, বমন নিবারক এবং রক্তরোধক। মাত্রা $\frac{1}{60}$—$\frac{1}{12}$ গ্রেণ।

(১) লাইকর্ ষ্ট্রিক্‌নাইনি হাইড্রোক্লোরেটিস্ (Liquor Strychinæ

Hydrochloratis)। চলিত নাম Liquor Strycnia (ষ্ট্রিক্‌নাইন্‌ ৯ গ্রেণ, এছিড হাইড্রোক্লোরিক্‌ ডাইলুটেড ১৪ মিনিম্‌, রেক্‌টী-ফায়েড্‌ স্পীরিট ½ আং, পরিস্রুত জল ১½ আং)। মাত্রা ৫—১০ মিনিম্‌।

ষ্ট্রোফ্যান্‌থস্‌ (Strophanthus)। (লোগানিয়েছি জাতীয় ষ্ট্রোফ্যান্‌-থস্‌ হিস্‌পিডস্‌ নামক বৃক্ষের পরিপক্ক ফল।

ক্রিয়া :—ডিজিট্যালিসের ন্যায় হৃদয়ের বলকারক। হৃদ্‌রোগে উপকারক।

(১) টীংচ্যুরা ষ্ট্রোফ্যান্‌থাই (Tinctura Strophanthi)। (প্রথমে ১ আং শুষ্ক এবং গুঁড়া ষ্ট্রোফ্যান্‌থস্‌ বীজ লইয়া ঈথর্‌ দ্বারা ভিজাইয়া উহার সবুজ তৈলাংশ নিষ্কাষিত করিবে। পরে ঐ বীজ শুষ্ক করিয়া ১ পাইণ্ট রেক্‌টীফায়েড স্পীরিট যোগে ম্যাছিরেশন্‌ এবং পারকোলশন দ্বারা টীংচার্‌ তৈয়ার করিবে)। মাত্রা ২—১০ মিনিম্‌।

ষ্টাইরাক্স্‌ প্রিপ্যারেটস্‌—প্রিপেয়ার্ড ষ্টোরাক্স্‌ (Styrax Preparatus—Prepared Storax)। (লিকুইড্যাম বারেছি জাতীয় লিকুইড্যাম্বর ওরিয়েন্‌টেল্‌ নামক বৃক্ষের ছাল হইতে প্রাপ্ত রেজিন বা ধূনাবৎ পদার্থ। এসিয়া মাইনর দেশে জন্মে।) কফনিঃসারক। মাত্রা—১০—২০ গ্রেণ।

[টীং বেন্‌জইন্‌ কোতে আছে।]

হর্‌ডিয়ম্‌ ডিকর্‌টিকেটম্‌—পার্ল বার্লি (Hordeum Decorticatum—Pearl Barley)। (গ্রামিনেছি জাতীয় হর্‌ডিয়ম্‌ ডিস্‌টিকন্‌ ওষধির বীজ। এক রকম যব। ইংলণ্ড জাত।) পোষক এবং স্নিগ্ধকারক।

(১) ডিকক্টম্‌ হর্‌ডিয়াই (Decoctum Hordei)। চলিত নাম Barley Water (বার্লি ওয়াটার)। (পার্ল বার্লি ২ আং, জল ১½ পাইণ্ট। ২০ মিনিট সিদ্ধ কর)। মাত্রা—১—৪ আং বা ইচ্ছামত।

হাইড্রাস্‌টিস্‌ রাইজোমা (Hydrastis Rhizoma)। র‍্যানন্‌ কিউ-লেছি জাতীয় হাইড্রাস্‌টীস্‌ ক্যানাডেন্‌সিস্‌ নামক বৃক্ষের শুষ্ক আস্ত-র্ভৌমিক কাণ্ড (মূল)।

ক্রিয়া :—শ্লেষ্মা ঝিল্লির বলকারক। ব্রংকাইটীস, ফ্যারিন্‌জাইটিস্‌ প্রভৃতি

রোগে উপকারক। আরংগাটির ন্যায় জরায়ুর উপর ক্রিয়া করে। জরায়ু দোষ সংশোধক। গণরিয়াতে উপকার করে।

(১) এক্‌ষ্ট্র্যাক্টম্ হাইড্রাস্‌টিস্ লিকুইডম্—লিকুইড এক্‌ষ্ট্র্যাক্ট্ অব্ হাইড্রাস্‌টিস্ (Extractum Hydrastis Liquidum)। (স্পীরিট এবং জল দ্বারা মূলের টীংচার তৈয়ার করিয়া খানিকটা রাখিয়া দিয়া অবশিষ্ট টীংচার্ উত্তাপ দ্বারা গাঢ় করিয়া বক্রী রক্ষিত টীংচারে দ্রব করিয়া লইবে।) মাত্রা ৪—৩০ মিনিম্।

(২) টীংচ্যুরা হাইড্রাস্‌টিস্ (Tinctura Hydrastis)। (হাইড্রাস্‌টিস্ রাইজোম্ চূর্ণ ২ আং, প্রুফ স্পীরিট ২০ আং। ম্যাছিরেশন্, পার্কোলেশন্)। মাত্রা ২০—৬০ মিনিম্।

হাইওসিয়ামাই ফোলিয়া—হেনবেন লিফ (Hyosciami Folia—Henbane Leaves)। (সোলানেছি জাতীয় হাইওসায়ামস্ নাইগার বৃক্ষের শুষ্ক পত্র এবং কাঁচা পত্র এবং ডাঁটা। ব্রীটেন দ্বীপে জন্মে)। অবসাদক, আক্ষেপনিবারক, নিদ্রাকারক, নেশা কারক। ইহাতে "হাইওসিয়া মাইন" নামক বীর্য্য আছে।

(১) এক্‌স্‌ট্রাক্‌টম্ হাইয়োসিয়ামাই (Extractum Hyosciami)। (টাটকা হেনবেন পত্রের রস লইয়া গাঢ় করিয়া)। মাত্রা—৫—১০ গ্রেণ।

(২) পিল কলোসিনথ এট হাইওসিমাই (Pill Colocynthidis Et Hyosciami) "কলোসিনথ" দেখ।

(৩) সক্কস্ হাইওসিয়ামাই—যুস অব্ হায়সায়ামস্ (Succus Hyosciami)। (হেন্‌বেন পত্র ও ডাঁটার রসে উহার অর্দ্ধ পরিমাণ রেক্‌টীফাইেড্ স্পীরিট্ মিশাইয়া)। মাত্রা—½—১ ড্রাম্।

(৪) টীংচ্যুরা হাইওসিয়ামাই (Tinctura Hyosciami) হেনবেন পত্র ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইন্ট। ম্যাছি পার্কল)।

মাত্রা—½—১ ড্রাম্।

[অসম্মিলনঃ—হায়সায়ামস সঙ্গে কষ্টিক পটাশ এবং কষ্টিক সোডা লাইকর্ পটাসি, কার্ব্বনেট অব্ পটাস এবং কার্ব্বনেট অব্ সোডা। বাইকার্ব্বনেট অব্ সোডা এবং পটাশে মিশে।

হ্যামামেলাইডিস্ কর্‌টেক্‌স্—হ্যামামেলিস্ বার্ক (Hamameli-

dis Cortex, Hamamelis Bark। (হ্যামামেলাইডেছি জাতীয় হ্যামামেলিস্ ভাৰ্জিনিকা নামক বৃক্ষের শুষ্ক ছাল। চলিত নাম (Witch Hazel, ইংলণ্ড জাত।)

গুণ:—রক্তরোধক, বিবিধ প্রকার রক্তস্রাবে উপকারক।

(১) টীংচুরা হ্যামামেলিস্ (Tinctura Hammamelis)। (হ্যামামেলিস ছালচূর্ণ ২ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট, ম্যাছি, পার্কল।)

মাত্রা—৫—৬০ মিনিম।

হ্যামামেলাইডিস্ ফোলিয়া—হ্যামামেলিস্লিফ (Hammamelidis Folia। (হ্যামামেলিসের শুষ্ক পত্র)।

(১) এক্স্ট্রাক্টম হ্যামামেলাইডিস্ লিকুইডম—লিকুইড্ এক্স্ট্রাক্ট্ অব্ হ্যামামেলিস্ (Extractum Hammamelidis Liquidum)। (জল ও স্পীরিট দ্বারা হ্যামামেলিস পত্রের টীংচার তৈয়ার করিয়া কতকটা টীংচার রাখিয়া দিয়া অবশিষ্ট উত্তাপে গাঢ় করিয়া বক্রী টীংচারের সঙ্গে মিশাইবে)। মাত্রা—২—৫ মিনিম।

(ক) অংগুয়েণ্টম হ্যামামেলাইডিস্—অয়েণ্টমেণ্ট অব্ হ্যামামেলিস্ (Unguentum Hammamelidis)। (এক্স্ট্রাক্টম হ্যামামেলিস্ ৫০ মিনিম, সিম্পল্ অয়েণ্টমেণ্ট ৪১০ গ্রেণ।)

স্থানীয় প্রয়োগ সঙ্কোচক। ট্যানিক এসিডের ন্যায়।

হিমাটক্সাইলাই লিগ্নম্—লগউড্ (Hematoxyli Lignum—Logwood)। (লেগুমিনোসি জাতীয় হিমাটক্সাইনম ক্যাম্পেচিয়েনস নামক বৃক্ষের সার কাষ্ঠ। আমেরিকার দ্বীপ সমূহে, ভারতবর্ষে জন্মে)। উদরাময়ে ধারক। গুড়ার মাত্রা—১০—৩০ গ্রেণ।

(১) এক্স্ট্রাক্টম্ হিমাটক্সাইলি (Extractum Hæmatoxyli)। (লগউডের ইনফিউশন তৈয়ার করিয়া জ্বাল দিয়া ঘন করিয়া লইবে) মাত্রা ১০—৩০ গ্রেণ।

(২) ডিককটম্ হিমাটক্সাইলাই (Decoctum Hœmatoxyli)। (লগউড ১ পাং, ১ পাইণ্ট পরিস্রুত জলে ১০ মিনিট সিদ্ধ করিয়া নামাইবার সময় ৫৫ গ্রেণ ছিনামন যোগ করিবে। ছাঁকিয়া লইয়া ১ পাইণ্ট পূর্ণ করিবে)। মাত্রা—১—২ আং।

হেমিডেস্‌মাই র‍্যাডিক্‌স্ (Hemidesmi Radix)। বাঙ্গালা নাম অনন্তমূল। (এস্‌ক্লিপিডিয়েছি জাতীয় হেমি ডেস্‌মস্ ইণ্ডিকস্ নামক লতার মূল। ভারতবর্ষে জন্মে)। গোলাকার গাইট গাইট বাঁকা বাঁকা মূল। সুগন্ধযুক্ত। গুণ:—সার্‌সার ন্যায়।

(১) সিরুপস্ হোমিডেস্‌মাই—সিরপ অব্ হেমিডেস্‌মস্ (Syrupus Hemidesmi)। (৪ আং, হেমিডেস্‌মস্ মূল ১ পাইণ্ট ফুটন্ত জলে সিদ্ধ করিয়া ইন্‌ফিউসন করিয়া ছাঁকিয়া উহাতে ২৮ আং, সুগার—চিনি যোগ কর)। মাত্রা—১ ড্রাম।

হোমাট্রোপাইনি হাইড্রোব্রোমাস্—হাইড্রোব্রোমেট্ অব্ হোমাট্রোপাইন (Homatropinæ Hydrobromas)।

ক্রিয়া:—এট্রোপিনের ন্যায়। চক্ষুকণিকা প্রসারক। মাত্রা—$\frac{1}{60}$—$\frac{1}{20}$ গ্রেণ।

জান্তব ঔষধ।

এডেম্প্ প্রিপ্যারেটস্—প্রিপেয়ার্ড লার্ড (Adeps Preparatus—Prepared Lard)। (শূকরের উদর প্রদেশের পরিস্কৃত চর্ব্বি। চর্ব্বি গলাইয়া ছাঁকিয়া লইতে হয়)। নানাবিধ মলমের উপকরণ।

এডেম্প্ বেন্‌জোয়েটস্—বেন্‌জোয়েটেড্ লার্ড (Adeps Benzoatus—Benzoated Lard)। (প্রিপ্যার্ড লার্ড, ১ পাউণ্ড এবং ১৪০ গ্রেণ বেন্‌জইন্ একত্র করিয়া জলের ভাপে ২ ঘণ্টা গরম করিয়া ছাঁকিয়া লইবে।

(১) অংগুয়েণ্টম্ সিম্‌প্লেক্স্—সিম্‌পল্ অয়েণ্টমেণ্ট (Unguentum Simplex—Simple Ointment)। (হোয়াইট্ ওয়াক্স্ (সাদা মোম) ২ আং, আমণ্ড অইল ৩ আং, বেন্‌জোয়েটেড্ লার্ড ৩ আং। একত্র গলাও)। সাধারণ মলম। ক্ষতে লাগান যায়।

এডেপ্‌স্‌লেনি—উলফ্যাট্ (Adeps Lanæ—Woolfat)। (ভেড়ার লোম হইতে প্রাপ্ত চর্ব্বি)।

(১) এডেপ্স্ লেনি হাইড্রোসস্—হাইড্রস্ উলফ্যাট (Adeps Lanæ Hydrosus)। চলিত নাম Lanoline—ল্যানলাইন। (এডেপ্স্ লেনি ৭ আং গলাইয়া ৩ আং জল মিশাও)। মলমের জন্ম ব্যবহার হয়।

ওভাই এল্‌বিউমেন—এগ এল্‌বিউমেন (Ovi Albumen, Egg Albumen)। (ডিম্বের শাদা ঘেলু। মুরগীর ডিম্বের)।

ওভাই ভাইটেলস্—ইওক অব্ এগ (Ovi Vitellus—Yolk of Egg)। (ডিম্বের হরিদ্রাবর্ণ ঘেলু। মুরগীর ডিম্বের)।

[মিষ্ট স্পীরিট্ ভিন গ্যালিসাইতে আছে]।

কার্ব্বি এনিমেলিস্—অধাতব ঔষধের মধ্যে দেখ।*

ক্যান্থারিস্—ক্যান্থারাইডিস্ (Cantharis, Cantharidis)। (ক্যান্থারিস্ ভেছিকেটোরিয়া নামক শুষ্ক পতঙ্গ। এতদ্দেশের তেলিনী পোকার অনুরূপ। স্পেন দেশে জন্মে। এজন্ম ইহার নাম Spanish Fly)। মূত্রকারক। বেশী মাত্রায় রক্ত প্রস্রাব হয়। বাহ্যপ্রয়োগে ব্লিষ্টার বা ফোস্কা হয়।

(১) এছিটম্ ক্যান্থারাইডিস্—ভিনিগার অব্ ক্যান্থারাইডিস্। (Acetum Cantharidis)। (ক্যান্থারাইডিস্ ২ আং; এছেটিক্ এছিড ১৮ আং, গ্ল্যাসিয়াল এছেটিক্ এছিড্ ২ আং। ২০০ ডিগ্রি উত্তাপে ক্যান্থারিস্ ডাইজেষ্ট করিয়া এছিটিক এছিড দ্বারা পার্‌কোলেট কর)। বাহ্যপ্রয়োগার্থ ব্যবহার। ফোস্কাকারক।

(২) এম্‌প্লাষ্ট্রম্ ক্যান্থারাইডিস্—ক্যান্থারাইডিস্ প্ল্যাষ্টার। (Emplastrum Cantharidis)। সাধারণ নাম,—Blistering Plaster, (ক্যান্থারাইডিস্ ১২ আং, ইওলো ওয়াক্স্ ৭½ আং, সুএট ৭½ আং, রেজিন ৩ আং, লার্ড ৬ আং)। সচরাচর বেলেস্তারা জন্ম বাবহার হয়।

(৩) এমপ্ল্যাষ্ট্রম্ ক্যালিফেসিএন্স্ (Emplastrum Calefaciens)। চলিত নাম,—Warming Plaster. (৪ আং ক্যান্থারাইডিস্, এক্স্‌প্রেস্‌ড্ অইল অব্ নটমেগ ৪ আং, ইওলো ওয়াক্স্ ৪ আং, রেজিন ৪ আং, রেজিন প্লাষ্টার ৩½ পাউণ্ড, সোপ প্লাষ্টার ২ পাউণ্ড। ক্যান্থারাইডিসের

খুব কড়া ইন্‌ফিউশন তৈয়ার করিয়া অপর দ্রব্যগুলি গলাইয়া মিশ্রিত করিবে)।

(৪) চার্টা এপিস্‌প্যাষ্টিকা—ব্লিষ্টারিং পেপার (Charta Epispastica—Blistering Paper)। (হোয়াইট্‌ ওয়াক্স্‌ ৪ আং, স্পার্‌মেছেটি ১½ আং, অলিভ অইল ২ আং, রেজিন ¾ আং, ক্যান্থারাইডিস্‌ ১ আং, জল ৬ আং একত্র করিয়া উত্তাপে গলাইবে, পরে জল ভাগ ফেলিয়া দিয়া ¼ আং ক্যানাডা বালসাম যোগ করিবে। এই মলম কাগজের ১ পৃষ্ঠে মাখাইবে)। বেলেস্তারা জন্য ব্যবহার।

(৫) অঙ্গুয়েণ্টম্‌ ক্যান্থারাইডিস্‌—অয়েণ্টমেণ্ট অব্‌ ক্যান্থারাইডিস্‌ (Unguentum Cantharidis)। ৬ আং অলিভ অইলে ১ আং ক্যান্থারাইডিস্‌ উত্তপ্ত করিয়া ছাঁকিয়া ঐ তৈলে ১ আং ইওলো ওয়াক্‌স্‌ যোগ কর)।

(৬) লাইকর এপিস্‌প্যাষ্টিকস্‌—ব্লিষ্টারিং লিকুইড (Liquor Epispasticus—Blistering Liquid)। চলিত নাম,—Linimentum Cantharidis (ক্যান্থারাইডিস্‌ ৫ আং, এছেটিক ঈথর ১ পাইণ্ট। পার্‌কোলেট কর)। বেলেস্তারা জন্য ব্যবহার।

(ক) কলোডিয়ন ভেছিকান্স্‌—ব্লিষ্টারিং কলোডিয়ন (Collodion Vesicans—Blistering Collodion)। (পাইরকসাইলিন ১ আং, ব্লিষ্টারিং লিকুইড ২০ আং)। বেলেস্তারা জন্য।

(৭) টীংচ্যুরা ক্যান্থারাইডিস্‌ (Tinctura Cantharidis)। (ক্যান্থারাইডিস্‌ ¼ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট, ম্যাচিরেশন), মূত্রকারক।

মাত্রা—৫—২০ মিনিম। মূত্রকারক।

কোকস্‌—কোচিনিয়াল (Cocus—Cochincal)। (কোকস ক্যাক্টাই নামক স্ত্রী জাতীয় কীট। মেক্সিকো এসিয়া ও যাবা উপদ্বীপে জন্মে)। লোহিত বর্ণের জন্য, ঔষধ রং করিবার জন্য ব্যবহৃত হয়।

(১) টীংচ্যুরা কোকাই (Tinctura Cocci)। টীংচার অব্‌ কোচিনিয়াল। (কোচিনিয়াল ২½ আং, প্রুফ স্পীরিট ১ পাইণ্ট। ম্যাচিরেশন)।

[টীং কার্ডাম্‌ কো, টীং ছিঙ্কোনি কোতে কোচিনিয়াল আছে।]

ছিরা এল্‌বা—হোয়াইট্‌ ওয়াক্স্‌ (Cera Alba, White Wax)। বাঙ্গালা শাদা মম। (হরিদ্রা বা পীত মোমকে বাতাসে আলোকে এবং ভিজে স্থানে রাখিলে শাদা হয়)।

[চার্টা এপিস্‌ প্যাষ্টিকা, অঙ্গু ছিটাছিয়াই এবং অঙ্গুয়েণ্টম্‌ সিম্‌প্লেক্স্‌ তৈয়ার করিতে।]

ছিরা ফ্লেবা—ইওলো ওয়াক্স্‌ (Cera Flava—Yellow Wax)। বাঙ্গালা পীত মোম।

[হাইমেনপটেরা জাতীয় এপিস্‌ মেমিফিকা (মৌমাছি) নামক পতঙ্গের মোচাক।]

মলম আদি প্রস্তুতে ব্যবহার হয়।

ছিটাছিয়ম—স্পারমেছেটি (Cetaceum,—Spermaceti)। (স্পারম হোয়েল বা এক জাতীয় তিমি মৎস্যের মস্তক হইতে প্রাপ্ত চর্ব্বিবৎ পদার্থ)।

(১) অঙ্গুয়েণ্টম ছিটাছিয়াই (Unguentum Cetacei)। (ছিটাছি ৫ আং, হোয়াইট ওয়াক্স্‌ ২ আং, আমণ্ড অইল ১ পাইণ্ট, বেন্‌জইন ½ আং। একত্রে গলাও এবং ছাঁকিয়া লও)। ক্ষত আরোগ্যকারী মলম।

জিলাটিনম্‌ জিলাটিন্‌ (Gelatinum)। (জন্তু সকলের চর্ম্ম, অস্থি প্রভৃতি হইতে প্রাপ্ত পদার্থ বিশেষ। গরম জলে অস্থি চর্ম্ম প্রভৃতি ভিজাইলে জিলাটিন পাওয়া যায়।) গ্লাইছেরিন সপোজিটোরি প্রস্তুত জন্য ব্যবহার হয়।

পেপ্সিন—(Pepsin)। (শূকর, ভেড়া অথবা গোবৎসের পাকস্থলী চাঁচিয়া যে পদার্থ পাওয়া যায়, তাহা শুষ্ক করিয়া যে গুঁড়াকার দ্রব্য হয়)। পাচক। অজীর্ণ রোগে হিতকর। মাত্রা—২—৩ গ্রেণ।

ফেল বোভাইনম্‌ পিউরিফিকেটম্‌—পিউরিফায়েড্‌ অক্স বাইল (Fel Bovinum Purificatum)। বাঙ্গালা পরিষ্কৃত গো-পিত্ত। স্পীরিট যোগে গো-পিত্ত পরিষ্কৃত করিয়া লইতে হয়। সবুজ বর্ণ পদার্থ।

ক্রিয়া :—বলকারক, পাচক, মৃদু বিরেচক। অজীর্ণ রোগে ব্যবহার হয়। মাত্রা—৫—১০ গ্রেণ (বটিকাকারে)।

মস্‌কস্‌—মস্ক (Moschus—Musk)। বাঙ্গালা,—মৃগনাভি।
(মস্কস্‌ মস্কিফেরস নামক মৃগের নাভির পশ্চাতে এবং লিঙ্গমূলাবরকের নিকট থলি বিশেষে যে গন্ধদ্রব্য জন্মে। হিমালয় পর্ব্বতে এবং তিব্বত দেশে জন্মে)। অত্যন্ত উগ্র সুগন্ধ বিশিষ্ট লোহিতাভ কাল দানার আকার।

ক্রিয়া :—উত্তেজক, আক্ষেপ নিবারক। মৃদু প্রলাপ, অত্যন্ত দৌর্ব্বল্যবস্থায় উপকারী। মাত্রা—৫—১০ গ্রেণ।

মরহুই ওলিয়ম—কড্‌লিবর অইল (Morrhuæ Oleum—Cod-liver Oil)। (গ্যাডস্‌ মর্‌হুয়া বা কড নামক মৎস্যের যকৃত হইতে প্রাপ্ত তৈল। ইউরোপের উত্তরস্থ সমুদ্রে এবং আমেরিকার নিকটবর্ত্তী সমুদ্রে এই মৎস্য জন্মে। নিউফৌণ্ডল্যাণ্ড, আইস্‌ল্যাণ্ড এবং নরওয়ে দেশ হইতে আমদানী হয়)। পুষ্টিকারক, মেদ বৃদ্ধি কারক, পরিবর্ত্তক। যক্ষাকাশে, পুরাতন কাশরোগে, ক্ষীণ শরীরে অতিশয় উপকারক। মাত্রা—১—৮ ড্রাম (দুগ্ধের সহিত)।

মেল—হনি (Mell—Hony)। বাঙ্গালা,—মধু। (এপিস্‌ মেলিফিকা বা মৌমাছি দ্বারা প্রস্তুত মধু। মৌমাছিরা পুষ্প হইতে মধু চয়ন করিয়া চাকে সঞ্চিত করে)।

ক্রিয়া :—স্নিগ্ধকারক, মৃদুবিরেচক। মাত্রা—১ ড্রাম—১ আং।

(১) মেলডেপুরেটম্‌—ক্লারিফায়েড হনি (Mel Depuratum—Clarified Honey)। (মধু গরম করিয়া ফ্লানেল দিয়া ছাঁকিয়া লও)।

(ক) মেল বোরছিস্‌—বোরাক্স্‌ অব্‌ হনি (Mell Boracis—Borax of Hony)। (বোরাক্স্‌ ৬০ গ্রেণ, ক্লারিফায়েড হনি ৪৮০ গ্রেণ, গ্লাইছেরিণ ৩০ গ্রেণ) মুখের ক্ষতে লাগান উপকারক। অন্যান্য শ্লেষ্মাঝিল্লির ক্ষতে স্থানীয় প্রয়োগ।

(খ) অক্‌সিমেল (Oxymel)। (ক্লারিফায়েড হনি ৪০ আং, এছেটিক এসিড ৫ আং, জল ৪ আং। উত্তাপে গলাও)। অন্যান্য ঔষধের সহিত ব্যবহার হয়। মাত্রা—১—২ ড্রাম।

(গ) অক্‌সিমেল সিলি—অক্সিমেল অব্‌ স্কুইল Oxymel Scillæ—Veno-

gar of squill)। (ভিনিগার অব্ স্কুইল ১ পাইন্ট, ক্লারিফায়েড ২ পাউণ্ড। উত্তপ্ত করিয়া ১·৩২ আপেক্ষিক গুরুত্ব বিশিষ্ট হইলে নামাইবে)। কফনিঃসারক। মাত্রা—½—১ ড্রাম।

ল্যাক—মিল্ক (Lac—Milk)। (গো দুগ্ধ)।

[মিষ্ট স্যামনিয়াই প্রস্তুতে লাগে]।

(১) স্যাকারম ল্যাক্‌টিস্—সুগার অব্ মিল্ক (Sacchaaum Lactis)। বাঙ্গালা,—দুগ্ধ শর্করা। (ছানার জল জ্বাল দিয়া দানাকারে প্রাপ্ত হওয়া যায়। ছানার জল জ্বাল দিয়া মারিয়া তাহার ভিতর কাঠি রাখিলে ঐ কাঠির উপর দুগ্ধ শর্করা দানা বাঁধিবে)। শাদা দানার আকার অথবা চাপাকারে। সামান্য মিষ্ট আস্বাদ। সাধারণ চিনির ন্যায় ব্যবহৃত হইতে পারে। কোন কোন গুঁড়া ঔষধের সঙ্গে ব্যবহৃত হয়।

[পাল্‌ভ ইলেটেরি নাইকোতে আছে]

সিভম প্রিপ্যারেটম্—প্রিপেয়ার্ড সুএট (Sævum Preparatum—Prepared Suet)। (ভেড়ার উদর প্রদেশ হইতে প্রাপ্ত চর্ব্বি। গলাইয়া এবং ছাঁকিয়া পরিষ্কার করিয়া লইবে)।

[এম্‌প্ল্যাষ্ট্র ক্যান্থারাইডিস এবং অংগুয়েণ্টম হাইড্রার্জতে আছে]।

স্যাপো এনিমেলিস্ (Sapo Animalis)। চলিত নাম কর্ড-সোপ। (সোডা এবং চর্ব্বি দ্বারা প্রস্তুত সাবান)।

(১) এম্‌প্লাস্‌ট্রম্ স্যাপনিস্। সোপ প্লাষ্টার। (কর্ড সোপ ৬ আং, রেজিন ১ আং, লেড প্লাষ্টার ২¼ পাউণ্ড। একত্রে গলাও)।

(২) এম্‌প্লাস্‌ট্রম স্যাপনিস্ ফস্‌কম্—ব্রাউন সোপ্ প্ল্যাষ্টার। অপর নাম এম্‌প্লাস্‌ট্রাম্ ছিরাটি স্যাপনিস্। (অক্‌সাইড্ অব্ লেড ১৫ আং লইয়া ১ গ্যালন ভিনিগারে উত্তপ্ত করিবে এবং মিশাইবে। পরে উহাতে ১০ আং কর্ড সোপ যোগ করিয়া উত্তাপ দ্বারা গাঢ় করিয়া ১২½ আং পীত মোম এবং ২০ আং অলিভ অয়েল যোগ করিবে। পুনর্ব্বার উত্তাপ দ্বারা ঘন করিয়া লইবে।)

[রেজিন প্ল্যাষ্টার, একস্‌ট্রাক্‌ট্ কলোসিন্থ্ কো, পিল স্ক্যামনিকো, পিল ফস্‌ফরস, সপোজিটোরি এছিড ট্যানিক্, সপোজিটোরি মর্‌ফাইনি কম্

সেপোন, স্পোজিটোরি এছিড্ কার্ব্বলিক, লিনিমেণ্ট পট্ আইড্ কম্ সেপোন্ এতে কর্ড সোপ আছে। এম্প্লাষ্ট্রম্ ক্যান্থি ফেসিয়েন্স্ এবং এম্প্ল্যাষ্ট্রম্ বেলে-ডোনিতে এম্প্ল্যাষ্ট্রম্ স্তাপসিস্ আছে।]

হাইরুডো—লিচ (Hyrudo—Leech)। বাঙ্গালা,—জোঁক, জালোকা (বিলাতি জোঁক দুই প্রকারের আছে। শ্যামবর্ণ বা সবুজ এবং স্পেকেলড্ বা ইংলিস। এতদ্দেশেও নানা রকমের জোঁক আছে। তন্মধ্যে কতকগুলি বিষাক্ত।

ব্যবহার :—জোক রক্ত মোক্ষণ করিবার জন্য ব্যবহার হয়।

সল্‌ফার (Sulphur) বাঙ্গালা গন্ধক।*

(১) সলফার সব্‌লিমেটম্—সুব্লাইম্ড্ সলফার (Sulphur Sublimatum—Sublimed Sulphur)। নামান্তর,—Flowers of Sulphur (আদত গন্ধককে বাষ্পাকার করিয়া সেই বাষ্প জমিয়া যে গন্ধক হয়)। অল্প সবুজ মিশ্রিত হরিদ্রাবর্ণের কঙ্করবৎ গুঁড়া। স্বাদ ও গন্ধ বিহীন। জলে দ্রব হয় না। টর্‌পেণ্টাইন এবং তৈলে মিশাইয়া উত্তপ্ত করিলে মিশ্রিত হয়। মাত্রা—২০—৬০ গ্রেণ।

(ক) কন্‌ফেক্‌শিও সল্‌ফিউরিস—কন্‌ফেকশন অব্ সল্‌ফার (Confectio Sulphuris)। (সুব্লাইম্ড সলফার ৪ আং, ক্রিম্ অব্ টার্‌টার ১ আং, সিরপ অব্ অরেঞ্জ পিল ৪ আং, ট্রাগাকান্থা ১৮ গ্রেণ্। একত্রে মর্দ্দন কর)। মৃদুবিরেচক।

মাত্রা—৬০—১২০ গ্রেণ।

(খ) অঙ্গুয়েণ্টম সল্‌ফিউরিস—সল্‌ফার অয়েণ্টমেণ্ট (Unguentum Sulphuris)। (সুব্লাইম্ড সলফার ১ আং, বেন্‌জোয়েটেড লার্ড ৪ আং)।

(২) সলফার প্রেছিপিটেটম—প্রেছিপিটেটেড সলফার (Sulphur Præcipitatum—Precipitated Sulphur)। (জলের সঙ্গে স্লেকুড লাইম মিশাইয়া তাহাতে সুব্লাইমড্ সলফার সিদ্ধ করিবে। পরে উহাতে হাইড্রোক্লোরিক এছিড সংযুক্ত করিলে যে গন্ধক তলায় জমিবে তাহা ধৌত ও শুষ্ক করিয়া লইবে)।

হরিদ্রাবর্ণের পরিষ্কার গুঁড়ার আকারে। মাত্রা—১০—৬০ গ্রেণ।

* গন্ধক 'অধাতব" ঔষধ শ্রেণীভুক্ত। ভ্রম ক্রমে এখানে সন্নিবিষ্ট হইল।

(ক) ট্রচিছাই সলফিউরিস্—সলফার লোজেঞ্জ (Trochisci Sulphuris)। (প্রেছিপিটেট্ সলফার ৩৬০ অংশ, এছিড টার্‌ট্রেট্ অব্ পটাসিয়ম ৭২ অংশ, চিনি ৫৭৬ অংশ, গম একেশিয়া ৭২ অংশ, টীং অরেঞ্জ ৭২ অংশ, মিউছিলেজ অব্ গম একেশিয়া ৭২ অংশ। প্রতি লোজেঞ্জে ৫ গ্রেণ্ সলফার)।

[এমপ্ল্যাষ্ট্রম হাইড্রার্‌জ, এমপ্ল্যাষ্ট্রম এমন কম হাইড্রার্‌জ এবং পলভ্ গ্লাইছির হিজিকোতে সুব্লাইমড্ সলফার আছে।]

ক্রিয়া—গন্ধক মৃদু বিরেচক এবং পরিবর্ত্তক। বাহ্যপ্রয়োগে ইহা পরাঙ্গপুষ্ট নাশক। গন্ধকের মলমে পাঁচড়া রোগ আরাম করে।

(৩) সলফিউরিস আইওডাইডম্—আইওডাইড্ অব্ সলফার (Sulphuris Iodidum)। (আইওডাইন ৪ আং, এবং সুব্লাইমড্ সলফার ১ আং, লইয়া একত্রে উত্তপ্ত করিয়া প্রস্তুত হয়)। ধূসর কালবর্ণের দানা। আইওডাইনের ন্যায় গন্ধ।

(ক) অঙ্গুয়েণ্টম সলফিউরিস আইওডাইডাই—আইওডাইড অব্ সলফার অয়েণ্টমেণ্ট (Unguentum Sulphuris Iodidi)। (আইওডাইড অব্ সলফার ৩০ গ্রেণ, হার্ড প্যারাফিন ½ আং, সফ্ট্ প্যারাফিন ½ আং। প্রথমে প্যারাফিন উত্তাপে গলাইয়া উহা ক্রমে ক্রমে আইওডাইড অব্ সালফারের সঙ্গে যোগ করিবে এবং মর্দ্দন করিবে। যেন বেস হইয়া গুঁড়া হয় এবং মিশ্রিত হয়)। পরাঙ্গপুষ্টনাশক এবং উত্তেজক মলম।

[ক্যালক্স্ সলফিউরেটা এবং পটাসা সলফিউরেটা সলফার ঘটিত ঔষধ।]

* ভাইনম জেরিকম্—শেরিওয়াইন (Vinum Xericum—Sherry wine)। স্পেন দেশীয় মদ। শতকরা ১৮ ভাগ এল্‌কোহল আছে। ভাইনম এলোজ, ভাইনম ইপিকাক, ভাইনম এণ্টিমোনিয়েল, ভাইনম কলচিছাই, ভাইনম ফেরি, ভাইনম ওপিয়াই, ভাইনম রিয়াই প্রস্তুতে ব্যবহার হয়।

স্পারিটস্ রেক্‌টিফিকেটস্—রেক্‌টিফায়েড স্পীরিট (Spiritus Rectificatus—Rectified Spirit)। (চিনি গুড়, প্রভৃতি পচাইয়া এবং পরে চোঁয়াইয়া যে এল্‌কোহল পাওয়া যায়। ইহাতে শতকরা ১৬

অংশ জল থাকে। বর্ণহীন তরল দ্রব্য। আপেক্ষিক গুরুত্ব ·৮৩৮) নানাবিধ ঔষধ প্রস্তুতে ব্যবহার হয়।

* স্পীরিটস্ টেনুইয়র—প্রুফ স্পীরিট (Spiritus Tenuior—Proof Spirit)। রেক্টীফায়েড স্পীরিট ৫ পাইণ্ট, পরিস্রুত জল ৩ পাইণ্ট আপেক্ষিক গুরুত্ব ·৯২০)। ঔষধ প্রস্তুতে ব্যবহার হয়।

* স্পীরিটস ভাইনাই গ্যালিসাই—ফ্রেঞ্চ ব্রাণ্ডি (Spiritus Vini Gallici)। (ইহাতে শতকরা ৫০ অংশ এল্‌কোহল আছে)।

(১) মিশ্চুরা স্পারিটস্ ভাইনাই গ্যালিসাই—ব্রাণ্ডি এগ্ মিকশ্চার (Mistura Spiritus Vini Gallici)। (ডিম্বের হরিদ্রাবর্ণ ঘেলু ২ টা, ব্রাণ্ডি ৪ আং, চিনি ½ আং, ছিনামন ওয়াটার ৪ আং, মিশাও)।

মাত্রা—১—২ আং।

ব্রাণ্ডি বেশীমাত্রায় মাদক। অল্প মাত্রায় বলকারক এবং অতি উৎকৃষ্ট উত্তেজক ঔষধ। ব্রাণ্ডি এবং এগ্ মিকশ্চার বলকারী পথ্য।

† রেজিনা—রেজিন (Resina—Resin)। বাঙ্গালা ধূনা। (দেবদারু জাতীয় বৃক্ষ হইতে নিযাস বিশেষ। হরিদ্রাভ, উজ্জ্বল ভঙ্গপ্রবণ খণ্ডাকারে)।

(১) এম্‌প্লাষ্ট্রম্ রেজিনি (Emplastrum Resinæ)। চলিত নাম এডিসিভ প্লাসটার (Adhesive Plaster)। (রেজিন ৪ আং, লেড-প্লাস্‌টার ৩২ আং, কর্ডসোপ ২ আং)।

(২) অঙ্গুয়েণ্টম রেজিনি (Unguentum Resinæ)। চলিত নাম ব্যাসিলিকন অয়েণ্টমেণ্ট (Basilicon Ointment)। (রেজিন ৪ আং, পীতমোম ৪ আং, সিম্‌পেল অয়েণ্টমেণ্ট ১৬ আং, বাদাম তৈল ২ আং)।

গুণ:—রেজিন আঠা বলিয়া নানাবিধ প্লাষ্টার প্রস্তুতে লাগে। রেজিনের মলম পুরাতন ক্ষতে দিলে উপকার হয়।

স্যাকারম পিউরিফিকেটম্—রিফাইণ্ড সুগার (Saccharum Purificatum)। বাঙ্গলা পরিষ্কৃত চিনি।

(১) সিরুপস্—সিরপ্ (Syrupus—Syrup)। (চিনি ৫ পাউণ্ড, পরিস্রুত জল ২½ পাউণ্ড)।

---

* এইগুলি "মদ্য জাতীয় ঔষধ শ্রেণীভুক্ত। এম ক্রমে এখানে সাম্নাবষ্ট হইল।

† রেজিন উদ্ভিদ জাতীয় ঔষধ।

(৩৫) * এম্প্ল্যাষ্ট্রম বা প্লাস্টার (Emplastrum—Plaster) ১৫ টী আছে। ইহাদিগকে বাঙ্গালায় পটী বলা যায়। বাহ্যিক প্রয়োগ জন্য। প্ল্যাষ্টার সমস্তই তৈয়ারি পাওয়া যায়। কম্পাউণ্ডারকে তৈয়ার করিতে হয় না। কেবল প্রস্তুতীকৃত দ্রব্য কাগজে বা লেদারে মাখাইয়া ব্যবহার উপযোগী করিয়া দিতে হয়।

এমপ্ল্যাষ্ট্রম	Emplastrum	যে যে দ্রব্যে প্রস্তুত হয়।
এমনিয়েছাই কম হাই-ড্রার্জিরো	Ammoniaci cum Hydrarg	এমনায়েকম মার্কুরি, অলিভ অইল এবং স্বুব্লাইম্ড্ সাল্‌ফার।
ওপিয়াই	Opii	ওপিয়ম এবং রেজিন প্লাষ্টার।
ক্যালিফেসিএন্স্	Calefaciens	ক্যান্থারাইডিস্, অইল অব্ নটমেগ, পীত মোম, রজিন, রেজিন প্ল্যাষ্টার, সোপ প্ল্যাষ্টার, এবং ফুটন্ত জল।
ক্যান্থারাইডিস্	Cantharidis	ক্যান্থারাইডিস, পীতমোম, সুএট, লার্ড, রেজিন।
গ্যালবেনি	Galbani	গ্যাল্‌বেনম, এমনায়েকম্, লেড প্ল্যাষ্টার, পীতমোম।
পাইছিস্	Picis	বরগণ্ডি পিচ, ফ্রান্‌কিন্‌ছেন্‌স্, রেজিন, পীতমোম, অইল অব্ নট্‌মেগ, অলিভ অইল এবং জল।
প্লম্বাই	Plumbi	অক্‌সাইড্ অব্ লেড, অলিভ অইল, এবং জল।
প্লম্বাই আইওডাইডাই	Plumbi Iodidi	আইওডাইড অব্ লেড্, লেডপ্ল্যাষ্টার, রেজিন।

* ১১৯ পৃষ্ঠার পর এই কলম বসিবে। ক্রমে ক্রমে এই স্থানে দেওয়া গেল।

ফেরি	Ferri	বরগণ্ডি পিচ, লেড্ প্ল্যাষ্টার, পেরক্ছাইড্ অব্ আয়রণ।
বেলাডোনি	Belladonæ	এল্কোহলিক এক্‌ষ্ট্রাক্ট্ অব্ বেলেডোনা, রেজিন্ প্ল্যাষ্টার, সোপ প্ল্যাষ্টার।
মেন্থল্	Menthol	মেন্থল, রেজিন, পীতমোম।
রেজিনি	Resinæ	রেজিন্, লেড্‌প্ল্যাষ্টার, কর্ডসোপ।
স্যাপনিস্	Saponis	কর্ডসোপ, লেড প্ল্যাষ্টার, রেজিন।
স্যাপনিস্ ফস্কম	Saponis Fuscum	কর্ডসোপ, পীতমোম, অলিভ অইল, অক্ছাইড্ অব্ লেড, ভিনিগার।
হাইড্রার্জিরাই	Hydrargyri	মার্কারি, সাল্ফার, অলিভ অইল, লেড প্ল্যাষ্টার।

ঔষধের শ্রেণী বিভাগ।

ঔষধের ক্রিয়ানুসারে ঔষধ সকলকে নানা শ্রেণীতে বিভাগ করা যায়। যথা, মূত্রকারক ঔষধ, ঘর্ম্মকারক ঔষধ ইত্যাদি।

অল্টারেটিভ (Allterative) বা পরিবর্ত্তক ঔষধ;—এণ্টিমনি, আর্সেনিক, আইওডাইন, মার্কুরি, কল্‌ছিকম এবং উহাদের প্রয়োগরূপ।

আরহাইন (Errhine) ক্ষুৎকারক বা হাঁচিকারক;—টোবাকো, জিঞ্জার, ক্যাপ্‌সিকম, ইপিকাকুয়ানহা।

এফ্রডিছিয়াক (Aphrodisic) বা কামোদ্দীপক ঔষধ;—নক্সভমিকা, ষ্ট্রীক্‌নিয়া, ক্যান্থারাইডিস্, ফস্ফরাস্, ক্যানাবিস ইণ্ডিকা, অহিফেন (অল্প মাত্রায়)।

এনাফ্রডিসিয়াক্ (Anaphrodisiac) বা কাম নাশক;—ব্রোমাইড্ অব্ এমনিয়া, কোনায়ম, ক্যাম্ফর।

এণ্টাছিড, এল্‌কেলি (Antacid—Alkali) অম্লনাশক বা ক্ষার ঔষধ;—পটাস ও সোডা ঘটিত প্রায় সমস্ত ঔষধ, ক্যাল্‌ছিয়ম ঘটিত ঔষধ (লাইম, চক ইত্যাদি) ম্যাগ্‌নেসিয়া, এমনিয়া ঘটিত ঔষধ (এমনিয়া কার্ব্বনেট, এমনিয়া ইত্যাদি), লিথিয়া ঘটিত ঔষধ, কার্ব্বলিগ্‌নাই, কার্ব্ব এনিমেলিস।

এণ্টিপাইরেটিক (Antipyretic) বা উত্তাপ হারক ঔষধ;—এণ্টিফেব্রিন্, এণ্টিপাইরিন্, ফিনাসিটিন্, একনাইট, স্যালিছিন, স্যালিছিলেট্ অব্ সোডা, স্যালিছিলিক এছিড, শীতলজল সমুদয় ঘর্ম্মকারক, বিরেচক ও মূত্রকারক ঔষধ, এলকোহল্, এণ্টিমনি, কুইনাইন।

এণ্টিফ্লোজিস্‌টিক্ (Antiphlogistic) বা প্রদাহ নাশক;—এণ্টিমনি-টার্ট, একনাইট, ভেরাট্রম, বিরেচক ঔষধ, মার্কুরি, রক্তমোক্ষণ।

এস্‌ট্রিন্‌জেণ্ট (Astringent) বা সংকোচক ঔষধ;—ডাইলিউট সল্‌ফিউরিক এছিড, ট্যানিক এছিড, গ্যালিক এছিড, গলনট, কাইনো, ক্যাটিকিউ, র‍্যাটানি, এলম, এছিটেট্ অব্ লেড, সল্‌ফেট্ অব্ জিঙ্ক, অক্‌সাইড্ অব্ জিঙ্ক, সল্‌ফেট অব্ কপার্, নাইট্রেট্ অব্ সিল্‌ভার, সল্‌ফেট অব্ কপার, আরগট, আর্‌গটিন, শীতল জল, পার্‌ক্লোরাইড্ অব্ আয়রণ, সল্‌ফেট্ অব্ আয়রণ ম্যাটিকো।

এণ্টিস্প্যাজ্‌মোডিক (Antispasmodic) বা আক্ষেপ নিবারক ;—ব্রোমাইড অব্‌ পোটাসিয়ম, ব্রোমাইড অব্‌ এমনিয়ম্‌, ঈথর, ক্লোরফরম, ওপিয়ম, ক্লোরাল হাইড্রেট্‌, বেলেডোনা, হাইওসিয়ামাই, এমনিয়া, এছাফিটিডা, অইল অব্‌ লেভেণ্ডার, সম্বল, মস্ক, ক্যানাবিস ইণ্ডিকা।

এনিস্থেটিক্‌ (Anaesthetic) বা সংজ্ঞাহারক ;—(ক) স্থানীয় সংজ্ঞাহারক ;—বরফ, ভেরাট্রাইন, ঈথর, ক্লোরফরম, একনাইট, কোকেইন। (খ) সার্ব্বাঙ্গিক সংজ্ঞাহারক ;—ক্লোরফরম্‌, ঈথর, এল্‌কোহল।

এনডাইন (Anodyne) বা বেদনা নিবারক ;—ওপিয়ম, বেলেডোনা, মর্‌ফাইন, এট্রপাইন, ক্লোরাল হাইড্রেট্‌, বিউটিল ক্লোরাল হাইড্রেট, একনাইট, এণ্টিফেব্রিন্‌, এণ্টিপাইরিন্‌, ঈথর, ক্লোরফরম, এল্‌কোহল।

এস্থেল্‌মেণ্টিক (Anthelmentic) বা ক্রিমি নাশক ;—(ক) কেঁচোর ন্যায় ক্রিমিনাশক ;—স্যাণ্টনিন। (খ) ফিতার ন্যায় ক্রিমিনাশক ;— মেল্‌ফারণ, কুশো, কামেলা, পোমগ্রানেট, টর্‌পেণ্টাইন। (গ) সুতার ন্যায় ক্রিমি নাশক ;—গুহ্যদ্বারে লবণ জল, কোয়াশিয়ার জল, ও চূণের জলের পিচ্‌কারি, (ঘ) ক্রিমির প্রতিশেধক (ভার্‌মিকিউজ)—কুয়াশিয়া, ক্যালম্বা, লবণ, কুইনাইন, লৌহ ঘটিত ঔষধ।

এণ্টিপ্যারাজিটিক (Antiparasitic) বা পরাঙ্গপুষ্ট নাশক ;—সল্‌ফার, সল্‌ফিউরস এছিড, কার্ব্বলিক এছিড, ক্রাইছোফ্যানিক এছিড, ক্রাইছারোবিন, আইওডাইড অব্‌ সল্‌ফার, করোসিভ সব্‌লিমেট, ষ্ট্যাফিসেগ্রিয়া।

এণ্টিপিরিওডিক (Antiperiodic) বা পর্য্যায় নিবারক ;—কুইনাইন, সিংকোনা, আর্সেনিক, আইওডাইন, সল্‌ফেট অব্‌ কপার।

একবোলিক (Ecbolic) বা জরায়ু সংকোচক ;—আরগট, সেভাইন, বোরাক্স, ডিজিট্যালিস।

এমেনগোগ (Emmenogogue) বা রজোনিঃস্বারক ;—আরগট, সেভাইন, এসাফিটিডা, এলোজ, কলোসিন্থ, লৌহ ঘটিত ঔষধ।

এমেটিক (Emetic) বা বমনকারক ;—(ক) উত্তেজক, বমনকারক ,—সল্‌ফেট্‌ অব্‌ জিঙ্ক, মষ্টার্ড, কার্ব্বনেট্‌ অব্‌ এমনিয়া, সল্‌ফেট্‌ অব্‌ কপার। (খ) অবসাদক বমনকারক ;—টার্টার এমেটিক, ইপিকাকুয়ানহা। (গ) স্থানীয় বমনকারক ;—সল্‌ফেট অব্‌ জিঙ্ক, সল্‌ফেট্‌ অব্‌ কপার, মষ্টার্ড, কার্ব্বনেট্‌ অব্‌ এমনিয়া এলম, লবণ (না সেবন করিলে বমন হয় না) (ঘ) সাধারণ

বমনকারক ;—টার্টার এমেটিক, ইপিকাকুয়ানহা, এপমর্‌ফাইন (এই গুলি যে কোন প্রকারে শরীরস্থ হইলেই বমন হয়)।

এক্সপেক্‌টোর‍্যাণ্ট (Expectorant) বা কফনিঃসারক ;—(ক) উত্তেজক কফনিঃস্বারক ;—এমনিয়া, কার্ব্বনেট্‌ অব্‌ এমনিয়া, এরম্যাটিক স্পীরিট অব্‌ এমনিয়া, সেনেগা, সিলি, টরপেণ্টাইন বাল্‌সাম্‌ টোলু। (খ) অবসাদক কফনিঃস্বারক ;—এণ্টিমনি, ইপিকাকুয়ানহা, টিংচার ক্যাম্ফর কো, বেন্‌জইন (গ) কফ তরলকারক ঔষধ ;—আইওডাইড্‌ অব্‌ পটাসিয়ম্‌, ক্লোরাইড অব্‌ এমনিয়ম্‌।

এণ্টিসেপ্‌টিক (Antiseptic) বা পচন নিবারক ;—কার্ব্বলিক এছিড, ক্রিয়োজোট, আর্সেনিক, সল্‌ফিউরস এছিড, করোসিভ সব্‌লিমেট, এলকোহল, ক্লোরাইড অব্‌ সোডিয়ম, অয়েল অব্‌ ইউক্যালিপ্‌টস্‌, বোরাছিক এসিড, আইডোফরম্‌।

এমোলিয়েণ্ট (Emollient) বা স্নিগ্ধকারক ;—উষ্ণ জল, পুলটিস, ময়দা, লিনসিড, গম, হনি, ষ্টার্চ, কলোডিয়ম লিনছিড অইল, অলিভ অইল, আমণ্ড অইল, লার্ড, সুয়েট, মেল, স্পার্মেছিটি, গ্লাইছেরিন, জিল্যাটিন্‌, এলবিউমেন। (স্থানীয় প্রয়োগে স্নিগ্ধকারক হয়)। ইহাদিগকে চর্ম্মের শিথিলতা সম্পাদক ঔষধও বলে।

কষ্টিক বা এস্‌কারেটিক (Caustic) দাহক বা বিধান বিনাশক ;—সল্‌ফেট্‌ অব্‌ কপার, নাইট্রেট্‌ অব্‌ সিল্‌ভার, আইওডাইন, বিন আইওডাইড্‌ অব্‌ মার্কুরি, ক্রমিক এছিড, আর্সেনিক, ক্লোরাইড অব্‌ জিঙ্ক, কার্ব্বলিক এছিড, গ্লাসিয়াল এছেটিক এছিড, ষ্ট্রং হাইড্রোক্লোরিক এছিড, ষ্ট্রং নাইট্রিক এছিড, এছিড নাইট্রেট্‌ অব্‌ মার্কুরি, ব্রোমাইন, সল্‌ফিউরিক এছিড, কষ্টিক সোডা, কষ্টিক পটাস, কষ্টিক লাইম, ক্লোরাইড অব্‌ এণ্টিমনি।

কার্মিনেটিভ (Carminative) বা উদরাধ্মান নিবারক ও পেট কামড়ানি নিবারক ;—জিঞ্জার, ক্যাপ্‌সিকম, ক্লোভ, ছিনামন কার্ডামম, নটমেগ, পেপার, এনাইচ, ফেনেল, ডিল, কোরিয়াণ্ডার, পিপারমেণ্ট, ক্যাজুপট অইল, ক্যারাওয়ে, ঈথর।

কাউণ্টার ইরিট্যাণ্ট (Counter Irritant) বা প্রত্যুগ্রতা সাধক ;—(ক) রিউবফেসিয়েণ্ট বা চর্ম্মের প্রদাহকারক বা চর্ম্মোৎত্তেজক ;—এমনিয়া, কম্পাউণ্ড ক্যাম্ফর লিনিমেণ্ট, ঈথর, ক্লোরফরম, মষ্টার্ড পুলটিস্‌, অইল অব্‌

টর্‌পেণ্টাইন ক্যাপ্‌সিকম। (খ) ভেসিকাণ্ট বা ফোস্কাকারক;—ক্যান্থারাই-ডিস্, আইওডাইন, গ্লাসিয়াল এসেটিক এছিড (গ) পস্‌টুলাণ্ট বা পুযবটী উৎ-পাদক;—ক্রোটন অইল, টার্টার এমেটিক।

ক্যাথারটিক, পরগেটিক্ (Cathartic, Purgative) বা বিরেচক ঔষধ—(ক) মৃদু বিরেচক;—ফিগ, প্রুণ, হনি, ট্রিয়াকেল, ম্যানা, ট্যামারিণ্ড, ক্যাসিয়া, ক্যাষ্টর অইল, ম্যাগ্নেশিয়া, সালফার, অলিভ অইল। (খ) সিম্পেল বা সামান্য বিরেচক;—ক্যাষ্টর অইল, রুবার্ব্ব, সেনা, এলোজ, জ্যালাপ। (গ) উগ্র বা ড্রাস্‌টিক;—জ্যালাপ, স্ক্যামনি, কলোসিন্থ, ক্রোটন অইল, পডোফিলিন রেজিন, গ্যাম্বোজ। (ঘ) হাইড্রোগোগ ক্যাথারটিক্ বা জলবৎ তরল ভেদকঃ—গ্যাম্বোজ, ইলেটিরিয়ম, ক্রিম অব্ টার্টার, (ঙ) সেলাইন বা লাবনিক বিরেচক;—সলফেট অব্ সোডা, সলফেট অব্ ম্যাগ্নেসিয়া, ক্রিম্ অব্ টার্টার, টার্‌ট্রেট্ অব্ পটাস। (চ) কোলেগোগ বা পিত্ত নিঃসারক বিরেচক; ক্যালমেল, ব্লুপিল, রুবার্ব্ব, ট্যারাক্সেকম, এলোজ, পডো-ফিলিন।

কোলেগোগ (Cholagogue) বা পিত্ত নিঃসারক;—এণ্টিমনি, আর্সেনিক, রুবার্ব্ব, পডোফিলিন, ইওনিমিন, এলোজ, নাইট্রোমিউরিয়েটিক এছিড, ক্যাল-মেল, ব্লুপিল, ইপিকাকুয়ানহা।

ডাইউরেটিক (Diuretic) বা মূত্রকারক;—(ক) উত্তেজক মূত্রকারক; ক্যান্থারাইডিস, টর্‌পেণ্টাইন, জুনিপার, কোপেবা, সিলি, বুকু, স্কোপেরি, নাই-ট্রিক ঈথর, পটাস নাইট্রাস, ডিজিট্যালিস, (খ) স্যালাইন বা লাবনিক মূত্র-কারকঃ—এছিটেট্ অব্ পটাস, ছাইট্রেট্ অব্ পটাস, নাইট্রেট্ অব্ পটাস, সলফেট্ অব্ ম্যাগ্নেসিয়া, ক্রিম অব্ টার্‌টার।

ডায়েফোরেটিক্ (Diaphoretic) স্বেদজনক বা ঘর্ম্মকারক (ক) উত্তেজক ঘর্ম্মকারক;—এমনিয়া, কার্ব্বনেট অব্ এমনিয়া, এল্‌কোহল, ঈথর, সর্পেণ্টারি, সার্‌সা, সেনেগা, ক্যাম্ফর, ডোভার্স পাউডার, ওপিয়ম, নাইট্রিক ঈথর (খ) অবসাদক ঘর্ম্মকারক;—টার্‌টার এমেটিক, অক্সাইড্ অব্ এণ্টিমনি, জ্যাব-রাণ্ডি, পাইলোকার্পিন, বমনকারক ঔষধ, উষ্ণ জলে স্নান। (গ) সাহায্য-কারী ঘর্ম্মকারক;—গরম জল পান, গরম জলে স্নান, গরম জলের ভাপ গ্রহণ, গাত্র বস্ত্রাবৃত রাখা।

ডিমল্‌ছেণ্ট—প্রোটেক্‌টিভ (Demulcent—Protective) বা আবরক

ঔষধ ;—লিন্‌ছিড, আমণ্ড অইল, অলিভ অইল, যবের খণ্ড, গ্লাইছেরিণ, ষ্টার্চ, ট্রাগাকান্থা, লিকরাইচ, গম একেশিয়া।

ডিওডোরাণ্ট (Deodorant) বা দুর্গন্ধহারক ;—চার্‌কোল, ক্লোরা-ইন্‌, কার্ব্বলিক এছিড, পার্‌ম্যাংগেনেট অব্‌ পটাস, সলফিউরস এছিড, আইওডোফরম।

টনিক বা বলকারকঃ—(ক) সাধারণ বলকারক ;—লৌহ ঘটিত ঔষধ, এছিড নাইট্রিক্‌, এছিড সলফিউরিক, এছিড হাইড্রোক্লোরিক, এছিড নাইট্রো হাইড্রোক্লোরিক, সলফেট্‌ অব্‌ জিঙ্ক, সলফেট্‌ অব্‌ কপার, নাইট্রেট্‌ অব্‌ সিল্‌ভার, কুইনাইন, ছিঙ্কোনা, এমনিয়া কার্ব্বনেট, ক্যালম্বা, জেন্‌শেন্‌ কুয়া-শিয়া। (খ) স্নায়বিক বলকারকঃ—নক্স ভমিকা, ষ্ট্রীকনিয়া, সলফেট্‌ অব্‌ জিঙ্ক ফস্ফরাস্‌, হাইফস্ফাইট্‌ অব্‌ লাইম। (গ) পাকস্থলীর বলকারক (ষ্টমাকিক টনিক) ;—কুয়াশিয়া, ক্যালম্বা, নক্স ভমিকা, জেন্‌শেন, চিরেতা আর্সেনিক, এলোজ, কুইনাইন (অল্প মাত্রায়), ক্যানিলা এলবা, অন্যান্য তিক্ত ঔষধ মাত্রেই।

মাইড্রায়াটিক (Mydriatic) বা চক্ষু কনীনিকা প্রসারকঃ—এট্রপাইন, বেলেডোনা, ডুবইসাইন, হোমাট্রোপাইন।

মাইওটিক্‌ (Myotic) বা চক্ষু কনীনিকা সঙ্কোচক ;—এছেরাইন ক্যালে-বারবিন।

নার্‌কোটিক (Narcotic) বা মাদক ;—ওপিয়ম ক্লোরফরম, ক্যানা-বিস ইণ্ডিকা, এলকোহল, ঈথর ইত্যাদি।

রেফ্রিজিরাণ্ট (Refrigerant) বা পিপাসা নিবারক—এছিড নাইট্রিক—হাইড্রোক্লোরিক—সলফিউরিক—ছাইট্রিক—টার্‌টারিক, ক্লোরেট অব্‌ পটাসিয়ম নাইট্রেট্‌ অব্‌ পটাস, এছিড টার্‌ট্রেট্‌ অব্‌ পটাস।

সেডেটিভ (Sedative) বা অবসাদক ঔষধ—একনাইট, টোবাকো, লোবি-লিয়া, ব্রোমাইড্‌ অব্‌ পটাসিয়াম, হাইড্রোসিয়ানিক এছিড, টার্‌টার এমেটিক, ভেরাট্রম, রক্তমোক্ষণ। ষ্টমাকিক সেডেটিভঃ—বিসমথ, হাইড্রোছিয়ানিক এছিড, ক্রিয়াজোট, ওপিয়ম।

সায়ালাগোগ (Sialagogue) বা লালা নিঃসারক—টোবাকো, মষ্টার্ড, হর্স র‍্যাডিস, আইওডাইড অব্‌ পটাসিয়ম, জ্যাবরাণ্ডি, পাইল কার্পিন, মেজিরিয়ন।

ষ্টিমিউল্যাণ্ট (Stimulant) বা উত্তেজক ঔষধঃ—(ক) হৃদয় ও রক্ত-সঞ্চালন ক্রিয়ার উত্তেজকঃ—এমনিয়া, ডিজিট্যালিস, সলফিউরিক ঈথর, এলকোহল, বেলেডোনা, অহিফেন (অল্প মাত্রায়) (খ) মেরুদণ্ডীয় মজ্জার উত্তেজক ;—ষ্ট্রীক্‌নিয়া, নক্স ভমিকা, ফস্ফরাস, (গ) যকৃতের ক্রিয়ার উত্তেজক সমস্ত পিত্ত-নিঃসারক ঔষধ।

হিপ্‌নোটিক (Hypnotic) বা নিদ্রাকারক ঔষধঃ—ক্লোরাল হাইড্রেট, ক্রোটন ক্লোরাল হাইড্রেট, ওপিয়ম, ব্রোমাইড অব্ পটাসিয়ম, ব্রোমাইড অব্ এমনিয়ম, ক্লোরফরম, ঈথর, সলফোনাল, হপ।

ঔষধের মাত্রার নিয়ম।

এই পুস্তকে সমস্ত ঔষবের পূর্ণ মাত্রা লিখিত হইয়াছে। শিশু ও বৃদ্ধ ব্যক্তিকে দিতে হইলে এইরূপ নিয়মে দিতে হয় যথা ঃ—

মনে কর কোন ঔষধের পূর্ণ মাত্রা ৬০ গ্রেণ।

বয়স।	মাত্রার পরিমাণ।	মাত্রা
	পূর্ণ মাত্রার বার ভাগের	
১ বৎসর নিম্ন	” এক ভাগ বা $\frac{১}{১২}$ ভাগ	৫ গ্রেণ
২ বৎসর	” $\frac{১}{৮}$ ”	৭½ গ্রেণ
৩ বৎসর	” $\frac{১}{৬}$ ”	১০ গ্রেণ
৪ বৎসর	” $\frac{১}{৪}$ ”	১৫ গ্রেণ
৭ বৎসর	” $\frac{১}{৩}$ ”	২০ গ্রেণ
১৪ বৎসর	” $\frac{১}{২}$ ”	৩০ গ্রেণ
২০ বৎসর	” $\frac{২}{৩}$ ”	৪০ গ্রেণ
২১ বৎসরের উপর	পূর্ণ মাত্রা	৬০ গ্রেণ

৬৫ বৎসরের উপর বয়ঃক্রমে ঐ নিয়মে মাত্রা কম করিবে।

এই হইল সাধারণ নিয়ম।

অহিফেন ও অহিফেনযুক্ত ঔষধ শিশুদিগের পক্ষে ভয়ানক বিষাক্ত জিনিষ। ৯ মাসের নিম্নবয়স্ক শিশুকে অহিফেন না দেওয়াই উচিত। বেলেডোনা, আর্সেনিক এবং পারাঘটিত ঔষধ শিশুরা কিছু অধিক মাত্রায় সহ্য করিতে

পারে। ১ বৎসরের শিশু লাইকর আর্সেনি ক্যালিস ২—৩ ফোঁটা, টীং বেলেডোনা ৪—৫ ফোঁটা সহ্য করিতে পারে।

যে যে ঔষধের সঙ্গে যে যে ঔষধের সাদৃশ্য আছে।

এমনায়েকম্, গ্যাল্‌বেনম্, বেন্‌জইন্ এবং এছাফিটিডা দেখিতে প্রায় সমান। কেবল গন্ধের দ্বারা ইতর বিশেষ জানিতে পারা যায়।

একোনাইট্ রুট এবং আর্‌মোরেছাই র‍্যাডিক্স্ (হর্চ র‍্যাডিস) দেখিতে প্রায় সমান। একোনাইট মূল গন্ধহীন, কিছু খাট, অপেক্ষাকৃত কটাবর্ণের। চর্ব্বণ করিলে মুখ ধরে। হর্চ র‍্যাডিস রুট অপেক্ষাকৃত লম্বা, শ্বেতবর্ণ, গন্ধযুক্ত এবং বিশেষ আস্বাদযুক্ত।

সাইন্যাপিস্ নাইগ্রা (কাল সরিসা) এবং কল্‌ছিকম্ বীজ দেখিতে প্রায় একরূপ। কল্‌ছিকম্ বীজ অপেক্ষাকৃত বড়, অপেক্ষাকৃত পাতলা এবং সম্পূর্ণ গোলাকার নহে।

সেনেগা, ভেরাট্রম্, আর্ণিকা, ভ্যালিরিয়ান্ এবং সার্পেণ্টারির পরস্পর সাদৃশ্য আছে।

গোয়েকম্, মার্, স্ক্যামনি, বেন্‌জইন্, এলোজ্, রেজিন্। গোয়েকম্ দেখিতে অল্প সবুজবর্ণ। অন্যান্য গুলির সেরূপ সবুজ আভা নাই।

বুকু, সেনা এবং ইউভা উর্‌সাই পত্রে সাদৃশ্য আছে। বুকু পত্রের চারি ধারে কাটা কাটা। সেনা এবং ইউভাউর্‌সাই পত্র সম্পূর্ণ।

কুয়াশিয়া এবং স্যাসাফ্রাস। কুয়াশিয়া তিক্ত। স্যাসাফ্রাস্ তিক্ত নহে এবং সুগন্ধযুক্ত।

ম্যাছটিস্ এবং গম একেশিয়া। গম একেশিয়ার গোটা কিছু বড় বড় এবং তাদৃশ চাকচিক্যশালী নহে।

এলিমাই, এসাফিটিডা, গ্যাল্‌বেনম্, এমনায়েকম্। গন্ধের দ্বারা ইতর বিশেষ বুঝিতে পারা যায়।

রেড্ স্যাণ্ডাল্ উড্ (রক্তচন্দন) এবং হিমাটক্‌সাইলম্ (লগ্ উড্)।

কোনিয়াই ফ্রক্টস্, ক্যারাওয়ে, এনাইস্, ডিল, ফেনেল্। কোনায়ম্ ফল গুঁড়া করিয়া পটাস সল্যুসন্ মিশাইলে এক রকম দুর্গন্ধ বাহির হয়। ক্যার-

ওয়ের গায়ে ছোট ছোট দাঁড়ি আছে, এবং মসলার ন্যায় আস্বাদযুক্ত। ফেনেল্ কোনায়ম্ অপেক্ষা বড়। ডিল্ ফল পালকযুক্ত।

ট্যারাক্সেকম্ এবং পেলিটারি রুট্। পেলিটারি চর্ব্বণ করিলে মুখ তির তির করে।

হেমিডেস্মস্, ইপিকাকুয়ানহা, সেনেগা।

ভ্যালিরিয়ান্, সার্পেণ্টারি, আর্ণিকা, সেনেগা এবং হেলিবোর। সেনেগা ভাঙ্গিলে ভিতর দিকে পরিষ্কার সাদা এবং বড় বড় শিকড়ের গায়ে স্থানে স্থানে দাঁড়া আছে। সার্পেণ্টারি বেশ সুগন্ধযুক্ত এবং ভ্যালিরিয়ান অপেক্ষা ক্ষুদ্র। ভ্যালিরিয়ানের গন্ধ অতিশয় তীব্র এবং বিকট। আর্ণিকার গন্ধ মসলার ন্যায়, ঝাল আস্বাদ; কটাবর্ণ। হেলিবোর মূলের মূল শিকড় কিছু মোটা এবং তাহা হইতে হরিদ্রাভ শ্বেতবর্ণের ক্ষুদ্র ক্ষুদ্র লম্বা মূল সকল নির্গত হইয়াছে।

চিরেটা এবং লোবিলিয়া। চিরেতা তিক্ত।

বেলেডোনা রুট এবং স্ক্যামনি রুট। বেলেডোনা মূল অপেক্ষাকৃত ছোট।

বেলেডোনা পত্র ষ্ট্রামোনিয়ম পত্র এবং হাইওসায়ামস্ পত্র। হাইওসায়ামস পত্রের উপর সুঁয়া আছে। হাইওসায়ামস পত্র বেশী কোঁকড়ান।

ডিজিট্যালিস পত্র এবং ম্যাটিকো পত্র।

কাস্কারিলি বার্ক এবং ছিঙ্কোনা প্যালাইডা (পেলছিঙ্কোনা), কাস্কারিলা বার্কের উপর পরিষ্কার শাদা শাদা বিন্দু আছে। ছিঙ্কোনা অত শাদা নহে এবং উপরে মসৃণ।

ক্রোটন বীজ (জয়পাল) এবং ক্যাস্টর অইল বীজ। ক্যাস্টর অইল বীজ বেশ চকচকে, মসৃণ এবং উপরে ক্ষুদ্র ক্ষুদ্র দাগবিশিষ্ট। ক্রেটন বীজ লাল্‌ছে বা হরিদ্রাভ কটাবর্ণের।

কামালা এবং রেড অক্‌ছাইড অব্ মার্কুরি। রেড অক্‌ছাইড অব্ মার্কুরি ভারি কিন্তু কামালার গুঁড়া পাতলা।

পাইপার নাইগ্রম (গোলমরিচ), পাইমেণ্টো এবং কিউবেব (কাবাবচিনি) কাবাবচিনি বৃন্তযুক্ত এবং পিমেণ্টোর বোঁটা নাই কিন্তু উপপত্র আছে। গোল-মরিচের উপপত্রও নাই এবং বোঁটাও নাই।

সম্পূর্ণ।